আল আকসা রেষ্টুরেন্ট
প্রবাসে বাংলাদেশী খাবারের স্বাদ
আল আকসা পার্টিহল
পার্কচেষ্টারে বাঙ্গালী মালিকানায় সবচেয়ে বড় পার্টিহল ১০০-১৫০ জনের ধারণ ক্ষমতাসম্পন্ন
২১০৭ ষ্টার্লিং এভিনিউ, ব্রঙ্কস, নিউইয়র্ক-১০৪৬২
ফোন: ৭১৮-৯০৪-৭০৬১

সাপ্তাহিক
বাংলা পত্রিকা
The Weekly Bangla Patrika
বর্ষ ২৫ || সংখ্যা ১৯ || সোমবার || মাঘ ১৮ || ১৪২৭ || জমাদিউল সাঃ ১৮ || ১৪৪২ || Vol. 25 || Issue 19 || 1 February || 2021 || USA. FREE in NY, Other State $1

আলাদীন
Aladdin
২৯-০৬ ৩৬ এভিনিউ, এস্টোরিয়া, নিউইয়র্ক ১১১০৬
Tel: 718-784-2554

TiME television
টাইম টেলিভিশন দেখুন, বিজ্ঞাপন দিন
Tel: 718-753-0086

ভাষার মাস শুরু



আসিফুর রহমান সাগর: আজ ১ ফেব্রুয়ারী। বছর ঘুরে বাঙালী জাতির জীবনে আবারও ফিরে এলো রক্তস্নাত এই মাস। ভাষা (বাকি অংশ ৮ পাতায়)

সোমবার থেকে গণপরিবহনে মাস্ক পড়া বাধ্যতামূলক

বাংলা পত্রিকা ডেস্ক: প্রাণঘাতী করোনার প্রকোপ বৃদ্ধি অব্যাহত থাকায় এবং নতুন সংক্রমণযোগ্য ভাইরাসটি দ্রুত বৃদ্ধি পাওয়ায় আজ সোমবার থেকে গণপরিবহনে মাস্ক পরা বাধ্যতামূলক করা হয়েছে। গত শুক্রবার রাতে যুক্তরাষ্ট্রের রোগ নিয়ন্ত্রণ ও প্রতিরোধ কেন্দ্র সিডিসি এ আদেশ জারি করে। আদেশে বলা (বাকি অংশ ৪২ পাতায়)



জ্যামাইকার বাসা থেকে জিমামের লাশ উদ্ধার

বাংলা পত্রিকা রিপোর্ট: নিউইয়র্কে বাংলাদেশী কমিউনিটির অতি পরিচিত মুখ, বিশিষ্ট সমাজকর্মী ও সংগঠক, যুক্তরাষ্ট্র প্রবাসী সিলেটবাসীদের সর্ববৃহৎ সামাজিক সংগঠন জালালাবাদ এসোসিয়েশন অব আমেরিকার সাবেক সাধারণ সম্পাদক জেড চৌধুরী জুয়েলের একমাত্র পুত্র জিমাম মোহাম্মদ চৌধুরী মৃত্যুবরণ করেছেন। তার বয়স হয়েছিলো ২১ বছর। (বাকি অংশ ১৭ পাতায়)

সেনা অভিযানে মিয়ানমারের রাষ্ট্রপতি ও অং সান সু চি আটক

বাংলা পত্রিকা ডেস্ক: মিয়ানমারে সামরিক অভিযানে দেশটির রাষ্ট্রপতি উইন মিনত, ক্ষমতাসীন দলের নেত্রী অং সান সু চিসহ শাসক দলের শীর্ষ (বাকি অংশ ১৭ পাতায়)





ট্রাম্পকে ত্যাগ করলেন ৫ আইনজীবী

বাংলা পত্রিকা ডেস্ক: যুক্তরাষ্ট্রের সাবেক প্রেসিডেন্ট ডনাল্ড ট্রাম্পের পক্ষ ত্যাগ করলেন তার কমপক্ষে ৫ জন আইনজীবী।ট্রাম্পের বিরুদ্ধে সিনেটে আর দু'সপ্তাহেরওকম সময় পরেই অভিশংসন প্রক্রিয়া শুরু হচ্ছে। তার আগেই এ প্রক্রিয়ায় ট্রাম্পের পক্ষ নেয়া অভিশংসন বিষয়ক টিমের ৫ জন আইনজীবী সরে দাঁড়িয়েছেন। এ বিষয়ে জানেন এমন ব্যক্তিদের উদ্ধৃত করে এ খবর দিয়েছে অনলাইন সিএনএন। এতে বলা হয়েছে,ট্রাম্পের আইনি স্ট্র্যাটেজি বা আইনগত কৌশল নিয়ে মতবিরোধে এ ঘটনা ঘটেছে। উল্লেখ্য, ডনাল্ড ট্রাম্প ক্ষমতায় থাকা অবস্থায় দু'বার অভিশংসনের মুখোমুখি হওয়া যুক্তরাষ্ট্রের ইতিহাসে প্রথম প্রেসিডেন্ট। তিনি ক্ষমতার মেয়াদের শেষের দিকে এসে দ্বিতীয় অভিশংসনের মুখে পড়েছেন। তার ক্ষমতার ইতি ঘটলেও দ্বিতীয় সেই (বাকি অংশ ৪২ পাতায়)

আল-কায়েদা, আইএস ও লস্কর-ই-তৈয়বার কার্যপ্রণালির ওপর গবেষণা

বাংলা পত্রিকা ডেস্ক: আন্তর্জাতিক সন্ত্রাসী সংগঠনের কোনো সদস্য বা প্রশ্রয়দাতাকে গ্রেফতার করে (বাকি অংশ ৪২ পাতায়)

ছোট বোনের বিয়েতে আবেগাপ্লুত বিলাওয়াল

বাংলা পত্রিকা ডেস্ক: 'গত কয়েক বছরে আমাদের জীবনের সবচেয়ে আনন্দঘন মুহূর্ত বোন বখতাওয়ার ভুট্টোর বিয়ে। এই আনন্দের মুহূর্তটা আমাদের মা নিশ্চয়ই ওপারে থেকে (বাকি অংশ ৪২ পাতায়)



বাইডেনের গোয়েন্দা বিভাগে ফিলিস্তিনি মুসলিম

বাংলা পত্রিকা ডেস্ক: প্রেসিডেন্ট হিসেবে শপথ নেওয়ার পরই জো বাইডেন মুসলিমপ্রধান সাতটি দেশের (বাকি অংশ ৮ পাতায়)

১৩০ বছর পর সেন্ট্রাল পার্কে শ্বেত প্যাঁচা

বাংলা পত্রিকা ডেস্ক: প্যাঁচা কম বেশি সকলেই দেখেছেন। আর সাদা প্যাঁচাও মাঝে মধ্যে (বাকি অংশ ৪২ পাতায়)



গার্ডিয়ানের প্রতিবেদন

রুশ গোয়েন্দাদের ৪০ বছরের প্রচেষ্টায় গড়ে তোলেন ট্রাম্পকে

বাংলা পত্রিকা ডেস্ক: সাবেক সোভিয়েত ইউনিয়নের গোয়েন্দা সংস্থা কেজিবি তাদের স্বর্থ হাসিলের উদ্দেশ্যে ১৯৭৭ সালে বেছে নেয় ডোনাল্ড ট্রাম্পকে। তারপর দীর্ঘ ৪০ বছর ধরে তাকে গড়ে তুলেছে তারা। এমন চাঞ্চল্যকর ঘটনা নিয়ে প্রতিবেদন করেছে যুক্তরাজ্যভিত্তিক (বাকি অংশ ৪২ পাতায়)

ওবামাকেয়ার চালু রাখতে নির্বাহী আদেশে সই

বাংলা পত্রিকা ডেস্ক: বহুল আলোচিত সাশ্রয়ী স্বাস্থ্যসেবা 'ওবামাকেয়ার' ফের চালু করার জন্য নির্বাহী আদেশে (বাকি অংশ ৪২ পাতায়)



৯০দিনে আরো ২ লাখ আমেরিকান মারা যাবে!

বাংলা পত্রিকা ডেস্ক: মে মাসের মধ্যে করোনাভাইরাস মহামারিতে আরো ২ লাখ আমেরিকান মারা যাবে বলে ভবিষ্যৎবাণী করেছে ওয়াশিংটন বিশ্ববিদ্যালয়ের একদল গবেষক। তারা জানিয়েছে, (বাকি অংশ ৪২ পাতায়

SUNNATI HAJJ & UMRAH GROUP
IATA
Haji trusted since 2000
All Air Tickets Visa Services
SAUDIA ETIHAD KUWAIT QATAR
Peace Tour
Tel: 718-739-3189
Cell: 347-527-6276, 347-750-3909
87-26, 175 Street, Apt. #1A, Jamaica, NY 11432
Email: sunnatihajj@gmail.com
Web: www.hajjmakkah.com

APOLLO
INSURANCE BROKERAGE INC.
WE DO TLC INSURANCE
EXIT LUXURY INC.
BASE NO: B03152
Shamsher Ali
President & CEO
29-10 36th Avenue, Astoria, NY 11106
Tel : 718-472-9800 Fax : 718-472-9801
Email: apollobrokerageinc@gmail.com exitluxuryinc@gmail.com Website: www.exitluxuryinc.com

CENTURY 21
AMERICAN HOMES
বাড়ি ক্রয়-বিক্রয়ের জন্য যোগাযোগ করুন
M: 917-749-4143
B: 718-446-1300
F: 718-452-2152
khanf04@yahoo.com
c21amhomes.com
76-26 Broadway, Elmhurst, NY 11373
Ferdous Khan
Real Estate Licensed Sales Assoricate

CORE CREDIT REPAIR
www.cmscreditsolutions.com
ক্রেডিট লাইন নিয়ে সমস্যায় পড়েছেন ?
ক্রেডিট লাইনের কারনে বাড়ী-গাড়ী কিনতে পারছেন না ? তাহলে এখনই ঠিক করে নিন আপনার ক্রেডিট লাইন।
Late Payments
Tax Liens
Charge Offs
Garnishment
Inquiries
Collections
Call us: 646-775-7008
37-53, 72nd Street, Suite # 1
Jackson Heights, NY 11372
Email: info@cmscreditsolutions.com
Mohammed A Kashem
Credit Consultant

বাঙ্গালীদের সর্ববৃহৎ ট্রাভেল এজেন্ট
Digital One Travel
JACKSON HEIGHTS NEW YORK
IATA
ARC
সবচেয়ে কম দামের গ্যারান্টি দিচ্ছি
7305 37th Road, Jackson Heights, NY 11372
Email: digitalonetravel@gmail.com (কাবাব কিং এর পার্শ্বে, ডাইভারসিটি প্লাজা)
Phone: 917-396-4140, 917-592-7828
আমেরিকার যে কোন ষ্টেট থেকে বাংলাদেশে যাওয়ার জন্য ইন্টারনেটের চাইতে কম দামের গ্যারান্টি দিচ্ছি
সুপার সেভ $৬৪৯+
QATAR AVA
MOHAMMAD B HOSSAIN (BELAL) President & CEO

আপনি কি সপ্তাহে ২,০০০ ডলার আয় করতে চান?
লারনার পারমিট, রোড টেস্ট এবং টিএলসি পরীক্ষা দিয়ে বার বার ব্যর্থ হয়েছেন?
তাহলে আজই যোগাযোগ করুন
6 WEEKS DDS
5 WEEKS CLASS
R & R Driving School
471 McDonald Avenue (Basment), Brooklyn, 347-836-1279
(মহিলাদের জন্য মহিলা প্রশিক্ষক দ্বারা ড্রাইভিং শিখানোর ব্যবস্থা আছে)

AMIN PHARMACY
29-03, 36th Ave, Astoria, NY 11106
Tel: (718) 786-6611, Fax: (718) 786-6613
Contact: Pharmacist Dr. Monsur Chowdhury

স্বল্পমূল্যে Insurance!
Over 20 Years of Experience
Auto, Home, Business, Worker's Compensation & Disability
(718) 626-0733
(718) 626-2321
crescentinsurance@gmail.com
(বিস্তারিত দেখুন ৯ পাতায়)
KABIR CHOWDHURRY
Crescent Insurance Brokegage Inc.
37-11 74 th Street # 2 Floor, Jackson Heights, NY 11372

www.banglapatrikausa.com

BANGLA HOME CARE
BANGLA CDPAP SERVICES

LOVE WITH CARE IS HUMANITY”

বাঙালীর জন্যে বাঙালীর সেবা, মানুষ মানুষের জন্যে



Corporate Office

72-26 BROADWAY (2ND FL.)
JACKSON HEIGHTS, NY 11372

WE ARE HIRING HHA
HHA CERTIFICATE CLASS AVAILABLE

HHA সার্টিফিকেট এর মাধ্যমে আপনি ঘরে-বাইরে
যে কোন রোগীকে স্বাস্থ্য-সেবা দিতে পারেন।

- Highest Rate • Home Care Services
- CDPAP Services • MLTC Related Supports
- Medicaid Apply, Renewal & Code Removal





BROOKLYN OFFICE : 518 McDONALD AVENUE, BROOKLYN, NY 11218

FOR MORE INFO

718-708-9751 | 646-769-0966 | 718-415-3924 | 718-629-7169
718-414-7210 | 718-500-2388

E-MAIL: BANGLACDPAP.CLIENTS@GMAIL.COM

বাংলা পত্রিকা

৩-এর পৃষ্ঠা

The Weekly Bangla Patrika

The Weekly Bangla Patrika // Monday //February 1 // 2021

চট্টগ্রামের সিটি ভোট চূড়ান্ত তামাশা : রিজভী



ঢাকা ডেস্ক: চট্টগ্রাম সিটি করপোরেশনের নির্বাচনে 'নজিরবিহীন ভোট ডাকাতি ও সন্ত্রাস' হয়েছে বলে অভিযোগ করেছে বিএনপি। দলটির সিনিয়র যুগ্ম-মহাসচিব রুহুল কবির রিজভী বলেছেন, এ নির্বাচন চূড়ান্ত পর্যায়ের তামাশা, প্রহসনের নির্বাচন। এ সরকারের সময়ে সুষ্ঠু নির্বাচন অচেনা হয়ে গেছে। ভোট চলার মধ্যেই বুধবার (২৭ জানুয়ারী) দুপুরে ঢাকার নির্বাচন ভবনে গিয়ে প্রধান নির্বাচন কমিশনারের কাছে একগুচ্ছ লিখিত অভিযোগ দিয়ে আসেন বিএনপির কেন্দ্রীয় নেতারা। সেখানে রিজভী সাংবাদিকদের বলেন, আমরা ভোটের ৩ ঘণ্টার সংক্ষিপ্ত চিত্র দিয়েছি। এটা নজিরবিহীন নির্বাচন। দিনের ভোট রাতে হয়। (বাকি অংশ ২১ পাতায়)

চট্টগ্রাম সিটি করপোরেশন নির্বাচনে রক্তপাত নৈরাজ্যে ভোট

২৭ বছরে প্রথম চট্টগ্রাম নগরীতে ভোটের দিন প্রাণ গেল ২ জনের : গোলাগুলি বোমাবাজি

আগুন ভাঙচুর : অস্ত্রের মহড়া গণহারে : কেন্দ্র দখল সংঘর্ষে আহত অর্ধশত

ঢাকা ডেস্ক: সব আশঙ্কাই হলো সত্য। খুনোখুনি, ব্যাপক সংঘাত, সহিংসতা, হানাহানি, গোলাগুলি, বোমাবাজি, অগ্নিসংযোগ, অস্ত্রের মহড়া, এজেন্টদের বের করে দিয়ে গণহারে ভোটকেন্দ্র এমনকি গোপন বুথ দখল, ভোটগ্রহণ স্থগিত, ভাঙচুরসহ তাবৎ অঘটন আর নৈরাজ্যের মধ্যদিয়ে বুধবার (২৭ জানুয়ারী) চট্টগ্রাম সিটি কর্পোরেশন (চসিক) নির্বাচনে ভোটগ্রহণ হয়েছে। ২৭ বছরের ইতিহাসে এবারই প্রথম 'শান্তির শহর' বন্দরনগরীতে ভোটের দিন সংঘাতে প্রাণ গেল দুইজনের। এই নিয়ে চসিক নির্বাচনী সংহিসতায় পাঁচজন মারা গেছেন। তারা আওয়ামী লীগের বিভিন্ন গ্রুপ ও বিদ্রোহী কাউন্সিলর প্রার্থীর সমর্থক নেতাকর্মী। নগরীর বিভিন্ন এলাকায় সংঘর্ষ ও হামলায় আহত হয়েছে অর্ধশত। এসব ঘটনায় পুলিশসহ প্রশাসন, নির্বাচন কমিশন (ইসি) ছিল বলতে গেলে নিরব দর্শক। বিভিন্ন এলাকায় বিরাজ করছে উত্তপ্ত পরিস্থিতি। ভোট উৎসবের পরিবর্তে ৭০ লাখ চট্টগ্রাম নগরবাসীর কাছে এবারের নির্বাচনটি ভয়-আতঙ্ক ও হতাশাতেই শেষ হয়েছে।

ভোটের শুরুতে সরকারি দলের কাউন্সিলর প্রার্থী ও বিদ্রোহীদের রক্তক্ষয়ী সংঘাতে নগরজুড়ে আতঙ্ক ছড়িয়ে পড়ে। এতে ভোটারদের আগ্রহে আরো ভাটাপড়ে। নগরীর বেশিরভাগ কেন্দ্র ছিলো ফাঁকা। শুরুতেই বিএনপির এজেন্টদের কেন্দ্রছাড়া করে নিয়ন্ত্রণ নেয় নৌকার সমর্থকেরা। বিএনপির মেয়র প্রার্থীর অভিযোগ সবকেন্দ্র থেকে তার এজেন্টদের মেরে তাড়িয়ে দেওয়া হয়। এর মাধ্যমে কেন্দ্র দখলে নেয় আওয়ামী লীগ। ফলে কেন্দ্রমুখী হননি বেশিরভাগ ভোটার।

মাঘের শীত আর ভয়ভীতি উপেক্ষা করে 'ভোট পাগল' অনেকে কেন্দ্রে গিয়েও ভোট না দিয়ে ফিরে আসতে বাধ্য হন। তাদের অনেকের ভোট আগেই দেয়া হয়েছে, অনেককে কেন্দ্রে প্রবেশে বাধা দেওয়ারও অভিযোগ পাওয়া গেছে। ইভিএম এ ভোট দেওয়ার সময় নৌকার সমর্থকেরা গোপন কক্ষেও তাদের প্রভাব বিস্তার করেছে বলে অভিযোগ করেছেন ভোটারেরা। নিজের উপর হামলা এবং দলীয় এজেন্ট বের করে দেয়ার প্রতিবাদ ও ভোটকেন্দ্রে ছাত্রলীগের আধিপত্য বিস্তারের অভিযোগ এনে দুপুরে নির্বাচন প্রত্যাখ্যান করেন ইসলামী আন্দোলনের হাত পাখার মেয়র প্রার্থী জান্নাতুল ইসলাম। নিজের ভোট নিজে দিতে না পেরে দুপুরের আগেই নির্বাচন প্রত্যাখান করেন সংরক্ষিত ওয়ার্ডে বিএনপির কাউন্সিলর প্রার্থী মেনোয়ারা বেগম মনি। নগরীর পাথরঘাটা এলাকায় ছুরিকাঘাতে রক্তাক্ত আহত হয়েছেন একটি কেন্দ্রের প্রিসাইডিং অফিসার মোহাম্মদ মাঈনুদ্দিন।

ভোটকেন্দ্রে সরকারি দলের প্রভাব বিস্তারের বিরুদ্ধে সমর্থকদের নিয়ে প্রতিরোধ গড়তে গিয়ে আটক হয়েছেন পাথরঘাটা ওয়ার্ডে বিএনপির কাউন্সিলর প্রার্থী ইসমাইল বালি। প্রতিটি এলাকায় বিএনপিকে অসহায় আত্মসমর্পণ করতে দেখা গেছে। অনেক কেন্দ্রে তারা এজেন্টও দিতে পারেনি। বিএনপির অভিযোগ ভোটের আগের রাতসহ গত কয়েকদিন ধরে সরকারি দলের ক্যাডার মাস্তন আর পুলিশের কিছু অতিউৎসাহী কর্মকর্তা তাদের নেতাকর্মীদের বাসাবাড়িতে হানা দিয়ে ধরপাকড় আর মহড়া দিয়ে ভীতিকর পরিবেশ সৃষ্টি করে।

নির্বাচনী প্রচারে অব্যাহত সংহিসতায় ভোটের দিন সংঘাতের আশঙ্কা বাস্তব হয়েছে। প্রশাসনের পক্ষ থেকে নগরীতে র‍্যাব-পুলিশের তিন স্তরের নিরাপত্তা নেওয়া হলেও রক্তপাত ঠেকানো যায়নি। ভোটের শুরুতেই নগরীর পাহাড়তলী ও আমবাগানে লাশ পড়ে দুই জনের। নগরীর ১৩ নম্বর পাহাড়তলী ওয়ার্ডের আমাবাগান ইউসেফ স্কুল ভোটকেন্দ্রের সামনে দুই পক্ষের গোলাগুলিতে মারা যান আলাউদ্দিন (২৫) নামে এক যুবক। তিনি আওয়ামী লীগের বিদ্রোহী কাউন্সিলর প্রার্থী মাহমুদুর রহমানের কর্মী। সকাল সাড়ে ৯টায় ঝাউতলার ইউসেফ আমবাগান স্কুল কেন্দ্রে আধিপত্য বিস্তারের জের ধরে বন্দুকযুদ্ধে প্রতিপক্ষের ছোঁড়া গুলিতে নিহত হন তিনি। গুলিতে আহত হন আরো পাঁচ জন। এই হত্যাকান্ডের জন্য আওয়ামী লীগের কাউন্সিলর প্রার্থী ওয়াসিম চৌধুরীর অনুসারীদের দায়ী করেন মাহমুদুর রহমান। এই ঘটনার পর ঝাউতলা এলাকায় রেল লাইন অবরোধ করেন মাহমুদুর রহমানের সমর্থকরা।

এর আগে নগরীর পাহাড়তলীর পশ্চিম নাছিরাবাদ বার কোয়ার্টার এলাকায় ভাইয়ের হাতে ভাই খুন হয়েছেন। দুই ভাই দুই কাউন্সিলর প্রার্থীকে সমর্থন করতেন। স্থানীয় সূত্রে জানা গেছে নির্বাচনের বিরোধে এ খুনের ঘটনা ঘটে। নিহতের নাম নিজাম উদ্দীন মুন্না। অভিযুক্ত তার ভাই সালাউদ্দীন কামরুল। এদের মধ্যে নিজাম উদ্দীন মুন্না সাবেক কাউন্সিলর ও আওয়ামী লীগের বিদ্রোহী প্রার্থী সাবের আহমদের সমর্থক ও অভিযুক্ত সালাউদ্দীন কামরুল আওয়ামী লীগ সমর্থিত কাউন্সিলর প্রার্থী নুরুল আমিনের সমর্থক। এর আগে নির্বাচনী প্রচার চলাকালে সহিংসতায় নগরীর পাঠানটুলী এবং দেওয়ানবাজারে আওয়ামী লীগ ও ছাত্রলীগের দুই কর্মী মারা যান। গত বছর হালিশহরে খুন হন আরও একজন।

মহানগরীর কয়েকটি এলাকায় সকাল থেকে ভোটকেন্দ্র ঘুরে দেখা গেছে, কেন্দ্রের বাইরে নৌকার সমর্থক, নেতাকর্মী ও উৎসুক মানুষের ভিড়-জটলা থাকলেও ভোটারের উপস্থিতি তেমন নেই। কয়েকটি কেন্দ্রে দুপুর পর্যন্ত তিন থেকে পাঁচ শতাংশ ভোট পড়তে দেখা যায়। ভোট কেন্দ্রের ভেতরে অবাধে যাতায়াত ছিল নৌকার সমর্থকদের। বেশিরভাগ কেন্দ্রে গোপন কক্ষে গিয়ে ভোটারদের নৌকায় ভোট দিতে বাধ্য করার ঘটনাও ঘটেছে।

ভোটকেন্দ্র দখলে নিতে গুলি

নগরীর ৯ নং পাহাড়তলী ওয়ার্ডের বিশ্ব কলোনী কোয়াক স্কুল ভোটকেন্দ্র দখলে নিতে প্রকাশ্যে গুলির ঘটনা হয়েছে। পুলিশ ও স্থানীয় কাউন্সিলর প্রার্থী আফসার মিয়ার সমর্থকেরা প্রকাশ্যে গুলি করে। এ সময় হাসান নামে এক যুবককে কুপিয়ে আহত করা হয়। একপর্যায়ে বিদ্রোহী কাউন্সিলর প্রার্থী জহিরুল আলমের অনুসারীরা তাদের ধাওয়া করে। এ সময় দুই পক্ষ ব্যাপক গোলাগুলি করে। আকবরশাহ থানার ওসি জহির হোসেন ঘটনার সত্যতা স্বীকার করে বলেন, অস্ত্রধারীদের ধরতে অভিযান চলছে।

চট্টগ্রাম সিটি করপোরেশন নির্বাচন

২৫ কেন্দ্রে ১টি করে ভোট পেয়েছেন ডা. শাহাদাত



ঢাকা ডেস্ক: চট্টগ্রাম সিটি করপোরেশন নির্বাচনে দুটি কেন্দ্রে ধানের শীষ প্রতীকে একটি ভোটও পড়েনি। আর ২৫টি ভোটকেন্দ্রে মাত্র একটি করে ভোট পেয়েছেন বিএনপির প্রার্থী ডা. শাহাদাত হোসেন। ১১৯টি ভোটকেন্দ্রে এই প্রতীকে পড়েছে এক থেকে পাঁচটি ভোট। আর ৬৫টি কেন্দ্রে ৬ থেকে ১০টি ভোট পেয়েছে বিএনপি।

চট্টগ্রাম সিটি করপোরেশন নির্বাচনে ৭৩৩টি ভোটকেন্দ্রের ফল বিশ্লেষণে এ তথ্য পাওয়া গেছে। ৭৩৫টি ভোটকেন্দ্রের মধ্যে দুটিতে ভোটগ্রহণ স্থগিত রয়েছে। এ সিটিতে মোট ভোট পড়ার হার ২২ দশমিক ৫২ শতাংশ। যে ২৫টি কেন্দ্রে বিএনপির প্রার্থী ডা. শাহাদাত হোসেন কোনো ভোট পাননি সেগুলো হচ্ছে- ব্রাইট সান কিন্ডারগার্টেন অ্যান্ড উচ্চ বিদ্যালয়, মোহরা সায়েরা খাতুন কাদেরিয়া বালিকা উচ্চ বিদ্যালয় ও কলেজ, হামিদচর সরকারি প্রাথমিক বিদ্যালয়, আব্দুল হামিদ সওদাগর উচ্চ বিদ্যালয় (নতুন ভবন) ও পূর্ব ষোলশহর সরকারি প্রাথমিক বিদ্যালয়।

আরও রয়েছে, পাহাড়তলী বিশ্ববিদ্যালয় কলেজ, প্রিমিয়ার বিশ্ববিদ্যালয়, কাজির দেউরি বালিকা সরকারি পপ্রাথমিক বিদ্যালয়, হাজী মুহাম্মদ মহসিন কলেজ, বাকলিয়া সরকারি কলেজ, আব্দুল বারী সরকারি প্রাথমিক বিদ্যালয়, মধ্যম বাকলিয়া সরকারি প্রাথমিক বিদ্যালয়, বাকলিয়া মুসলিম সরকারি প্রাথমিক বিদ্যালয়, ও ওয়াইজারপাড়া সরকারি প্রাথমিক বিদ্যালয়। বাকিগুলো হচ্ছে-আদর্শ শিশুশিক্ষা নিকেতন, দক্ষিণ পশ্চিম বাকলিয়া উচ্চ বিদ্যালয়, উইনসাম পাবলিক স্কুল, আগ্রাবাদ সরকারি কলোনি উচ্চ বিদ্যালয়, আগ্রাবাদ মহিলা কলেজ, জুলেখা আমিনুর রহমান সিটি করপোরেশন উচ্চ বিদ্যালয়, হাজী খুইল্যা মিয়া মেমোরিয়াল কেজি স্কুল, দরবেশীয়া সরকারি প্রাথমিক বিদ্যালয়, দরবেশীয়া সরকারি প্রাথমিক বিদ্যালয়, আশরাফুল উলুম মুহিউচ্ছুন্নাহ বালক-বালিকা মাদ্রাসা ও এতিমখানা এবং সীম্যান্স হোস্টেল ভোটকেন্দ্র। (দৈনিক যুগান্তর)

চট্টগ্রাম সিটি কর্পোরেশনের নির্বাচন

কারচুপি, ভোট ডাকাতির অভিযোগ জায়াতের

ঢাকা ডেস্ক: চট্টগ্রাম সিটি কর্পোরেশনের নির্বাচনে নজির-বিহীন কারচুপি, ভোট ডাকাতি ও নির্বাচনের নামে প্রহসনের নিন্দা এবং প্রতিবাদ জানিয়ে বাংলাদেশ জামায়াতে ইসলামীর সেক্রেটারি জেনারেল ও সাবেক এমপি অধ্যাপক মিয়া গোলাম পরওয়ার ২৮ জানুয়ারী প্রদত্ত এক বিবৃতিতে বলেন, "২৭ জানুয়ারি চট্টগ্রাম সিটি কর্পোরেশন নির্বাচনে জাতি আরও একটি প্রহসনের নির্বাচন প্রত্যক্ষ করল। ভোট কেন্দ্র দখল, জাল ভোট প্রদান, বিরোধী প্রার্থীদের এজেন্ট বের করে দেয়া এবং ব্যাপক সহিংসতার মধ্য দিয়ে বধবার (২৭ জানুয়ারী) চট্টগ্রাম সিটি কর্পোরেশনের নির্বাচন অনুষ্ঠিত হয়েছে। বিভিন্ন গণমাধ্যমে প্রকাশিত তথ্যানুযায়ী দেশে চলমান পৌরসভা নির্বাচনের কোথাও কোথাও শতভাগ ভোট পড়ার রেকর্ড সৃষ্টি হয়েছে। এমনকি মৃত মানুষের ভোট দেয়ার ঘটনাও ঘটছে। এ ধরনের নজিরবিহীন কারচুপির নির্বাচন এ দেশের মানুষ আর কখনো দেখেনি। গত ১১ বছর ধরে এই সরকার নির্বাচন ব্যবস্থাকে একটি তামাসায় পরিণত করেছে। সরকার ও নির্বাচন কমিশনের প্রশ্নবিদ্ধ ভূমিকায় দেশের মানুষ ভোট দেয়ার আগ্রহ হারিয়ে ফেলেছে। এ ধরনের নির্বাচনের মাধ্যমে প্রকৃত পক্ষে বাংলাদেশের গণতান্ত্রিক ব্যবস্থাকে ধ্বংস করে দেয়া হচ্ছে।

সরকারের অগণতান্ত্রিক কর্মকাণ্ড ও নির্বাচন কমিশনের পক্ষপাতমূলক আচরণের কারণে দেশের মানুষ ধরে নিয়েছিল চট্টগ্রামে আরো একটি প্রহসনের নির্বাচন অনুষ্ঠিত হতে যচ্ছে। আর এজন্যই তারা ব্যাপকহারে ভোটাধিকার প্রয়োগ করা থেকে বিরত থাকে। ভোট কেন্দ্রে না গিয়ে ভোটারগণ বর্তমান সরকার ও তার অনুগত নির্বাচন কমিশনের প্রতি অনাস্থা প্রকাশ করেছে।

আমরা ইতোপূর্বেও বলেছিলাম জনগণের ভোটাধিকার ফিরিয়ে দিয়ে নিরপেক্ষ নির্বাচনের পরিবেশ তৈরি করতে হবে। দলীয় সরকারের অধীনে কোনো নির্বাচনই অবাধ, সুষ্ঠু ও নিরপেক্ষ হবে না মর্মে আমাদের আশঙ্কা আবারো সত্য প্রমাণিত হলো। অবাধ, সুষ্ঠু, নিরপেক্ষ, অংশগ্রহণমূলক নির্বাচনের পরিবেশ তৈরি করে জনগণের আস্থা ফিরিয়ে আনা ও গণতান্ত্রিক ব্যবস্থাকে মজবুত করার লক্ষ্যে কার্যকর উদ্যোগ গ্রহণের জন্য সংশ্লিষ্ট মহলের এবং ভোটাধিকার পুনরুদ্ধারের আন্দোলনে সোচ্চার হওয়ার জন্য আমরা দেশবাসীর প্রতি আহবান জানাচ্ছি।"





ক্যালিফোর্নিয়ার মহাত্মা গান্ধীর ভাস্কর্য ভাঙচুর

(শেষের পাতার পর)

ডেভিসের পার্কে থাকা ৬ ফুট উচ্চতা ও ২৯৪ কেজি ওজনের ব্রোঞ্জের ওই ভাস্কর্যটির গোড়ালি থেকে কেটে ফেলা হয়েছে। সেই সঙ্গে ভাস্কর্যের মাথার একাংশ ভেঙে ফেলা হয়েছে।

জানা গেছে, গত ২৭ জানুয়ারী পার্কের গেট খুলে কর্মীরা দেখেন গান্ধীর ভাস্কর্য ভেঙে মাটিতে পড়ে আছে। খবরটি জানাজানি হতেই ক্ষোভে ফেটে পড়ছেন প্রবাসী ভারতী-য়রা। এর পরিপ্রেক্ষিতে নিউইয়র্কের মেয়র জানিয়েছেন, খুব শিগগির পার্কে আবারও গান্ধীর ভাস্কর্য স্থাপন করা হবে। মেয়র কাউন্সিলের সদস্য লুকাস ফেরিচ সাংবাদিকদের জানান, আপাতত ওই ভাস্কর্যটি সরিয়ে নিরাপদ জায়গায় নিয়ে যাওয়া হচ্ছে। এটি ফের তৈরি করা করা হবে।

উল্লেখ্য, প্রায় ৪ বছর আগে ক্যালিফোর্নিয়ার সিটি অব ডেভিস পার্ককে ওই ভাস্কর্য উপহার দেয় ভারত। সেই সময় পার্কে ভাস্কর্য বসানোর বিরোধীতা করে বিক্ষোভে করেছিলেন কিছু মানুষ। এছাড়াও ক্যালিফোর্নিয়ার একটি সংখ্যালঘু সংগঠনও ওই ভাস্কর্য স্থাপনের বিরোধিতা করে। পরে ভোটাভুটি করে ওই ভাস্কর্য স্থাপন করা হয়।

করোনায় গ্রোসারী-রেষ্টুরেন্ট ব্যবসা জমজমাট

(শেষের পাতার পর)

হোটেল-রেস্তোরা আর গ্রোসারী থেকে শুরু করে বাংলাদেশী মালিকানাধীন ফাস্টফুড, পোষাক পরিচ্ছেদ, ফার্মেসী, ট্যাভেল ব্যবসা, মানি ট্রান্সমিটার আর রিয়েল এস্টেট প্রতিষ্ঠান, ক্যান্টি স্টোর, অডিও-ভিডিও স্টোর, বিল পেমেন্ট স্টোর কি নেই এই হিলসাইড এভিনিউতে।

নিউইয়র্কে প্রবাসী বাংলাদেশী অধ্যুষিত অন্যতম এলাকা এই কুইন্সের জ্যামাইকা। বিগত কয়েক বছর ধরে হিলসাইড এভিনিউতে অনেক ব্যবসা প্রতিষ্ঠান ২৪ ঘন্টা খেলা রাখা হচ্ছে। যা এক সময় ছিলো কল্পনারও অতীত। কাওরান বাজার সুপার মার্কেট, মান্নান সুপার মার্কেট, প্রিমিয়াম সুপার মার্কেট প্রভৃতি প্রতিষ্ঠান ক্রেতাদের সুবিধার্থে ২৪ ঘন্টা খোলা রেখে জ্যামাইকাকে আলোকিত করেছে। জ্যামাইকার অন্যতম পুরাতন প্রতিষ্ঠান ফতেমা গ্রোসারী ছাড়াও স্টার কাবাব রেষ্টুরেন্ট গভীর রাত পর্যন্ত খোলা রাখা হচ্ছে।

জ্যামাইকার ব্যবসা-বাণিজ্যেকে আজকের জমজমাট ব্যবসায় পরিণত করার ক্ষেত্রে যাদের অবদান ও ভূমিকা উল্লেখযোগ্য তাদের মধ্যে রয়েছেন- ফোতেমা ব্রাদার্স ইন্ক'র চেয়ারম্যান হাজী শামসুল ইসলাম, বিশিষ্ট রিয়েল এস্টেট ব্যবসায়ী নাসির আলী খান পল ও সরাফ সরকার এবং রিয়েল এস্টেট ইনভেস্টর মোহাম্মদ আনোয়ার হোসেন, সাগর রেষ্টুরেন্টের স্বত্বাধিকারী আব্দুর রহমান মাতু, তাজমহল রেষ্টুরেন্টের সাবেক স্বত্তাধিকারী ও সিলেট পৌরসভার সাবেক প্যানেল চেয়ারম্যান হাজী ফখরুল ইসলাম, অধুনালুপ্ত হ্যাভেন গ্রোসারীর হাজী নুরুল ইসলাম, ঢাকা ও জ্যামাইকা ফার্মেসীর স্বত্তাধিকারী ফার্মাসিস্ট মোহাম্মদ কবীর, মান্নান সুপার মার্কেট-এর অন্যতম স্বত্তাধিকারী মরহুম এ জেড এম বাবুল, ফাতেমা গ্রোসারীর অন্যতম স্বত্তাধিকারী ও জ্যামাইকা বাংলাদেশ ফ্রেন্ডস সোসাইটির সভাপতি মো: ফখরুল ইসলাম দেলোয়ার, বোম্বে ভিডিও এবং প্রিন্টিং-এর স্বত্তাধিকারী এবং বাংলাদেশ সোসাইটির সাবেক সাংস্কৃতিক সম্পাদক বাহালুল সৈয়দ উজ্জল, ঘরোয়া রেষ্টুরেন্টের অন্যতম স্বত্তাধিকারী আব্দুল কদ্দুস, বিশিষ্ট ব্যবসায়ী বিলাল আহমেদ চৌধুরী, কাওরান বাজার সুপার মার্কেটের স্বত্তাধিকারী ইমরান কে বুলু ও ইলিয়াস খান প্রমুখ।

অনুসন্ধানে জানা গেছে, নিত্য প্রয়োজনীয় জরুরী খাদ্য সাম-গ্রী হিসেবে গ্রোসারীর যেমন প্রয়োজনীয়তা রয়েছে, তেমনী খাবারের কোন বিকল্প নেই। ফলে অন্যান্য ব্যবসায় খানিকটা ধ্বস নামলেও গ্রোসারী আর রেষ্টুরেন্ট ব্যবসা ভালো হচ্ছে। তবে করোনার কারনে রেষ্টুরেন্টগুলোতে বসে খাবারের সুযোগ না থাকায় ব্যচেলর প্রবাসীদের অনেক দূর্ভোগ পোহাতে হচ্ছে। পাশাপাশি গ্রোসারীগুলোতে আগমনকারী অনেকেই স্বাস্থ্যবিধি মানা হচ্ছে না বলে করোনাভাইরাস সংক্রমিত হচ্ছে বলে অভিযোগ উঠেছে। এই অভিযোগের প্রেক্ষিতে স্থানীয় ব্যবসায়ীরা জানান, আমরা গ্রাহকদের সতর্ক করার চেষ্টা করছি।

বাফেলোতে কবির চৌধুরীর ট্যাক্স প্রিপেয়ার অফিস

(শেষের পাতার পর)

মক্কা টেক্সা এন্ড মাল্টি সার্ভিসের ব্রাঞ্চ খুলেছেন। বাফেলোর ১১০৫ ব্রোডওয়ে স্ট্রিটে মক্কা টেক্স এন্ড মাল্টি সার্ভিসে ট্রেক্সসহ ইমিগ্রেশন, ডিএনএ টেস্ট, কন্সালটেন্সি, কার্গোসহ প্রয়োজনীয় সবকিছু ওয়ানস্টোপ সার্ভিস পাওয়া যাবে।

গত ২৯ জানুয়ারী শুক্রবার জুমার নামাজের পর বাফেলোর মক্কা টেক্স সার্ভিসের উদ্বোধন করেন কবির চৌধুরী। এসময় বাফেলোর কাউন্সিলম্যান মিচ কাওয়াসকি, বাফেলো বাংলাদেশ সোসাইটির সভাপতি ফয়জুর রহমান, সাধারণ সম্পাদক বোরহান আহমদ, কমিউনিটির সুপরিচিত ব্যক্তিত্ব আবু ইউসুফ, জামাল উদ্দিন, আবদুল মান্নান তাজু এবং কবির চৌধুরীর ছোটভাই টেক্স প্রিপেরার শাকির চৌধুরীসহ কমিনিটির বিশিষ্ট ব্যক্তিরা উপস্থিত ছিলেন।

ভাই মির্জাকে শান্ত থাকতে বলেছেন ওবায়দুল কাদের

ঢাকা ডেস্ক: আওয়ামী লীগের সাধারণ সম্পাদক ওবায়দুল কাদেরের সঙ্গে দেখা করেছেন ছোট ভাই আবদুল কাদের মির্জা। গতকাল শনিবার বিকালে ২৩ বঙ্গবন্ধু এভিনিউয়ে আওয়ামী লীগের কেন্দ্রীয় কার্যালয়ে দুই ভাইয়ের বৈঠক হয়। এ সময় কাদের মির্জাকে শান্ত থাকতে বলেন ওবায়দুল কাদের। সাক্ষাৎ শেষে আবদুল কাদের মির্জাই আমাদের সময়কে এ কথা জানান।

সাম্প্রতিক সময়ে বেশ কিছু বক্তব্য দিয়ে রাজনীতির মাঠে ঝড় তোলেন নোয়াখালীর কোম্পানীগঞ্জ উপজেলার বসু-রহাট পৌরসভার নবনির্বাচিত মেয়র কাদের মির্জা। ওই নির্বাচন চলাকালে তার বক্তব্যে আওয়ামী লীগের ভেতরে-বাইরেও ব্যাপক আলোচনা-সমালোচনা চলে। ভোটের মাঠে মির্জা কাদের বারবারই বলেন, সুষ্ঠু নির্বাচন হলে আওয়ামী লীগের দু-একজন এমপি ছাড়া অন্যরা পালানোরও পথ পাবেন না। তিনি এখনো তার বক্তব্যে অনড় বলে জানিয়েছেন।

কাদের মির্জা তার দল আওয়ামী লীগের সাধারণ সম্পাদক বড় ভাই ওবায়দুল কাদেরের সঙ্গে সাক্ষাৎ করেন গতকাল। এ বিষয়ে তার সঙ্গে যোগাযোগ করা হলে মির্জা বলেন, 'এটা ছিল সৌজন্য সাক্ষাৎ। নির্বাচনের পর ভাইয়ের আর দেখা হয়নি, তাই দেখা করতে এসেছিলাম। সাংগঠনিক বিষয় নিয়ে কথা হয়েছে। আমরা কিছু কমিটি পুনর্গঠন করেছি, সেগুলো ওনাকে জানিয়েছি। সামনে ইউনিয়ন পরিষদ নির্বাচন, ওই নির্বাচনও যাতে সুষ্ঠু হয় সে বিষয়ে কথা হয়েছে।'

নির্বাচনের সময় তিনি যে বক্তব্য দিয়েছিলেন, সে বিষয়ে ওবায়দুল কাদের কিছু বলেছেন কিনা জানতে চাইলে মির্জা কাদের বলেন, 'না। কেন বলবেন? এসব বিষয়ে কোনো কথা হয়নি। তবে তিনি আমাকে শান্ত থাকতে বলেছেন। যদিও আমাদের (দলের) ঘোষণাপত্রের ৫৮/৩/২ ধারায় বাকস্বাধীনতার কথা বলা আছে। আমি অন্যায়ের বিরুদ্ধে অবশ্যই কথা বলব। নির্বাচনকে অবাধ, নিরপেক্ষ করার জন্য শেখ হাসিনা আন্তরিকতার সঙ্গে কাজ করে যাচ্ছেন। যার উদাহরণ আমাদের বসুরহাট পৌরসভা নির্বাচন। যারা নির্বাচনকে প্রশ্নবিদ্ধ করবে আমি তাদের বিরুদ্ধে কথা বলবই।'

তিনি বলেন, 'আমরা যেসব কর্মসূচি নিয়েছিলাম তা স্থগিত করেছি। আমাদের নেতা ওবায়দুল কাদের সাহেব আমাদের ঐক্যবদ্ধ থাকতে বলেছেন। শেখ হাসিনার কাছে নোয়াখালীর অপরাজনীতির বিষয়ে ইতোমধ্যে যেসব অভিযোগ গেছে, সেগুলো যাচাই-বাছাই করে ব্যবস্থা নেবেন বলেও জানিয়েছেন তিনি।'

RiverSpring Health Plans touches the lives of more than 15,000 New Yorkers.

ElderServe Health, Inc, doing business as RiverSpring Health Plans, contracts with both the Centers for Medicare and Medicaid Services and the New York State Department of Health to offer you personalized care coordination and help you remain in your own home and live as independently as possible.

RiverSpring Health Plans offers a care management concierge service that provides our members, their families and caregivers with truly personalized support. **We are the family that families reach out to in times of need**. RiverSpring Health Plans touches the lives of more than 15,000 New Yorkers, bringing care and compassion into the homes of our members 24 hours a day, 7 days a week.

RiverSpring Health Plans operates RiverSpring MAP (HMO-D-SNP), a dual Medicare and Medicaid plan that offers affordable prescription drug coverage, access to the best doctors and hospitals, in addition to a $155 a month over the counter benefit, and more. With RiverSpring MAP, our members will have a "one-stop shop" and receive covered Medicare and Medicaid benefits through a single plan and a trusted care team.

Call 1-800-362-2266 (TTY: 711) from 8am-8pm Eastern Time, 7 days a week and a RiverSpring MAP benefits professional will be happy to answer questions about the services available to you. RiverSpring Health Plans has several plan options and we can help you choose the right one for you.

RiverSpring MAP is an (HMO D-SNP) plan with Medicare and Medicaid contracts. Enrollment in RiverSpring MAP depends on contract renewal.

ElderServe Health, Inc. complies with applicable Federal civil rights laws and does not discriminate on the basis of race, color, national origin, age, disability, or sex.

You can get this information for free in other languages. Call 1-800-362-2266 and TTY/TDD: 711 during 8 a.m. – 8 p.m. Eastern Time, 7 days a week. The call is free.

RiverSpring Health Plans

বাংলা পত্রিকা

The Weekly Bangla Patrika

Editor : **Abu Taher**

Tel: 718-482-9923, 718-482-1169
Fax: 718-482-9935

সম্পাদকীয়

কুয়েতে এমপি পাপুলের সাজা

একসময় রাজনীতি ছিল আদর্শকেন্দ্রিক। দেশপ্রেম ও জনকল্যাণের ব্রত নিয়ে মানুষ রাজনীতি করতে আসতেন। সে কারণে রাজনীতিবিদ ও জনপ্রতিনিধিদের মানুষ সমীহ করত। আজকাল সব কিছু কেমন যেন গুলিয়ে যাচ্ছে। রাজনীতিতে চরিত্রহীন মানুষের আনাগোনা ক্রমেই বাড়ছে। এমন অনেক জনপ্রতিনিধি রয়েছে, যারা নির্দ্বিধায় গরিবের হক কেড়ে নিচ্ছে। অনেকেই মানবপাচার, মাদক কারবার, অর্থপাচারসহ নানা অপরাধমূলক কর্মকাণ্ডের সঙ্গে জড়িয়ে যাচ্ছে। জমি দখল, বাড়ি দখল, নদী দখলসহ কত কিছুই না করছে তারা। সৎ ও দেশপ্রেমিক রাজনীতিবিদ বা জনপ্রতিনিধিও কম নেই। কিন্তু তাঁরাও ম্লান হয়ে যাচ্ছেন চরিত্রহীন নেতা ও জনপ্রতিনিধিদের কারণে। তেমনই একজন জনপ্রতিনিধি মোহাম্মদ শহিদ ইসলাম পাপুল। লক্ষ্মীপুর-২ আসনের এই স্বতন্ত্র সংসদ সদস্য এখন রয়েছেন কুয়েতের কারাগারে। মানবপাচার ও ঘুষ প্রদানের অভিযোগে সে দেশের আদালত তাঁকে চার বছরের কারাদণ্ড দিয়েছেন। বিদেশের মাটিতে দেশের একজন আইন প্রণেতার অপরাধী সাব্যস্ত হওয়ার ঘটনাটি দেশের জন্য অত্যন্ত লজ্জাকর।

জানা যায়, গত বছরের ৬ জুন কুয়েতের অপরাধ তদন্ত বিভাগ (সিআইডি) পাপুলকে কুয়েত সিটির বাসা থেকে গ্রেপ্তার করে। তাঁর বিরুদ্ধে মানবপাচার ও অর্থপাচারের পাশাপাশি ঘুষ দেওয়ার অভিযোগ আনা হয়। তিনি কুয়েতে মারাফি কুয়েতিয়া গ্রুপ অব কম্পানিজ নামের প্রতিষ্ঠানের ব্যবস্থাপনা পরিচালক ও প্রধান নির্বাহী কর্মকর্তা। মানবপাচার ও ঘুষ দেওয়ার অভিযোগ প্রমাণিত হওয়ায় কুয়েতের ফৌজদারি আদালত গত বৃহস্পতিবার তাঁকে এবং কুয়েতের তিন কর্মকর্তাকে চার বছর করে কারাদণ্ড দিয়েছেন। এ ছাড়া প্রত্যেককে ১৯ লাখ কুয়েতি দিনার জরিমানা করা হয়েছে। পাপুলের বিরুদ্ধে অর্থপাচারের অন্য মামলাটির এখনো রায় হয়নি। ধারণা করা হচ্ছে, সেই মামলায়ও তাঁর শাস্তি হতে পারে। প্রকাশিত খবর থেকে জানা যায়, ১৯৯২ সালে পাপুল তাঁর ভাই বিএনপি নেতা কাজী মঞ্জুরুল আলমের হাত ধরে কুয়েত যান। তখন থেকেই শুরু হয় তাঁর মানবপাচার। তাঁর বিরুদ্ধে কুয়েতে প্রতারণার মাধ্যমে ২০ হাজারেরও বেশি শ্রমিক নেওয়ার এবং তাদের কাছ থেকে প্রায় এক হাজার ৪০০ কোটি টাকা হাতিয়ে নেওয়ার অভিযোগ ওঠে। তার অর্থ প্রায় তিন দশক ধরে তিনি মানবপাচার ও অর্থপাচারে জড়িত ছিলেন। কিন্তু কোনো সরকারের আমলেই তিনি গ্রেপ্তার হননি, তাঁর অপরাধ বিচারের মুখোমুখি হয়নি। উল্টো ২০১৮ সালে এসে তিনি সংসদ সদস্য নির্বাচিত হলেন। ধারণা করা হয়, তিনি এ পর্যন্ত যা করেছেন, তা তাঁর অর্জিত অবৈধ টাকার জোরেই করেছেন। এটি কি কম লজ্জাকর!

অতীতেও অনেক রাজনীতিবিদ বিদেশের মাটিতে দেশের মুখে কলঙ্ক লেপন করেছেন। বিভিন্ন দেশে মুদ্রাপাচারসহ তাদের বিভিন্ন অপরাধের শাস্তি হয়েছে। দেশেও অতীতে অনেকের জমি দখল, বাড়ি দখল, তহবিল তছরুপ, ঘুষ-দুর্নীতিসহ অনেক অপরাধের অভিযোগ উঠেছে। কুয়েতের ঘটনার মতো দেশের জন্য লজ্জাকর এমন পরিস্থিতি থেকে রক্ষা পেতে দেশেই এসব রাজনীতিবিদ ও জনপ্রতিনিধির অপরাধের দ্রুত বিচার ও শাস্তি হওয়া প্রয়োজন।

সাপ্তাহিক ২৫ বছরে বাংলা পত্রিকা The Weekly Bangla Patrika

আমেরিকার গণতন্ত্র হেলতে পারে, ভাঙবে না

সুধীর সাহা

হোয়াইট হাউস থেকে একটু এগোলেই ক্যাপিটল ভবন। হই হই করে সেদিকে ছুটল উন্মত্ত হাজার হাজার জনতা। ভবনের ভেতরে তখন ইলেক্টোরাল ব্যালটের ফলাফল নিয়ে চূড়ান্ত বিতর্ক চলছে। অংশ নিচ্ছেন আমেরিকার কংগ্রেস ও সিনেট- এ দুই কক্ষেরই সদস্য। একটু পরই আনুষ্ঠানিকভাবে ঘোষণা করা হবে ভাবি প্রেসিডেন্ট হিসেবে জো বাইডেনের নাম। বন্ধ কক্ষের দরজার বাইরে সশস্ত্র পুলিশ; মূল ভবনের বাইরে পুলিশি ব্যারিকেড। কিন্তু উন্মত্ত জনতার তোড়ে উড়ে গেল ব্যারিকেড। উঁচু প্রাচীর টপকে, দরজা খুলে, জানালা ভেঙে ঢুকে পড়ল কয়েকশ ট্রাম্পভক্ত মানুষ। সিনেটের প্রধান কক্ষ 'সিনেট চেম্বার', ভাইস প্রেসিডেন্ট মাইক পেন্সের চেয়ার, হাউসের স্পিকার ন্যান্সি পেলোসির চেয়ার-টেবিল- সব যেন দখলে চলে গেল উন্মত্ত কিছু মানুষের হাতে। আমেরিকার ক্যাপিটল হিল লণ্ডভণ্ড হতে পারে- এমন চিন্তা করার সাহস পৃথিবীর কারও মাথায় কখনও আসেনি। ভোটে হার অস্বীকার করে ট্রাম্পের নিরন্তর মিথ্যার উস্কানি এর জন্য দায়ী ছিল বলে আমেরিকার মানুষ বিশ্বাস করে। বিশ্বাস করে সারা বিশ্বের মানুষ।

ঘটনার পর দু'কক্ষের সদস্যরা বাড়ি ফিরে গেলেন না। বরং ওই দিন তারা পুনরায় বসলেন এবং তাদের গণতান্ত্রিক অধিকার ও দায়িত্বটুকু পালন করলেন। তারা ঘোষণা করলেন প্রেসিডেন্ট হিসেবে জো বাইডেনের নাম। ক্যাপিটলে হামলার সাত দিনের মাথায় আমেরিকার পার্লামেন্টের নিম্নকক্ষ হাউস অব রিপ্রেজেন্টেটিভসে 'ইমপিচ' করা হলো ডোনাল্ড ট্রাম্পকে। ইমপিচমেন্টের পক্ষে ২৩২ জন এবং বিপক্ষে ১৯৭ জন। সব ডেমোক্র্যাটের সঙ্গে ১০ জন রিপাবলিকান সদস্যও ইমপিচমেন্টের পক্ষে ভোট দিলেন। প্রথাগতভাবে এই ইমপিচমেন্ট প্রস্তাব যাবে সিনেট সভায়। প্রেসিডেন্টকে দোষী সাব্যস্ত করার জন্য দুই-তৃতীয়াংশ সিনেটরকে এর পক্ষে ভোট দিতে হবে। সিনেটের ১০০ সদস্যের মধ্যে ৬৭ জনের সমর্থন প্রয়োজন হবে ট্রাম্পকে শাস্তি দিতে। সিনেটের আগামী অধিবেশনে এ নিয়ে ভোটাভুটি হতে পারে। দোষী সাব্যস্ত হলে আর কখনও আমেরিকান প্রেসিডেন্ট নির্বাচনে প্রতিদ্বন্দ্বিতা করতে পারবেন না ট্রাম্প।

আমেরিকার বাই-পার্টিশন ভোটযুদ্ধে ডেমোক্র্যাট ও রিপাবলিকানদের মধ্যে পাল্লাপাল্লি অবস্থা। ট্রাম্প রিপাবলিকানদের ভোট পাবেন, তা খুবই স্বাভাবিক। এর বাইরে ছিল ট্রাম্পের নিজস্ব কিছু ভক্ত। ট্রাম্প আমেরিকাতে বিভাজনের রাজনীতি উপহার দিয়ে তৈরি করে ফেলেছিলেন কিছু শ্বেতাঙ্গ আধিপত্যবাদী দল। ট্রাম্পের চার বছরের রাজত্ব শুধু আমেরিকাতেই নয়, শোরগোল ফেলেছিল পৃথিবীজুড়ে। ২০১৭ সালে দায়িত্ব গ্রহণের পরপরই মুসলমানদের অভিবাসনে নিষেধাজ্ঞা, মেক্সিকোর সীমানায় দেয়াল দেওয়া, ক্ষমতার পাঁচ মাস পরই প্যারিস জলবায়ু চুক্তি থেকে সরে আসা, একপেশে সিদ্ধান্তে জেরুজালেমকে ইসরায়েলের রাজধানী ঘোষণা করা, জাতিসংঘের অনুদানে কাটছাঁট করা, বিশ্ব স্বাস্থ্য সংস্থার অনুদান স্থগিত করা ইত্যাদি সিদ্ধান্ত আমেরিকাকে বিশ্বনেতৃত্বের জায়গা থেকে দূরে সরিয়ে দিয়েছে।

তবে আমেরিকার গণতন্ত্র ট্রাম্পকে ঠিকই জবাব দিয়েছে। নির্বাচনে কারচুপি হয়েছে- নিজের এমন বক্তব্যের সমর্থনে ট্রাম্প কোনো প্রমাণ দিতে পারেননি। কিন্তু তার পরের কাজটি! উস্কানি দিয়ে ভক্তদের ডেকে এনে ক্যাপিটল হিলের মর্যাদা ক্ষুন্ন



করার কাজটি ছিল অগণতান্ত্রিক। এখানে এসেই তার বিভাজন নীতি আমেরিকার গণতন্ত্রের কাছে হার মানে। উন্মত্ত ভক্তদের কাজকে সমর্থন জানাতে পারেননি স্বয়ং ট্রাম্প প্রশাসনের ভাইস প্রেসিডেন্ট। সমর্থন করেননি অনেক সিনেট ও কংগ্রেসম্যান। একের পর এক পদত্যাগ করেছেন তার মন্ত্রিসভার সদস্য, উচ্চপদস্থ কর্মকর্তা। আমেরিকার গণতন্ত্র বারবার তার পাগলতম রশির রাশ টেনেছে। আবার সে দেশের স্বাধীন ও শক্ত বিচারব্যবস্থাও তার অগণতান্ত্রিক সিদ্ধান্ত বারবার থামিয়ে দিয়েছে। এইচ-১বি ভিসার সংখ্যা কমিয়ে দেওয়া কিংবা অভিবাসন বা মুসলমান ট্যুরিস্টদের আটকানো- নানা সময়ে আদালত তাকে নিয়ন্ত্রণ করেছেন।

এপ্রিলের মাঝামাঝি ট্রাম্প হঠাৎ ঘোষণা দিয়ে বসলেন- করোনায় লক-ডাউন শিথিল করা হবে কি হবে না, তা ঠিক করার সার্বিক এখতিয়ার প্রেসিডেন্টের; গভর্নরদের নয়। কিন্তু এক দিনের মধ্যেই তাকে পিছু হটতে হয়েছিল। সংবিধানে প্রেসিডেন্টের ক্ষমতার সীমাবদ্ধতা তাকে থামিয়ে দিয়েছিল। নির্বাচন পেছাতে চেয়েছিলেন ট্রাম্প, কিন্তু কিছুই করতে পারেননি। সংবিধান তাকে মনে করে দিয়েছে- এটা ছিল তার ক্ষমতার বাইরে।

ট্রাম্পের মধ্যে নিঃসন্দেহে চীনের শি জিনপিং, রাশিয়ার ভদ্মাদিমির পুতিন, তুরস্কের রিসেপ তায়েপ এরদোয়ান- এমন সব ঝানু একনায়কের মতো একনায়ক হয়ে ওঠার মসলা পুরোদস্তুর ছিল। কিন্তু ট্রাম্প তার শত ইচ্ছা থাকা সত্ত্বেও তাদের মতো কাজটি করে যেতে পারেননি। প্রেসিডেন্ট পুতিন ১৮ বছর একচ্ছত্র ক্ষমতায় বসে আছেন; শি জিনপিং আমৃত্যু প্রেসিডেন্ট থাকার পথ পাকা করে নিয়েছেন। ট্রাম্প ওসব কিছুই করতে পারেননি। বরং পরপর দুবার ইমপিচ হওয়ার মতো কলঙ্কময় এক ইতিহাস উপহার দিয়ে গেছেন।

বাইডেন তার বক্তৃতায় ঐক্যের পক্ষে মূল সুর তুলে ধরে বলেন, গণতন্ত্রের জয় হয়েছে। বলেন, সবাই মিলে আমাদের ক্ষত উপশম করতে হবে। আরও বলেন, এটা গণতন্ত্রের দিন। বাইডেনের শপথ অনুষ্ঠানের অন্যতম উজ্জ্বল উপস্থিতি ছিল কৃষ্ণাঙ্গ তরুণী আমান্ডা গোরম্যানের। প্রেসিডেন্ট বাইডেনের মতো তারও ছোটবেলার কথা বলতে অসুবিধা হতো। কিন্তু শপথ অনুষ্ঠানে হোঁচট না খেয়ে ২৩ বছরের এই কবি পড়লেন তার স্বরচিত কবিতা-ওযে পাহাড় আমরা পেরিয়ে যাই। সেই কবিতা শুনতে শুনতে আমেরিকাবাসীর চোখে জল, মুখে হাসি, মনে আশা- তাদের আগামী দিনগুলো গণতন্ত্রের সুবাতাসে ভরিয়ে তুলবে আমেরিকাকে, সারা পৃথিবীকে।

লেখক: অবসরপ্রাপ্ত মেজর, বাংলাদেশ সেনাবাহিনী

বিশেষ ঘোষণা

নিউইয়র্ক থেকে প্রকাশিত বাংলা পত্রিকা সপ্তাহের প্রথম অর্থাৎ সোমবারের পত্রিকা। বিগত ২৪ বছর বাংলা পত্রিকা নিয়মিত প্রকাশের পর ২৫ বছরে পা রেখেছে। বাংলা পত্রিকা কর্তৃপক্ষ তার পাঠকদের প্রতি সপ্তাহেই নতুন নতুন খবর, প্রবন্ধ, নিবন্ধ, ফিচার প্রভৃতি উপহার দিতে প্রতিশ্রুতিবদ্ধ। তাই প্রকাশের ক্ষেত্রে যেকোন নতুন এবং মৌলিক লেখা সর্বাধিক গুরুত্বের দাবী রাখে। আমরা আমাদের লেখকদের-কে মৌলিক লেখা ইমেইলে (banglapatrikausa@gmail.com) পাঠানোর জন্য বিনীতভাবে অনুরোধ রাখছি। যুক্তরাষ্ট্র ও বাংলাদেশের বিভিন্ন জাতীয় দিবসের লেখা ১৫দিন আগে ইমেইলে পাঠানোর জন্যও অনুরোধ রইলো।

বাংলা পত্রিকা প্রিন্ট ভার্সনের পাশাপাশি এখন ওয়েব সাইডেও পাওয়া যায়। আর পূর্ণ বাংলা পত্রিকা'র পিডিএফ ভার্সন পেতে আগ্রহীদেরকে তাদের ইমেইল নম্বর পাঠাতে বিশেষভাবে অনুরোধ করা হচ্ছে।

- সম্পাদক।

নামাজের সময়-সূচী

ফেব্রুয়ারী	১	২	৩	৪	৫	৬	৭
ফজর	৫.৪৬	৫.৪৫	৫.৪৪	৫.৪৩	৫.৪২	৫.৪১	৫.৪০
সূর্যোদয়	৭.০৪	৭.০৩	৭.০২	৭.০১	৭.০০	৫.৫৯	৫.৫৮
জোহর	১২.০৯	১২.০৯	১২.১০	১২.১০	১২.১০	১২.১০	১২.১০
আসর	৩.৩৩	৩.৩৪	৩.৩৫	৩.৩৭	৩.৩৮	৩.৩৯	৩.৪০
মাগরিব	৫.১৫	৫.১৬	৫.১৭	৫.১৯	৫.২০	৫.২১	৫.২০
এশা	৬.৩২	৬.৩৩	৬.৩৪	৬.৩৫	৬.৩৬	৬.৩৭	৬.৩৮

ঐক্য থেকে সৃষ্ট দেশকে কি বিভাজিত রাখা যায়?



তাসমিমা হোসেন

কদিন আগে ফেসবুকে আমি বিশিষ্ট একজনের স্ট্যাটাসে দেখেছিলাম–বাংলায় যার সারমর্ম হলো–বাইডেনকে এখন বিভাজিত আমেরিকাকে যুক্ত করতে নতুন করে কাজ করতে হবে।ট্রাম্প যে বিভাজিত রাষ্ট্র রেখে গেলেন, সেই বিভাজিত রাষ্ট্রের বিভাজিত জনগণ নিয়ে বাইডেন ক্ষমতা গ্রহণ করলেন।ট্রাম্প যেসব ওলটপালট করে গিয়েছিলেন, আর শপথ গ্রহণের পরপরই বাইডেন সেসব জঞ্জাল শুদ্ধীকরণে হাত দিলেন। কীভাবে ঐক্য সৃষ্টির মাধ্যমে বিভাজন থেকে বেরিয়ে এসে কাজ করা যায়, বাইডেন সেই নীতি নিয়েই কাজ করছেন। গত বুধবারই অভিবাসনসংক্রান্ত নতুন একটি বিল কংগ্রেসে পাঠিয়েছেন প্রেসিডেন্ট। যেমন, সাবেক প্রেসিডেন্ট দেশপিছু গ্রিন কার্ডধারীর সংখ্যা বেঁধে দিতে চেয়েছিলেন। সেই প্রস্তাব খারিজ করছেন বাইডেন। শুধু অভিবাসন নীতিই নয়, মধ্যপ্রাচ্যসংক্রান্ত নীতি নিয়েও প্রথম থেকেই ভাবনা-চিন্তা শুরু করে দিয়েছেন নতুন প্রেসিডেন্ট।ট্রাম্পের আমলে বিভিন্ন দেশের সঙ্গে আমেরিকার টানাপোড়েন শুরু হয়। সেজন্য দায়িত্ব নিয়েই পররাষ্ট্রনীতি ও বিভিন্ন দেশের সঙ্গে কূটনৈতিক সম্পর্ক মজবুত করতে চেষ্টা চালাচ্ছেন নতুন প্রেসিডেন্ট।

আমরা বিপুল বিস্ময়ে গত চার বছরে দেখেছি, যুক্তরাষ্ট্রের স্পিরিটের বিপরীত স্রোতে গা ভাসিয়েছিলেনট্রাম্প এবং তার সমর্থকরা। অদ্ভুতভাবে দেশটির প্রধান আত্মশক্তিকে অস্বীকার করে সাবেক প্রেসিডেন্ট ডোনাল্ডট্রাম্প ভয়াবহ স্বেচ্ছাচারিতার পরিচয় দিয়েছিলেন। গত চার বছরে তার শত শত দৃষ্টান্ত আছে। শ্বেতাঙ্গ শ্রেষ্ঠত্ববাদিতাকে সামনে ধরে তিনি যুক্তরাষ্ট্র সৃষ্টির ঐক্যশক্তির বেদিমূলেই আঘাত করেছিলেন। তার সর্বশেষ কুসিত কর্মকান্ড আমরা দেখতে পাই গত ৬ জানুয়ারী, যেদিন ট্রাম্পের উগ্র সমর্থকরা আক্রমণ করে বসে স্বয়ং ক্যাপিটল হিলকে। ট্রাম্পের সমর্থকদের এসব হঠকারী হিংস্র কর্মকান্ড প্রমাণ করে যে, তারা হয় যুক্তরাষ্ট্রের ইতিহাস জানে না, অথবা সেই ইতিহাসকে অস্বীকার করতে চায়। কিন্তু যুক্তরাষ্ট্র গঠনের মূল স্পিরিটের শক্তি এতটাই বেশি যে, শত ট্রাম্প এসে সেই স্রোতের বিপরীতে বেশি দিন সাঁতার কাটতে পারবেন না। এক্ষেত্রে যুক্তরাষ্ট্র গঠনের ইতিহাস আমাদের জানা দরকার।

ভুলে গেলে চলবে না, যেই শ্বেতাঙ্গ জনগোষ্ঠী এখন যুক্তরাষ্ট্রের সংখ্যাগরিষ্ঠ বলে চিহ্নিত, তাদের ইতিহাসও কিন্তু অভিবাসনেরই ইতিহাস। যুক্তরাষ্ট্র প্রতিষ্ঠার পর থেকে দেশটিতে অভিবাসন কেবল বৃদ্ধি পেয়েছে, তা নয়; এটি সম্পূর্ণভাবেই 'অভিবাসীদের দেশ'। এজন্য একে চিহ্নিত করা হয়েছে 'মেল্টিং পট' হিসেবে। কেমন সেই মেল্টিং পটের বৈশিষ্ট্য, সেটি বোঝার আগে আমরা যুক্তরাষ্ট্রের যুক্তরাষ্ট্র হয়ে ওঠার দিকে দৃষ্টি দিতে পারি।

গত দুই শতাব্দী ধরে নানা বৈচিত্র্য ও অনৈক্য অতিক্রম করেই যুক্তরাষ্ট্র এমন একটি বৈশিষ্ট্য অর্জন করেছে, যা দেশটিকে পৃথিবীর সবচেয়ে প্রভাবশালী ও উন্নত দেশে পরিণত করেছে। এর মূলে রয়েছে দেশটির অসাধারণ ঐক্য এবং শিল্পায়ন। কিন্তু কীভাবে শুরু হয় যুক্তরাষ্ট্রে অভিবাসীদের আগমন? এজন্য আমাদের ইতিহাসপাঠ অতি জরুরি। প্রথম অভিবাসনের যাত্রাটি শুরু হয়েছিল ইংরেজদের মাধ্যমে। মূলত ধর্মবিশ্বাসের স্বাধীনতা রক্ষার্থে ইংল্যান্ডের রাজা প্রথম জেমসের সময় একদল ইংরেজ হল্যান্ডে এসে বসবাস শুরু করেন। তাদের মধ্যে থেকে একদল ইংরেজ 'মে ফ্লাওয়ার' নামক একটি জাহাজে করে আটলান্টিক পাড়ি দিয়ে আমেরিকায় এসে নতুন বসতি স্থাপন করেন। নতুন এই উপনিবেশকারীরা আমেরিকার ইতিহাসে 'পিলগ্রিম ফাদার্স' নামে পরিচিত।

ভুলে গেলে চলবে না, যেই শ্বেতাঙ্গ জনগোষ্ঠী এখন যুক্তরাষ্ট্রের সংখ্যাগরিষ্ঠ বলে চিহ্নিত, তাদের ইতিহাসও কিন্তু অভিবাসনেরই ইতিহাস। যুক্তরাষ্ট্র প্রতিষ্ঠার পর থেকে দেশটিতে অভিবাসন কেবল বৃদ্ধি পেয়েছে, তা নয়; এটি সম্পূর্ণভাবেই 'অভিবাসীদের দেশ'। এজন্য একে চিহ্নিত করা হয়েছে 'মেল্টিং পট' হিসেবে। কেমন সেই মেল্টিং পটের বৈশিষ্ট্য, সেটি বোঝার আগে আমরা যুক্তরাষ্ট্রের যুক্তরাষ্ট্র হয়ে ওঠার দিকে দৃষ্টি দিতে পারি।

এরা সংখ্যায় কিন্তু মাত্র ৯২ জন ছিলেন। এরাই ১৬২০ সালের নভেম্বর মাসে একটি স্বায়ত্তশাসনের রাজনৈতিক চুক্তি অনুযায়ী নতুন প্লিমথ নামক একটি গণতান্ত্রিক জনপদের গোড়াপত্তন করেন। এভাবেই উত্তর আমেরিকায় প্রথম আধুনিক জনপদের সূত্রপাত হয়। ইংল্যান্ড ছাড়াও ১৬৮০ পর্যন্ত হল্যান্ড, সুইডেন, জার্মানি, ফ্রান্স, স্পেন, পর্তুগাল, ইতালি প্রভৃতি ইউরোপীয় দেশ থেকে অল্প অল্প করে অভিবাসীরা আমেরিকায় পা রাখেন। এমনিভাবে ১৬৯০ সালের মধ্যে আমেরিকায় অনেকগুলো পৃথক উপনিবেশ স্থাপিত হয়। মনে রাখতে হবে, তখন পর্যন্ত এই মহাদেশে অভিবাসীর সংখ্যা ছিল মাত্র আড়াই লাখ। ইউরোপ থেকে আমেরিকায় আগত অভিবাসীদের ধারা অষ্টাদশ শতাব্দীতে অব্যাহত থাকে। এর ফলে ১৭৭৫ সালে অর্থাৎ যুক্তরাষ্ট্রের স্বাধীনতা ঘোষণার সময় যুক্তরাষ্ট্রের জনসংখ্যা ছিল মাত্র ২০ লাখ। তবে উপনিবেশকারীদের মধ্যে ইংরেজদের সংখ্যা বেশি থাকায় তারা ইংল্যান্ডেরই স্বাধীনতামূলক আইনগুলো প্রবর্তন করেন। এজন্য আমরা দেখতে পাই, ম্যাগনা কার্টা, হ্যাবিয়াস কর্পাস আইন, বিল অব রাইটস, ইংল্যান্ডের কমন ল প্রভৃতি আইন নতুন অভিবাসীরা যুক্তরাষ্ট্রের নিজ নিজ উপনিবেশে প্রবর্তন করেন। বিষয়টি অত্যন্ত গুরুত্বপূর্ণ। কারণ একদম শুরু থেকেই সব ধরনের ব্যক্তিস্বাধীনতার ভিত্তিতে এই জনপদগুলো গঠিত হচ্ছিল।

তবে সে সময় কোনো উপনিবেশ তৈরি করতে হলে ব্রিটিশ রাজার কাছ থেকে সনদ নিতে হতো। ইংরেজ রাজার প্রতিনিধি হিসেবে গভর্নর নিযুক্ত থাকতেন। এ ঘটনাটি বিশেষ গুরুত্বপূর্ণ, কারণ এর মাধ্যমেই আমেরিকার স্বাধীনতা ও ঐক্যের সূত্রপাত ঘটে। ঘটনার ঘনঘটায় ১৭৬৩ সালে ইংরেজ-ফরাসি যুদ্ধে ফ্রান্সের পরাজয় ঘটে এবং ফরাসিরা উত্তর আমেরিকা থেকেও বিতাড়িত হয়। কিন্তু ফরাসিদের সঙ্গে সাত বছরের যুদ্ধে ইংরেজ সরকারের বহু দেনা হয়ে যায় এবং এই দেনা শোধের জন্য বেশি বেশি রাজস্ব আদায়ের সিদ্ধান্ত নেওয়া হয় উত্তর আমেরিকার উপনিবেশগুলো থেকে। আর এখান থেকেই শুরু হয় ইংল্যান্ডের সঙ্গে আমেরিকার উপনিবেশগুলোর সংঘাত। তারা কেন মানবে ইংল্যান্ডের অন্যায্য অতিরিক্ত রাজস্বের আবদার? আমেরিকায় শুরু হয় বিক্ষোভ ও অসন্তোষ। এই বিক্ষোভকে সমুচিত জবাব দিতে সে সময় ইংল্যান্ডের রাজা তৃতীয় জর্জ ও প্রধানমন্ত্রী লর্ড নর্থ কঠোর সিদ্ধান্ত নেন।

খুবই তাৎপর্যপূর্ণ সময় এটি। আমরা দেখতে পাই, ইংল্যান্ডের উচিত শিক্ষা মোকাবিলা করতেই ১৭৭৪ সালে আমেরিকার সব উপনিবেশের প্রতিনিধিরা একটি 'কন্টিনেন্টাল কংগ্রেস' প্রতিষ্ঠা করেন। অর্থাৎ ইংল্যান্ডের থেকে স্বাধীনতা আদায়ের লক্ষ্যে আমেরিকার সব উপনিবেশের মধ্যে ঐক্য গড়ে ওঠে। এই ঐক্য ছিল ভীষণ গুরুত্বপূর্ণ। এরপর যখন স্বাধীনতাযুদ্ধ অনিবার্য হয়ে ওঠে, তখন আমেরিকার বিভিন্ন রাজ্যের (উপনিবেশের) প্রতিনিধিরা একটি যুক্তরাষ্ট্রীয় ব্যবস্থা গঠন করেন। অর্থাৎ সবাই মিলে ইংল্যান্ডের বিরুদ্ধে ঐক্যবদ্ধ সংগ্রাম করার সিদ্ধান্ত নেন। এভাবেই ১৭৭৬ সালের ৪ জুলাই যুক্তরাষ্ট্রের স্বাধীনতার ঘোষণাপত্র প্রকাশ করা হয়। আর এভাবেই ১৩টি রাষ্ট্র নিয়ে প্রথম কনফেডারেশন বা রাষ্ট্রসমষ্টির ভিত্তি পত্তন করা হয়। এই হলো যুক্তরাষ্ট্রের প্রথম পথচলা। আর এই পথচলায় যুক্তরাষ্ট্রের স্বাধীনতার ঘোষণাপত্রটি ছিল অমূল্য সম্পদ।

মনে রাখতে হবে, সাম্যনীতি, ব্যক্তিস্বাতন্ত্র্য, প্রাকৃতিক অধিকার, সামাজিক চুক্তি এবং অত্যাচারী সরকারের বিরুদ্ধে জনসাধারণের বিদ্রোহের অবিসংবাদী অধিকার দেয় এই স্বাধীনতার ঘোষণাপত্র। এখানে বলা আছে–সব মানুষ সমান। সৃষ্টিকর্তা সবাইকে কিছু অবিচ্ছেদ্য অধিকার দিয়েছেন, এর মধ্যে রয়েছে জীবন, স্বাধীনতা ও সুখ-সন্ধানের অধিকার। এই অধিকারগুলোকে সুনিশ্চিত করার জন্যই শাসনব্যবস্থা স্থাপিত হয়ে থাকে। যখনই কোনো শাসক বা শাসনযন্ত্র এই সব অধিকার বা উদ্দেশ্যপরিপন্থি হয়ে ওঠে, তখনই জনগণের সেই শাসনযন্ত্রটিকে পরিবর্তন বা উচ্ছেদ করে তার জায়গায় এমন একটি শাসনব্যবস্থা স্থাপনের অধিকার জন্মে। আর এর নৈতিক ভিত্তি হলো জনগণের সুখ ও নিরাপত্তা বিধান করা। যুক্তরাষ্ট্রের সংবিধানের একটি বিশেষ বৈশিষ্ট্য হলো এটি জনগণের সার্বভৌমত্ব স্বীকার করে নেয়। এটাকে এতটাই গুরুত্ব দেওয়া হয়েছে যে আমরা দেখতে পাই, এটাকে রক্ষা করতে যুক্তরাষ্ট্রের 'ডিউ প্রসেস অব ল' নীতি ঘোষিত হয়েছে। অর্থাৎ যে আইনই হোক না কেন, যদি সুপ্রিম কোর্ট মনে করে যে ঐ আইন সাম্য, ব্যক্তিস্বাধীনতা ও মৌলিক অধিকারপরিপন্থি, তাহলে সেই আইন সুপ্রিম কোর্ট অবৈধ বলে ঘোষণা করতে পারে। এভাবেই যুক্তরাষ্ট্র একটি কল্যাণকর রাষ্ট্রে পরিণত হয় এবং প্রতিনিয়ত নিজেকে জনগণের কল্যাণের স্বার্থে পরিমার্জিত ও সংশোধিত করে।

যুক্তরাষ্ট্রের সংবিধান এতটাই শক্তিশালী যে, যুক্তরাষ্ট্রের কোনো অন্তর্ভুক্ত রাজ্যেরই যুক্তরাষ্ট্র থেকে বিচ্ছিন্ন হয়ে স্বাধীনতা ঘোষণার সুযোগ নেই। অর্থাৎ যুক্তরাষ্ট্র একটি পারপিচুয়াল ইউনিয়ন বা চিরস্থায়ী সংযুক্তিকৃত রাষ্ট্র। ১৮৬১ থেকে ১৮৬৫ সালে আমেরিকার গৃহযুদ্ধের মধ্য দিয়েই রক্তের অক্ষরে এই জাতির স্থায়ী ইতিহাস লিখিত হয়ে গেছে।

সত্যিকার অর্থে যুক্তরাষ্ট্র যেন আমাদের এই বিশ্বব্রহ্মাণ্ডের একটি ক্ষুদ্র সংস্করণ। আমাদের ব্রহ্মাণ্ড বৈচিত্র্যময়। যুক্তরাষ্ট্রও তা-ই। বৈচিত্র্যের প্রতি শ্রদ্ধাই এই জাতিকে ঐক্যবদ্ধ রেখেছে। অর্থাৎ রাষ্ট্র এক, কিন্তু জাতির মধ্যে রয়েছে বহুত্ব। আর এটাই হলো মেল্টিং পট। মেল্টিং পটের মধ্যে যেমন সব ধাতু গলে একটি নতুন বৈশিষ্ট্যের ধাতুতে রূপান্তরিত হয়, যুক্তরাষ্ট্রও তা-ই। এটাই যুক্তরাষ্ট্রের মূল ভিত্তি, আত্মশক্তি।

কিন্তু ডোনাল্ড ট্রাম্প ২০১৬ সালে প্রেসিডেন্ট হিসেবে জয়লাভের পর থেকেই এই সারসত্য ভুলে গিয়েছিলেন। শ্বেতাঙ্গ জাতীয়তাবাদের উত্থান, অভিবাসীবিরোধী মনোভাবের বিস্তার এবং সমাজে ধর্ম ও বর্ণের ভিত্তিতে বিভাজন বাড়িয়ে তোলেন ট্রাম্প। বলা যায়, ট্রাম্প যুক্তরাষ্ট্রের আত্মশক্তির শেকড়েই কুঠারাঘাত করে যাচ্ছিলেন।ট্রাম্প কি ভুলে গিয়েছিলেন তার পূর্বপুরুষও আমেরিকায় অভিবাসীই ছিলেন। তার পিতামহ ছিলেন জার্মানির অভিবাসী। এমনকি তার বর্তমান স্ত্রী সরাসরি অভিবাসী, স্লোভেনিয়ায় তার জন্ম। আমরা দেখেছি, যুগে যুগে এমন ট্রাম্পরা আসেন এবং তারা একটা নতুন অস্থিরতা তৈরি করেন। কিন্তু শেষাবধি তাদের বিদায়ঘণ্টা বাজেই এবং সেটা হয় নির্মমভাবে। ইতিহাস এই কঠিন সত্যই প্রকাশ করে যে, শত ট্রাম্পেরও শক্তি নেই যুক্তরাষ্ট্রের ঐক্যের বিপরীতে দীর্ঘদিন সাঁতার কাটার। ট্রাম্পকে ডুবতে হতোই।

যুক্তরাষ্ট্র হলো এ পৃথিবীর সবচাইতে বসবাসোপযুক্ত দেশ। দেশটির আয়তন ৯৮ লাখ ৩৪ হাজার বর্গকিলোমিটার। অথচ যুক্তরাষ্ট্রের জনসংখ্যা মাত্র ৩৩ কোটি। যুক্তরাষ্ট্র কতটা বড়, তার সহজ উদাহরণ হলো দেশটি আয়তনে বাংলাদেশের চেয়ে ৬৬ গুণ বড়। এদিকে বাংলাদেশের জনসংখ্যা প্রায় সাড়ে ১৬ কোটি। আর আয়তন মাত্র ১ লাখ ৪৮ হাজার ৪৬০ বর্গকিলোমিটার। চিন্তা করলে মাথা ঘুরে যাবে যে, বাংলাদেশের সমান জনঘনত্ব যুক্তরাষ্ট্রের থাকলে দেশটির জনসংখ্যা হতো ১১০০ কোটি! সুতরাং বোঝাই যাচ্ছে, আমরা কী ভয়ংকর জনঘনত্বের মধ্যে বসবাস করছি!

যুক্তরাষ্ট্র সারা পৃথিবীর মেধা নিয়ে নিজেদের সমৃদ্ধ করেছে এবং এখনো করছে। সুতরাং দেশটির মেল্টিং পটের অবস্থার পরিবর্তন কখনো হবে না। এটাই যুক্তরাষ্ট্রের সমৃদ্ধির মূল সূত্র। ট্রাম্পনীতির সেখানে জায়গা হতে পারে না।

লেখক: সম্পাদক, দৈনিক ইত্তেফাক ও পাক্ষিক অনন্যা

বিশেষ ঘোষণা

নিউইয়র্ক থেকে প্রকাশিত বাংলা পত্রিকা সপ্তাহের প্রথম অর্থাৎ সোমবারের পত্রিকা। বিগত ২৪ বছর বাংলা পত্রিকা নিয়মিত প্রকাশের পর ২৫ বছরে পা রেখেছে। বাংলা পত্রিকা কর্তৃপক্ষ তার পাঠকদের প্রতি সপ্তাহেই নতুন নতুন খবর, প্রবন্ধ, নিবন্ধ, ফিচার প্রভৃতি উপহার দিতে প্রতিশ্রুতিবদ্ধ। তাই প্রকাশের ক্ষেত্রে যেকোন নতুন এবং মৌলিক লেখা সর্বাধিক গুরুত্বের দাবী রাখে। আমরা আমাদের লেখকদের-কে মৌলিক লেখা ইমেইলে (banglapatrikausa@gmail.com) পাঠানোর জন্য বিনীতভাবে অনুরোধ রাখছি। যুক্তরাষ্ট্র ও বাংলাদেশের বিভিন্ন জাতীয় দিবসের লেখা ১৫দিন আগে ইমেইলে পাঠানোর জন্যও অনুরোধ রইলো।

বাংলা পত্রিকা প্রিন্ট ভার্সনের পাশাপাশি এখন ওয়েব সাইডেও পাওয়া যায়। আর পূর্ণ বাংলা পত্রিকা'র পিডিএফ ভার্সন পেতে আগ্রহীদেরকে তাদের ইমেইল নম্বর পাঠাতে বিশেষভাবে অনুরোধ করা হচ্ছে।

- সম্পাদক।

LAW OFFICE OF ALBERT GHUNNEY
ATTORNEY AT LAW
ACCIDENT / IMMIGRATION / DIVORCE
ইমিগ্রেশনঃ ফ্যামিলি পিটিশন, গ্রীনকার্ড, সিটিজেনশীপ, এসাইলাম ও ওয়ার্ক পারমিট রিনিউ।
ডিভোর্স, চাইল্ড সাপোর্ট, কাস্টডি, এলিমনি। ইনকর্পোরেশন এন্ড বিজনেস ট্যাক্স
বাংলাদেশ থেকে B1/B2/F1/M1/J1 ভিসা প্রসেস
সহযোগিতার জন্য যোগাযোগ করুনঃ
ইমিগ্রেশন সার্ভিসে ১২ বছরের অভিজ্ঞ নিউইয়র্ক স্টেট লাইসেন্সড ল'ইয়ার
MURAD HOSSAIN MSS, LLB (DU), LLM USA, DTL UK
347-891-8958, h_m_murad@yahoo.com
37-22 73rd Street, (1F), Jackson Heights, NY 11372

বাংলাদেশ কম্যুনিটিতে এখন সবচেয়ে বিশ্বস্ত ট্রাভেল এজন্সি

ডিজিটাল ট্রাভেলস এস্টোরিয়া



SUPER WINTER SALE

আমরা IATA অনুমোদিত

ফোন: 718-721-2012

উমরাহ্ স্পেশাল

★ হোটেল ★ ভিসা ★ ট্রান্সপোর্টেশান

KUWAIT AIRWAYS

QATAR AIRWAYS القطرية

Emirates

TURKISH AIRLINES

السعودية SAUDIA

আমাদের অফিস শুধুমাত্র এস্টোরিয়ায়

ডিজিটাল ট্রাভেলস এস্টোরিয়া

Digital Travel Astoria

2578, 31st Street, Astoria, NY 11102

সাবওয়েতে N ও W ট্রেনে 30th Avenue Station

Cell: 917-459-7181

We are on Facebook

website: www.digitaltraveltour.com

ভাষার মাস শুরু

(প্রথম পাতার পর)

আন্দোলনের উত্তাল স্মৃতিমাখা এ মাস এলেই বিদ্যুৎচমকের মতো মনে ভিড় জমায় সালাম, বরকত, রফিক, জব্বার, শফিউর- এসব ভাষা শহীদদের নাম। সাতচল্লিশে দেশভাগের পরেই যখন বাঙালীর ভাষার ওপর আঘাত এলো, তখন বুকের রক্ত ঢেলে লেখা হলো এক নতুন ইতিহাস। ভাষা আন্দোলনের সেই লড়াই থেকে সঞ্চিত শক্তিই পরবর্তীকালে যুগিয়েছে গণঅভ্যুত্থানের প্রেরণা।

বাঙালীর মহান মুক্তিযুদ্ধে, স্বৈরাচারবিরোধী আন্দোলনে, জাতির স্বকীয়তা, সার্বভৌমত্বের প্রশ্নে ভাষা আন্দোলন সবসময় আলোকবর্তিকার মত মূর্ত হয়ে ওঠে। এখনো জাতির যে কোন ক্রান্তিকালে ভাষা আন্দোলন আমাদের প্রেরণা হয়ে দেখা দেয়। প্রজন্ম থেকে প্রজন্মে ভাষা আন্দোলন জাতির বীরত্বপূর্ণ ঐতিহ্যের পরিচয় তুলে ধরে। ভাষা আন্দোলন তাই বাঙালীর কাছে চির প্রেরণার প্রতীক।

১৯৫২ সালের এ মাসেই রক্তঝরা ভাষা আন্দোলন তীব্রতর রূপ ধারণ করেছিল। মাতৃভাষা বাংলাকে পাকিস্তানের অন্যতম রাষ্ট্রভাষা করার সংগঠিত দাবি ও আন্দোলনকে বানচাল করার জন্য একুশে ফেব্রুয়ারী প্রথম গুলী চালানো হয়েছিল। তাতে কয়েকটি অমূল্য প্রাণ সালাম রফিক, জব্বার, শফিউর, বরকত মৃত্যুবরণ করেছিলেন। তাই গভীর বেদনায়, মহিমায় ও পবিত্র আবেগে ওই দিনটিকে ইতিহাসের পাতায় রক্তের অক্ষরে লেখা হয়ে যায়। বিশেষ সেই তারিখে শহীদদের আত্মদান একটি কিংবদন্তী রূপ লাভ করে। আজ তাই একুশে ফেব্রুয়ারী একটি অভিধা, একটি ধ্বনি, একটি প্রতীকে পরিণত হয়েছে। পরিণত হয়েছে জাতির জাগরণের প্রতীকে।

ফেব্রুয়ারী তাই অঙ্গীকারের মাস, প্রত্যয়বদ্ধ হবার মাস। ভাষা আন্দোলনের চেতনাকে সমাজে, রাষ্ট্রে ছড়িয়ে দেওয়ার জন্য শপথ নেয়ার মাস ফেব্রুয়ারী। আজ ৬৯ বছরেও যা করা যায়নি সেই অফিস-আদালত, শিক্ষা ক্ষেত্রে বাংলাকে ছড়িয়ে দেবার অঙ্গীকারের মাস ফেব্রুয়ারী।

ভাষার মাসে ভাষাকে নিয়ে নানা আয়োজন শুরু হয়। তবে, শুধু ভাষা নয় বরং জাতি হিসেবে আমাদের করনীয় নিয়েও আলোচনা চলে। শিল্প-সাহিত্য-সংগীতসহ শিল্পের প্রতিটি ক্ষেত্রে একুশ নতুন নতুন চিন্তা ভাবনা নিয়ে আসে। একুশে উপলক্ষে বাংলা একাডেমীর বইমেলা সারাদেশের সাহিত্যানুরাগী মানুষদের এক করে। তবে এবছর করোনা মহামারীর কারণে বইমেলা পিছিয়ে গেছে। মার্চের ১৮ তারিখ থেকে পহেলা বৈশাখ অর্থাৎ ১৪ এপ্রিল পর্যন্ত চলবে বইমেলা। তবে, বইমেলার প্রেরণা হয়ে থাকবে ভাষা আন্দোলন।

একুশে ফেব্রুয়ারী বলতে ১৯৫২ সালের কেবল সেই দিনটি নয়। এই আন্দোলন শুরু হয়েছিল সেই ১৯৪৭ সাল থেকে। ১৯৪৭ সালের ১৭ মে হায়দরাবাদে এক উর্দু সম্মেলনে মুসলিম লীগ নেতা চৌধুরী খালিকুজ্জামান ঘোষণা দেন, 'পাকিস্তানের জাতীয় ভাষা হবে উর্দু'। তার সঙ্গে গলা মেলান আলীগড় মুসলিম বিশ্ববিদ্যালয়ের উপাচার্য ড. জিয়াউদ্দিন। প্রতিবাদে ২৯ জুলাই ড. মুহম্মদ শহীদুল্লাহ 'আজাদ' পত্রিকায় বলেন, বাংলাই হওয়া উচিত পাকিস্তানের রাষ্ট্রভাষা, তবে দুটি রাষ্ট্রভাষা করা গেলে উর্দুর কথা বিবেচনা করা যায়। পাকিস্তান গঠনের পরে রাষ্ট্রভাষা আন্দোলন জোরদার হতে থাকে। ওই বছরের ২৭ নভেম্বর করাচিতে পাকিস্তান শিক্ষা সম্মেলনে পাকিস্তান গণপরিষদের কাছে উর্দুকে পাকিস্তানের রাষ্ট্রভাষা ও প্রাদেশিক সরকারগুলির কাজ চালাবার মাধ্যম রূপে মেনে নেবার সুপারিশ করা হয়। সেইসাথে সমগ্র পাকিস্তানে প্রাথমিক শিক্ষায় উর্দুকে এক বছরের জন্য বাধ্যতামূলক করার প্রস্তাবও করা হয়। এ ঘটনাকে কেন্দ্র করে বাংলাকে রাষ্ট্রভাষা করার দাবিতে ৬ ডিসেম্বর ঢাকা বিশ্ববিদ্যালয় প্রাঙ্গণে প্রথম সভা অনুষ্ঠিত হয়। এতে সভাপতিত্ব করেন তমদ্দুন মজরিশের সম্পাদক আবুল কাসেম। বক্তৃতা করেন মুনীর চৌধুরী, আব্দুর রহমান, কল্যাণ দাশগুপ্ত, এ কে এম আহসান, এস আহমদ প্রমুখ। রাষ্ট্রভাষা সংক্রান্ত প্রস্তাবগুলি উত্থাপন করেন ঢাকা বিশ্ববিদ্যালয়ের ছাত্র ইউনিয়নের ভাইস প্রেসিডেন্ট ফরিদ আহমদ।

বাইডেনের গোয়েন্দা বিভাগে ফিলিস্তিনি মুসলিম

(প্রথম পাতার পর)

ওপর ট্রাম্পের আরোপিত নিষেধাজ্ঞা বাতিল করেছিলেন। তার প্রশাসনে মুসলিম দেশের বংশোদ্ভূত অনেকেই দায়িত্ব পেয়েছেন। এবার যুক্তরাষ্ট্রের ন্যাশনাল সিকিউরিটি কাউন্সিলের গোয়েন্দা শাখায় জ্যেষ্ঠ পরিচালক পদে মাহের বিতার নামের এক ফিলিস্তিনি মুসলিমকে নিয়োগ দেওয়া হল।

জানা গেছে, ফিলিস্তিনি-আমেরিকান মাহের বিতার ডোনাল্ড ট্রাম্পের প্রথম অভিশংসনে গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করেছিলেন। তিনি যুক্তরাষ্ট্রের জর্জটাউন বিশ্ববিদ্যালয়ে থেকে আইন বিষয়ে স্নাতক ডিগ্রি অর্জন করেন। প্রেসিডেন্ট বারাক ওবামার সময় ইসরায়েল-ফিলিস্তিন বিষয়ক বিভাগের প্রধান হিসেবেও কাজ করেছেন। বাইডেন প্রশাসনে মাহেরের এই নিয়োগ নিয়ে হাউজ ইন্টেলিজেন্স কমিটির চেয়ারম্যান অ্যাডাম স্কিফ বলেন, আমার মনে হয় মাহেরের চেয়ে ভালো এই পদে আর কেউ হতে পারে না।

EFFICIENT MEDICAL CARE DHAKA DENTAL P.C.

ডা. বর্ণালী হাসান এমডি ও ডেন্টিস্ট মাহফুজুল হাসান ডি.ডি.এস
দুটি অফিসের মাধ্যমে দীর্ঘদিন ধরে চিকিৎসা সেবা দিয়ে আসছেন


DR. MAHFUJUL HASAN D.D.S


DR. BORNALI HASAN MD

উভয় অফিসে এপয়েন্টমেন্টের জন্য আমাদের সাথে যোগাযোগ করুন

চিকিৎসা সেবায় আগ্রহী ব্যক্তিরা যেকোন একটি অফিসে যোগাযোগ করতে পারেন। প্রায় সব ধরনের মেডিকেইড, প্রাইভেট এবং ইউনিয়ন ইনসিওরেন্স গ্রহণ করা হয়।

মেডিকেইড, ফিডালিস কেয়ার, হেলথ ফার্স্ট ও এ্যাফিনিটি ইনসিওরেন্সের গ্রাহকেরা তাৎক্ষণিক ভাবে দাঁতের চিকিৎসা নিতে পারেন।

আমাদের শাখা দু'টি

JAMAICA
170-09 Hillside Ave. Jamaica, NY 11432
Tel: (718) 291-2710 (MEDICINE),
(718) 480-8877 (DENTAL)

SUNNY SIDE
40-14 Green Point Ave. Sunnyside, NY 11104
Tel: (718) 392-2858 (MEDICINE),
(718) 779-1300 (DENTAL)

General Dentist :
Dr. Hatim Gandhi, D.D.S
Dr. Frederik Fisher, D.D.S

ম্যানহাটনে বাংলাদেশী এটর্নী



● ইমিগ্রেশন ● রিয়েল এস্টেট
● এক্সিডেন্ট ● ল্যান্ডলর্ড-টেনেন্ট
● ব্যাংক্রাপসি ● ডিভোর্স সহ বিভিন্ন

সমস্যার আইনগত সহায়তার জন্য যোগাযোগ করুন।

মোহাম্মদ এ. আজিজ Esq
এটর্নী এট ল'
For Appointment: (917)-434-3338
Tel: 212-695-0055, Fax: 212-695-0056, Email: azizbbu@yahoo.com
421 7th Avenue, Suite# 905, New York, NY 10001

কলম্বিয়া ইউনিভার্সিটি ল' গ্রাজুয়েট, লন্ডন ইউনিভার্সিটি থেকে ব্রিটিশ ফরেন ও কমনওয়েলথ

অফিসের অধীনে শেভনিং স্কলার ও হিউম্যান রাইটস-এ মাস্টার্স, ঢাকা ইউনিভার্সিটি থেকে আইনে অনার্স ও মাস্টার্স (১ম শ্রেনী), বিসিএল (জুডিশিয়াল) এর সদস্য, বাংলাদেশে প্রাক্তন সিনিয়র সহকারী জজ আইন মন্ত্রণালয়ের সিনিয়র সহকারী সচিব ও বাংলাদেশ সরকারের প্রাক্তন মাননীয় আইন মন্ত্রীর কাউন্সিল অফিসার হিসেবে ৮ বছর এবং নিউইয়র্কের বিভিন্ন ল'ফার্মের অভিজ্ঞতাসম্পন্ন এ্যাটর্নী।



SHARIF TAX SERVICE



IRS Authorize e-file provider
37-47 77th Street,
Jackson Heights, NY 11372
PH: 917-547-7298
917-858-4249
e-mail: shariftaxservice@gmail.com

SHARIF Q. ALAM (HIRA)
B.Sc. (Hons), MS, DU
20 Years experience
Tax Prepare
NYS-Lic! Real Estate Sale agent

SERVICES:
● Tax Service
● Immigration
● Real Estate

অশোক কুমার কর্মকার
এ্যাটর্নী এট ল'

আমেরিকায় যে কোন নতুন ব্যবসায় ন্যূনতম বিনিয়োগের মাধ্যমে Treaty (E-2) ভিসার অধীনে এদেশে ব্যবসা করার সুযোগ পেতে পারেন এবং পরবর্তীতে গ্রীন কার্ড পাওয়ার যোগ্য হতে পারেন।

তাছাড়া ১ মিলিয়ন বা ন্যূনতম ৫ লাখ ডলার বিনিয়োগ করে EB-5 ভিসার অধীনে আপনি আপনার পরিবার ও সন্তান-সন্ততিসহ গ্রীন কার্ড পেতে পারেন।

বৈধভাবে এদেশে আপনার বিনিয়োগের অর্থ আনয়নে আমাদের সাথে পরামর্শ করতে পারেন।

দেশে কোন কোম্পানীর মালিক/পরিচালক হলে আপনি ও আপনার পরিবার খ ঠরংধ'র সুবিধা নিতে পারেন এবং দু'বছর পর গ্রীন কার্ডের আবেদন করতে পারেন।

আপনি কি বিনিয়োগের মাধ্যমে নিজের যোগ্যতায় খুব দ্রুত গ্রীন কার্ড পেতে চান?

* আপনার সার্বিক আইনী (ইমিগ্রেশন, এসাইলামসহ সর্বপ্রকার রিয়েল এস্টেট ক্লোজিং, পার্সোনাল ইনজুরি, মেডিকেল ম্যালপ্র্যাকটিস, ডিভোর্স, পারিবারিক রিগ্যালাইজেশনসহ সকল ধরনের) সমস্যার সমাধানে যোগাযোগ করুন (সোম-শনিবার)।
* আমেরিকায় বসে আমাদের ঢাকা অফিসের মাধ্যমে খরচ ও সময় বাঁচিয়ে আপনি বাংলাদেশে আপনার যে কোন মামলা পরিচালনা, সম্পত্তি ক্রয়-বিক্রয়সহ যে কোন আইনী সমস্যার সমাধান সহজেই করতে পারবেন।
* আপনার সম্পত্তি ব্যবস্থাপনায় (Property Management) আমাদের ঢাকা অফিস আপনাকে সহায়তা করতে পারে।

Law Offices of Ashok K. Karmaker, P.C.
Queens Main Office: Queens Office: 143-08 Hillside Avenue, Jamaica, NY 11435
Tel: (212) 714-3599, (718) 408-3282. Fax: (718) 408-3283, Email: ashok@ashoklaw.com, Web: www.ashoklaw.com
Tel: (718) 662-0100, Fax: (347) 305-8383, Email: info.klpllc@gmail.com, Web: www.k-lpllc.com
Dhaka Office: US-Bangladesh Global Law Associates Ltd.
Dream Apartment, Apt.C2, Hse 3G, Road 104, Gulshan Circle 2, Dhaka 1212, Bangladesh, Tel: 011-880-2-8833711

বিএনপির ভ্যাক্সিন রাজনীতি ভারতীয় গৌমুত্রে গিয়ে ঠেকেছে?



সামছুদ্দীন আজাদ

বাংলাদেশের রাজনীতিতে ভয়ানক বিপদজ্জনক আর লাগামহীন দাড়ি-কমা ছাড়া অর্থাৎ লাগামহীন মিথ্যাচারের নাম বিএনপি। একটি দেশের দু'বার ক্ষমতায় যাওয়া রাজনৈতিক দল বিএনপি। অর্থাৎ তারা দু'বার এদেশ পরিচালনা করেছে বেগম জিয়ার নেতৃত্বে। আদর্শিকভাবে আমার দলের সাথে অর্থাৎ আওয়ামী লীগের সাথে আদর্শিক দ্বন্দ্ব বা বৈপরিত্য থাকলেও যে দলটি রাষ্ট্র ক্ষমতায় ছিল নিঃসন্দেহে এই দলেও কিছু শিক্ষিত, লেখাপড়া জানা মার্জিত লোক থাকাটা অবশ্যই বাঞ্চনীয়। তারা নিশ্চয় জনগণের ভোটে নির্বাচিত হয়ে জনপ্রতিনিধি হিসাবে সংসদে-সংসদের বাইরে জনসম্মুখে কথা বলেন, বক্তব্য দেন এবং তাদের বক্তব্য দেশের মানুষ শুনে, যার ভাল লাগে সে ভাল ঋববষ করে আর যার ভাল লাগেনা- সে উল্টো দুটা গালি দিয়ে তার বক্তব্য বর্জন করে। তবুও আমি মনে করি এই দলে যারা নেতা যেমন- সেক্রেটারি, জয়েন্ট সেক্রেটারি, দলীয় সাংসদ, যেকোন দায়িত্বশীল নেতা কোন কথা বলেন সেটা অবশ্যই দায়িত্বশীল, গ্রহণযোগ্য হবে এটাই স্বাভাবিক। আর এসব নেতারা নিশ্চয় লেখাপড়াও করেছেন একাডেমিক শিক্ষা নিশ্চয়ই তাদের রয়েছে। কিন্তু জন্মগতভাবে বিএনপি একটি সন্ত্রাসী আর দূর্নীতিগ্রস্থ রাজনৈতিক দল, যারফলে এসব দেখতে দেখতে দলের নেতাকর্মীরা সবত্রই আচরণে সন্ত্রাসী, রুক্ষ মেজাজের হয়ে গেছেন আর অনর্গল আজগবী লাগামহীন মিথ্যাচার তাদের কাছে খুব মামুলি একটা বিষয়। যখন মিথ্যা বলে জনসম্মুখে হেসে হেসে আহাম্মকের মত, এতে তারা মোটেও লজ্জা পায় না। এমনকি সাংবাদিক সম্মেলন থেকে জাতীয় প্রেসক্লাবে নামী-দামী পত্রিকার সাংবাদিক বা টিভি সাংবাদিকের সামনে অনর্গল মিথ্যা আর ভুল তথ্য দিয়ে যাচ্ছেন। এতে তারা বিব্রত হয় না, এমনকি উপস্থিত সাংবদিকরা বিএনপির ভূল তথ্য বিভ্রান্তিকর ব্যাখ্যাকে শুদ্ধ করে দেয়না। তারা যাই বলে হুবহু তারা তাই ছাপিয়ে দেয়। তার মানে উপস্থিত সাংবাদিকরা বিএনপির এমন মিথ্যাচারকে সমর্থন করেন।

সম্প্রতি করোনা ভ্যাক্সিন নিয়ে বিএনপি যেভাবে সারা দেশব্যাপী লাগামহীন মিথ্যাচার, ভুল তথ্য, অপপ্রচার আর গুজবে কোমড় বেঁধে নেমেছে-যার উদ্দেশ্য দেশবাসীকে বিভ্রান্ত করা, মানুষের মধ্যে টিকা ভীতির সঞ্চার করা, যাতে মানুষ ভয়ে টিকা না দেয়-মানুষ মারা যায়, এতে সরকার মহ-াবিপদে পড়বে। এমন চিন্তা থেকে সরকারকে বিপদে ফেলার জন্য তাদের এমন পরিকল্পিত মিথ্যাচার। তবে তাদের মিথ্যাচার আর ভুল তথ্য দেয়ার কারণে তারা নিজেরা যে মূর্খ, কাণ্ডজ্ঞানহীন, দেশ দুনিয়ার খবর তারা রাখেনা-সেটিই প্রমাণিত হয়েছে। টিকা নিয়ে বিএনপির সাংসদ হারুণ রশীদ যিনি সংসদে দাঁড়িয়ে গলা ফাটিয়ে বক্তব্য দিয়ে নিজ দলে বেশ জনপ্রিয় হয়েছেন। তিনি এমন লজ্জাকর, নিকৃষ্ট বক্তব্য দিয়েছেন ৭১ টিভির এক টকশোতে এতো প্রমাণিত হয়েছে তিনি আসলে কোন শিক্ষিত মানুষ নয়, রাস্তাঘাটে বেড়ে উঠা এক টোকাই তিনি। টকশোতে তিনি বলেছেন ভারতীয় টিকায় কেবল পানি, এখানে ভারতীয়রা গোমুত্র মিশ্রণ করে বাংলাদেশকে দিয়েছে সুতরাং এই টিকার কোন কার্যকারিতা নেই।

তিনি আরও বলেছেন, ভারত এই টিকা তৈরি করেছে বাংলাদেশ সরকারকে ভারত বাধ্য করেছে তাদের টিকা ক্রয় করতে। তিনি আরও বলেছেন সরকার তার পছন্দের কোম্পানিকে টিকা আমদানির লাইসেন্স দিয়েছে। অর্থাৎ বেক্সিমকো ফার্মাকে দিয়েছে-যেটার মালিক সালমান এফ রহমান। সব বক্তব্য মিথ্যা তথ্য আর ভুলে ভরা এরিমধ্যে দিয়ে তার এবং তার দল বিএনপির ক্ষোভের প্রকাশ ঘটিয়েছেন তিনি। এমনকি এন্টিবডি টেষ্টেরও বিরোধীতা করে কথা বলার চেষ্টা করেছেন-যা নিয়ে তার কোন ধারণাই নেই। শেষ পর্যন্ত নিজকে আহাম্মকের মত গুটাইয়া নেয়া ছাড়া আর কোন উপায় ছিলনা। সে দৃশ্য মানুষ ৭১ টিভির পর্দায় দেখেছে যখন সুচিন্তা ফাউন্ডেশনের মোহাম্মদ এ, আরাফাত ও সাংবাদিক নাঈমুর রহমান একে একে সব প্রশ্নের তথ্য সমৃদ্ধ সঠিক বক্তব্যগুলো উপস্থাপন করেছিল। আমিও আমার এ লেখায় সেই বক্তব্যটি এখানে উপস্থাপন করছি পাঠককে জানানোর জন্য।

ভারত যে টিকা পেয়েছে সেটা হল অক্সফোর্ড এ্যাস্টোজেনেভার তৈরি টিকা। ভারতে অবস্থিত সিরাম ইন্সটিটিউট সেটি তৈরি করেছে। বাংলাদেশও সিরাম থেকে অক্সফোর্ডের তৈরি টিকাই কিনেছে, এখানে ভারতের কোন সংশ্লিষ্টতা নেই। তবে সিরাম ইন্সটিটিউট ভারতে অবস্থিত, এতে ভারতের কোন নিয়ন্ত্রণও নেই। ভারত যে দামে টিকা ক্রয় করেছে বাংলাদেশও একই দামে টিকা কিনেছে। অর্থাৎ প্রতি ডোজের মূল্য দুই ডলার রেটে ডাবল ডোজের দাম ধরা হয়েছে (৪) চার ডলার আর পরিবহন সংরক্ষণ বাবদ ধরা হয়েছে (১) এক ডলার সর্বমোট পাঁচ ডলার। বাংলাদেশ সিরামকে যে অর্থ দিয়েছিল, দাম কমানোর কারণে সে অর্থ সাশ্রয় হয়েছে। সেই সাশ্রয়ী অর্থ ফেরত না নিয়ে সেই টাকা দিয়ে অতিরিক্ত ভ্যাক্সিন ক্রয় করেছে। বাংলাদেশকে ভারত প্রথম উপহার হিসেবে ২০ লক্ষ ডোজ ভ্যাক্সিন দেয় এরপর বাংলাদেশ ক্রয় করে ৫০ লক্ষ ডোজ। ইতিমধ্যে সরকার সিদ্ধান্ত নিয়েছে দেশের ১৩ কোটি মানুষকে টিকার আওতায় এনে স্বাস্থ্য সুরক্ষা দিবেন। বেক্সিমকো কেন আমদামী ও ডিষ্ট্রিবিউট করলো হারুণ রশীদের প্রশ্নের জবাব দেন জনাব আরাফাত। লণ্ডনের অক্সফোর্ড এ্যাস্টোজেনেভার টিকা প্রস্তুতকারি ফার্মেসী ভারতের সিরাম ইন্সটিটিউট অর্থাৎ সিরাম হল অক্সফোর্ডের স্থানীয় উৎপাদনকারী এবং বন্টনের দায়িত্বপ্রাপ্ত এজেন্ট আর সিরামের বাংলাদেশী ডিষ্ট্রিবিউটর হল আন্তর্জাতিক ঔষধ প্রস্তুতকারী প্রতিষ্ঠান বাংলাদেশের বেক্সিমকো। আর সেই জন্য বেক্সিমকো ভ্যাক্সিন আমদানির দায়িত্ব ও বন্টনের দায়িত্ব পেয়েছে এবং তারা সরকার নির্ধারিত গুদামে সংরক্ষিত করে দেবেন চুক্তির ভিত্তিতে। এই ছিল ভারত থেকে টিকা আমদানির ইতিহাস। পৃথিবীর বন্ধুদেশ এমনকি ইউরোপের অনেক দেশ টিকা হাতে পায়নি আর যারা পেয়েছেন তাও প্রয়োজনের তুলনায় অপ্রতুল।

এবার আসছি বিএনপির মহাসচিব ও যুগ্ম মহাসচিবের বক্তব্য প্রসঙ্গে। আমি আগেও বলেছি এরা কাগজে কলমে শিক্ষিত হলেও নীতি-নৈতিকতায় চরিত্রহীন। আব্দুল গাফফার চৌধু-রী'র ভাষায় ওদের মধ্যে রয়েছে-একটি Collective Madness দলবদ্ধ পাগলামী অন্যটি Collective lie অর্থাৎ দলবদ্ধ মিথ্যাচারের চর্চা। সেটা প্রমাণিত হয় গত ২৪ জানুয়ারী দুপুরে ঢাকার জাতীয় প্রেসক্লাবে সাংবাদিক সম্মেলনের নামে দলবদ্ধ পাগলামী ও মিথ্যাচারিতার দলগুলো একত্র হয়ে দাবী তুলেছে মহামান্য রাষ্ট্রপতি আবদুল হামিদ ও মাননীয় প্রধানমন্ত্রী শেখ হাসিনাকে সর্বপ্রথম টিকা নিতে হবে। মিথ্যাচার করতে গিয়ে এমন চরম মিথ্যাচার রিজভী সাহেব করলেন যা রীতিমত হাস্যকর ও পাগলামী ছাড়া কিছুই নয়। তিনি বলে দিলেন- বৃটেনের রাণী নাকি সর্বপ্রথম টিকা নিয়েছেন। যা ভুয়া এবং বানোয়াট মিথ্যাচার। অথচ লণ্ডনে প্রথম টিকা দেয়া হয় ৯০ বছরের এক বৃদ্ধকে এবং যার ছবি টিভির পর্দায় মানুষ দেখেছে। যুক্তরাষ্ট্রের একজন নার্সকে সর্বপ্রথম করোনা টিকা দেয়া হয়েছে। কিন্তু কেন বিএনপি মহাসচিব ও যুগ্ম সাধারণ সম্পাদক দু'জনে দাবি তুলেছেন প্রথম রাষ্ট্রপতি ও প্রধানমন্ত্রীকে টিকা নিতে হবে। তারা জানে সারা বিশ্বে যারা টিকা নিয়েছে কোন কোন দেশে কয়েকজনের মৃত্যু হয়েছে। কারো কারো পার্শ্ব প্রতিক্রিয়া হয়েছে, সাময়িক অসুস্থ হয়েছে এসব দেখে তারা ভাবছে ক্ষতি হলে শেখ হাসিনার হবে, অসুস্থ হলে শেখ হাসিনা হবেন, তারা এমনটাই আশা করেন। তারা সব সময় শেখ হাসিনার অমঙ্গল কামনা করেন, তাকে ক্ষমতা থেকে সড়াতে চান। কোন কিছু না পেরে তার মৃত্যু কামনা করেন। এই হলো সন্ত্রাসী দূর্নীতিবাজ, লুটেরা বিএনপির চরিত্র। যারা এদেশকে কিছুই দিতে পারেনি- যারা হত্যা, ধর্ষণ, লুটপাট, দুর্নীতিতে ৫ বার চ্যাম্পিয়ন বানিয়েছে তারা জনগণ কর্তৃক প্রত্যাখ্যাত হয়ে রাস্তায় রাস্তায় ঘুরছে আর ঢাকাস্থ বিভিন্ন দেশেল কুটনীতিকদের বাসায় গিয়ে হাজির হচ্ছেন-রাষ্ট্র ও সরকারের বিরুদ্ধে নালিশ করছেন প্রতিদিন, আর তাদেরকে ৫ তারা হোটেল নিয়ে ডিনার খাওয়াচ্ছেন তাদের পায়ে ধরে অনুনয়, বিনয় করছেন যেন সরকারকে অপসারণ করে তাদের ক্ষমতায় বসার ব্যাবস্থা করেন।

ভাবতে অবাক লাগে বিএনপি নেতৃত্ব এটাও বুঝেনা কোন দেশের দূতরা সরকার পরিবর্তন করতে পারেনা-সেটি কেবল দেশের জনগণই পারেন। আর কথার কথায় ভারত বিরোধীতা। আওয়ামী লীগ ক্ষমতায় আসলে এদেশ ভারত হয়ে যাবে, মসজিদে উলু ধ্বনি হবে। আর যখন বাংলাদেশে নির্বাচনের সময় আসে বিএনপির সিনিয়র নেতারা গোপনে ভারত চলে যায়, সেখানে মাসের পর মাস হোটেলে অপেক্ষা করে বিজেপি নেতাদের সাথে দেখা করার জন্য। বিজেপি মৌলবাদী হিন্দু রক্ষণশীলদের রাজনৈতিক সম্মিলিত প্লাটফর্ম। এখানে ভারতের যত কট্টরপন্থী, সন্ত্রাস নির্ভর, মুসলিম বিদ্বেসী রয়েছে-যারা জয় শ্রীরাম শ্লোগান দিয়ে ভারতীয় মুসলমানদের আগুনে পুড়িয়ে অথবা গণপিটুনি দিয়ে হত্যা করে বাংলাদেশের বিরুদ্ধে আপত্তিকর ব্যাখ্যা দেয়, সেসব বিজেপি নেতাদের দারস্থ হয়েছিল বিএনপি বার বার এবং প্রতিশ্রুতি দিয়েছিল বার বার তাদেরকে যেন ক্ষমতায় বসার ব্যাবস্থা করে দেন এইজন্য তারা ভারতের দেয়া যেকোন শর্ত মানতে রাজি তবে সেটা কি পাঠক বুঝে নেবেন। আজ যখন ভারতীয় টিকা বাংলাদেশে আসছে এবং ২০ লক্ষ ডোজ উপহার এসেছে তার জন্য ভারতকে ধন্যবাদ না দিয়ে উল্টো বলেছে ভারত নাকি গৌমুত্র মিশিয়ে এই ভ্যাক্সিন তৈরি করেছে। বিএনপি যে কত জঘন্য, কত অমানবিক, বর্বর, মধ্যযুগীয় সেটিই তারা বার বার প্রমাণ করেছে। জাতি তোদের ঘৃণা করে-তোদের আস্থাকুড়ে নিক্ষেপ করেছে।

লেখক: সহ সভাপতি, যুক্তরাষ্ট্র আওয়ামী লীগ

দীর্ঘ লাইনে আর অপেক্ষা নয়

আপনি লাইনে থাকতেই প্রেসক্রিপশন তৈরী

বিনামূল্যে ব্লাড প্রেসার চেক করা হয়।

বিনামূল্যে ব্লাড সুগার মনিটর

২৫% ছাড় কুপন সহ যে কোন পণ্য ক্রয়ে

প্রেসক্রিপশন এর ক্ষেত্রে প্রযোজ্য নয়

ফ্রি উপহার কুপন সহ ভিতরে প্রবেশ করলেই



নিউইয়র্ক লটারী খেলার ব্যবস্থা রয়েছে

এটিএম, ফোন কার্ড এবং মেট্রো কার্ড পাওয়া যায়



আমরা বাংলায় কথা বলি

আমরা মেডিকেইড, মেডিকেয়ার পার্ট ডি, থার্ড পার্টি ইন্স্যুরেন্স, অধিকাংশ ইউনিয়ন প্ল্যান ও ওয়ার্কার কমপেনসেশন গ্রহণ করে থাকি।

❑ প্রতিদিন সর্বোচ্চ কমমূল্যের নিশ্চয়তা এবং সিনিয়র সিটিজেনদের জন্য ১০% মূল্য ছাড়, ❑ সার্জিক্যাল সাপ্লাই, হোম হেলথ্ কেয়ার, প্রসাধন সামগ্রী, সুগন্ধি, ভিটামিন, হেলথ্ এন্ড বিউটি কেয়ার ❑ ফটোকপি ৫ সেন্ট, ❑ ফ্যাক্স সার্ভিস, ❑ ৯৯ সেন্ট-এ উপহার কার্ড, ❑ ফিল্ম প্রসেসিং

PARKCHESTER FAMILY PHARMACY

১৪৪৫ ইউনিয়ন পোর্ট রোড (জে এন্ড কে বুফের পাশে) ব্রঙ্কস, নিউইয়র্ক-১০৪৬২ (347) 851-2688

আমাদের অন্য কোন শাখা নেই

আমরা অন্য ফার্মেসী থেকে আপনার সকল প্রেসক্রিপশন সংগ্রহ করে থাকি।



এটর্নী শাকিল এইচ কাজমী

ইমিগ্রেশন ও আপনি

আমেরিকায় অবস্থানরত বাংলাভাষাভাষী প্রত্যেকেই কোন না কোনভাবে ইমিগ্রেশনের সাথে জড়িত। বিশাল জনগোষ্ঠীর বিশেষ সুবিধার্থে ইমিগ্রেশন বিষয়ে "ইমিগ্রেশন ও আপনি' শিরোনামে প্রতি সপ্তাহে একজন ইমিগ্রেশন বিশেষজ্ঞ আইনজীবীর লেখা ধারাবাহিকভাবে প্রকাশ করছি। এই কলামটির লেখক শাকিল হোসেন কাজমী। শাকিল কাজমী নিউইয়র্ক ল'স্কুলে আইনের উপর পড়াশোনা করেছেন। তিনি ওয়াশিংটন কলেজ অব ল' থেকে ইমিগ্রেশন ল' এবং বিজনেস ল'-এর উপর এল.এল.এম. করেছেন। তিনি নিউইয়র্ক স্টেট বার এসোসিয়েশন, আমেরিকান বার এসোসিয়েশন এবং ইমিগ্রেশন ল' ইয়ার্স এসোসিয়েশনের সদস্য।

ইমিগ্রেশন ও আপনি বিভাগ থেকে আপনাদের সবার জন্যে রইলো ইংরেজী নববর্ষের শুভেচ্ছা ও ধন্যবাদ।

আশাকরি আপনারা সবাই সুস্থ ও নিরাপদে আছেন। আপনাদের মঙ্গলময় জীবনই আমাদের কাম্য আর তাই ইমিগ্রেশন বিষয়ে যে কোন প্রয়োজনে আমরা আপনাদের সাহায্যের জন্যে প্রস্তুত। এই বিভাগ আপনাদের জন্যে। এ কারণে এই বিভাগের মাধ্যমে আপনার এতটুকু হলে আমরা আনন্দিত হবো।

প্রতি সপ্তাহের মতো এ সপ্তাহেও আপনাদের পাঠানো চিঠিগুলো আমাদের হাতে এসে পৌছেছে। আপনাদের পাঠানো চিঠি থেকে পর্যায়ক্রমে আমরা তার উত্তর দিয়ে থাকি।

প্রেসিডেন্ট বাইডেন ইমিগ্রান্টদের জন্য নতুন আশা-

হোয়াইট হাউজে প্রেসিডেন্ট বাইডেন ইউএসএর অনেক আমিগ্র্যান্টের জন্যে আশা বয়ে নিয়ে এসেছে। আমরা গত সপ্তাহের লেখায় বলেছি, প্রেসিডেন্ট বাইনে প্রথম দিনেই ইমিগ্র্যান্টদের সমর্থনে অনেকগুলো নির্বাহী আদেশে স্বাক্ষর করেছেন। নিম্নে ইমিগ্রেশন সম্পর্কিত কিছু নির্বাহী পক্ষে এর কথা উল্লেখ করা হলো যা এ পর্যন্ত গ্রহণ করা হয়েছে।

ক) মুসলমান এবং আফ্রিকানদের ভ্রমণ নিষেধাজ্ঞা প্রত্যাহার,

খ) ১০০ দিনের মধ্যে কাউকে ডিপোর্ট করা যাবে না,

গ) সীমান্ত প্রাচীর নির্মাণ বন্ধের নির্দেশ, ডাকা (ডিএসিসিএ) পদেক্ষপকে সমর্থনের পরিকল্পনা ও সংরক্ষণ।

প্রেসিডেন্ট বাইডেন মার্কিন কংগ্রেসে নতুন আইন পাশের জন্য নতুন প্রস্তাবনা উপস্থাপন করেছেন।

নিম্নে সংক্ষেপে নতুন প্রস্তাবনা তুলে ধরা হলোঃ

হোয়াইট হাউজ সূত্রে জানা যায়, প্রেসিডেন্ট বাইডেন প্রস্তাবিত ইমিগ্রেশন সংস্কার বিল শীঘ্রই কংগ্রেসে পাঠাবেন। হোয়াইট হাউজ প্রেরিত ফ্যাক্টশিট অনুযায়ী নতুন আইনটি 'ইউএস সিটিজেনশীপ এ্যাক্ট ২০২১' নামে অভিহিত হবে। প্রস্তাবিত বিলে থাকবেঃ

শ্রমিকদের নিরাপত্তা এবং কর্মসংস্থান পরীক্ষা প্রক্রিয়ার উন্নয়ন,

পরিবারের সদস্য সংখ্যা গণনা। থাকবে কর্মসংস্থান ভিত্তিক ভিসা ব্যাকলগস দূর করা এবং অব্যবহৃত ভিসা পুন: গ্রহন, প্রতিক্ষার সময় হ্রাস এবং দেশ-ভিত্তিক ভিসা ব্যবস্থার বিলোপ,

যুক্তরাষ্ট্রে ইউনিভার্সিটি সমূহে এ্যাডভান্সড এসটিইএস (স্টেস) ডিগ্রী গ্রহণকারীদের এদেশে থাকার ব্যবস্থা গ্রহণ,

আনডকুমেন্টেডদের সিটিজেনশীপ প্রাপ্তির জন্য আর্নড রোড ম্যাপের ব্যবস্থা প্রবর্তন। আনডকুমেন্টেডদের জন্য অস্থায়ী বৈধ স্ট্যাটস দেয়া এবং ৫ বছর পর ক্রিমিনিটল ও জাতীয় নিরাপত্তা ব্যাকগ্রান্ড চেক এবং ট্যাক্স প্রদান সাপেক্ষে গ্রীনকার্ডের জন্য আবেদনের সুযোগ,

ঢাকা ড্রিসার, সাময়িক প্রটেক্টেড স্ট্যাটাসভোগীদের এবং কৃষি শ্রমিক ইমিগ্র্যান্টদের নির্দিষ্ট শর্তপূরণ সাপেক্ষে গ্রীনকার্ড অবিলম্বে প্রাপ্তির জন্য যোগ্য বিবেচিত হবেন,

৩ বছর পর সকল পরীক্ষায় এবং ইংরেজি জ্ঞানের পরীক্ষার পাশ করতে সক্ষম হলে তারা ইউএস সিটিজেনশীপের জন্য আবেদন করতে পারবেন,

আবেদনকারীদের ২০২১ এর ১ জানুয়ারীতে বা তার পূর্ব থেকে যুক্তরাষ্ট্রে অবশ্যই অবস্থান করতে হবে।

নির্দিষ্ট পারিবারিক সম্মিলন বা অন্য কোন মানবিক কারণে শর্তের ওয়েভার থাকবে,

ফ্যামিলি বেসড ইমিগ্রেশন সংস্কার করা হবে,

ডাইভার্সিটি ভিসা ৫৫ হাজার থেকে ৮০ হাজারে সৃষ্টি করা হবে।

ইমিগ্র্যান্ট এবং রিফিউজি সম্পর্ক এবং সিটিজেনশীপকে উৎসাহিত করা হবে,

প্রযুক্তি ও অবাকাঠামো উন্নয়নসহ সীমান্ত নিয়ন্ত্রণ অগ্রাধিকার প্রদান,

সীমান্তে বসবাসকারী মানুষদের রক্ষা ও সীমান্ত ব্যবস্থা উন্নয়নে বিভিন্ন উদ্যোগ গ্রহণ,

রাজনৈতিক আংশগ্রহণকারী এবং অন্যান্য নজুক জনগণকে সমর্থন দান।

বিষয়ে আরো কিছু জানার জন্য হোয়াইট হাউজ প্রদত্ত "ফ্যাক্ট শিপ" লিংক http//cdn.voxedn.com/uploads/chorus_asset/file/22246670/fact Sheet Americas Citizenship Act of 2021.

প্রেসিডেন্ট বাইডেনের পদক্ষেপ সমূহ প্রতীয়মান হয় যে, ইমিগ্র্যানটটদের রিলিফ দিতে হোয়াইট হাউজ প্রতিশ্রুতিবদ্ধ, তিনি ইমিগ্রেশন সংস্কারে বদ্ধ পরিকর। প্রথম পদেক্ষপ হিসেবে প্রেসিডেন্ট বাইডেন সাবেক প্রেসডেন্ট ট্রাম্পের ইমিগ্র্যান্ট বিরোধী কঠোর ব্যবস্থা পরিবর্তন করেন। ইমিগ্র্যান্ট বিরোধী সকল নির্বাহী আদেশ বাতিল করে দেন।

উল্লেখযোগ্য যে, কোন কাল ক্ষেপন না করে প্রেসিডেন্ট ট্রাম্পের ইমিগ্রেশন নীতি বাতিল করে নির্বাহী আদেশ জারি করেন। তবে ইউএসএ সিটিজেনশীপ এ্যাক্ট অব ২০২১-প্রস্তাবিত এই বিলটি পাশ করা সত্যিকার চ্যালেঞ্জ এবং সময় হরণকারী হবে। ডেমোক্র্যাট এবং রিপাবলিকানদের মধ্যে সিনেট ৫০-৫০ এ বিভক্ত হওয়া সহজে পাশ হবে মনে করা যায় না। রিপাবলিকান সিনেটর অনেকেই এখনও ট্রাম্পের নিষ্ঠুর ইমিগ্রেশন নীতি মালাকে সমর্থন করে যাচ্ছেন।



আগামী সপ্তাহে কংগ্রেসে আইন প্রনয়ন প্রক্রিয়া নিয়ে আলোচনা করা হবে।

কুইন্স থেকে আবেদা খানমের প্রশ্নঃ

আমার শাশুরী মা দশ বছরের বেশি সময় আগে থেকে একজন গ্রীনকার্ডধারী হিসেবে এদেশে বসবাস করছেন। তিনি কখনো কোন জব করেননি। তার বয়স ৭০ উর্ধ্ব। তিনি সিটিজেনশীপের জন্যে আবেদন করেছিলেন। তারপর তাকে ইন্টারভিউ এর জন্যে ডাকা হয়েছিল। কিন্তু তিনি ইন্টারভিউ দিয়ে পাশ করতে পারেননি বলে তার আবেদন নকোচ হয়ে গিয়েছে। ইন্টারভিউ দিয়ে তার পাশ না করার কারণ হচ্ছে তিনি ইংরেজি জানেন না। অর্থাৎ তিনি ইংরেজিতে পাশ করতে পারেননি।

এখন আমার জানার বিষয় হচ্ছে তিনি কিভাবে সিটিজেনশীপ লাভ করতে পারবেন? এ ব্যাপারে এই বিভাগের মাধ্যমে পরামর্শ পেলে উপকৃত হবো।

আবেদা খানমের প্রশ্নের উত্তরঃ

আপনি লিখেছেন আপনার শাশুড়ি মা ইউএস সিটিজেনশীপ পরীক্ষা দিয়ে পাশ করতে পারেননি। কারণ ইংরেজি পরীক্ষা অথবা ইউএস পরীক্ষায় অকৃতকার্য হলে এবং সিটিজেনশীপের আবেদন অস্বীকৃত হলে আবারো সিটিজেনশীপের জন্য আবেদন করা যায়। অস্বীকৃত চিঠিটি পাঠিয়ে দিতে হবে যে তিনি (আপনার শাশুড়ি মা) সিটিজেনশীপ পরীক্ষায় অকৃতকার্য হয়েছেন। এ ব্যাপারে অর্থাৎ সিটিজেনশীপের জন্যে প্রমান করতে হবে যে তিনি পাঁচ বছর যাবত গ্রীনকার্ডধারী হিসেবে একনাগাড়ে এদেশে বাস করছেন।

ইন্টারভিউ এর সময় দুই ধরনের পরীক্ষা দিতে হয়। তার একটি হচ্ছে ইউএস গভর্নমেন্ট ও ইতিহাস পরীক্ষা আর অন্যটি ইচ্ছে ইংরেজি পরীক্ষা যাতে লিখতে, পড়তে এবং বুঝতে পারতে হবে।

তবে এই ইংরেজি পরীক্ষা মাফ হতে পারে যদি কারো বয়স ৫৫ বছরের উর্দ্ধে হয়ে থাকেব। আর গ্রীনকার্ডধারী হিসেবে ১৫ বছর ধরে এদেশে বাস করছেন এমন ব্যক্তির ক্ষেত্রে এটি প্রযোজ্য হতে পারে।

ইতিহাস এবং গভর্ণমেন্ট বিষয়ে পরীক্ষা দিতে হবে। শারীরিক ব্যাপারে এবং কোন কারণে যদি কোন তথ্য না মনে রাখার পদ্ধতি আয়ত্বে রাখতে অক্ষম হয়ে থাকেন তবে উপরে উল্লেখিত পরীক্ষা মাফ হয়ে যাবে। এ জন্যে অবশ্যই ডাক্তারকে এই ফর্ম পূরণ করতে হবে।

ইতিহাস অথবা ইংরেজি পরীক্ষায় পাশ না করায় ইমিগ্রেশন আপনার আবেদন প্রত্যাখ্যান করলে আপনার অধিকার আছে ফর্ম এন-৩৩৬ পূরণ করে আপীল করার জন্য।

এ ব্যাপারে প্রয়োজনে একজন অভিজ্ঞ ইমিগ্রেশন এটর্নীর সাথে আলোচনা করতে পারেন। আরো একটি কথা হচ্ছে যে, আপনার চিঠির মত প্রায় এসব বিষয়ে আমরা অনেক চিঠি পাই এবং তার উত্তর প্রকাশ করে থাকি- সেকারণে আপনারা যদি নিয়মিত আমাদের এই বিভাগ পড়েন তবে তা থেকে হয়তো প্রাথমিকভাবে ধারণ লাভ করতে পারেন। যা আপনাদের সহায়ক হতে পারে।

সর্বশেষ আবারো আপনাদের করোনামুক্ত সুস্থ ও সুন্দর জীবনের প্রত্যাশায় আজকের মত এখানেই শেষ করছি। ইমিগ্রেশন বিষয়ে যে কোন প্রয়োজনে আমাদের সাথে যোগাযোগের ঠিকানা: ২২৫ ব্রডওয়ে (৩৮ তলা), নিউইয়র্ক ১০০০৭।

ফোন: ২১২-৫১৩-৭৪৭৪

ফ্যাক্স: ৯১৪-৪৬২-৩৯৯০

ই-মেইল: kazmiandreeves@gmail.com এ লিখে ই-মেইল করলে অবশ্যই 'বাংলা পত্রিকার জন্য' কথাটি উল্লেখ করবেন।

অনুবাদ: হুসনে এ. বেগম।

Law Offices of Kazmi & Reeves



225 Broadway, (38th Floor) New York, NY 10007. Tel: (212)513-7474 , Fax: (914) 462-3990
517 East Main Street, Middle Town, New York 10940. Tel: (845)341-0726, Email- kazmiandreeves@gmail.com

Tel: 212-513-7474, Fax: 914-462-3990

*** Immigration Cases & Appeals * Bankruptcy Cases**
*** Accident & Personal Injury Cases * Divorce, Separation, Child Custody & Support Cases * Business & Commercial Litigation * Real Estate Transactions * Corporation & Partnership Matters.**

এপয়েন্টমেন্ট করে পরামর্শের জন্য আমাদের অফিসে আসতে পারেন।

যৌথভাবে আমাদের রয়েছে ৩৫ বছরের বেশী অভিজ্ঞতা

আপনাদের সুবিধার্থে আমাদের নতুন অফিস এখন ম্যানহাটান ডাউন টাউনের প্রাণকেন্দ্রে এন, আর, ই এবং ২, ৩, ৪ এবং ৫ ট্রেনের সন্নিকটে। ই ট্রেনে ওয়ার্ল্ডট্রেড সেন্টার, ২ ও ৩ ট্রেনে প্লেসপার্ক এবং ৪ ও ৫ ট্রেনে ব্রুকলীন ব্রীজ, আর ও এন ট্রেনে সিটি হলে নামতে হবে।

আইনজীবী ফী আলোচনা সাপেক্ষে কিস্তিতে পরিশোধের ব্যবস্থা রয়েছে।

আপনি আইন সম্পর্কে তেমন কিছু জানেন না- ইমিগ্র্যান্ট ও সুযোগ সুবিধার দেশে আইনানুগ ব্যবস্থার মাধ্যমে জীবন ঝামেলামুক্ত করুন।
অধিকার প্রতিষ্ঠার মাধ্যমে শিকড় প্রথিত করে সার্বিকভাবে কমিউনিটিকে এগিয়ে নিন।

সাপ্তাহিক ২৫ বছরে
বাংলা পত্রিকা
The Weekly Bangla Patrika

আমরা আর কত আহাম্মক হবো

মইনুল হোসেন

দেখা যাচ্ছে শেষ ভরসা হিসেবে হাইকোর্ট-সুপ্রিম কোর্টই আইনের শাসনের হাল ধরে রাখতে কিছুটা হলেও সাহস দেখাচ্ছে। পুলিশের বিরুদ্ধে এক মামলায় বিচারপতি মামনুন রহমান এবং বিচারপতি খিজির হায়াত সমন্বয়ে গঠিত হাইকোর্টের এক ডিভিশন বেঞ্চ বলেই দিলো, জনগণ ধরে নিয়েছে দেশে পুলিশের শাসন চলছে।

গণতান্ত্রিক ব্যবস্থায় ন্যায়ভিত্তিক সভ্য সমাজ গড়ে তোলার ক্ষেত্রে বিচারপতিদের অবদানই থাকে সবচেয়ে বেশি। বিভিন্ন দিক বিচার-বিশ্লেষণ করে উচ্চমানের চিন্তাশীল ব্যক্তিদেরকে এ জন্য বিচারকের পদে নিয়োগ দানের রেওয়াজ রয়েছে।

আইনের শাসন না থাকলে তো পুলিশের শাসনই চলবে। সুন্দর দেশ গড়া গভীর বিচার-বুদ্ধির ব্যাপার, চাটুকারদের চাটুকারিতার বিষয় নয়, পুলিশি দাপটও এ কাজে সহায়ক নয়। যারা দেশ গড়ার রাজনৈতিক নেতৃত্ব এবং বিচারব্যবস্থার স্বাধীনতার গুরুত্ব বোঝেন তারা দলীয় রাজনীতিকে বিচারব্যবস্থা থেকে দূরে রাখেন।

এক কথায় বলতে গেলে, আমাদের ইতিহাস রাজনৈতিক ব্যর্থতার ইতিহাস। জনগণের সঙ্গে বিশ্বাস ভঙ্গের ইতিহাস। সাধারণ মানুষকে ব্যবহার করা হয়েছে রক্ত আর জীবন দেয়ার কাজে। সাধারণ মানুষের রক্তের বিনিময়ে পাকিস্তান পেয়েছিলাম। বাংলাদেশও পেয়েছি নেতাদের অবর্তমানে গণহত্যার শিকার হয়ে। কিন্তু জনগণের অধিকার সংরক্ষণের সংগ্রাম শেষ হচ্ছে না। কিন্তু বারে বারে কেন আমরা ন্যায়ভিত্তিক সমাজ গড়তে ব্যর্থ হচ্ছি? মুক্তি সংগ্রাম করেও কেন মুক্তি পাচ্ছি না, তার একটা বিজ্ঞানসম্মত বিচার-বিশ্লেষণ তো থাকতে হবে। আমরা যে সার্বিক অর্থে একটি শিক্ষিত জাতি তা তো অস্বীকার করা যাবে না। আমাদের দেশে যোগ্য লোকের অভাব আছে তাও নয়। শিক্ষিত যোগ্য লোকদের কাছে টানার নেতৃত্বের যতটা অভাব ছিল চাটুকারদের আনুগত্যকে বড় করে দেখার নেতাদের ততটা অভাব ছিল না।

তবে একটি স্বাধীন দেশের শিক্ষিত লোকদের মধ্যে দেশ ও জাতির মঙ্গল বিষয়ে যতটা সচেতনতা ও দায়িত্ববোধ থাকতে হয় আমাদের দেশে তার ঘাটতি রয়েছে অনেক বেশি, ঘাটতি নেই বললে সঠিক বলা হবে না। যে কারণে সাধারণ জনগণের রক্ত দিয়ে অর্জিত স্বাধীনতা একশ্রেণীর শিক্ষিত লোকদের কারণে বিপর্যস্ত হচ্ছে। মুক্তিযুদ্ধের প্রধান উদ্দেশ্যই ছিল পশ্চিম পাকিস্তানের অন্যায়-অনিয়মের বিরুদ্ধে ৬-দফাভিত্তিক গণতান্ত্রিক মুক্তির সংগ্রাম। নিয়মতান্ত্রিক স্বায়ত্তশাসনের মুক্তি সংগ্রাম আমাদের নেতাদের অনুপস্থিতি এবং নিজস্ব প্রস্তুতির অভাবে ভারত-পাকিস্তানের সঙ্গে যুদ্ধে জড়িয়ে পড়ে।

লাখ প্রাণের বিনিময়ে গৌরব করার মতো নতুন কী পেলাম সেটা তো বলতে হবে। একটি মানচিত্র আর একটি পতাকা। ও তো পাকিস্তানেরও ছিল। মুক্তি সংগ্রামের কত দূর, মুক্তির কি হলো তাই বলুন। অবাঙালি শাসনের বদলে বাঙালি শাসন! ব্যক্তির জন্যই কি এত রক্ত আর প্রাণদান?

আমরা স্বাধীন দেশে গণতান্ত্রিক অধিকার, আইনের শাসন ও জনগণের মুক্তি নিশ্চিত করেই বেঁচে থাকতে চেয়েছি। স্বাধীনতা অর্জনের ব্যর্থতা প্রতিটি নাগরিকের ব্যর্থতা ও লজ্জার ব্যাপার। গোলামদের কোনো অধিকার থাকে না। তার জন্য আইনের শাসনের নিশ্চয়তাও থাকে না। এ সত্য শিক্ষিত সচেতন লোকদের কঠিন দায়িত্বের কথা স্মরণ করিয়ে দেয়। আমাদের যত ব্যর্থতা ও দুর্ভোগের বেদনা তার জন্য প্রধানত দায়ী আমাদের শিক্ষিত সমাজের সুবিধাবাদী চরিত্র।

সব সরকারের সময়ই সুবিধা ভোগ করতে গিয়ে একশ্রেণীর লোকের দ্বারাই দেশের বৃহত্তর স্বার্থ প্রত্যক্ষভাবে অবহেলিত ও উপেক্ষিত হয়ে আসছে। অত্যাচার-নির্যাতনে জর্জরিত হচ্ছে সাধারণ মানুষের জীবন। অথচ সাধারণ মানুষই 'এক সাগর' রক্ত দিয়েছিল গণতন্ত্র প্রতিষ্ঠার সংগ্রামে, মানুষের মুক্তির সংগ্রামে। দেশ ও জনগণের প্রতি দায়িত্ববোধসম্পন্ন শিক্ষিত লোকেরা যাদের অবস্থান দলীয় রাজনীতির উর্ধ্বে তারা মুক্তি সংগ্রামে সামান্যতম ভূমিকা রাখলেও আমাদেরকে এত চরম মূল্য দিতে হতো না। আমাদের মুক্তি সংগ্রাম আমাদের নিজস্ব পথে চলতে পারতো।

আমাদের দেশে শিক্ষিত হওয়ার সাধারণ অর্থ হচ্ছে নিজের স্বার্থ রক্ষায় কে কত দক্ষ এবং বেশি লাভবান হওয়ার প্রতিযোগিতায় সার্থক। তাদের মধ্যে ভালো থাকার উচ্চাকাঙ্ক্ষা তো নিশ্চয় থাকবে। কিন্তু শুধু নিজে ভালো থাকার চিন্তা সুশিক্ষা হতে পারে না। বিত্তশালী হয়ে আরাম-আয়েশে আছে এমন অনেক লোক অশিক্ষিতদের মাঝেও পাওয়া যাবে। কিন্তু শিক্ষিত লোকদের চিন্তার জগতে ব্যক্তি স্বার্থকেই বড় করে দেখা হবে তা একেবারেই কাম্য হতে পারে না। তাতে শিক্ষা ও সচেতনার কোনো মূল্য থাকে না। কিন্তু সাধারণভাবে তাদের ভাবনা, দেশের অন্যায়-অবিচারের বিরুদ্ধে যা কিছু করণীয় তা করবে রাজনীতিবিদরা। শিক্ষিত লোকদের অনেকের মুখে এমন খোঁড়া যুক্তিও শুনতে হয় : আমরা রাজনীতি করি না।' একটি স্বাধীন দেশের ভালো-মন্দের রাজনীতি সবার জন্য। এ রাজনীতি স্বাধীন দেশের নাগরিকের দায়িত্ব পালনের রাজনীতি – পরারপ ফুঁ.

আমাদের দেশের শিক্ষিত লোকেরা যারা জনগণের প্রতি দায়িত্ব পালনের জন্য পাবলিক সার্ভেন্টস হিসেবে বড় বড় পদে অধিষ্ঠিত আছেন তাদের মধ্যে জনগণের প্রতি দায়িত্ব পালনের তাগিদ তাই তেমন দেখা যায় না। এটা যে সম্পূর্ণভাবেই তাদের অনিচ্ছার ব্যাপার তা কিন্তু নয়। তারা মনে করেন যে তারা এক বিশেষ শ্রেণীর লোক এবং সরকারের কর্মচারী হিসেবে তাদের দায়িত্ব সরকারের আদেশ-নির্দেশ পালন করা। তারা সরকারের অনুগত লোক। তার জন্য জনগণের ওপর অন্যায়-অবিচার এমনকি নির্মম নির্যাতন চালাতে হলেও তা চালানো তাদের দায়িত্ব।

কেউ কেউ ঝুঁকি নিয়ে লেখালেখি করে কিছুটা প্রতিবাদ জানান সত্য, কিন্তু যাদের দ্বারা এসব চিন্তাভাবনা কার্যকর হতে পারে তাদের কাছে এসব লেখার কোনো গুরুত্ব নেই। রাষ্ট্রনামক যন্ত্রটি চললেই হলো। রাষ্ট্র যে মানুষের কল্যাণের জন্য তৈরি তা কোনো ভাবনার বিষয় নয়।

দেশে আইনের সুবিচার থাকা না থাকা, জনগণের সম্পদ লুটপাটে বাধা দেয়া বা না দেয়া জনগণকে হত্যা-গুম হতে রক্ষা করা না করা রাজনৈতিক নেতাদের ব্যাপার। জনগণের দুঃখ-দুর্দশা দেখার দায়িত্বও রাজনৈতিক নেতাদের। তাই এসব ব্যাপার নিয়ে মাথা ঘামানো সুবিধাভোগী শিক্ষিত লোকদের করণীয় বিষয়ের মধ্যে পড়ে না। কেউ কেউ ঝুঁকি নিয়ে লেখালেখি করে কিছুটা প্রতিবাদ জানান সত্য, কিন্তু যাদের দ্বারা এসব চিন্তাভাবনা কার্যকর হতে পারে তাদের কাছে এসব লেখার কোনো গুরুত্ব নেই। রাষ্ট্রনামক যন্ত্রটি চললেই হলো। রাষ্ট্র যে মানুষের কল্যাণের জন্য তৈরি তা কোনো ভাবনার বিষয় নয়।

স্বীকার করি সবার জন্য রাস্তার আন্দোলন নয়। রাস্তার আন্দোলন যদি রাজনীতি হয় তাহলে স্বীকার করতেই হবে যে, সবার দ্বারা রাস্তার আন্দোলন হয় না। রাস্তার আন্দোলন জনগণের জন্য কতটা সুফল বয়ে আনে সে সম্পর্কেও আমাদের যথেষ্ট হতাশাব্যঞ্জক অভিজ্ঞতা রয়েছে। রাস্তার আন্দোলন সঙ্ঘাত-সংঘর্ষের আন্দোলন। এ ধরনের রাজনৈতিক আন্দোলনে সঠিক নেতৃত্ব পাওয়াও কঠিন। মানুষের জ্ঞান ও যুক্তির ভাষা রাস্তার আন্দোলনে খুব কমই স্থান পায়।

জনগণের ভোটে ম্যান্ডেটপ্রাপ্ত দাবি নিয়ে ছাত্র নেতাদের রাস্তার আন্দোলন করতে গিয়ে আমরা না পেলাম ৬-দফাভিত্তিক গণতান্ত্রিক শাসন, না থাকল বঙ্গবন্ধুর নেতৃত্ব। যখন তার নেতৃত্বের সবচেয়ে বেশি প্রয়োজন ছিল তখন অন্যদের বুদ্ধি মতো গ্রেফতার হয়ে তাকে পশ্চিম পাকিস্তানে থাকতে হলো। আমরা আমাদের অনেক নেতাকেই হারালাম। তারাও বঙ্গবন্ধুর মতো নির্মম হত্যার শিকার হয়েছেন। আমারও বলতে কষ্ট হয় যে, বাংলাদেশ সৃষ্টির ইতিহাস বিভিন্ন ধরনের নির্মম ষড়যন্ত্র ও ধোঁকাবাজির ইতিহাস।

৬-দফাভিত্তিক স্বায়ত্তশাসনের চুক্তি সম্পাদন হতো বঙ্গবন্ধুর পর্বতসম সাফল্য। তাকে কিছু ছাত্র ও যুবনেতা বোঝালেন স্বাধীনতার জন্য গণজাগরণ সৃষ্টি করেছে। সামরিক বাহিনীর বাঙালি অফিসার ও জোয়ানসহ দেশের জনগণ স্বাধীনতার জন্য প্রস্তুত। তাই স্বায়ত্তশাসন নেয়া যাবে না। বঙ্গবন্ধুও তা সরল বিশ্বাসে সত্য বলে গ্রহণ করলেন। নিজে বন্দী হয়ে পশ্চিম পাকিস্তানে চলে গেলেন। বঙ্গবন্ধুর অবর্তমানে আমাদের মুক্তি সংগ্রামের নেতৃত্ব চলে গেল ভারতের হাতে। দেশে জনগণের বিদ্রোহের কোনো আলামতই দেখা গেল না। যারা বঙ্গবন্ধুকে ভুল বুঝিয়েছেন তারাই সবার আগে দেশ ছেড়েছেন।

মুক্তিযুদ্ধের ব্যাপারে নানা ভুল-ভ্রান্তি এড়ানো যেতো যদি শিক্ষিত লোকেরা দর্শকের ভূমিকায় না থাকতেন। রেফারেন্ডামের মধ্য দিয়ে জনগণের মতামতের ভিত্তিতে আমাদের স্বাধীনতার প্রশ্নটির শান্তিপূর্ণ সমাধানের লক্ষ্যে ইয়াহিয়া খানের প্রস্তাব প্রত্যাখ্যান করে দিলেন ভারতের প্রধানমন্ত্রী মিসেস ইন্দিরা গান্ধী। বঙ্গবন্ধু বন্দী না থাকলে তিনিই সিদ্ধান্ত নিতে পারতেন। বঙ্গবন্ধুর ৬-দফাভিত্তিক স্বায়ত্তশাসনের দাবি অন্যেরা মেনে নিয়েছিলেন। জনাব ভুট্টোও ঢাকায় ছিলেন চুক্তিতে স্বাক্ষর করার জন্য। বঙ্গবন্ধু নিজে তার বাসায় চাচীর উপস্থিতিতে আমাকে বলেছিলেন, তিনি সরকার গঠন করতে যাচ্ছেন। তিনিই প্রধানমন্ত্রী হবেন। বঙ্গবন্ধু জেলে বন্দী থাকায় পশ্চিম পাকিস্তানের ষড়যন্ত্রকারীরা ৬-দফার সমঝোতার কথা আর মুখে আনেননি।

নেতৃত্বের বিভ্রান্তির জন্য আমাদের গণতান্ত্রিক আন্দোলনে বামপন্থী বৈপ্লবিক রাজনীতি প্রাধান্য পেল। সশস্ত্র সংগ্রাম এমনকি যুদ্ধের হুমকি দেয়া হলো। কিন্তু পাকিস্তানি সামরিক অভিযান শুরু হলে বিপ্লবী নেতাদের সঙ্গে অন্য নেতারাও রাতারাতি জনগণকে অসহায় অবস্থায় রেখে ভারতে চলে গেলেন। আমাদের নেতারা (বঙ্গবন্ধু জেলে) ধূর্ততা তথা ছলচাতুরির শিকার হয়ে অসহায়ভাবে ভারতের সাহায্যের অপেক্ষায় থাকলেন।

বৈপ্লবিক রাজনীতির ভয়াবহ প্রভাব আমাদের স্বায়ত্তশাসনের গণতান্ত্রিক আন্দোলনকে ভারতীয় যুদ্ধের বিষয় করায় আমাদের মুক্তি সংগ্রাম আর থাকল না। গণতন্ত্র তো দূরের কথা, আমাদের ভোট-ধিকার থেকেও বঞ্চিত হয়েছি। স্বীকার করি বা না করি সরকার গঠনে যদি পুলিশের ভূমিকা থাকে তাহলে দেশে তো পুলিশি শাসনই প্রশ্রয় পাবে। পুলিশ প্রশাসনে যে অরাজকতা চলছে তার মূলে রয়েছে পুলিশদের রাজনীতিকীকরণ।

আমেরিকার মতো গণতান্ত্রিক দেশেও প্রেসিডেন্ট ট্রাম্প ক্ষমতায় টিকে থাকার জন্য চরম ঔদ্ধত্যের পরিচয় দিয়েছেন। কংগ্রেস ভবনে সিনেটরদের ওপর আক্রমণ চালাতে তিনি উগ্রপন্থী সন্ত্রাসীদের ব্যবহার করেছিলেন। যাতে নির্বাচন ছাড়াই তিনি ক্ষমতায় থাকতে পারেন। ক্ষমতায় থেকে রাষ্ট্রদ্রোহিতার কাজে লিপ্ত হন। তবু সেখানে শিক্ষিত লোকদের সৎ সাহসের জন্য গণতন্ত্র টিকে গেছে। সাবেক প্রেসিডেন্ট ডোনাল্ড ট্রাম্প প্রচুর অর্থ ব্যয় করেও শেষ পর্যন্ত গণতন্ত্র ধ্বংস করতে পারেননি। নির্বাচন অগ্রাহ্য করে ক্ষমতা দখলের উদ্যোগের জন্য প্রেসিডেন্ট ট্রাম্পকে বিচারের সম্মুখীন হতে হবে।

মান-সম্মান এবং অধিকার নিয়ে বাঁচার প্রশ্নটি সমগ্র জাতির ব্যাপার। তাই যেসব শিক্ষিত লোকেরা মনে করেন দেশে সুশাসন আছে কি নেই তা দেখার দায়িত্ব রাজনীতিবিদদের, অন্যদের নয়। তাদের বুঝতে হবে তাদের শিক্ষায় গলদ আছে। তাদের চিন্তা-ভাবনায় দেশপ্রেমের অভাব রয়েছে।

দেশের শিক্ষিত লোকেরা দেশের ভালো-মন্দের ব্যাপারে মুষ্টিমেয় রাজনীতিবিদদের কাছে বন্দী থাকবেন তা শিক্ষিত-সচেতন লোকদের সৎ চিন্তা হতে পারে না। তারা দলীয় রাজনীতি করেন না তা বুঝি, কিন্তু শিক্ষিত হয়ে রাজনীতিসচেতন নন, শাসনব্যবস্থার রূপ-চরিত্র সম্পর্কে সচেতন থাকবেন না– এটা শিক্ষিত লোকদের কথা হতে পারে না। দুঃশাসনে সহযোগিতা দেয়াও তো রাজনীতি।

গণতন্ত্রের সাফল্য নির্ভর করে সবার সমষ্টিগত দায়িত্ব পালনের উপর।

রাষ্ট্রীয় ক্ষমতায় অধিষ্ঠিত দু-একজন নেতা-নেত্রীকে, নেতৃত্বে যারা আছেন তাদেরকে দোষারোপ করে কোনো লাভ হবে না। আমাদের দুর্ভাগ্যের পরিবর্তন হবে না। দুঃশাসন বেড়েই চলবে। আমাদের নিরাপত্তাহীনতা কমবে না। সুবিচারের পথ সঙ্কুচিত হতেই থাকবে। জনস্বার্থ অবহেলিত ও উপেক্ষিত হবেই। দুর্নীতি ও অন্যায়কারীদের শক্তি ও সাহস বাড়তেই থাকবে।

কিন্তু যদি দেশে শান্তিপূর্ণ পথে প্রয়োজনীয় পরিবর্তন আনতে হয় তাহলে শিক্ষিত লোকদের বিবেক ও বুদ্ধিমতা অবশ্যই কাজে লাগাতে হবে। চারদিকে জনগণের ক্ষোভ ও বিক্ষোভ বেড়েই চলছে। মিথ্যার রাজত্ব ভঙ্গুর হচ্ছে। সরকার আছে কিন্তু নিয়ন্ত্রণ কতটা আছে তা নিজেরাই আমাদের চেয়ে বেশি জানেন। লন্ডভন্ড অবস্থায় কোনো সরকার চলতে পারে না।


দেশের অব্যবস্থা দেখে অন্যেরা আমাদেরকে আহাম্মক মনে করে। দেশ চালানোর যোগ্যতা আমাদের নেই মনে করে। আমাদের অধিকার ও নিরাপত্তা রক্ষায় ব্যর্থ হয়ে আমরা বার বার আহাম্মকের পরিচয় দিচ্ছি। কিন্তু প্রশ্ন হচ্ছে আর কত আহাম্মক হবো।

নিজেদের স্বাধিকার রক্ষা করতে না পারার গ্লানি শিক্ষিত লোকদেরই উপলব্ধি করতে হবে। তা না হলে অনেকেরই পদানত হয়ে আমাদেরকে থাকতে হবে।

আমরা তো অযোগ্য নই। শিক্ষিত লোকদের সঠিক ভূমিকা না থাকায় আমরা মাথা উঁচু করে দাঁড়ানোর সাফল্য দেখাতে পারছি না।

লেখক: সাবেক উপদেষ্টা, তত্ত্বাবধায়ক সরকার

MITU DISABILITY CENTER





ROMJAN (Consultant)
646-730-8416

JABBAR SHARIFF
Attomey & Counselor at Law

IF YOU ARE SICK, YOU CAN GET
$500-$2500 PER MONTH

State Disability (TANF) Federal Disability (SSI, SSDI)

Citizenship Without Exam N-648 Waiver

Personal Injury ● Divorce ● Bankruptcy ● Immigration

Car, Home, Life Insurance (No Broker Fee) Real State
Buy Sale Lone Modification Physical Therapy by Doctor

আপনি যদি অসুস্থ হন তাহলে
মাসে ৫০০-২৫০০ ডলার পেতে পারেন

* ষ্টেট ডিসএ্যাবিলিটি * ফেডারেল ডিসএ্যাবিলিটি
* পরীক্ষা ছাড়া আমেরিকার সিটিজেন।
এখানে ডাক্তার দ্বারা ফিজিক্যাল থেরাপী দেওয়া হয়।
ইমেগ্রেশনের বিষয় সাহায্য করা হয়।

37-47 73 ST. #215, JAKSON HEIGHTS NY 11372

TEL: 718-701-2666

DR. SADI ALAM, DPM
Foot Specialist

পায়ের বাংলাদেশী রোগ বিশেষজ্ঞ চিকিৎসক

Jamaica Office: 168-32 Highland Ave, Jamaica, NY 11432

Hollis:
196-22 Hillside Ave, Hollis, NY 11423

Jackson Heights Office:
7017 37th Ave, Jackson Heights, NY 11372

Brooklyn Office:
686 McDonald Ave, Brooklyn, NY 11218

Alam Podiatry, P.C.

Ozone Park Office:
530 Conduit Blvd, Brooklyn, NY 11208

Bronx Office:
3099 Bainbridge Ave, Bronx, NY 10467

Parkchester Office:
1381 Castle Hill Ave, Bronx, NY 10462

FOR APPOINTMENT
Phone: 347-509-4470 | Fax: 646-845-1861 | www.alampodiatry.com

WE ACCEPT ALL MAJOR INSURANCE PLANS
PLEASE ASK YOUR DOCTOR FOR REFERRAL

সাপ্তাহিক ২৫ বছরে
বাংলা পত্রিকা
The Weekly Bangla Patrika

ট্রাম্প যেভাবে ফিরে আসতে পারেন এবং বাইডেনের করণীয়

জোনাথন ফ্রিডল্যান্ড



এটা যদি কোনো হরর সিনেমা হতো; ঈশ্বর জানেন, গত চারটা বছর একই রকম মনে হতো। আমরাও জানতে পারতাম ভবিষ্যতে কী ঘটবে। আমরা সিনেমার সেই পর্যায়ে থাকতাম, যেখানে দানব দৃশ্যত মারা যায়। নায়ক তখন ধ্বংসস্তূপ থেকে উঠে দাঁড়িয়ে বেঁচে যাওয়া লোকদের সান্ত্বনা দেয় এবং সাময়িকভাবে শান্ত অবস্থা ফিরিয়ে আনে। এই দৃশ্য দর্শকদের শুধু একটুখানি নিঃশ্বাস ফেলার সুযোগ দেবে। কারণ দৈত্য আবার নড়েচড়ে উঠবে এবং মৃত্যু থেকে উঠে দাঁড়িয়ে তার শেষ থাবাটি বসিয়ে দেবে।

এমন একটি সিনেমায় স্থির উপস্থিতি হিসেবে জো বাইডেনকে নিঃসন্দেহে ভালো কাস্ট করা হয়েছে, যিনি জঞ্জাল পরিষ্কার করতে এসেছেন। তবে ভয় থেকেই যাচ্ছে। কারণ ডোনাল্ড ট্রাম্প প্রেসিডেন্ট হিসেবে তাঁর শেষ প্রকাশ্য বিবৃতিতে সেই হুমকিটা দিয়ে রেখেছেন, 'আমরা কোনো না কোনো রূপে ফিরে আসব।'

এটা বিবেচনায় নিতে হবে যে ট্রাম্প ৮২ শতাংশ রিপাবলিকানদের সমর্থন নিয়ে হোয়াইট হাউস ত্যাগ করেছেন। এখন তাঁর প্রত্যাবর্তন যাতে কখনোই না ঘটে তা নিশ্চিত করার একটি মাত্র উপায় আছে। সেটা হচ্ছে ক্যাপিটলে বিদ্রোহ উসকে দেওয়ার অভিযোগে ট্রাম্পকে সিনেটে দোষী সাব্যস্ত করা। এ জন্য ১৭ জন রিপাবলিকানসহ ৬৭ জন (দুই-তৃতীয়াংশ) সিনেটরকে ভোট দিতে হবে, তাতে ট্রাম্পের সরকারি পদে ফিরে আসা চিরতরে নিষিদ্ধ হয়ে যাবে। এমন একটা ইতিবাচক ইঙ্গিত পাওয়া গেছে সিনেটে রিপাবলিকান নেতা মিচ ম্যাকোনেলের বক্তব্যে। তবে তাঁর প্রতি ঠিক ভরসা রাখা যায় না। কারণ সিনেটে অভিশংসনের বিচারটি বিলম্বিত করার আহ্বান তিনিই জানিয়েছিলেন, যাতে ট্রাম্পের মেয়াদ অতিবাহিত হয়ে যায়।

সিনেটে বিচার হলেও ট্রাম্পের হুমকিকে লঘু করে দেখার সুযোগ নেই। তিনি কী বলেছেন মনে রাখতে হবে। তাঁর বক্তব্য হলো 'কোনো না কোনো রূপে' ফিরে আসা। তাই ২০২৪ সালে দৈত্য একটি নতুন ছদ্মবেশে পুনরুজ্জীবিত হতে পারে। এটা হতে পারে হলিউডের প্রথাগত স্টাইলে ট্রাম্পপুত্র কিংবা ট্রাম্পকন্যা অভিনীত সিক্যুয়াল। হতে পারে বাইরে থেকে আসা কোনো বেপরোয়া চক্রের কেউ। এটা অবশ্যই আরো বড় চিন্তার বিষয়। কারণ মার্কিন জাতীয়তাবাদী লোকরঞ্জনবাদ (ন্যাটিভিস্ট পপুলিজম) এমন একজন নতুন বার্তাবাহককে খুঁজে পাবে, যিনি ট্রাম্পের ব্যক্তিগত ত্রুটি ও স্থূল মানসিকতা থেকে মুক্ত এবং আত্মনিয়ন্ত্রিত ও দক্ষ কর্তৃত্ববাদী।

সুতরাং সুপ্ত হুমকি প্রতিহত করতে সিনেটে ভোট-াভুটির চেয়েও আরো গুরুত্বপূর্ণ কিছু করতে হবে। সেটা ওবামা আমলের আপেক্ষিক শান্তি ফিরিয়ে আনার চেয়েও বেশি কিছু দাবি করে। এর অর্থ হবে, যেখানে ট্রাম্পবাদ জন্ম নেবে সেখানকার মাটি উল্টে দেওয়া, যাতে একই বিষবৃক্ষের নতুন জাত জন্ম নিতে না পারে। প্রেসিডেন্ট বাইডেনের মূল চ্যালেঞ্জ এটাই। প্রথম কাজ হচ্ছে তাঁর প্রেসিডেন্ট পদের বৈধতার প্রশ্নটি দূর করা। যেহেতু প্রতি তিনজন আমেরিকানের একজন ট্রাম্পের মারাত্মক মিথ্যাকে বিশ্বাস করে যে তিনিই ২০২০ সালের নির্বাচনে জিতেছেন, বাইডেন নন। তাই বাইডেনের প্রেসিডেন্সিজুড়েই বৈধতার প্রশ্নটি ঝুলে থাকবে। এর আগে ২০০০ সালের নির্বাচনের পরও এক-চতুর্থাংশ আমেরিকান জর্জ ডাব্লিউ বুশকে বৈধ প্রেসিডেন্ট হিসেবে মেনে নেয়নি। তবে তখন প্রশ্নটি নাইন-ইলেভেনের ধোঁয়া ও ধুলায় মিশে যায়। কিন্তু এই মুহূর্তে বহিরাগত হামলার অনুপস্থিতিতে বাইডেন কিভাবে বিরূপ মানসিকতার ভোটারদের অন্তত কিছু অংশের কাছে নিজেকে গ্রহণযোগ্য করে তুলবেন?

উত্তরটা আমেরিকার সবচেয়ে জরুরি সংকটের মধ্যেই রয়েছে। বাইডেন যদি তাঁর ১০০ দিনের মধ্যে ১০ কোটি আমেরিকানকে টিকা দেওয়ার প্রতিশ্রুতি পূরণে সাফল্য পান, তাহলে স্বয়ংক্রিয়ভাবে গ্রহণযোগ্যতা গড়ে উঠবে। তিনি চালকের আসনে থাকায় সুফল তাঁর ঘরেই উঠবে। এ প্রক্রিয়ায় আমেরিকানদের আস্থা পুনরুদ্ধারে অনেক দূর এগিয়ে যাবেন তিনি।

মার্কিন রাজনীতিতে একটা অদ্ভুত চক্র আছে। ১৯৯২, ২০০৮ এবং ২০২০ সালে ডেমোক্রেটিক প্রেসিডেন্টরা হাউস ও সিনেট–কংগ্রেসের উভয় কক্ষেই সংখ্যাগরিষ্ঠতা নিয়ে নির্বাচিত হয়েছেন, যা তাঁদের কর্মসূচি বাস্তবায়নে শক্তি এনে দেয়। কিন্তু বিল ক্লিনটন ও বারাক ওবামা দুজনের ক্ষেত্রেই তাঁদের ভূমিধস বিজয় দুই বছরের মধ্যে উল্টে যায়। আর পূর্বসূরিদের তুলনায় বাইডেনের সংখ্যাগরিষ্ঠতা তো খুবই কম। অথচ তাঁর ঘড়ির কাঁটা চলতে শুরু করেছে।

নতুন প্রেসিডেন্ট নিজেকে শ্লথগতির মধ্যে আটকে রাখার সুযোগ দিতে পারেন না, যাতে সিনেটে ম্যাকোনেলের সুপরিচিত কৌশলের কাছে ধরা খান। তাই ছলনার চেয়েও বেশি কিছু লাগবে। প্রত্যাশার তালিকা দীর্ঘ, যা ভোটার দমন ও জেরিম্যান্ডার্ড ডিস্ট্রিক্ট (দলীয় স্বার্থে নির্বাচনী জেলার সীমানা নির্ধারণ) থেকে শুরু করে নির্বাচনী প্রচারে অর্থায়ন ব্যবস্থার সংস্কার ও ফিলিবাস্টার রুলের (সিনেটের পদক্ষেপ বিলম্ব করার অপকৌশল) বিলোপ পর্যন্ত বিস্তৃত।

এসব কিছু সামাল দেওয়া জো বাইডেনের সহজাত প্রবৃত্তির সঙ্গে যায় না। তিনি হলেন সিনেটের এমন এক চরিত্র, যিনি এর ঐতিহ্যের প্রতি বিশ্বস্ত। আবার কলাম লেখক এজরা ক্লেইন যেমন বলেছেন, দীর্ঘদিন ধরে ডেমোক্র্যাটরা গণতন্ত্রের প্রকৃত অগ্রগতির জন্য ভদ্রতার মেকি শান্তিকে অগ্রাধিকার দিয়ে আসছে। তাই ইতিহাস বলছে, বাইডেন শুধু একটা গুলি করার সুযোগ পাবেন। তিনি অবশ্যই তা ছুড়ে ফেলতে পারেন না, যাতে অপছায়া পুনরুজ্জীবিত হতে পারে।

লেখক: গার্ডিয়ানের কলাম লেখক
সূত্র: দ্য গার্ডিয়ান (ইউকে)
ভাষান্তর: আফছার আহমেদ

কনগ্রেশনাল প্রক্লেমেশনপ্রাপ্ত, এক্সিডেন্ট কেইসেস
ও ইমিগ্রেশন বিষয়ে অভিজ্ঞ যুক্তরাষ্ট্র
সুপ্রিম কোর্টের এটর্নী এট ল'



এটর্নী মঈন চৌধুরী
Moin Choudhury, Esq.
Hon. Democratic District Leader at Large, Queens, NY
মাননীয় ডেমোক্রেটিক ডিস্ট্রিক্ট লিডার এট লার্জ, কুইন্স, নিউইয়র্ক।
সাবেক ট্রাষ্টি বোর্ড সদস্য-বাংলাদেশ সোসাইটি, ইন্‌ক.
917-282-9256
Moin Choudhury, Esq
Email: moinlaw@gmail.com
Moin Choudhury is admitted in the United States Supreme Court and MI State only. Also admitted in the U.S. Court of International Trade located in NYC



এক্সিডেন্ট কেইসেস
বিনামূল্যে পরামর্শ
কনস্ট্রাকশন কাজে দূর্ঘটনা
গাড়ী/ বিল্ডিং এ দূর্ঘটনা/ হাসপাতালে
বিকলাঙ্গ শিশুর জন্ম
ফেডারেল ডিজএবিলিটি
(কোন অগ্রিম ফি নেয়া হয় না)
Immigration



Timothy Bompart
Attorney at Law
(To Schedule Appointment Only)
Call:917-282-9256
E-mail: moinlaw@gmail.com
Moin Choudhury
Attorney at Law
Law offices of Timothy Bompart : 37-11 74 St., Suite 209, Jackson Heights, NY 11372
Manhattan Office By Appointment Only.
Moin Choudhury Law Firm, P.C. 29200 Southfield Rd, Suite # 108, Southfield, MI 48076
Timothy Bompart is admitted in NY only. Moin Choudhury is admitted in MI State only and the U.S Supreme Court.





ইমিগ্রেশন / এসাইলাম সেন্টার: গ্রীন কার্ড ও নাগরিকত্ব



কম্যুনিটির সবচেয়ে আলোচিত, পরিচিত এবং নির্ভরযোগ্য প্রতিষ্ঠান

লিগ্যাল নেটওয়ার্ক এ আসুন!

আমেরিকায় আইনানুগ বসবাস এনে দিতে পারে জীবনের প্রশান্তি। ইমিগ্রেশন/লিগ্যাল ইস্যুতে ছোট্ট একটি ভুলের জন্য অনেক বড় খেসারত অনেককেই দিতে হয়েছে। ঐ ভুলটি না করার জন্য কয়েক ডজন এটর্নী সিপিএ এবং আর্কিটেক্টদের সমন্বয়ে গড়া **লিগ্যাল নেটওয়ার্কের নিম্নোক্ত সেবা গ্রহন করুন:**

● নাগরিকত্ব, গ্রীনকার্ড, এসাইলাম, ম্যারেজ, ইনভেস্টমেন্ট, স্ট্যাটাস এডজাস্টমেন্ট, স্টপ ডিপোর্টেশন, এপ্লাই ফর সিটিজেনশিপ, অ্যাডভান্স প্যারোল, (রাজনৈতিক আশ্রয় প্রার্থীরা বিশেষ ব্যবস্থায় দেশে ঘুরে আসুন) ● ক্রিমিনাল (ষ্টেট/ফেডারেল) ● সিভিল লিটিগেশন: বিজনেস, ডিভোর্স, চাইল্ড সার্পোট/ কাস্টোডি, স্টপ ফর-ক্লোজার, (নিজ বাড়ী রক্ষা করুন), পার্টনারশীপ, বিজনেস এগ্রিমেন্ট, ল্যান্ডলর্ড/টেন্যান্ট, ● এক্সিডেন্ট কেইস: পারসোনাল ইনজ্যুরী/ স্লীপ এন্ড ফল ইত্যাদি ● ট্যাক্স ফাইল (ব্যক্তিগত এবং বিজনেস) ● ফাইল ফর কর্পোরেশন এবং নট ফর প্রফিট কোম্পানী, ● বুক কিপিং ও অন্যান্য ● বাড়ীর ভায়োলেশন রিমুভ, লিগ্যাল বেইজমেন্ট, প্রপার্টি কনভার্শন (এক ফ্যামিলি থেকে বহু ফ্যামিলি), রিমুভ ফাইন-সিটি/স্টেট এজেন্সীস।

ইদানীং ইমিগ্রেশন আইন সহ বিভিন্ন আইনের প্রয়োগ নিয়ে অনেক তর্কবিতর্ক হচ্ছে যার সাথে ইমিগ্র্যান্টদের ভাগ্য ওতপ্রোতভাবে জড়িত। এ সময়ে ইমিগ্র্যান্টরা কোন বিষয়েই কোন প্রকার ভুল এফোর্ড করে না। সুতরাং গ্রোসারি ষ্টোরের মতো গজিয়ে ওঠা মোহরী/ মাল্টি সার্ভিস দোকানে যাওয়ার আগে এবং এটর্নী নিয়োগের পূর্বে ইমিগ্র্যান্টদের সচেতন হওয়া খুবই জরুরী।

All Service Provided by Attornys Admittied in State & Federal Court, CPA, P.E, Architect and Licensed Professionals.

72-32 Broadway, Suite # 302, Jackson Heights, NY 11372, Tel: 917-722-1408 / 1409, Fax: 718-276-0294, Email: legalnetwork.us@gmail.com

জঘন্য পাপুল শত অবন্তিকার নির্লজ্জ পি কে হালদারের লীলাখেলা দেখি আমরা



পীর হাবিবুর রহমান

পি কে হালদার বা প্রশান্ত কুমার হালদার নামের নির্লজ্জ ডাকাত এক নয়, দুই নয় অনেক। এদের মধ্যে পি কে হালদার তাদের মডেল হয়ে আমাদের প্রধানমন্ত্রী শেখ হাসিনার হাত ধরে উন্নয়নের বিস্ময়কর রোল মডেলে যাওয়া দেশের অর্থনৈতিক খাতের লুটপাটের খলনায়ক থেকে রীতিমতো বিনোদন চরিত্রে পরিণত। পি কে হালদার দেশে আসতে চান, সব তথ্য ফাঁস করতে চান এমন খবর চাউর হলেও তার আর আসা হয়নি। তার লুটপাটের সঙ্গীসাথী মোড়লরা তাকে হুমকিতে নাকি প্রলোভনে আটকে দিলেন তাও আর জানা যায়নি। দুর্নীতি দমন কমিশনের নিচের স্তরের কর্তারা পুঁটি মাছ ধরেন। বড় রুই-কাতলা ধরা পড়লেও প্রভাবশালীদের প্রতাপে খালাস হয়ে আসেন। কেউ কালো টাকা সাদা করেন, কেউ হাই টেক্স পেয়ার হয়ে যান আইনজীবীর তালিকায় একটি আলোচিত মামলা নেই। নেই আদালতপাড়ার ব্যস্ততা মামলায়। তাতে কী দলবাজি-ক্ষমতাবাজি দুর্নীতি-তদবিরবাজির সুবাদে ১২ বছরে রাজনীতির নাবালকরা কত অঢেল সম্পদ অর্থের মালিক। মানুষ তাদের দম্ভের বেহায়াপনা দেখে বঙ্গবন্ধু বা শেখ হাসিনার দর্শন দেখে না। মুজিবকন্যা শেখ হাসিনা সব খবর রাখলেও অনেক জায়গায় কঠোর হতে পারেন না। তাই বলে বলতে দ্বিধা করেননি, একেকজনের অবস্থা 'মুই কী হনুরে'। মসজিদে যাবে সেখানেও তাদের জায়গা সামনে রাখতে হবে। অস্ত্রধারী দেহরক্ষী ছাড়া চলতে পারেন না। আমরা এক আজব অসহনীয় লীলাখেলা রাজনীতি ও অর্থনীতিতে অবলোকন করি। এমন নির্লজ্জ বেহায়া কালো চরিত্রের পি কে হালদারের অর্থ আত্মসাতে দুদক কঠোর অবস্থানে গেছে। অবন্তিকাসহ অনেকে জেলে। ৭০-৮০ জনের অ্যাকাউন্ট জব্দ। শেষ কী হবে জানি না। হাইকোর্টও অর্থ আত্মসাতের ঘটনা উদঘাটনে বাংলাদেশ ব্যাংকের ব্যর্থ কর্মকর্তাদের নামের তালিকা চেয়েছে।

২০০৮ থেকে ২০২০ সাল পর্যন্ত বাংলাদেশ ব্যাংকের তিন বিভাগের কর্মকর্তারা আর্থিক প্রতিষ্ঠানের লুটপাট, অর্থ পাচারের বিষয়টি উদঘাটনে ব্যর্থ হলেন? হাই কোর্ট বলেছে তা আমাদের জানতে হবে। এটা জনগণেরও দাবি। পি কে হালদারের বিরুদ্ধে দুদকের মামলায় ইন্টারপোলের রেড অ্যালার্ট জাবি হয়েছে। রক্ষা বা আড়াল নয়। তাকে ধরে এনে তার সঙ্গী ও মোড়লদের মুখটা দেখতে হবে। প্রায় ৬ লাখ হাজার কোটি টাকা বিদেশে পাচার। সীমাতো আছে। ব্যাংক ডাকাতি আর অর্থ পাচারকারীরা দেশে দেশে ভোগের নিরাপদ জীবনের সুযোগ পেল কী করে? এমপি মূর্খ মানব পাচারকারী ধূর্ত শেয়াল পাপুল মেধা যোগ্যতা রাজনৈতিক প্রজ্ঞায় নয়, একদম অবৈধ বাণিজ্যের রমরমা টাকায় সংসদে চলে আসেন। অর্থের কাছে লোভ-লালসায় আক্রান্ত সরকারি দলের ক্ষমতাবান দু-একজন এবং তৃণমূল বিক্রি হয়ে এ নোংরা আয়োজন করে রাজনীতি ও সংসদকেই কলুষিত করেননি, সমাজকে নির্বাক করেন। নিজে এমপি হয়ে খায়েশ পূরণ হয়নি কাজীর বিচার বলে কথা।

কুয়েতের আয়ার কাজে দক্ষ স্ত্রীকেও কাজী শহিদ ইসলাম পাপুল সংরক্ষিত আসনে স্বতন্ত্র সদস্যদের কোটায় এমপি বানান। তার স্ত্রীর নাম সেলিনা ইসলাম। মহাজোটের



প্রার্থী জাপার নোমান লক্ষণ সেনের মতোন সরে দাঁড়ান আপস দফা রক্ষায়। দুটি এমপি কিনতে পাপুলের ২২ কোটি টাকা খরচ হয়। তাকে নিয়ে এমন বিতর্কের পর গণমাধ্যমে ঝড় ওঠে। নির্বাচনে মহাজোটকে সমর্থন দিতে বলা হলে সেটিও হয়। কিন্তু সরকার বা দল দুদক কোনো তদন্তেই গেল না। দেশের কত মানুষকে পাচার করে দেশের ভাবমূর্তি শেষ করল। সংসদকে কলঙ্কিত করল। রাজনৈতিক দেউলিয়াত্ব প্রকাশ হলো। তবু তাকে রুখে দেয়া হলো না। তাকে মদদ দেওয়া সহযোগিতা করা প্রতাপশালী অপরাধীরা ঊর্ধ্বে থাকল। দেশের একজন এমপির বিদেশে কারাদন্ড ও বিচারের এমন শাস্তি নজির-বিহীন। পৃথিবীর কোনো দেশের এমপির ভাগ্যে ঘটেছে কিনা জানি না। আমাদের পাপের ফল আমরা ভোগ করছি। দেশের সৃজনশীল দেশপ্রেমিক বৃহৎ শিল্পপতি থেকে ছোট বড় ব্যবসায়ী-শ্রমিক অর্থনীতির শক্তি কৃষকরা সোনা ফলায়, প্রবাসীরা রেমিট্যান্স পাঠায়। শেখ হাসিনা ১৮ ঘণ্টা এ বয়সে পরিশ্রম করে করোনা যুদ্ধেও দেশকে উচ্চ আসনে রাখেন। ৭০ হাজার গৃহহীনকে ঘর দেন অথচ এসব অসৎ বেহায়ার লীলা দেখলে কেবল বমি আসে, কেবল বমি আসে। করোনার টিকাও এসে গেছে। এ নিয়ে নোংরা রাজনীতির সুযোগ নেই। জনগণকে নিতে দিন। জনগণ শান্তিতে থাকলেও হরতাল অবরোধ সহিংসতা জঙ্গিবাদ সন্ত্রাসবাদমুক্ত পরিবেশে বাস করলেও এসব লুটপাটের বিভীষিকাময় চিত্রে কতটা ব্যথিত যেন কেউ বুঝতে পারে না। পাপুল সংস্কৃতি এমন যে তার মেয়ে বয়স না হলেও টাকায় সব হয় এমনকি শিখেছে বলে মেঘনার পানি শুকিয়ে যাবে বাবার টাকা শেষ হবে না। জাতে উঠতে এক এমপির মেয়ের বিয়েতে রোলেক্স এডি উপহার দেয়। সমাজ কিনতে গিয়ে সমাজের ভারসাম্য নষ্ট মানুষেরা অবৈধ টাকায় শেষ করে দিচ্ছে। কয়েকজনের দাপটে লুটে এত উন্নয়ন ধূসর হয়ে যায়। সুখ অসুখে পরিণত হয়। এ অপরাধীদের ধরতেই হবে। আইনের সংশোধন করেও কঠিন ব্যবস্থা নিতে হবে।

কুয়েতে কারাবন্দী পাপুলকে তার অমার্জনীয় মানব পাচারের অভিযোগে আদালত চার বছরের কারাদন্ড দিয়েছে। সঙ্গে ৫৩ কোটি ২০ লাখ টাকা জরিমানা। পাপুল লজ্জাহীন হবে। কিন্তু জাতি হিসেবে আমরা তো হতে পারি না। সেখানে প্রভাবশালী তার সঙ্গীরাও দন্ডিত হয়েছে। এখানে তাকে ও তার সঙ্গীদের বিরুদ্ধে কোনো ব্যবস্থা নেওয়া হবে না? আইনে সুযোগ না থাকলে আইন করেন। আমাদের আইনমন্ত্রী তো এসব বিষয়ে বিজ্ঞ। সাবেক আইনমন্ত্রী ব্যারিস্টার শফিক আহমেদ একজন পবিত্র সৎ মন্ত্রী ও আদর্শিক মানুষ। তাদের পরামর্শও নেওয়া যায়। পি কে হালদারের চমকপ্রদ আলোড়িত শত প্রেমের খবরে সেকালের আজিজ মোহাম্মদ ভাই যিনি পলাতক নির্বাসিত তিনিও হার মেনেছেন। পি কে হালদারের নাকি প্রেমিকাই শতের কোটায়। ১০ জনের নাম এসেছে যাদের অ্যাকাউন্টে তিনি কোটি কোটি টাকা দিয়েছেন। লিজিং ফার্মে রাখা মানুষের টাকা। মানুষ নিঃস্ব করা টাকায় তার বিকৃত জীবনের চিত্র। এক প্রেমিকা অবন্তিকা কারাগারে। বাঃ কী সুন্দর নাম। হতো পারত উপন্যাসের নায়িকা। প্রেমিকাও নয়। অর্থ ও ভোগবিলাসের লোভে হয়েছে রক্ষিতা। পাপিয়াদেরই উন্নত গোপন সংস্করণ। ধানমন্ডিতে আলিশান ফ্ল্যাট, অঢেল টাকা। প্রেম এক পবিত্র স্বর্গীয় অনুভূতি। দুই নর-নারীর সরল মনের আবেগ অনুভূতিতে আত্মার পরিশুদ্ধি লাভের এক গভীর সম্পর্ক। পারস্পরিক শ্রদ্ধা সম্মান। এখানে কত বীর পুরুষ এক স্ত্রী বা তরুণ বা এক প্রেমিকা নিয়ে হিমশিম খায়। সেখানে পি কে ১০০ বান্ধবীর নাম মনে রাখেন কীভাবে? ম্যানেজ করেন কীভাবে? মানুষের সাড়ে ৩ হাজার কোটি টাকা নিয়ে পালিয়ে যাওয়া এমন বিকৃত লুটেরা পুরুষ, পুরুষদেরও ইজ্জত রাখল না। আর তার সঙ্গে যাওয়া লোভলালসায় পতিত জৈবিক চাহিদা পূরণে এমন এমন নারীরাও প্রেমহীন ভোগের অন্ধকারে ডুবেছে। এখন এসব নারী আফজাল হোসেনের মতো নায়কের অভিনয় দেখে প্রেমে পড়ে না। কবি লেখক তো নয়ই। অর্থ ও ক্ষমতায় দল বেঁধে কী যে স্বাদ পায় সমাজকে নষ্ট করে মেধাহীনরা চতুর লুটেরাদের ডেরায়। নারীর মেধা প্রজ্ঞা পরিশ্রমে যেখানে নারীর ক্ষমতায়নে পু-রুষরাও সমঅধিকার চায় সেখানে একদল অবৈধ নষ্ট লুটেরার অর্থের লোভে পর্দার আড়ালে ভোগে লালসায় উচ্চাভিলাষী একদল নারীও নব্য মনোরঞ্জনের সোসাইটি গড়েছে। ঘেন্না অরুচিতেও তাদের কিছু আসে না। মা-রহাবা মারহাবা। সহজ সরল নৈতিক সৎ জীবন নেই। ভাগ্য পশ্চিমা ট্যাবলয়েড এ দেশে নেই। মানবজমিনও সিরিয়াস কাগজ হয়ে গেল।

সংসদে একজন সদস্য বলেছেন, দেশের অর্থনৈতিক খাত পিতা-মাতার বখে যাওয়া অবাধ্য সন্তানের মতো। সরল পথে আনা যাচ্ছে না। এটা আনতে হবে। আমরা অপর-াধীদের বিচার চাই। রুখতে চাই। বুদ্ধিবৃত্তিক দুর্বৃত্তায়ন থেকে অর্থনীতি-সমাজকে রক্ষা করতে হবে।

অর্থমন্ত্রী বিসিবিতে যে সফলতা দেখিয়েছেন এখানে কি পারছেন? সংসদে বলেছেন, ৪ লাখের কাছে ঋণ খেলাপি। এরা কারা? আইনের হাত এদের থেকে দূরে কেন? এদেও পুষতে হবে কেন? এদের যারা পালিয়েছে তাদের সুযোগ দিল কারা? এদের অর্থ আদায় চাই। দেশের ব্যবসা-বাণিজ্যে এক বছরের প্রণোদনা প্যাকেজের মেয়াদ আরও এক বছর বাড়াতে হবে। করোনার যুদ্ধ চলছে। বৃহৎ শিল্পকারখানা যারা খেলাপি নন, কর্মসংস্থানে অর্থনীতিতে অবদানে বিস্ময়কর ভূমিকা রাখছেন তাদের উদার সহযোগিতা বাড়াতে হবে। এমনকি ক্ষুদ্র ও মাঝারি ব্যবসায়ীদেরও। অর্থনীতি খাতে শৃঙ্খলা সুশাসন আনতেই হবে।

সাপ্তাহিক ২৫ বছরে বাংলা পত্রিকা The Weekly Bangla Patrika

ফিলিস্তিনে শান্তি প্রতিষ্ঠার সুযোগ

রে হানানিয়া

ফিলিস্তিন কর্তৃপক্ষের (পিএ) প্রেসিডেন্ট মাহমুদ আব্বাস গত সপ্তাহে ঘোষণা করেছেন, ফিলিস্তিন আইন পরিষদ (পিএলসি) নির্বাচন আগামী ২২ মে এবং প্রেসিডেন্ট নির্বাচন ৩১ জুলাই অনুষ্ঠিত হবে। ইয়াসির আরাফাত ২০০৪ সালে মৃত্যুবরণ করার পর মাহমুদ আব্বাসকে পিএলও চেয়ারম্যান হিসেবে আখ্যায়িত করা হয় এবং আব্বাস ২০০৫ সালে ফিলিস্তিন কর্তৃপক্ষের চেয়ারম্যান নির্বাচিত হন। কিন্তু আব্বাস ফিলিস্তিনের অবিসংবাদিত নেতা আরাফাত নন এবং তিনি দ্রুত গাজা ভূখন্ড থেকে হামাসের কাছ থেকে রাজনৈতিক হুমকির মুখোমুখি হলেন। শান্তিপ্রক্রিয়ার ব্যর্থতা এবং ইসরাইলের শান্তিচুক্তি-বিরোধী তৎপরতা জোরদার হওয়ার ফলে ডানপন্থী ইসরাইলি নেতা শ্যারন এবং নেতানিয়াহুর উগ্র ও অপরিণামদর্শী তৎপরতার কারণে ইসলামী প্রতিরোধ আন্দোলন হামাসের উত্থান ঘটে।

মাহমুদ আব্বাসের ফাতাহ পার্টি ২০০৬ সালে অনুষ্ঠিত ফিলিস্তিন আইন পরিষদ তথা পার্লামেন্ট নির্বাচনে ১৩২ আসনের মধ্যে ৪৫টি এবং হামাস ৭৪টি আসন লাভ করে। ১৫ বছর পর এবার হোয়াইট হাউজে নতুন আমেরিকান প্রেসিডেন্ট জো বাইডেন আসার পর আব্বাস আশা করছেন, নতুন নির্বাচনের মাধ্যমে হয়তো ফিলিস্তিনিদের অবস্থান ও মর্যাদা আরো সুদৃঢ় ও সমুন্নত হবে।

সব মানুষই কপট ব্যক্তিস্বার্থ প্রণোদিত এই ধারণায় বিশ্বাসী বলে আপনি ফিলিস্তিনিদেরকে দোষারোপ করতে পারেন না অথবা এখন নির্বাচনকে ব্যর্থতার অপর একটি অনুশীলন হিসেবে দেখতে পারেন না। ১৯৯৩ সালে রাষ্ট্র হিসেবে 'ইসরাইলের অস্তিত্ব' তথা ইসরাইলি রাষ্ট্রের অবস্থানের প্রতি স্বীকৃতি দানের পর শান্তি প্রতিষ্ঠার প্রতিশ্রুতি দেয়া হলেও ফিলিস্তিনিরা একটি রাষ্ট্রের পক্ষ থেকে কেবল বর্বরতা ও নৃশংস নির্যাতনই দেখে এসেছে। ফলে তারাও আরো কট্টর পন্থা এবং অনমনীয় অবস্থান গ্রহণ করেছে। কিন্তু নির্বাচনের মাধ্যমে তারা নতুন আমেরিকান প্রেসিডেন্ট বাইডেনকে ফিলিস্তিনিরা যে শান্তির প্রতি প্রতিশ্রুতিবদ্ধ, সে ব্যাপারে একটি শক্তিশালী বার্তা দিতে পারে। তারা বাইডেনের প্রতি ইসরাইলকে শান্তির জন্যে চাপ প্রয়োগের ব্যাপারেও ক্ষমতা দিতে পারে যেটা করতে ডোনাল্ড ট্রাম্প অস্বীকৃতি জানিয়েছিলেন। ট্রাম্প ফিলিস্তিনিদের ঠেলে দিয়েছিলেন তার ইহুদি জামাতা জেরাড কুশনারের দিকে। কুশনার শান্তির ব্যাপারে অস্পষ্ট ও অনিশ্চিত প্রতিশ্রুতি ব্যক্ত করেন এবং ফিলিস্তিনি রাষ্ট্রের ধারণাকে প্রকৃতপক্ষে নস্যাৎ করেছেন। তিনি ইসরাইলের কাছ থেকে ফিলিস্তিনিদের জন্য সত্যিকারভাবে কোনো সু-বিধা আদায় করার চেষ্টাও করেননি।

ফিলিস্তিনীদের সত্যিকারভাবে একমাত্র আশা, সৌদি আরবের কাছ থেকে তারা সমর্থন পাবে। ফিলিস্তিনিরা আশা করে, ইসরাইলের সাথে সৌদি আরবের কোনো চুক্তি হলে তাতে তেলআবিবের ফিলিস্তিনে শান্তি প্রতিষ্ঠার বিষয় অন্তর্ভুক্ত থাকবে। ফিলিস্তিনীদের পক্ষে সৌদি সমর্থনের কারণে মাহমুদ আব্বাস, ফিলিস্তিন কর্তৃপক্ষ এবং শান্তি প্রক্রিয়া পুনরুজ্জীবনের ব্যাপারে ফিলিস্তিনীরা আশাবাদী।

নির্বাচনকে ফিলিস্তিনীদের সমস্যার চূড়ান্ত একটি জবাব হিসেবে দেখা উচিত হবে না। এর চাইতে বরং পুনরায় দক্ষিণাঞ্চলে এবং ইসরাইলের শান্তিবিরোধী নীতির বিরুদ্ধে অধিকার আদায়ে কার্যকর সংগ্রাম গড়ে তোলার একটি নতুন দরজা খুলে যাওয়ার সুযোগ হিসেবে দেখা প্রয়োজন। প্রশ্ন হলো, প্রতিদ্বন্দ্বী ফিলিস্তিনী উপদলগুলো ঐক্যবদ্ধ হতে পারবে কি না। নির্বাচনী ম্যান্ডেটের মাধ্যমেই কেবল এ ধরনের একটি পথ খুলে যেতে পারে। সুতরাং ফিলিস্তিনী ভোটাররা কী করবেন? ফিলিস্তিন কর্তৃপক্ষের (পিএ) প্রতিনিধিদের মাধ্যমে শান্তির জন্য আলোচনায় ফিরে যাওয়া অথবা অব্যাহত বিরোধিতা ও প্রতিরোধ সৃষ্টি করা: এ দুটো পথ রয়েছে। ইসলামী প্রতিরোধ আন্দোলন হামাস ইসরাইলি নির্যাতন ও জবরদখলের বিরুদ্ধে প্রতিরোধ সংগ্রাম চালিয়ে এসেছে। কিন্তু উভয় কৌশলই ব্যর্থ হয়েছে প্রধানত ফিলিস্তিনিদের নিজেদের মধ্যকার বিরোধ ও বিভাজনের কারণে। ইসরাইলের অব্যাহত সহিংসতা ও আগ্রাসনের কারণে ফিলিস্তিনিদের পক্ষে সম্ভব হয়নি ইসরাইলের সাথে সত্যিকারের শান্তি অর্জনের জন্য আশাবাদী হওয়া। এখন নতুন আমেরিকান প্রেসিডেন্ট শান্তির উদ্যোগ নিলে হয়তো আলোচনায় ফিরে আসার চিন্তা তারা করতে পারে। বাইডেন আরব ও মুসলিম আমেরিকানদের ব্যাপারে বিশেষভাবে উদ্বেগ প্রকাশ করেছেন। তাই তার পূর্বসূরিরা যেখানে ব্যর্থ হয়েছেন, সেখানে তিনি ইসরাইলকে একটি স্থায়ী শান্তিচুক্তির লক্ষ্যে চাপ দিয়ে হয়তো প্রয়োজনীয় ভূখন্ড ছেড়ে দি‡ত বাধ্য করার ব্যাপারে এগিয়ে আসতে পারেন।

নির্বাচনকে ফিলিস্তিনীদের সমস্যার চূড়ান্ত একটি জবাব হিসেবে দেখা উচিত হবে না। এর চাইতে বরং পুনরায় দক্ষিণাঞ্চলে এবং ইসরাইলের শান্তিবিরোধী নীতির বিরুদ্ধে অধিকার আদায়ে কার্যকর সংগ্রাম গড়ে তোলার একটি নতুন দরজা খুলে যাওয়ার সুযোগ হিসেবে দেখা প্রয়োজন।

সমস্যা হলো, আরব ও মুসলিম আমেরিকানদের জন্য বাইডেন তার শুভেচ্ছার নিদের্শনের বাইরে গিয়ে এবং ট্রাম্পের কথিত 'মুসলিমদের বিরুদ্ধে নিষেধাজ্ঞা' প্রত্যাহার করার প্রতিশ্রুতি কতটুকু বাস্তবায়ন করতে পারবেন, তা ভবিষ্যৎই বলে দেবে। কারণ ওবামা তার ঘাড়ে যে বোঝা রেখে গেছেন, বাইডেনকে তা বহন করতে হবে।

ওবামা বহু তৃপ্তিদায়ক ও ভালো ভালো কথা বলে গেলেও ফিলিস্তিনিদের শান্তি, এমনকি আরব বিশ্বের জন্য তাৎর্যপূর্ণ বা উল্লেখযোগ্য কোনো কিছু করতে পারেননি। ফিলিস্তিনিদের জন্য শান্তির পরিবর্তে তার দু'মেয়াদে প্রেসিডেন্ট থাকাকালীন সময়টি বরং গাজায় তিনটি ইসরাইলি যুদ্ধের নিদর্শন হয়ে থাকবে।

ফিলিস্তিনিদেরকে নিজেদের ভবিষ্যৎ কী হবে, তা বাছাই করে নিতে হবে। তারা কি ইসরাইলি বর্ণবাদী শক্তির অধীনে বসবাস করবে এবং সামরিক সহিংসতা দ্বারা নির্যাতিত হতে থাকবে? তারা কি হামাসকে ভোট দেবে, অথবা নাকি সুখের আশায় আব্বাসের দলের প্রার্থীকে ভোট দেবে? শান্তির জন্য কোনো গ্যারান্টি নেই। কিন্তু এটা স্পষ্ট, মার্কিন প্রেসিডেন্ট বাইডেনের সাথে ফিলিস্তিনীদের শান্তির একটি সুযোগ তৈরি হতে পারে। আগে অবশ্য বাইডেন নিজেকে 'ইহুদিবাদী' বলেই দাবি করতেন এবং ইসরাইলের প্রতি ছিল তার দৃঢ় সমর্থন। তারা সাধারণত বলেন, সাবেক প্রধানমন্ত্রী মেনাচেম বেগিনই ১৯৭৯ সালে মিসরের সাথে শান্তিচুক্তি স্বাক্ষরের মতো সাহস ও শক্তি দেখাতে পেরেছিলেন। নির্বাচন হলে অন্তত পক্ষে গাজা এবং পশ্চিম তীরের ফিলিস্তিনিরা শান্তির পথ বেছে নিতে পারবে। মাহমুদ আব্বাস পূর্ব জেরুসালেমে বসবাসকারী ফিলিস্তিনিদেরকেও ভোট-াধিকার দেয়ার দাবি জানিয়েছেন।

আরব নিউজ' থেকে ভাষান্তর : মুহাম্মদ খায়রুল বাশার

লেখক: শিকাগো সিটি হল-এর পুরস্কারপ্রাপ্ত রিপোর্টার ও কলামিস্ট

সাপ্তাহিক ২৫ বছরে
বাংলা পত্রিকা
The Weekly Bangla Patrika

ভারত-বাংলাদেশ সম্পর্কের ঐতিহাসিক বাস্তবতা

ড. এ কে এম মাকসুদুল হক

বাংলাদেশ-ভারত কূটনৈতিক সম্পর্কের সূচনা হয়েছিল ১৯৭১ সালে এদেশের স্বাধীনতার উষালগ্নে। সেই থেকে ভারত বাংলাদেশের নিকটতম প্রতিবেশী ও বন্ধু। এরপর বাংলাদেশের নানা রাজনৈতিক উত্থান-পতনের মধ্য দিয়ে এই সম্পর্ক এগিয়েছে, হয়েছে বিভিন্ন টানাপড়েনও। কিন্তু গত একযুগ ধরে দুই দেশের সম্পর্কের পারদ শুধু উপরের দিকেই উঠেছে, যদিও তা 'জিটুজি' বা দুই সরকারের মধ্যেই সীমাবদ্ধ কি না সেটা বিচার্য বিষয়। কারণ, এই সম্পর্কের সাথে জনগণের বিশেষ করে বাংলাদেশের জনগণের কতটুকু মাধুর্য বা অন্তরতা রয়েছে তা ইতিহাসের নিরিখে পর্যবেক্ষণের দাবি রাখে। ১৯৭১ সালে ভারত প্রত্যক্ষভাবে আমাদের স্বাধীনতাযুদ্ধে সহযোগিতা করেছে। সেই সহযোগিতা ঐতিহাসিকভাবে প্রতিষ্ঠিত এবং আমরা কৃতজ্ঞতা পাশে চিরদিনের জন্য আবদ্ধ রয়েছি। কিন্তু তারপর থেকে আমাদের এই ছোট স্বাধীন-সার্বভৌম রাষ্ট্রের প্রতি বিশাল ওই রাষ্ট্রের আচরণ আমাদেরকে আশাহত করেছে বারবার।

স্বাধীনতার পরপরই ইন্দিরা-মুজিব সীমান্তচুক্তি আমরা অতি দ্রুত সংসদে পাস করিয়ে বাস্তবায়ন করেছি, কিন্তু ভারত তা সম্পন্ন করতে সময় নিয়েছে দীর্ঘ ৪২ বছর। তাও সেই চুক্তি বাস্তবায়নে ভারতীয় মিডিয়ার ভাষায় মনে হয়েছে, এটা ছিল ভারতের অনুগ্রহ বা বদান্যতা! আর আমাদের ১৮৫ মিটার দীর্ঘ তিনবিঘা করিডোর দিনে ছয় ঘণ্টার জন্য চালু করতে ভারত সময় নিয়েছে ১৮ বছর। ফারাক্কা বাঁধ ১৯৭৫ সালে ৪১ দিনের জন্য পরীক্ষামূলকভাবে চালু করে তা আর বন্ধ করা হয়নি। প্রায় ২০ বছর পর পানি বণ্টন চুক্তি হয় ১৯৯৬ সালে। তবে আজ পর্যন্ত শুকনা মওসুমে আমরা চুক্তির শর্তের পরিমাণ পানি পাচ্ছি না পদ্মা থেকে। অন্যদিকে গঙ্গা নদীর পানি চুক্তি ২৪ বছর ধরে ঝুলে আছে। স্থলসীমান্ত চুক্তির প্রটোকল স্বাক্ষরিত হয়েছে ২০১৫ সালে কিন্তু গত পাঁচ বছরেও মুহুরী নদী সংক্রান্ত সীমান্ত চুক্তির বিষয়টি চূড়ান্ত হয়নি। আমরা আমাদের দেশের বাজার ভারতের পণ্যের জন্য অবারিত করে দিলেও ভারতের বাজারে বাংলাদেশের পণ্য বিভিন্ন বাধার সম্মুখীন হয় ঘাটে ঘাটে। চট্টগ্রাম বন্দর ব্যবহার করে বাংলাদেশের বুক চিরে ভারতীয় পণ্য ত্রিপুরায় পৌঁছলেও ভারতের মাত্র ১৪ মাইল দৈর্ঘ্যরে শিলিগুড়ি করিডোর পেরিয়ে বাংলাদেশী পণ্য নেপালে পৌঁছাতে পারছে না। ভারতের উত্তর-পূর্বাঞ্চলের বিচ্ছিন্নতাবাদী পলাতক নেতাদের শান্তিপূর্ণভাবে তাদের হাতে হস্তান্তর করা হয়েছে। তাই ওই অঞ্চল নিয়ে ভারত একেবারে নিশ্চিন্ত শান্তিতে রয়েছে। এদিকে, ভারতের চতুর্থ রেমিট্যান্স আয়ের উৎস বাংলাদেশের চাকরির বাজার। প্রায় ২০ লাখ ভারতীয় আমাদের দেশে কাজ করে প্রচুর রেমিট্যান্স তাদের দেশে পাঠাচ্ছেন (ডেইলি স্টার, ১৮ সেপ্টেম্বর ২০২০)। বছরে প্রায় ১৬ লাখ বাংলাদেশী ভারতে ভ্রমণ করে সেখানে পর্যটন, শিক্ষা, চিকিৎসা ইত্যাদি খাতে কোটি কোটি ডলার খরচ করছেন। এভাবে দেয়া-নেয়ার ফারাকটা দিনদিন প্রশস্তই হচ্ছে ভারতের সাথে। ২০১৮ সালের জুন মাসে ভারত সফরের পর দেশে ফিরে এসে সংবাদ সম্মেলনে প্রধানমন্ত্রী শেখ হাসিনা বলেছিলেন, 'আমরা ভারতকে যা দিয়েছি, সেটা ভারত সারাজীবন মনে রাখবে' (প্রথম আলো, ২৩ ডিসেম্বর-২০২০)।

বাংলাদেশ-ভারতের সম্পর্কের এই 'One sided win' বৈশিষ্ট্যের ধারাবাহিকতায় কয়েকটি বিষয় অত্যন্ত তিক্ততার পর্যায়ে চলে গেছে। সম্পর্কের এই উপাদানগুলোর পরিবর্তন না ঘটলে বঞ্চিত দেশের জনগণের হতাশাই বৃদ্ধি পাবে। প্রতিবেশীসুলভ সম্পর্কের মধ্যে সেগুলো কাঁটা হয়ে ফুটতে থাকবে। সেই উপাদানগুলোর প্রথমেই আসে সীমান্ত হত্যা। 'বাংলাদেশ পিস অবজারভেটরির'-(বিপিও) প্রতিবেদন মোতাবেক, গত ২০০০ সাল থেকে এক হাজারেরও বেশি বাংলাদেশীকে বিএসএফ হত্যা করেছে (ডেইলি স্টার, ১১ সেপ্টেম্বর-২০২০)। আর ২০০৯ থেকে ২০২০ সালের সেপ্টেম্বর পর্যন্ত ৫২২ বাংলাদেশীকে সীমান্তে হত্যা করেছে বিএসএফ (প্রথম আলো, ১৮ সেপ্টেম্বর-২০২০)। ভারতীয় কর্তৃপক্ষ বারবার আশ্বাস দেয়ার পরও তারা হত্যা বন্ধ করছেন না। গত ১৭ ডিসেম্বরে ভার্চুয়াল শীর্ষ বৈঠকে ভারতের প্রধানমন্ত্রী আমাদের প্রধানমন্ত্রীকে আশ্বস্ত করেছিলেন, সীমান্ত হত্যা বন্ধ হবে। ভারতীয় কর্তৃপক্ষ শুধু বলে, সীমান্ত হত্যা 'শূন্যের' কোটায় নিয়ে আসা হবে। কেউ আজ পর্যন্ত বলেননি হত্যা 'বন্ধ' হবে। তদুপরি বিএসএফের মহাপরিচালক রাকেশ আস্তানা আমাদেরকে বলেছেন, এই সমস্ত নিহত বাংলাদেশী নাগরিক আসলে 'সন্ত্রাসী' ও 'অপরাধী'।

তিক্ততার আরেকটি ইস্যু হলো তিস্তাচুক্তি। ২০১১ সালে তিস্তাচুক্তি চূড়ান্ত পর্যায় থেকে একটি অঙ্গরাজ্যের মুখ্যমন্ত্রীর আপত্তির অজুহাত তুলে স্থগিত করা হয়। ভারতীয় প্রধানমন্ত্রী বলেছিলেন, অতি শিগগিরই তিস্তাচুক্তি সম্পন্ন হবে। এরপর থেকে তারা আশ্বাসের পর আশ্বাস দিয়ে যাচ্ছেন। আর আমরা বুক ভরা আশা নিয়ে বিশ্বাস করে চলছি! ইতোমধ্যে ফেনী নদীর পানি প্রত্যাহারে আমরা তাদেরকে অনুমোদন দিয়েছি। কিন্তু তিস্তার পানি আজো তারা আশ্বাসের বাঁধে আটকে রেখেছেন। রোহিঙ্গা সমস্যা আমাদের দেশের জন্য বাঁচা-মরার সমস্যা হয়ে দাঁড়িয়েছে। এই সমস্যাও ভারত আমাদেরকে দেয়া আশ্বাসের মায়াজালে বন্দী করে রেখেছে। জাতিসঙ্ঘ নিরাপত্তা পরিষদের অস্থায়ী সদস্য পদে নির্বাচনে আমরা ভারতকে সমর্থন দিয়েছি। কিন্তু রোহিঙ্গা ইস্যুতে জাতিসঙ্ঘের উত্থাপিত প্রস্তাবে ১৩০টি দেশ এর পক্ষে ভোট দিলেও ভারত গত ৩১ ডিসেম্বরে এ বিষয়ে ভোটগ্রহণ অনুষ্ঠানে ভোটদানে বিরত থাকে। অথচ গত ১৭ ডিসেম্বর শীর্ষ বৈঠকে ভারতের প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদি আমাদের প্রধানমন্ত্রীকে রোহিঙ্গা ইস্যুতে সহযোগিতার আশ্বাস দিয়েছিলেন। এর আগে গত নভেম্বরেও ওই প্রস্তাবে ভারত ভোটদানে বিরত ছিল। এমনকি, ভারত এ পর্যন্ত 'রোহিঙ্গা' শব্দটি উচ্চারণ করার মতো সাহস না দেখিয়ে প্রকারান্তরে মিয়ানমারের পক্ষ নিয়েছে বলেই মনে হয়। ভারত আমাদের সাথে ২০১০ সালে ৭৩৬ কোটি ডলারের ৪৬টি প্রকল্পে ঋণচুক্তি করলেও, গত ১০ বছরে তিন দফায় অর্থছাড় করেছে মাত্র ৭০ কোটি ডলার। ঋণের শর্ত হিসেবে ৭৫ শতাংশ পণ্য ও পরিষেবা ভারত থেকে আনতে হবে। কিন্তু সমন্বয়হীনতা, আমলাতান্ত্রিক জটিলতা এবং বাংলাদেশে স্বল্প খরচে পাওয়ার সুযোগ থাকা সত্ত্বেও ভারত থেকে অধিক ব্যয়ে আমদানির বাধ্যবাধকতা, ইত্যাদি পুরো প্রক্রিয়াকে অত্যন্ত ধীরগতি সম্পন্ন করে রেখেছে।

কূটনীতি হলো, পররাষ্ট্র বিষয়ে কৌশলপূর্ণ নীতি। এর সাথে 'স্বার্থ' এবং 'কৌশল' জড়িত। এই কৌশল কোনো ধরনের মনস্তাত্ত্বিক চাপ দিয়েও প্রয়োগ করা সম্ভব। আবার সু-সম্পর্কের মাধ্যমেও কৌশল বাস্তবায়ন করা যায়। এক্ষেত্রে যে একটা 'ডোমিনেশন' বা বড়ত্বেরই বড়াই বা অহমিকা ভারতের মনস্তত্ত্বে ক্রিয়াশীল রয়েছে বলে প্রতীয়মান হয়।

সম্প্রতি আরো একটি বিষয় অত্যন্ত উদ্বেগজনক হয়ে দাঁড়িয়েছে যে, ভারতের মিজোরাম রাজ্যের সীমান্তে পার্বত্য চট্টগ্রামের সশস্ত্র আঞ্চলিক বিচ্ছিন্নতাবাদী গোষ্ঠীর ঘাঁটির অস্তিত্বের কথা জানা যাচ্ছে। গত ২২-২৫ ডিসেম্বর গৌহাটিতে অনুষ্ঠিত ৫১তম সীমান্ত সম্মেলনে বিজিবির মহাপরিচালক এই উদ্বেগের কথা আনুষ্ঠানিকভাবে বিএসএফের মহাপরিচালককে জানিয়েছেন। আমরা আমাদের পার্বত্য চট্টগ্রামে রক্তক্ষরণের কথা এখনো ভুলে যাইনি। সেখানে শান্তিবাহিনী নামের সন্ত্রাসী বিচ্ছিন্নতাবাদী গোষ্ঠী আমাদের বিপুল অর্থ-সম্পদ এবং জনবলের ক্ষয় করেছে দীর্ঘদিন। তারা কোন দেশের সহযোগিতায় এই বাংলাদেশের নিরাপত্তাকে হুমকির সম্মুখীন করেছিল সে কথা বিশ্ববাসী ভালোভাবেই জানে। কাজেই বর্তমানে মিজোরামে সন্ত্রাসী গোষ্ঠীর উপস্থিতি আমাদেরকে আবারো শঙ্কিত করে তুলেছে যদিও বিএসএফের মহাপরিচালক সেই আস্তানাগুলো 'ধ্বংস করে দেয়া'র আশ্বাস দিয়েছেন। কিন্তু ইতিহাসের নিরিখে আমরা ভারতের আশ্বাসের ওপর কতটুকু আস্থা রাখতে পারি? নিত্য ব্যবহার্য পণ্য পেঁয়াজ নিয়ে আমাদের প্রিয় বন্ধু দেশটি আমাদের বারবার নাস্তানাবুদ করে ছাড়ছে। ২০১৯ সালে হঠাৎ পেঁয়াজ রফতানি বন্ধ করে আমাদের মহাবিপদে ফেলে দিয়েছিল। এ থেকে আমরা শিক্ষা নেইনি, বরং তাদের আশ্বাসে আস্থা রেখেছিলাম। গত বছরের ১৪ সেপ্টেম্বর ভারত পুনরায় হঠাৎ পেঁয়াজ রফতানি বন্ধ করে দেয়। আবার আমরা মহাবিপাকে পড়ে যাই। আমাদের চাষিরা পেঁয়াজ চাষ বাড়িয়ে দেন, ব্যবসায়ীরা অন্য দেশ থেকে পেঁয়াজ আমদানি করেন। এমতাবস্থায় হঠাৎ গত ১ জানুয়ারী ভারত পেঁয়াজ রফতানির ওপর নিষেধাজ্ঞা তুলে নেয়। ফলে ভারতীয় পেঁয়াজ দেশে ঢোকা শুরু করে। এতে এদেশের চাষি তার উৎপাদিত পেঁয়াজের মূল্যে মারাত্মক ঘাটতি গুনবেন এবং আমদানিকারকরা ব্যবসায়ে সমূহ ক্ষতির সম্মুখীন হয়ে পড়বেন। জানা যায়, ইতোমধ্যে চট্টগ্রাম বন্দরে ২৮ হাজার টন পেঁয়াজ খালাসের অপেক্ষায় রয়েছে। এসব পর্যবেক্ষণ করেই ভারতীয় সাংবাদিক প্রাবিন স্বামী তার কলামে লিখেছেন, 'বাংলাদেশ-ভারত রোমান্সের আড়ালে কিছু কুৎসিত টানাপড়েন তৈরি হচ্ছে' (প্রথম আলো, ২৩ ডিসেম্বর-২০২০)।

কূটনীতি হলো, পররাষ্ট্র বিষয়ে কৌশলপূর্ণ নীতি। এর সাথে 'স্বার্থ' এবং 'কৌশল' জড়িত। এই কৌশল কোনো ধরনের মনস্তাত্ত্বিক চাপ দিয়েও প্রয়োগ করা সম্ভব। আবার সু-সম্পর্কের মাধ্যমেও কৌশল বাস্তবায়ন করা যায়। এক্ষেত্রে যে একটা 'ডোমিনেশন' বা বড়ত্বেরই বড়াই বা অহমিকা ভারতের মনস্তত্ত্বে ক্রিয়াশীল রয়েছে বলে প্রতীয়মান হয়। এভাবে কূটনৈতিক সফলতা অর্জিত হয় কিন্তু বন্ধুত্বের সম্পর্ক প্রতিষ্ঠিত হয় না। কাজেই প্রিয়তম বন্ধু বা 'প্রথম প্রতিবেশীর' সম্পর্ক গড়তে হলে ভারতকে অবশ্যই বাংলাদেশের প্রতি মনোভাব পরিবর্তন করতে হবে। তাদের আশ্বাসবাণীগুলো এখন ঘুম পাড়ানো কবিতায় পর্যবসিত হচ্ছে। আশ্বাসের প্রতিজ্ঞাগুলো দ্রুত কার্যকর না করলে আস্থা অর্জন দুরূহ হয়ে পড়বে। অন্যদিকে, আমাদের দেশের স্বার্থের ব্যাপারে আমাদেরকে আরো কৌশলী হয়ে শক্ত অবস্থানে পৌঁছাতে হবে। কখনো কখনো আমাদের নেতারা এমনভাবে এসব পারস্পরিক স্বার্থসংশ্লিষ্ট বিষয়ে বক্তব্য রাখেন যাতে ভারতের স্বার্থগুলোই ডিফেন্ডেড হয় বলে প্রতীয়মান হয়েছে। এটা খুবই বেদনাদায়ক। নরম বা নমনীয় অবস্থান দিয়ে আনুষ্ঠানিক সম্পর্ক রক্ষা করা সম্ভব কিন্তু বৃহত্তর জনগোষ্ঠীর কল্যাণ সম্ভব হয় না। আসলে একটি দেশের দুর্বল গণতান্ত্রিক ব্যবস্থার ওপর কখনো শক্ত কূটনীতির সংস্কৃতি গড়ে উঠতে পারে না। কাজেই প্রতিবেশী বা অন্য যেকোনো বিদেশী পক্ষের সাথে 'Win Win' বৈশিষ্ট্যের কূটনৈতিক কার্যক্রম পরিচালনার জন্য দেশের গণতন্ত্রকে মজবুত ভিতের ওপর দাঁড় করাতে হবে। আরো একটি সমস্যা হলো, আমরা জাতিগতভাবে ভীষণ বিভক্ত। আমরা এক ভাষা ও একক ভূখণ্ডের মানুষ হলেও বিভক্তির মূল ধারাগুলোর ছায়াতলে ডান, বাম, মধ্য, ইসলামী ইত্যাদি বহুবিধ শাখায় শতধা বিভক্তির মধ্যে রয়েছি। বৃহৎ প্রতিবেশীর পাশে স্বাধীন-সার্বভৌম মেজাজে মাথা উঁচু করে চলার জন্য ছোট্ট প্রতিবেশী দেশের দরকার জাতীয় ঐক্য। নিজেরা রাজনৈতিক ও আদর্শগতভাবে বিভক্ত থেকেও বৃহত্তর 'জাতীয় স্বার্থের' আদর্শকে ঐকমত্যের ভিত্তি কায়েম করতে পারলে কোনো শক্তিই আমাদেরকে দুর্বল ভাবতে পারবে না এবং তাদের সবল কূটনীতি আমাদের ওপর চাপিয়ে দিতে সক্ষম হবে না।

লেখক: নিরাপত্তা বিশ্লেষক

২৪ নম্বর কাউন্সিল ডিসট্রিক্টে পছন্দের ক্রমানুসারে ভোট দেয়ার প্রক্রিয়া অবলম্বন করে আগামীকাল বিশেষ নির্বাচন অনুষ্ঠিত হতে যাচ্ছে!

২ ফেব্রুয়ারি, ২০২১ নির্বাচন অনুষ্ঠিত হবে

ভোটকেন্দ্র সকাল ৬টা থেকে রাত ৯টা পর্যন্ত খোলা থাকবে

শুধুমাত্র নিবন্ধিত ভোটাররাই এই নির্বাচনে ভোট দিতে পারবে

পছন্দের ক্রমানুসারে ভোট দেয়ার বিষয়ে আরও জানার জন্য

VOTE.NYC দেখুন অথবা (866) 868-3692, টিটিওয়াই (212) 487-5496 নম্বরে কল করুন

আপনার ভোটকেন্দ্র খুঁজে পেতে এবং একটি নমুনা ব্যালট দেখার জন্য
findmypollsite.vote.nyc দেখুন
অথবা (866) 868-3692
টিটিওয়াই (212) 487-5496 নম্বরে কল করুন

নির্বাচন কর্মী হিসাবে কাজ করতে চাইলে আমাদের ওয়েব সাইট nyc.electiondayworker.com দেখুন

COMMISSIONERS OF ELECTION

Frederic M. Umane - প্রেসিডেন্ট
Miguelina Camilo- সেক্রেটারি
Jose Miguel Araujo
Gino A. Marmorato
Michael Michel
Rodney L. Pepe-Souvenir
Simon Shamoun
Patricia Anne Taylor
Tiffany Townsend
John Wm. Zaccone

AFFORDABLE SENIOR CARE OF NEW YORK LLC

Licensed Home Health Care Agency

আমরা বাংলায় কথা বলি

আমাদের অফিস লোকেশন ব্রুকলিনের বাংলাদেশী অধ্যুষিত চার্চ ম্যাকডোনাল্ড এলাকায়

CDPAP

- বাড়িতে থেকেই পরিবারের সদস্যদের স্বাস্থ্য সেবা দিন
- আমরা দীর্ঘদিন ধরে বাংলাদেশী কম্যুনিটিকে সেবা দিয়ে আসছি।
- রোগীকে সেবা করার সম্পূর্ণ খরচ সরকার বহন করে।





CDPAP প্রোগ্রামের আওতায় HHA /প্রশিক্ষণ ছাড়াই আপনার বৃদ্ধ, অসুস্থ বা শারিরীকভাবে অক্ষম মা-বাবা, শ্বশুর-শ্বাশুড়ি, আত্মীয়-স্বজন, পাড়া-প্রতিবেশীদের স্বাস্থ্য সেবা দিয়ে আয় করতে পারেন।

✓ প্রশিক্ষণ ও **HHA** সার্টিফিকেট থাকলে আপনি
আমাদের মাধ্যমে যেকোন রোগীকে স্বাস্থ্যসেবা দিতে পারেন।

✓ আপনি কি **HHA** অথবা **PCA** হিসেবে চাকুরী খুঁজছেন?
তাহলে আপনি আমাদের প্রতিষ্ঠানে সুযোগ সুবিধাসহ আকর্ষণীয় বেতনে চাকুরী করতে পারেন।

CDPAP *প্রোগ্রামের জন্য কোন সার্টিফিকেটের প্রয়োজন নেই।*

রোগীর জন্য নিজ গৃহে সেবা পেতে অথবা রোগীকে সেবা দানের বিস্তারিত তথ্য জানতে বাংলায় কথা বলুন।

CDPAP Specialist: Tarin: 347-362-1525, OFF: 718-851-0325

Brooklyn OFFICE

338 East 5th Street, Brooklyn, NY 11218
(Church Ave & East 5 street)
Tarin: 718-851-0325

Jackson Heights OFFICE

37-15, 73rd Street, Jackson Heights Suite # 208
(Bangladesh Plaza)
Solaiman: 302-513-3837

Email: info@ASCofNY.com
www.affordableseniorcarenewyork.com/cdpap.html

Affordable Senior Care of New York, LLC is a Licensed Home Health Care Agency
by the New York State Department of Health

Office Hour : Mon.-Friday (9am-5pm)

জ্যামাইকার বাসা থেকে জিমামের লাশ উদ্ধার

(প্রথম পাতার পর)

শনিবার (৩০ জানুয়ারী) কুইন্সের হিলসাইড এভিনিউ সংলগ্ন তাদের বাসায় জিমাম-কে মৃত অবস্থায় পাওয়া গেছে বলে জানা গেছে। (ইন্না লিল্লাহি ওয়া ইন্না ইলাহি রাজেউন)। তার মৃত্যুর কারণ জানা যায়নি। সে নিউইয়র্ক সিটি ইউনিভার্সিটিতে কম্পিউটার সায়েন্সের ছাত্র ছিলেন। জিয়ামের অকাল ও আকস্মিক মৃত্যুতে কমিউনিটিতে শোকের ছায়া নেমে এসেছে।

এদিকে রোববার (৩১ জানুয়ারী) বাদ এশা উপসাইডস্থ আহলুল বাইত মিশন মসজিদ এন্ড ইসলামিক সেন্টাওে জিমাম-এর নামাজে জানাজা অনুষ্ঠিত হয়। এতে সর্বস্তরের বিপুল সংখ্যক প্রবাসী বাংলাদেশী বিশেষ করে সিলেটবাসী অংশ নেন। সোমবার রাতে আমিরাত এয়ার-লাইন্সের একটি ফ্লাইটে তার মরদেহ ঢাকার উদ্দেশ্যে পাঠানো হবে। ঢাকায় পতা জুয়েল চৌধুরী নিজেই পুত্র জিমামের মরদেহ গ্রহণ করবেন বলে জানা গেছে।

উল্লেখ্য, জুয়েল চৌধুরী নিউইয়র্কের আহলুল বাইত মিশন মসজিদ এন্ড ইসলামিক সেন্টারের সভাপতি এবং সিলেট সদর সমিতি ইউএসএ'র সাবেক সভাপতি ছাড়াও বিভিন্ন সামাজিক সংগঠনের সাথে জড়িত।

জানা যায়, জুয়েল চৌধুরী সপরিবারে ডিসেম্বরের শেষ সপ্তাহে বাংলাদেশে গিয়েছেন। গত বুধবার (২৭ জানুয়ারী) জিমাম নিউইয়র্কে ফিরে আসেন। পারিবারিক বন্ধু পরিবার তাকে জেএফকে আন্তর্জাতিক বিমানবন্দর থেকে নিয়ে আসেন। ওই পরিবারের সাথেই বুধবার রাতে ছিলেন জিমাম। পরদিন বৃহস্পতিবার (২৮ জানুয়ারী) সন্ধ্যায় জামাইকাস্থ হিলসাইড এভিনিউর বাসায় নামিয়ে দেয়া হয় তাকে।

শুক্রবার দিনভর জিমামের সাথে নিউইয়র্কে কারো যোগাযোগ করার খবর জানা যায়নি। শনিবার দুপুরে জিমামের বন্ধু বাসায় এসে ডাকাডাকি করে তার কোন সাড়া পাচ্ছিলেন না। পরে একই বাসার নীচের তলায় থাকা লোকজনের সাহায্যে জিমামের ঘরে প্রবেশ করেন তারা। বিকেল ৪টার দিকে জিমামের নিশ্চল শরীরে দেখে দ্রুত ৯১১ এ কল দেয়া হয়। পুলিশ এসে জিমামের মৃতদেহ উদ্ধার করে। তার মরদেহ মেডিকেল পরীক্ষার জন্য নিয়ে যাওয়া হয়েছে। জিমাম হৃদযন্ত্রের ক্রিয়া বন্ধ হয়ে মারা গেছে বলে প্রাথমিকভাবে ধারনা করা হচ্ছে।

বাংলাদেশে সিলেট শহরে নিজের বাসায় অবস্থানরত জিমামের বাবা জুয়েল চৌধুরী ও মা লুবানা চৌধুরীকে একমাত্র ছেলের মৃত্যুর কথা জানানো হয়েছে। সব আনুষ্ঠানিকতার পর নিউইয়র্কে জানাজা শেষে জিমামের মরদেহ দেশে পাঠানোর হবে বলে পরিবারের পক্ষ থেকে জানানো হয়েছে।

জেড চৌধুরী জুয়েল মিডিয়াকে বলেন, গত ৩১ ডিসেম্বর মা-বাবা এবং দুই বোনের সাথে জিমাম সিলেট গিয়েছিলেন। সেখান থেকে ঘনিষ্ঠ এক অসুস্থ বন্ধুর অস্ত্রোপচারের সময় হাসপাতালে থাকার কথা বলে দুই দিন আগে নিউইয়র্কে ফিরে আসেন জিমাম। দুই সপ্তাহ পরই পুনরায় সিলেটে মা-বাবার কাছে ফেরার কথা ছিল বলে জিমামের বাবা। তিনি বলেন, তার ছেলে ঘুমের মধ্যে হৃদরোগে আক্রান্ত হয়ে মারা গেছেন বলে লাশ উদ্ধারের সময় আসা প্যারামেডিক্সরা জানিয়েছেন। টেলিফোনে বন্ধুরা সাড়া না পেয়ে বাসার সামনে এসে বেসমেন্টের লোকজনের কাছে জিমামের ব্যাপারে জানতে চেয়েছিলো। পরে দরজায় কড়া নেড়েও সাড়া না পেয়ে পুলিশে ফোন করা হয়েছিল।

তিনি আরও জানান, জিমামের লাশ মেডিকেল এক্সামিনারের ছাড়পত্র পাবার পরই নিউইয়র্কে উডসাইডে আহলে বায়াত মসজিদে জানাযার পর বাংলাদেশ কন্সুলেটের ছাড়পত্রে ঢাকা হয়ে সিলেটে আনার পর হযরত শাহ জালাল (র:) এর মাজার সংলগ্ন পারিবারিক গোরস্থানে জিমামের মরদেহ দাফন করা হবে।

শোক প্রকাশ: জালালাবাদ এসোসিয়েশন অব আমেরিকার সাবেক সাধারণ সম্পাদক জেড চৌধুরী জুয়েলের পুত্র জিমাম-এর অকাল মৃত্যুতে সংগঠনের সভাপতি মইনুল হক চৌধুরী হেলাল ও সাধারণ সম্পাদক মিজানুর রহমান চৌধুরী শেফাজ, বাংলাদেশ সোসাইটির ভারপ্রাপ্ত সভাপতি আব্দুর রহীম হাওলাদার ও সাধারণ সম্পাদক রুহুল আমীন সিদ্দিকী, জালালাবাদ এসোসিয়েশনের সাবেক সভাপতি বদরুল হোসেন খান, বাংলাদেশ সোসাইটি ও জালালালবাদ এসোসিয়েশনের সাবেক সাধারণ সম্পাদক আতাউর রহমান সেলিম, যুক্তরাষ্ট্র আওয়ামী লীগের প্রচার সম্পাদক দুলাল মিয়া এনাম, বাংলাদেশ বিয়ানীবাজার সামাজিক ও সাংস্কৃতিক সমিতি ইউএসএ'র সাবেক সভাপতি আজিমুল রহমান বুরহান ও মস্তফা কামাল, বাংলাদেশী আমেরিকান কালচারাল এসোসিয়েশন-এর সভাপতি আহবাব চৌধুরী খোকন ও সাধারণ সম্পাদক সারওয়ার চৌধুরী, জ্যামাইকা বাংলাদেশ ফ্রেন্ডস সোসাইটির উপদেষ্টা ছদরুন নূর, সভাপতি মোহাম্মদ ফখরুল ইসলাম দেলোয়ার ও সাধারণ সম্পাদক সৈয়দ আল আমীন রাসেল, যুক্তরাষ্ট্র যুবলীগ নেতা জামাল হোসাইন ও মোহাম্মদ সেবুল মিয়া প্রমুখ কমিউনিটি নেতৃবৃন্দ গভীর শোক ও সমবেদনা প্রকাশ করে মরহুম জিমামের বিদেহী আত্মার মাগফেরাত কামনা করেছেন।

সেনা অভিযানে মিয়ানমারের রাষ্ট্রপতি ও অং সান সু চি আটক

(প্রথম পাতার পর)

কয়েকজন নেতাকে আটক করেছে সেনাবাহিনী। স্থানীয় সময় সোমবার ভোরে সেনাবাহিনীর অভিযানে তাদের আটক করা হয় বলে জানিয়েছেন ক্ষমতাসীন দলের মুখপাত্র মায়ো নিউনত।

তিনি জানান, সোমবার ভোরে অং সান সু চি, রাষ্ট্রপতি উইন মিনত এবং অন্যান্য শীর্ষ নেতাদের আটক করা হয়েছে। তবে আমি জনগণকে উত্তেজিত প্রতিক্রিয়া না দেখানোর আহ্বান জানাই। তারা যেন আইন অনুসারে প্রতিক্রিয়া জানায়।

দেশটির সামরিক বাহিনী গত বছরের নভেম্বরে অনুষ্ঠিত নির্বাচনে ব্যাপক ভোট জালিয়াতির অভিযোগ তোলে। সেই অভিযোগের প্রেক্ষিতেই সেনাবাহিনী এই অভিযান পরিচালনা করেছে। অং সান সু চির নেতৃত্বাধীন ন্যাশনাল লিগ ফর ডেমোক্রেসি (এনএলডি) নভেম্বরের নির্বাচনে নিরঙ্কুশ বিজয় পেয়েছে। তবে সেই নির্বাচনে সংঘাতপূর্ণ অঞ্চলের ভোটারদের ভোট বঞ্চিত করার সমালোচনা করেছিল মানবাধিকার গোষ্ঠীগুলো।

অন্যদিকে সেনাবাহিনী সমর্থিত বিরোধী জোট নির্বাচনে ব্যাপক অনিয়মের অভিযোগ তোলে। তাদের দাবি ৮.৬ মিলিয়ন ভোট জালিয়াতির ঘটনা ঘটে সেই নির্বাচনে।

ভয়াবহ তুষার পাতের আশংখ্যা

(শেষের পাতার পর)

রাজ্যেবাসীদের প্রতি অনুরোধ জানিয়েছে। আবহাওয়া দপ্তর বলছে দীর্ঘমেয়াদী শীতকালীন ঝড়ের ঝাপটায় পড়তে যাচ্ছে রাজ্যগুলো। এই অঞ্চলজুড়ে যথেষ্ট তুষার এবং উচ্চ বাতাস প্রবাহিত করবে। সেন্ট্রাল এবং সাউথ জার্সীতে ১০ ইঞ্চির উপরে তুষাপাত হওয়ার সম্ভাবনা রয়েছে বলে আবহাওয়ার পূর্বাভাষে আশংকা করা হচ্ছে। এদিকে গত কয়েকদিন ধরে নিউইয়র্কবাসী প্রচন্ড ঠান্ডা অবিবাহিত করছেন।

গত এক সপ্তাহ থেকেই এ অঞ্চলে তাপমাত্রা হিমাঙ্কের নিচে অবস্থান করছে। শীতের তীব্রতায় দুর্ভোগে পড়েছে মানুষ। আবহাওয়া বিভাগের পূর্বাভাস মতে, রোববার সকাল থেকেই প্রচন্ড শীতের সঙ্গে বাতাস বইতে শুরু করেছে। তবে তাপমাত্রা ২৮ ডিগ্রি ফারেনহাইটে থাকলেও বাতাসের কারণে তা অনেক কম অনুভূত হচ্ছে। এদিকে রোববার বিকেল থেকে সোমবার পর্যন্ত কোনো কোনো এলাকায় ৬ থেকে ১২ ইঞ্চি পর্যন্ত তুষারপাত হতে পারে। সোমবার তুষারপাতের সঙ্গে ঘণ্টায় ৪০ থেকে ৫০ মাইল বেগে দমকা বাতাস বইবে। মঙ্গলবার পর্যন্ত অব্যাহত থাকবে তুষারপাত। এজন্য নিউইয়র্ক ও নিউজার্সী রাজ্য সরকারের পক্ষ থেকে জরুরি আবহাওয়া সতর্কতা বার্তা জারি করা হয়েছে। তুষার জমার আগেই রাস্তা পরিচ্ছন্ন করার জন্য রাজ্যের সংশ্লিষ্ট সংস্থাকে প্রস্তুত রাখা হয়েছে। রাস্তায় রাস্তায় ফিটানো হচ্ছে লবন।

নিউইয়র্কের গভর্নর এন্ড্রু কুমো তুষারপাতে সৃষ্ট সমস্যা মোকাবিলার জন্য আগাম প্রস্তুতি নেওয়ার আহবান জানিয়েছেন। তুষারপাতের সঙ্গে দমকা বাতাস শুরু হলে বিদ্যুৎ সংযোগ বিচ্ছিন্ন হতে পারে বলেও সতর্ক করা হয়েছে। যে কোন পরিস্থিতি মোকাবেলায় প্রস্তুত সিটির বিদ্যুৎ বিভাগ। জরুরী প্রয়োজন ছাড়া নগরবাসীকে বাইরে যেতে নিষেধ করা হয়েছে। এদিকে, ভারি তুষারপাতের শঙ্কায় সোমবার স্কুলে ইনপার্সন ক্লাস বন্ধ ঘোষণা করেছেন নিউইয়র্ক সিটি মেয়র ডি ব্লাজিও। তবে, অনলাইনে চলবে ক্লাস।

ইমিগ্র্যান্ট শিশুদের পরিবারের কাছে ফেরত দিতে চান জিল

(শেষের পাতার পর)

পরিবারগুলোর পুনর্মিলনে উদ্যোগী হচ্ছেন। গত শুক্রবার হোয়াইট হাউস থেকে একথা জানানো হয়।

জানা গেছে, প্রেসিডেন্ট জো বাইডেনের নির্বাচনী প্রচারণা প্রতিশ্রুতি অনুযায়ী এসব পরিবার ও শিশুদের পুনরায় একত্রকরণের বিষয়ে মঙ্গলবার তার একটি টাস্ক ফোর্স চালু করার বিষয়ে ঘোষণা দেয়ার পরিকল্পনা রয়েছে। এ ব্যাপারে তিনি ও তার স্ত্রী ড. বাইডেন ব্যক্তিগতভাবে কিছু করতে প্রতিশ্রুতিবদ্ধ রয়েছেন।

উল্লেখ্য, শিক্ষায় ডক্টরেট করেছেন ৬৯ বছর বয়সী জিল বাইডেন। তার স্বামী প্রেসিডেন্ট হিসেবে দায়িত্ব পালন করলেও তিনি ওয়াশিংটনের কাছাকাছি কোন একটি ইউনিভার্সিটিতে শিক্ষাকতার পরিকল্পনা করছেন।

নিরাপত্তা ও বিশ্বস্ততার প্রতীক

SECI সোনালী এক্সচেঞ্জ কোম্পানী ইন্‌ক
SONALI EXCHANGE CO. INC.
(সোনালী ব্যাংক লিমিটেড এর একটি অঙ্গ প্রতিষ্ঠান)
LICENSED AS INTERNATIONAL MONEY TRANSMITTER BY THE BANKING DEPARTMENT OF THE STATE OF NEW YORK, NEW JERSEY, GEORGIA, MARYLAND & MICHIGAN

সোনালী এক্সচেঞ্জ প্রবাসে আপনার সবচেয়ে পুরনো ও বিশ্বস্ত বন্ধু

ঘরে বসে এখন Apps এর মাধ্যমে দেশে টাকা পাঠানো যাবে। এই জন্য আই ফোন এবং এনড্রয়েড ফোনে প্লে ষ্টোরে গিয়ে ডাউনলোড করতে হবে Sonali Exchange এর Apps টি

- যুক্তরাষ্ট্রে বাংলাদেশ সরকারের আর্থিক প্রতিষ্ঠান
- সর্বোচ্চ বিনিময় হার ও সর্বনিম্ন ফি।
- সরকারী নিরাপত্তায় আপনার প্রেরিত অর্থ সম্পূর্ণ নিরাপদ ও আয়কর মুক্ত।
- বাংলাদেশের সর্বত্র ক্যাশ পিক-আপ।
- যে কোন ব্যাংক একাউন্টে টাকা পৌঁছে যায় অতি দ্রুত।
- ঘরে বা অফিসে বসেও অনলাইনের মাধ্যমে রেমিটেন্স করা যায়। লগ ইন করুন: www.sonaliexchange.com

সোনালী এক্সচেঞ্জ এর মাধ্যমে রেমিটেন্স করুন, দেশের অর্থনৈতিক উন্নয়নে গর্বিত অংশীদার হউন।

রেমিটেন্স সংক্রান্ত তথ্যের জন্য নিম্নের যে কোন শাখায় যোগাযোগ করুন

ASTORIA 718-777-7001	ATLANTA 770-936-9906	BROOKLYN 718-853-9558	JACKSON HTS 718-507-6002	BRONX 718-822-1081
JAMAICA 347-644-5150	MANHATTAN 212-808-0790	MICHIGAN 313-368-3845	OZONE PARK 347-505-8670	PATERSON 973-595-7590

আমাদের সার্ভিস নিন - আপনাকে সেবা করার সুযোগ দিন

Immigrant Elder Home Care LLC

হোম কেয়ার



ঘরে বসেই প্রিয়জনদের সেবার মাধ্যমে অর্থ উপার্জন করুন

$২১ প্রতি ঘন্টা

নিউইয়র্ক ষ্টেটের হেলথ ডিপার্টমেন্টের সিডিপেপ/হোম কেয়ার প্রোগ্রামের মাধ্যমে আপনি ঘরে বসেই আপনার পিতা-মাতা শ্বশুড়-শ্বাশুড়ী, আত্মীয়-স্বজন ও প্রতিবেশীদের সেবা দিয়ে প্রতি সপ্তাহে অর্থ উপার্জন করতে পারেন।

কোন প্রশিক্ষণের প্রয়োজন নেই এবং আমরা কোন ফি চার্জ করি না।

আজই যোগাযোগ করুন:

গিয়াস আহমেদ, চেয়ারম্যান / সিইও /৯১৭-৭৪৪-৭৩০৮

Corporate Office	Long Island Office	Bronx Office	Ozone Park Office	Buffalo Office
37-05 74st, 2nd Fl	1 Blacksmith Lane	2148 Starling Ave.	175 B Forbell Street	642 Walden Avenue
Jackson Heights, NY 11372	Dix Hill, NY 11731	Bronx, NY 10462	Brooklyn, NY 11208	Buffalo, NY 14211
917-744-7308, 718-457-0813	718-406-5549	917-744-7308, 718-457-0813	Tel: 917-744-7308	Tel: 347-837-1162

প্রফেশনাল ভিডিওগ্রাফি ও ফটোগ্রাফির জন্য আজই আসুন



STAR Photography

শহরের সেরা ফটোগ্রাফার এবং ভিডিওগ্রাফার

হাই ডেফিনেশন কোয়ালিটি
কম দাম, দ্রুত ডেলিভারী
বিয়ে, জন্মদিন, বিজনেস পার্টি
কালচারাল প্রোগ্রামসহ সব অনুষ্ঠান

Please contact for all
Your Professional
Photography Like events
News Conference
Wedding Reception & Modelling

NEHER SIDDIQUEE
MBPS, MIFPO
917-476-6628, 718-371-8334
www.neherphotography.weebly.com

গ্রেটার বাফেলোর
বাংলাদেশী কমিউনিটি সহ
অন্যান্য খবর জানতে
বাফেলোর প্রথম
এবং
একমাত্র
বাংলা সংবাদপত্র
বাফেলো বাংলা
পড়ুন
www.buffalobangla.com

Homeopathy & Herbal
হোমিওপ্যাথিক এন্ড হারবাল
ডাঃ এস.কে.শর্মা
D.H.M.S (B.D) N.H.C (USA) Homeopathic Specialist

আপনি কি যে কোন জটিল কঠিন ও পুরাতন রোগে ভুগছেন, তাহলে একবার হোমিওপ্যাথিক ঔষধ ব্যবহার করে দেখুন। আমাদের এইখানে সম্পূর্ন গোপনীয়তা রক্ষা করা হয়।

*Migraine *বাত *হাঁপানি পীড়া *আঁচিল * অর্শ *টিউমার *Kidney Stone *অন্ডকোষের পীড়া *কর্ণের পীড়া *কাশি *কিডনীর পীড়া *চর্ম্ম পীড়া * টনসিলাইটিস *দন্তের পীড়া *ধবল বা শ্বেতী রোগ *নখের পীড়া *পক্ষাঘাত *Gall Bladder Stone *প্রস্রাবের পীড়া * প্রষ্টেট- গ্ল্যান্ডের পীড়া *Fatty Liver * ফুসফুসের পীড়া *ব্লাড-প্রেসার *ভগন্দর * মাথা ব্যাথা * লিভারের পীড়া *সায়েটিকা *সিষ্টাইটিস *স্বরভংগ *নাকে পলিপাস *হার্নিয়া *Blood Cholesterol *চুল পড়া *Fatty Heart *ব্রন *একজিমা * শোথ * টাক রোগ * রক্ত প্রস্রাব * জন্ডিস * অনিদ্রা *গ্র্যাষ্টিক *নিদ্রায় নাক ডাকা * পায়ের তলায় কড়া * মুখে দুর্গন্ধ * স্বপ্ন দোষ * হস্তমৈথুন শোক দুঃখ জনিত পীড়া ইত্যাদি।

মহিলাদের:* অনিয়মিত ঋতুস্রাব * স্তনের টিউমার * চুল পড়া * শ্বেতপ্রদর বা লিউকোরিহিয়া * ডিম্বাশয়ের টিউমার (Ovarian Cyst) * Endometriosis, * জরায়ুর টিউমার (Uterus Tumors), * বন্ধ্যাত্ব * ঋতুস্রাবে বিলম্ব ইত্যাদি।

শিশুদের:-শিশু দাঁত উঠিতে হাঁটিতে ও কথা বলিতে বিলম্ব, শিশুর একশিরা, শিশুর কোষ্ঠবদ্ধতা, শিশুর মুখদিয়া লালা পড়া, শিশু না খাইতে চাওয়া (Appetite Problems)

আপনি কি যৌন সমস্যায় ভুগছেন
*premature Ejaculation *Low Libido * Impotence
*পুরুষত্বহীনতা * শীঘ্রপতন *লিঙ্গ শিথিলতা

আমরা আমেরিকার যে কোন ষ্টেটে ডাকযোগে ঔষধ পাঠিয়ে থাকি।
37-15 73rd Street, Jackson heights, NY 11372.
Cell: 917-285-4804, Ph: 718-898-0939
www.vhvshop.com
Business Hours: Monday-Friday: 12:00PM-8:00PM Saturday-Sunday: 12PM-5PM
স্বল্প খরচে অল্প সময়ে অত্যাধুনিক পদ্বতিতে, আমেরিকান ঔষধের সাহায্যে চিকিৎসা করা হয়।

পার্কচেস্টারে
অভিজ্ঞ বাংলাদেশি ডাক্তার

আমরা
সব ধরনের ইন্স্যুরেন্স
গ্রহণ করে থাকি

এখানে বাংলাদেশী মহিলা গাইনোকলজিষ্ট, কার্ডিওলোজী, গ্যাস্ট্রো এন্ট্রোলজী, ফিজিক্যাল থেরাপী, পেইন ম্যানেজমেন্ট সহ সব ধরনের চিকিৎসা সুবিধা রয়েছে

ডা. আতাউল চৌধুরী (তুষার) এম.ডি
মেডিসিন বিশেষজ্ঞ (বোর্ড সার্টিফাইড)

ডা. মঞ্জিলা রহমান
গাইনোকলজিষ্ট



TEL: 917-634-9600
917-634-9601
FAX: 888-776-0872

We Provide EKG, Echocardiogram, TLC Exam, Different blood test and much more

1268 White Plains Road, Bronx, NY 10602
E-mail: nyccommunitymedicalcare@gmail.com
Web: www.nyccommunitymedicalcare.com
372 East 204th Street, Bronx, NY 10467

ALL YOUR NEED REAL ESTATE BUYING & SELLING.



Tusher Bhuiyan
Licensed Real Estate Agent

▼ বাড়ী ক্রয়-বিক্রয় ব্যাপারে সব রকমের সহযোগিতা করে থাকি!
▼ অল্প ডাউন পেমেন্টে আপনিও বাড়ীর মালিক হতে পারেন!

Century 21
Tri-Boro Terrace Realty
31-08, Astoria Boulevard,
Astoria, New York, NY 11102
Business: (718) 721-2700, Ext. 19
Fax: (718) 721-7033
Cellular: (646) 732-9150
E-Mail: tusherb@aol.com

Each Office is Independently Owned and Operate

ফার্মেসী PHARMACY & SURGICAL STORE

Free Diabetic machine
সীমিত সময়ের জন্য 15% Off
Vitamins, Nutrition & Homeopathic

একই সাথে এখানে পাচ্ছেন ◆ ঔষধপত্র, মেডিক্যাল ও সার্জিক্যাল যন্ত্রপাতি। ◆ বিউটি এবং কসমেটিক্স। ◆ ইলেকট্রনিক্স, গৃহস্থালী মণিহারী, খেলনা সামগ্রী ও স্কুল সাপ্লাই।
আমরা ২৫ বছরের বেশি সময় ধরে নিষ্ঠার সাথে কমিউনিটিকে সেবা দিয়ে আসছি। সুতরাং আজই আসুন আপনার সুবিধামত অবস্থানে।
আমরা Medicade, Medicare Part D, Worker compensation সহ ইন্স্যুরেন্স প্লান গ্রহণ করি।

ASTORIA PHARMACY
30-14 30th Ave. Astoria, NY 11102
Ph: 718-278-3772
e-mail: rph@astoriapharmacy.com
www.astoriapharmacy.com

JACKSON HEIGHTS PHARMACY
71-34 Roosevelt Ave. Jackson Heights, NY 11372
Ph: 718-779-1444
e-mail: rph@jacksonheightspharmacy.com
www.jacksonheightspharmacy.com

LONG ISLAND CITY CHEMISTS
30-12 36th Ave. Long Island City, NY 11106
Ph: 718-392-8049
e-mail: licchem@yahoo.com
www.drugcabinet.com

OPEN
10 am - 10 pm
Monday to Friday
Saturday
10 am - 5 pm

হিলসাইডে বাংলাদেশী ডাক্তার

ডাঃ মোঃ কাওসার রশীদ

Diplomate American Board of Internal Medicine

❊ ফিজিক্যাল এক্সাম ❊ স্কুল ও কলেজের জন্য টীকা ❊ টিএলসি এক্সাম ❊ হজ্ব ও ওমরাহ যাত্রীদের জন্য টীকা ❊ ডায়াবেটিস ❊ উচ্চ রক্তচাপ ❊ থাইরয়েড ❊ এজমা ❊ বাতের ব্যথা ❊ চর্মরোগ ❊ যৌনরোগ এবং অন্যান্য সব ধরনের চিকিৎসা করা হয়।

আমাদের ক্লিনিকে সুলভ মূল্যে রক্ত পরীক্ষা, ইকেজি, স্পাইরোমেট্রি, প্রেগন্যান্সি, টিবি টেস্ট, কান ফুটো করা হয়।

We accept all major insuranPes including Medicare, Medicaid, Metro Plus, Health Plus, GHI, PHS, AETNA, OXFORD, HIP BC & BS, 1199, Union Plan এবং অন্যান্য যাদের ইন্স্যুরেন্স নেই তাদের জন্য হ্রাসকৃত মূল্যে চিকিৎসা করা হয়।

আমরা ১৮ বৎসর বয়স পর্যন্ত ছেলেমেয়েদের জন্য Child Health Plus ইন্স্যুরেন্স করতে সাহায্য করে থাকি।

সোম থেকে শুক্রবার ঃ সকাল ১০টা থেকে বিকেল ৬টা পর্যন্ত, শনিবার ঃ সকাল ১০টা থেকে বিকেল ৪টা পর্যন্ত।

168-32 Highland Ave. Jamaica, NY. F ট্রেনে 169th St. (South Side)
Tel: 718-657-8325, 718-657-7300
মেডিক্যাল অফিসে আসার পূর্বে এপয়েন্টমেন্ট করে নিন।

LAW OFFICES

OF
ANDREW MOULINOS
(Licensed Attorney)

মজিবুর রহমান

লাইসেন্সপ্রাপ্ত লিগ্যাল কনসালট্যান্স

718-545-2600, 917-834-9269

*Bankruptcy, Divorce
*Major Accident Cases
*Business, Incorporation
*Investment
*Estate, Litigation
*Landlord & Tenant Commercial
*Real Estate Closing
*Trade Disputes

Trade disputes and Investments involving Bangladeshi legal matters

যোগাযোগ : মুজিবুর রহমান ৯১৭-৮৩৪-৯২৬৯

23-52 31st. Street. Astoria. NY 11105

জ্যামাইকা ও গ্রীন পয়েন্টে বাংলাদেশী ডেন্টিস্ট



আমরা মেডিকেইড, মেট্রোপ্লাস, ফিডালিস কেয়ার, হেলথ্ ফার্স্ট, সিগ্না, এ্যাটনা, মেটলাইফ, গার্ডিয়ান, সেলিডেন্ট ও অন্যান্য Insurance এবং Union Plan গ্রহণ করে থাকি।

ডাঃ মাহফুজুল হাসান ডি.ডি.এস


DR. MAFUJUL HASAN D.D.S.

জ্যামাইকা অফিস
170-09, Hillside Ave,
Jamaica, NY-11432
Ph: 718-291-2710

গ্রীনপয়েন্ট অফিস
40-41, Green Point Ave,
Sunnyside, NY- 11104
Ph: 718-392-2858

KARNAFULLY TAX SERVICES INC

ENTAL



আমার পরিবারের সবার জন্য দাঁতের চিকিৎসার জন্য এস্টোরিয়ায় রয়েছে আমাদের ডেন্টাল অফিস। আমরা সর্বাধুনিক চিকিৎসা সরঞ্জাম ব্যবহার করি। মেডিকেইড গ্রহণ করা হয়।

We Do
Implant & Veneers

ডাঃ মোহাম্মদ নাঈম
ডাঃ ফেরদৌস হুসনে

অংঃড়ৎরধ খড়পধঃরড়হ
২৮-৫৭ ঝঃবরহধি ঝঃৎববঃ,
অংঃড়ৎরধ, ঘণ
ঘ ঃৎধরহ ঃড় ৩০ আব. ঝঃধঃরড়হ
ঞবষ: ৭১৮-২৬৭-০৫০০

Elmhurst Location
81-46 Baxter Ave.
Elmhurst, NY
#7 train to 82st. Station.
Tel: 718-478-1710

ARMAN CHOWDHURY, CPA

ARMAN CPA

- INDIVIDUAL INCOME TAX RETURN
- BUSINESS TAX RETURN
- NON-PROFIT TAX RETURN
- ACCOUNTING & BOOKKEEPING
- RETIREMENT AND INVESTMENT PLANNING
- TAX RESOLUTION SPECIALIST
- ISLAMIC HOME FINANCING

সঠিক ও নির্ভুলভাবে ইনকাম ট্যাক্স ফাইল করা হয়

AUTHORIZED e-file PROVIDER

7 DAYS OPEN

718-475-5686



87-54 168TH STREET, SUITE 201, JAMAICA, NY 11432
Email: armancpa@gmail.com | www.armancpa.com
TO 169 STREET

KARNAFULLY TAX SERVICES INC

কর্ণফুলী ইনকাম ট্যাক্স সার্ভিসেস
KARNAFULLY TAX SERVICES INC

We are Licensed by the IRS

CPA & Enrolled Agent

এর মাধ্যমে ট্যাক্স ফাইল করুন

ইনকাম ট্যাক্স

- Individual Tax Return (All States)
- Self Employed (taxi driver and vendor), /and Sole Proprietorship.
- Small Business
- Corporate Tax Return
- Partnership Tax Return
- Current Year / Prior Years' & Amended Tax Returns
- Individual Tax ID Numbers (ITIN)

AUTHORIZED IRS e-file PROVIDER

Direct Deposit

একাউন্টিং

- Payroll, W-2's, Pay Checks,
- Pay subs, Sales Tax, Quaterly & Year-end filings

NEW BUSINESS SETUP

- Corporation
- Small business (S-corp)
- Partnership
- LLC/SMLLC

ইমিগ্রেশন

- Petition for Alien relatives
- Apply for citizenship or Passport
- Affidavit of Support
- Condition Removal on Green Card
- Reentry Permit
- Adjustment of Status

Representation taxpayers IRS & State tax audit.

আমাদের ফার্মে রয়েছে অভিজ্ঞ
CPA & Enrolled Agent

Special Price for W2 File



Member of AICPA

Mohammed Hasem, EA, MBA
MBA in Accounting
IRS Enrolled Agent
Admitted to Practice before the IRS
IRS Certifying Acceptance Agent

NOTARY PUBLIC

IRS ENROLLED AGENT

Office Hours:
Monday - Saterday
10:00am - 8pm

Tax Preparation
fee pay by Cradit card

Ph: 718-205-6040, 718-205-6010, Fax : 718-424-0313
karnafullytax@yahoo.com, www.karnafullytax.com
37-20 74th Street. 2nd Floor. Jackson Heights

২১ ফেব্রুয়ারী বাজারে আসছে সাপ্তাহিক 'দেশ'

নিউইয়র্ক (ইউএনএ): মহামারী করোনার মধ্যেই নিউইয়র্ক থেকে প্রকাশিত হতে যাচ্ছে বাংলা ভাষার আরেকটি পত্রিকা। নাম সাপ্তাহিক দেশ। উত্তর আমেরিকার অন্যতম শীর্ষস্থানীয় সাপ্তাহিক ঠিকানার বার্তা সম্পাদক মিজানুর রহমান মিজানের সম্পাদনায় 'দেশ' নামক পত্রিকাটি ভাষার মাস ফেব্রুয়ারীর তৃতীয় সপ্তাহে অর্থাৎ একুশে ফেব্রুয়ারীকে সামনে রেখে বাজাওে আসছে বলে জানা গেছে। পত্রিকাটি প্রকাশিত হবে সপ্তাহের প্রতি বুধবার। এর প্রকাশক মঞ্জুর হুসেন। তিনি ঠিকানা'র ভাইস প্রেসিডেন্ট (মার্কেটিং) হিসেবে ২৫ বছরের অধিক সময় ধরে কর্মরত ছিলেন এবং পহেলা জানুয়ারী ঠিকানার দায়িত্ব ছেড়ে দেন। অপরদিকে মিজানুর রহমান মিজান গত ২৮ জানুয়ারী থেকে ঠিকানা ছেড়ে দেয়ার আগাম নোটিশ দিয়েছেন বলে জানা গেছে। মঞ্জুর-মিজান সম্পর্কে নিকটাত্মীয়।

উল্লেখ্য, সাপ্তাহিক ঠিকানা বিগত ৩১ বছর ধরে সপ্তাহের প্রতি বুধবার প্রকাশিত হচ্ছে। ১৯৯০ সালের ২১ ফেব্রুয়ারী ঠিকানা প্রথম প্রকাশিত হয়। খবর ইউএনএ'র।

এদিকে ইতিমধ্যেই প্রকাশিতব্য দেশ-এর অফিস নেয়া হয়েছে জ্যাকসন হাইটসে। কারো সাথে প্রতিযোগিতা নয়, সত্য ও ন্যায়-নিষ্ঠ সংবাদ পরিবেশনের অঙ্গীকারে-ই দেশ বাজারে আসছে এবং নিউইয়র্কের অন্যসব পত্রিকার মত দেশও বিনামূল্যেই বিতরণ করা হবে বলে সংশ্লিস্ট সূত্রে জানা গেছে।

আরো উল্লেখ্য, নিউ-ইয়র্ক থেকে বাংলা ভাষায় প্রায় দুই ডজনের মতো পত্রিকা প্রকাশিত হলেও এখন প্রকাশিত হচ্ছে মাত্র ১১টি। মহামারী করোনায় বিপর্যস্ত পরিস্থিতির প্রেক্ষাপটে অনেক পত্রিকার প্রকাশনা বন্ধ হয়ে গেছে। বর্তমানে প্রকাশিত পত্রিকাগুলো হচ্ছে: সাপ্তাহিক ঠিকানা, সাপ্তাহিক বাঙালী, সাপ্তাহিক পরিচয় (অনলাইন ভার্সন), সাপ্তাহিক বাংলা পত্রিকা, সাপ্তাহিক বাংলাদেশ, সাপ্তাহিক আজকাল, সাপ্তাহিক প্রবাস, সাপ্তাহিক জন্মভূমি, প্রথম আলো ও বাংলাদেশ প্রতিদিন (উত্তর আমেরিকা সংস্করণ) এবং সাপ্তাহিক নবযুগ।


চট্টগ্রামের সিটি ভোট চূড়ান্ত তামাশা : রিজভী

(৩ পাতার পর)

অন্তত ২০টি বিষয়ে লিখিত অভিযোগ দেওয়া হয়েছে জানিয়ে তিনি বলেন, এ ভোটে এজেন্টদের বের করে দেওয়া হয়েছে; আজকে দু'জন মারা গেছেন। এটা সহিংসতার নির্বাচন। এদেশে তারা শান্তিপূর্ণ ভোটের কথা বলে, তার দৃষ্টান্ত দুই তিন ঘণ্টার মধ্যে ঘটেছে। সিটি নির্বাচন এলাকায় চরম সহিংস অবস্থা বিরাজ করছে। রিজভী দাবি করেন, চট্টগ্রামে তাদের অর্ধশতাধিক নেতা-কর্মী আহত হয়েছেন। ভোটাররা যাতে কেন্দ্রে যেতে না পারেন সেজন্য বাধা দেওয়া হচ্ছে। পুলিশ কিছুই করতে পারছে না।









নির্বাচিত মেয়র (ক্লক ওয়াইজ) সালমা আক্তার (বাঁয়ে), মো. সিদ্দীক হোসেন, আবু হানিফ আজাদ, এসএম সিরাজুল হক ও মো. মাসুদুল হক মাসুদ। ছবি: সংগৃহীত

টাঙ্গাইলে ৫ পৌরসভায় আওয়ামী লীগ প্রার্থীর জয়

ঢাকা ডেস্ক: টাঙ্গাইলের ৫ পৌরসভায় আওয়ামী লীগ মনোনীত মেয়র প্রার্থীরা মেয়র হিসেবে বেসরকারিভাবে নির্বাচিত হয়েছেন। শনিবার (৩০ জানুয়ারী) ভোটগ্রহণ শেষে তাদের নির্বাচিত ঘোষণা করা হয়। টাঙ্গাইল পৌরসভায় আওয়ামী লীগ মনোনীত এস এম সিরাজুল হক আলমগীর নৌকা প্রতীকে পেয়েছেন ৬৬ হাজার ৬১৭ ভোট। তার নিকটতম প্রতিদ্বন্দ্বী বিএনপি মনোনীত প্রার্থী মাহমুদুল হক সানু ধানের শীষ প্রতীকে পেয়েছেন ২২ হাজার ৯০০ ভোট।

মির্জাপুর পৌরসভায় আওয়ামী লীগ মনোনীত সালমা আক্তার ১২ হাজার ৪৭৮ ভোট পেয়ে বেসরকারিভাবে নির্বাচিত হয়েছেন। তার নিকটতম প্রতিদ্বন্দ্বী বিএনপি মনোনীত মোহাম্মদ শফিকুল ইসলাম পেয়েছেন ২ হাজার ৯২৪ ভোট।

ভূঞাপুর পৌরসভায় আওয়ামী লীগ মনোনীত মো. মাসুদুল হক মাসুদ ৯ হাজার ৪৯৬ ভোট পেয়ে বেসরকারিভাবে নির্বাচিত হয়েছেন। তার নিকটতম প্রতিদ্বন্দ্বী বিএনপি মনোনীত মো. জাহাঙ্গীর হোসেন পেয়েছেন ৪ হাজার ৫০৫ ভোট।

মধুপুর পৌরসভায় আওয়ামী লীগ মনোনীত মো. সিদ্দীক হোসেন ২৫ হাজার ৯৯২ ভোট পেয়ে বেসরকারিভাবে নির্বাচিত হয়েছেন। তার নিকটতম প্রতিদ্বন্দ্বী বিএনপি মনোনীত মো. আ. লতিফ পান্না পেয়েছেন ১ হাজার ৬৫১ ভোট।

এছাড়া টাঙ্গাইলের সখীপুর পৌরসভায় আওয়ামী লীগ মনোনীত মো. আবু হানিফ আজাদ ৭ হাজার ৮৩৩ ভোট পেয়ে বেসরকারিভাবে নির্বাচিত হয়েছেন। তার নিকটতম প্রতিদ্বন্দ্বী স্বতন্ত্র প্রার্থী মো. সানোয়ার হোসেন সজীব পেয়েছেন ৭ হাজার ৫৪৪ ভোট।





সিডনি-সিটি অব সী গাল



হাবিব রহমান

সারা বিশ্বের লোকরা সিডনিকে নানা রকম নামে আখ্যায়িত করে। সুইট সিডনি, হানি সিডনি, ফানি সিডনি বা আরো কতো রকম নামে। আমি এর নামকরণ করেছি 'সিটি অব সী গাল'। কারণ সিডনিকে ঘিরে রেখেছে সাগর। আর শহরটির এখানে সেখানে উড়াউড়ি করে সী গাল। অন্য পাখীতো আছেই। সিডনি বন্দর ও পোতাশ্রয় হচ্ছে প্রাকৃতিক। শহরের বিভিন্ন অংশে প্রশান্ত মহাসাগরের বিভিন্ন অংশ ডালপালা মেলেছে। ফলে শহরের সর্বত্র প্রশান্ত মহাসাগরের দেখা মেলে। সাগরের অস্তিত্ব অনুভব করা যায়। শহরের প্রায় ২০ কিলোমিটার জুড়ে কমপক্ষে ৩০ টির মতো সৈকত রয়েছে। প্রাকৃতিক এই সৌন্দর্য কে সাজিয়ে অস্ট্রেলিয়ার অধিবাসীরা যে অপূর্ব সৌন্দর্য ফুটিয়ে তুলেছে সেই সৌন্দর্য উপভোগ করতেই পুরো পৃথিবীর মানুষ ছুটে আসে সিডনিতে। যেমন এসেছি আমি।

পৃথিবীর বহু দেশে বহু সাগর মহাসাগরের সাথে আমার দেখাহয়েছে। ছুটে গিয়েছি সে সব বীচে। কিন্তু এই প্রশান্ত মহাসাগরকে আমি একটা অন্যরকম সমীহ করি। এর নীল জল বা অন্য রকম ঢেউ ই শুধু এর কারণ নয়। এই সমুদ্রতীর পৃথিবীর মোট স্থলভূমিকে ঢেকে দিতে পারে। যার অতল গহবরে ডুবে যেতে পারে মাউন্ট এভারেস্ট। তাছাড়া প্রায় ১০ থেকে ১১ হাজার বছর আগে প্রাচীন পৃথিবীতে আটলান্টিক মহাসাগরের মাঝখানে এক মহাদেশের অবস্থান ছিল। যার নাম ছিলো আটলান্টিস। আয়তনে এশিয়া মাইনর ও লিবিয়ার মিলিত আয়তনের চেয়েও বড় ছিল মহাদেশটি। সবচেয়ে বড় কথা, জ্ঞান-বিজ্ঞানে উন্নত, সভ্য আর ক্ষমতাশালী এক জাতির বসবাস ছিল আটলান্টিসে। পাশাপাশি প্রাকৃতিক সম্পদের প্রাচুর্যের কারণে সে সময় ব্যবসা-বাণিজ্যের কেন্দ্র ছিল মহাদেশটি। শোনা যায়, প্রশিক্ষিত একটি সেনাবাহিনী থাকার কারণে আটলান্টিসের শাসকেরা বর্তমানের ইউরোপ আর আফ্রিকা পর্যন্ত তাঁদের শাসনক্ষমতা বিস্তৃত করেছিলেন। হঠাৎ এক ভূমিকম্পে দ্বীপটি তলিয়ে যায় আটলান্টিকের গর্ভে। আটলান্টিস সমুদ্রগর্ভে ডুবে যাওয়ার কিছু ভূ-প্রাকৃতিক প্রমাণও পাওয়া যায়। কারণ, গড়পড়তা প্রায় ১৫০০ খ্রিষ্টপূর্ব আগে একটি বড় ধরনের অগ্ন্যুৎপাতের ফলে একটি দ্বীপের অর্ধেক সমুদ্রে ডুবে যাওয়ার প্রমাণ আছে। এ প্রমাণ হাতে নিয়ে গবেষকেরা হারানো আটলান্টিসের খোঁজে চষে ফেলেছেন আটলান্টিক মহাসাগর। তবে সবই বৃথা। এখন পর্যন্ত এর টিকিটিরও খোঁজ পাওয়া যায়নি। তবু বিজ্ঞানীরা হাল না ছেড়ে এখনো সাগরতলে আটলান্টিস খুঁজে বেড়াচ্ছেন। তাঁদের দৃঢ় আশা, হারানো আটলান্টিস একদিন না একদিন খুঁজে পাওয়া যাবেই যাবে।

তাই একে সমীহ না করলে কি চলে।! আজ একটু আগেই নাস্তা শেষ করে লবিতে বসে অপেক্ষা করছিলাম গাইডের জন্য। বেশ সময় হাতে আছে। রুমে গিয়ে রেস্ট নিতে পারতাম। কিন্তু ভয় পাচ্ছিলাম যদি ঘুমিয়ে পাড়ি। কারণ ক্রমাগত জার্নিতে শরীরটা বেশ টায়ার্ড। তাই রুমে গিয়ে বিশ্রাম নিয়ে রিস্কটা নিতে মন চাইছিলনা।

আজ কয়েকদিন ধরে অস্ট্রেলিয়ার বিভিন্ন শহরে ঘুরে দেখে বার বার মনে হচ্ছিলো সব গুলো শহরই যেন বেশী বেশী সাজানো। সব কিছু যেন ঝকঝকে ছকছকে। শহরগুলো প্ল্যান করে তৈরি। বৃস্টি হচ্ছে, রাস্তায় কাদা নেই। বৃস্টির পর যেন আরো উজ্জল মনে হয় শহর।



উইন্টারে প্রচুর শীত পড়ে অথচ স্নো পরে কম। বড় বড় সিটি ছাড়া হাই রাইজ ভবন খুব কম। পাহাড়ি এলাকা বলে এই শহরের পথঘাট বেশ উঁচু নীচু। শহরের মানুষের মাঝে রয়েছে এক অদ্ভুত শৃঙ্খলাবোধ। রয়েছে মার্জিত আচরণ আর একে অপরকে সহযোগিতা করার প্রবণতা। মেলবোর্নে আমার এক বন্ধু বলেছিলো অস্ট্রেলিয়ায় মাথা পিছু আয় বেশী। তবে দেশটি খুবই এক্সপেন্সিভ। তিনি মজা করে বলেছিলেন- সিডনি গেলে কিডনি বন্ধক রাখতে হয়। অর্থাৎ সারা বিশ্বের মধ্যে খরচের শহর সিডনি। টোকিও বা সিঙ্গাপুরের পরেই এর স্থান। এই কয়েকদিন সিডনি ঘুরতে গিয়ে নিজেই তার প্রমান পেয়েছি।

কাঁটায় কাঁটায় ৮ টায় এসে গাইড আমাদের তুলে নিলো। আজ আমাদের প্রথম গন্তব্য মাদাম তুসোর যাদুঘর। মাদাম তুশোর মূল জাদুঘরটি ফ্রান্সের রাজধানী প্যারিসে। তবে অন্যান্য দেশের মত সিডনিতেও এর একটি শাখা রয়েছে। আর এই জাদুঘরটিও কম আকর্ষণীয় নয়। মিউজিয়ামে ঢুকতেই চোখে পড়ে অস্ট্রেলিয়া নামের সুন্দর দেশটির আবিস্কারক ক্যাপ্টেন কুকের মোমের মুর্তি। পুরো কক্ষ জুড়ে জাহাজের মোটা দড়ি পাল ইত্যাদি। গাইড জানালো মাদাম তুশোর জাদুঘরের পৃথিবী বিখ্যাত অনেক কিছু সিডনির জাদুঘরেও দেখা যায়। খেলাধূলা, চলচ্চিত্র, সঙ্গীতের অনেক বিখ্যাত বিষয়ের সঙ্গে এসব বিষয়ের পৃথিবী বিখ্যাত তারকাদেরও এখানে দেখা যায়। এখানে যেমন রয়েছে গান্ধীর বিখ্যাত মোমের মূর্তির সঙ্গে অ্যালবার্ট আইনস্টাইন, অসামান্য চলচ্চিত্রকার আলফ্রেড হিচকক তেমনি চোখ ফেরানো যায়না এমন সুন্দরী ও চলচ্চিত্র তারকা মেরিলিন মনেরো। কিন্তু মোমের এ জাদুঘরটি অষ্ট্রেলীয় বৈশিষ্টেও উজ্জল। প্রথমেই রাজ-নীতির কথা বলা যায়। দু'জন ব্যক্তিত্বের কথা বিশেষভাবে প্রথমেই উল্লেখ করা দরকার। এদের মধ্যে প্রথম আবার স্যার হেনরি পার্কস। অষ্ট্রেলীয় রাজনীতিতে তাঁকে প্রায়ই এই ফেডারেশনের স্থপতি বলা হয়।

তুশোর জাদুঘরে অন্তর্ভুক্ত আরেকজন রাজনীতিবিদ হচ্ছেন বব হবক। তিনি ছিলেন লেবার দলের অন্যতম দীর্ঘমেয়াদী প্রধানমন্ত্রী। তিনি অক্সফোর্ড বিশ্ববিদ্যালরে আইন ও শ্রম বিষয়ে উচ্চতর পড়াশোনা করেন। তুশোর যাদুঘর দেখে বের হলে গাইড ঘোষণা দিলো আমাদের এখনকার গন্তব্য হচ্ছে অস্ট্রেলিয়ার রাজধানী শহর ক্যানবেরা। অন্য কয়েকটা হোটেল থেকেও কয়েকজন যাত্রী তুললো গাইড। তারপর রওয়ানা দিলো সিডনির উদ্দেশ্যে।


সিডনি থেকে ক্যানবেরার রাস্তাটা চোখে পড়ার মত। একেবারে সোঝা। আঁকাবাঁকা নয়। রাস্তায় একবার চা খাওয়ার বিরতি। তারপর সোঝা ক্যানবেরা। ক্যানবেরা অস্ট্রেলিয়ার রাজধানী শহর।

লেখক: সাংবাদিক। সিইও, বাংলা ট্যুর।

পছন্দের ক্রমানুসারে ভোট দিন

আপনার ভোটকেন্দ্রে বাছাই করার জন্য

বেশী প্রার্থী



২০২১ সালে, নিউ ইয়র্ক শহরের সকল প্রাথমিক এবং বিশেষ নির্বাচনগুলোতে পছন্দের ক্রমানুসারে ভোট দেয়ার প্রক্রিয়া ব্যবহার করা হবে

আগামীতে অনুষ্ঠিতব্য বিশেষ নির্বাচন

- ২ ফেব্রুয়ারি, ২০২১ – কুইন্স সিটি কাউন্সিল ডিসট্রিক্ট

অগ্রিম ভোট – ২৩ জানুয়ারি – ৩১ জানুয়ারি

পছন্দের ক্রমানুসারে ভোটদানের প্রক্রিয়া

আপনি পছন্দের ক্রমানুসারে **সর্বাধিক ৫ জন প্রার্থীকে** ভোট দিতে পারবেন।

- আপনার প্রথম পছন্দের প্রার্থীকে বাছাই করুন এবং ভোট দেয়ার জন্য ১ম পছন্দ লেখা কলামে তাঁর নামের পাশের বৃত্তটি ভরাট করুন
- আপনার পছন্দের দ্বিতীয় প্রার্থী থাকলে, ভোট দিতে ২য় পছন্দ লেখা কলামে তাঁর নামের পাশের বৃত্তটি ভরাট করুন
- এই ভাবে আপনি সর্বাধিক ৫ জন প্রার্থীকে পছন্দের ক্রমানুসারে ভোট দিতে পারবেন
  - আপনি চাইলে কেবল মাত্র একজন প্রার্থীকে ভোট দিয়ে বাকী কলামগুলো খালি রাখতে পারবেন
  - আপনি প্রতিটি কলামে কেবলমাত্র একজন প্রার্থীকে ভোট দিতে পারবেন
  - আপনি একজন প্রার্থীকে একবারের বেশী ভোট দিতে পারবেন না

আপনার ভোট কেন্দ্র, অগ্রিম ভোটদানের সময়সূচী এবং পছন্দের ক্রমানুসারে ভোট দেওয়া সম্পর্কে জানতে আমাদের ওয়েব সাইট **VOTE.NYC** দেখুন অথবা **1-866-VOTE-NYC** নম্বরে কল করুন।

NYC RANKED CHOICE VOTING

VOTE NYC

Board of Elections City of New York

যুক্তরাষ্ট্র যুবদলের সভায় নেতৃবৃন্দ

যতদিন বাংলাদেশ থাকবে ততদিন জিয়া থাকবেন



নিউইয়র্ক: শহীদ রাষ্ট্রপতি, বাংলাদেশের স্বাধীনতার ঘোষক, বহুদলীয় গণতন্ত্রের প্রবর্তক এবং বিএনপির প্রতিষ্ঠাতা জিয়াউর রহমানের ৮৫তম জন্মবার্ষিকী পালন করেছে যুক্তরাষ্ট্র যুবদল। এ উপলক্ষে গত ২৪ জানুয়ারী এই ভার্চুয়াল সভার আয়োজন করা হয়। যুক্তরাষ্ট্র যুবদলের সভাপতি জাকির এইচ চৌধুরীর সভাপতিত্বে এবং সাধারণ সম্পাদক আবু সাঈদ আহমদের পরিচালনায় অনুষ্ঠানে প্রধান অতিথি ছিলেন যুবদল কেন্দ্রীয় নির্বাহী কমিটির সভাপতি সাইফুল আলম নীরব। প্রধান বক্তা ছিলেন বিএনপি নেতা ও অবিভক্ত ঢাকা সিটি করপোরেশনের সাবেক মেয়র মরহুম সাদেক হোসেন খোকার পুত্র, কেন্দ্রীয় বিএনপি'র সদস্য ইঞ্জিনিয়ার ইশরাক হোসেন এবং বিশেষ অতিথি ছিলেন যুবদলের কেন্দ্রীয় নির্বাহী কমিটির সাধারণ সম্পাদক সুলতান সালাউদ্দিন টুকু, ও যুগ্ম সাধারণ সম্পাদক কামরুজ্জামান দুলাল।

সভায় সাইফুল আলম নীরব বলেন, বর্তমান বাংলাদেশ এক কঠিন সময় অতিক্রম করছে। আমরাও কঠিন সময় অতিক্রম করছি। আমরা এক নব্য ফ্যাসিস্ট সরকারের বিরুদ্ধে আন্দোলন করে যাচ্ছি। হামলা-মামলা এবং গুমকে মোকাবিলা করে এগিয়ে যাবার চেষ্টা করছি। তিনি বলেন, কোন দিন এই পৃথিবীতে কোন স্বৈরাচার টিকে থাকতে পারেনি, বাংলাদেশেও পারবে না।

সুলতান সালাউদ্দিন টুকু বলেন, আমাদের ঐক্যবদ্ধ থেকেই এই সরকার পতন আন্দোলনে ঝাঁপিয়ে পড়তে হবে। তিনি বলেন, এ ক্ষেত্রে প্রবাসী বাংলাদেশীরাও গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করতে পারেন।

ইঞ্জিনিয়ার ইশরাক হোসেন বলেন, বাংলাদেশের স্বাধীনতা ও সার্বভৌমত্ব হুমকির মুখে। ভারতের সাথে বাংলাদেশ গোপনে ৫০টি চুক্তি করেছে। তিনি বলেন, এই সরকার ভোট চোর সরকার। তারা ভোট চুরি করে অবৈধভাবে ক্ষমতায় রয়েছে। তিনি আরো বলেন, বাংলাদেশের স্বাধীনতা-সার্বভৌমত্ব এবং গণতন্ত্র ফিরিয়ে আনতে হলে সবাইকে ঐক্যবদ্ধভাবে এই ফ্যাসিস্ট সরকারের পতন ঘটতে হবে। আমাদের হতাশ হবার কিছু নেই, এই সরকারের পতন অবশ্যই হবে।

কামরুজ্জামান দুলাল বলেন, যতদিন বাংলাদেশ থাকবে ততদিন জিয়াউর রহমান থাকবে। তিনি নব্য স্বৈরাচারবিরোধী আন্দোলনে সবাইকে ঐক্যবদ্ধ হবার আহবান জানান।

জিল্লুর রহমান জিল্লু বলেন, শহীদ প্রেসিডেন্ট জিয়াউর রহমান ছিলেন ক্ষণজন্মা নেতা। জিয়ার জন্ম না হলে বাংলাদেশ স্বাধীন হতো না। তিনি যুক্তরাষ্ট্র যুবদলের কর্মকান্ডের ভূয়সী প্রশংসা করেন।

গিয়াস আহমেদ বলেন, আমরা অতীতে আন্দোলনের মাধ্যমে স্বৈরাচারের পতন ঘটিয়েছি। আগামীকে বর্তমান নব্য স্বৈরচারকেও হারাবো। তিনি আরো বলেন, আজকে আরাফত রহমান কোকোর ৬ষ্ঠ মৃত্যুবার্ষিকী। এই সরকার কোকোও হত্যা করেছে।

সভায় অন্যান্যের মধ্যে আরো বক্তব্য রাখেন যুক্তরাষ্ট্র বিএনপির সাবেক সাধারণ সম্পাদক জিল্লুর রহমান জিল্লু, সাবেক সিনিয়র সহ সভাপতি গিয়াস আহমেদ, সাবেক যুগ্ম সাধারণ সম্পাদক মোহাম্মদ আনোয়ারুল ইসলাম, জাসাস কেন্দ্রীয় কমিটির যুগ্ম সাধারণ সম্পাদক গোলাম ফারুক শাহীন, যুক্তরাষ্ট্র স্বেচ্ছাসেবক দলের সাধারণ সম্পাদক মাকসুদুল হক চৌধুরী, এজিএম জাহাঙ্গীর হাসাইন, যুবদল নেতা আহবাব চৌধুরী খোকন, মিজানুর রহমান মিজান, আবুল কাশেম, আমানত হোসেন আমান, রেজাউল আজাদ ভুইয়া, মোহাম্মদ জাবেদ উদ্দিন, এমদাদ তরফদার, শাহবাজ আহমেদ, ফরিদ খন্দকার, ওয়াহিদুজ্জামান নিলু, ইকবাল খান, এটিএম হেলালুর রহমান, মোতাহার হোসেন, বিএম বাদশাহ, জাহাঙ্গীর সোহরাওয়ার্দী, ইকবাল খান, হামিদুর রহমান, সাজেদুল ইসলাম অরিক, চৌধুরী তানিম আহমেদ, মোর্শেদ আলম, মোহাম্মদ মহসিন লাল মিয়া, মাহমুদ মোস্তফা, মিলন মাহমুদ, তারিক চৌধুরী, মাসুদ রানা, মিশিগান বিএনপির সাধারণ সম্পাদক সেলিম আহমেদ, সাউথ জার্সি বিএনপির সাধারণ সম্পাদক মোহাম্মদ দিদার, ফ্লোরিডা যুবদল নেতা মতিউর রহমান, মিথিল আহমেদ প্রমুখ। -প্রেস বিজ্ঞপ্তি।



শামসুল হক এনওয়াইপিডিতে প্রথম দক্ষিণ এশীয় লে. কমান্ডার

(শেষের পাতার পর)

পুলিশ একাডেমিতে এক অনুষ্ঠানের মাধ্যমে তিনি অভিষেক হন।

লেফটেন্যান্ট শামসুল হকের জন্ম বাংলাদেশের সিলেট জেলার গোলাপগঞ্জের বাঘার গ্রামে। তার বাবা প্রয়াত আবদুল মুসাব্বির এবং মা প্রয়াত নুরুন নেছা। স্ত্রী রুবিনা হক ও দুই ছেলেকে নিয়ে তিনি নিউইয়র্কের কুইন্সে বসবাস করছেন। তার অন্যান্য ভাই-বোনও যুক্তরাষ্ট্র অভিবাসী এবং নিউইয়র্কে বসবাস করেন।

জানা গেছে, শামসুল হক ১৯৯১ সালে বাংলাদেশ থেকে যুক্তরাষ্ট্রে আসার পর নিউইয়র্কে বাস-বয়, ডেলিভারী ম্যান, ম্যানেজারসহ নানা চাকরি করেন। পাশাপাশি ভবিষ্যতে ভালো কিছু করার দৃঢ়প্রতিজ্ঞা নিয়ে তিনি পড়াশোনা চালিয়ে যান এবং ১৯৯৭ ডিপ্লোমা ডিগ্রী অর্জন করেন। পরে তিনি নিউইয়র্কের লাগোর্ডিয়া কমিউনিটি কলেজ থেকে এএস এবং বারুক কলেজ থেকে বিবিএ সম্পন্ন করেন। বারুক কলেজে পড়াশোনার সময় তিনি বিশ্ববিদ্যালয়ের ছাত্র এবং সিএন-ইওয়াই ট্রাস্টির চেয়ারপারসনের দায়িত্ব পালন করেন এবং উচ্চশিক্ষা চালিয়ে যান। পরে তিনি বিশ্বের অন্যতম বিখ্যাত বিশ্ববিদ্যালয় কলম্বিয়া বিশ্ববিদ্যালয় থেকে জনপ্রশাসনে স্নাতকোত্তর ডিগ্রি লাভ করেন।

২০০১ সালের ১১ সেপ্টেম্বর নিউইয়র্কে সন্ত্রাসী হামলার ঘটনায় মুসলমানদের দোষারোপ করার পর লেফটেন্যান্ট শামসুল হক সিদ্ধান্ত নেন তিনি পুলিশ বিভাগে যোগ দেবেন। ২০০৪ সালের জানুয়ারীতে শামসুল হক এনওয়াইপিডিতে পুলিশ অফিসার হিসেবে যোগদানের পর ২০১০ সালে সার্জেন্ট পদে পদোন্নতি পেয়ে ব্রঙ্কসে দায়িত্বপ্রাপ্ত হন। পরবর্তীতে ২০১৪ সালে তিনি লেফটেন্যান্ট পদে পদোন্নতি পেয়ে এনওয়াইপিডি'র অভিজাত অভ্যন্তরীণ বিষয়ক তদন্ত গ্রুপে নিযুক্ত হন।

আমেরিকান গোয়েন্দা স্কোয়াডে প্রথম বংলাদেশী তথা দক্ষিণ এশীয় লেফটেন্যান্ট কমান্ডার হিসেবে ইতিহাস সৃষ্টির প্রতিক্রিয়ায় লেফটেন্যান্ট শামসুল হক বলেন, 'যদিও আমি প্রথম এই কীর্তি গড়েছি, তবে আমি আশাবাদী, ভবিষ্যতে এই পদে আরো আমেরিকানরা অনেক বাংলাদেশীকে দেখবেন।'

লেফটেন্যান্ট শামসুল হক বাংলাদেশী-আমেরিকান পুলিশ এসোসিয়েশন এর অন্যতম প্রতিষ্ঠা। তিনি সংগঠনটির প্রেসিডেন্ট হিসেবেও দায়িত্ব পালন করেন। উল্লেখ্য, সংগঠনটি এনওয়াইপিডিতে শত শত বাংলাদেশীকে নিয়োগে সহায়তা করেছে। বর্তমানে এনওয়াইপিডিতে ৩ জন লেফটেন্যান্ট এবং ৩ জন অধিনায়ক সহ প্রায় ৪০০ পুলিশ কর্মকর্তা, গোয়েন্দা, সার্জেন্ট রয়েছেন। এ ছাড়াও এনওয়াইপিডি-তে সহস্রাধিক ট্রাফিক এজেন্ট কর্মরত রয়েছেন এবং তারা সুনামের সাথেই দায়িত্ব পালন করছেন বলে সংশ্লিস্ট সূত্রে জানা গেছে।

উল্লেলল্লখ্য শামসুল হক যুক্তরাষ্ট্র জাতীয় পার্টির সভাপতি ও কমিউনিটি নেতা হাজি আব্দুর রহমানের ভাই।

আসল কাজে খবর নাই, টীকা নিয়ে ঘুম

(শেষের পাতার পর)

পরীক্ষা করার জন্য দিয়েছে কিনা বা নিজের দেশের লোকজনকে না দিয়ে আমাদের এখানে পাঠালো কেন, কে আগে নেবে কে পরে নেবে- এই নিয়ে আলোচনা সমালোচনার তুবড়ি! কিন্তু আসল কথাটা কেউ পরিষ্কার করছে না। টীকাটা কি জন্য। বা মানব দেহে তা কি কাজ করবে। এটা কি রোগ ভাল করার অষুধ না রোগ প্রতিরোধ করার দাওয়াই। যার করোনা হয়েছে সে কি এই টীকা নিলে ভাল হয়ে যাবে বা মৃত্যুর হাত থেকে বেঁচে যাবে? নাকি এই টীকা যে নেবে জীবনে তার আর করোনা হবে না। সব শুধু শুনি কয় শ' কোটী টাকা বরাদ্দ হলো কাকে কত দেওয়া হলো কয় লক্ষ ডোজ এলো কবে থেকে শুরু হবে বা কারা আগে পাবে।

প্রায় বছর জুড়েই এই টীকা বা ভ্যাকসিন নিয়ে আলোচনা। সারা দুনিয়াব্যপীই। বিস্তর গবেষণা শেষে এখন উৎপাদন শুরু হয়েছে। বাজারে এসেছে প্রয়োগও চলছে। সেই গোড়া থেকেই যা শুনে এসেছি- ক) এই টীকার প্রধান কাজ হচ্ছে দেহে এন্টিবডি তৈরী করা বা করোনা ভাইরাস ঠেকাতে প্রতিরোধ ক্ষমতা বাড়ানো, খ) যারা ইতিমধ্যে আক্রান্ত তাদের শরীরে এই ভ্যাকসিন কাজ করবে না, গ) নির্দিষ্ট সময়ের ব্যবধানে পর পর দুইটি ডোজ না নেওয়া পর্যন্ত টীকার পূর্ণ কার্যকরিতা পাওয়া যাবে না, ঘ) সকলের জন্য এই টীকা নয় বিশেষ করে যাদের শরীরে নির্দিষ্ট কিছু উপসর্গ আছে তাদের নানা ধরনের পার্শ্ব প্রতিক্রিয়া বা হিতে বিপরিত হওয়ার আশংকা আছে এবং সর্বোপরি, ঙ) এই ভ্যাকসিন করোনা থেকে বেঁচে যাওয়ার কোন গ্যারান্টিও নয়। এটা হচ্ছে এক ধরনের প্রতিরোধক। সবার শরীরে যে এ জিনিষ সমানভাবে কাজ করবে তাও না। তারপরও টীকাটা নেয়া- মুলত: এক ধরনের প্রতিরোধ প্রস্তুতি হিসাবে।

এই কথাগুলো কেউ স্পষ্টভাবে বলছে না। গোড়াতে একটা হুমড়ি খেয়ে পড়ার ভাব ছিল। কিন্তু ভারত থেকে আসছে বলে মানুষের উৎসাহ আগ্রহটা কমে গেছে। আর একটা কারন, সম্প্রতিকালে দেশে করোনা পরিস্থিতির উন্নতি হওয়া। লক্ষণীয়ভাবে সংক্রমনের হার নিম্নমুখী। মৃত্যুহার নেমে এসেছে। সংক্রমন আরও কমলে মৃত্যুও দুইএকে চলে আসবে। এমন পরিস্থিতিতে টীকা নেয়ার ব্যাপারে সাধারন আগ্রহ কমে যাওয়ারই কথা। তারপরও একেবারে নিশ্চিত হওয়ার কারন ঘটে নাই যে আমাদের দেশে আর করোনার থাবা বিস্তৃত হবে না। ইংল্যান্ড থেকে যে নতুন প্রজাতির করোনা দেশে ঢুকছে এক সময় তা বড় বিপর্যয়ের কারন হতে পারে। সে জন্যই আগাম প্রতিরোধ হিসাবে দেহে এন্টিবডি তৈরী করে রাখা দরকার। টীকার দরকার সে কারনে।

কিন্তু প্রশ্ন হচ্ছে যাদের শরীরে ইতিমধ্যেই এন্টিবডি তৈরী হয়ে আছে তাদেরকেও কি নিতে হবে নাকি সবাইকেই নিতে হবে! ভাব দেখে মনে হচ্ছে বাছ-বিচারের দরকার নাই যে চায় তাকেই দিয়ে দাও। তাই কি হওয়া উচিত! আমি তো মনে করি যাদের দেহে ইতিমধ্যেই এন্টিবডি তৈরী হয়ে আছে এখনই তাদের ভ্যাকসিন নেয়ার দরকার নেই। কিভাবে জানা যাবে কার শরীরে এন্টিবডি নেই, এন্টিজেন পরীক্ষার মাধ্যমে। আমাদের দেশে গোড়া থেকেই এই ব্যপারটায় এক ধরনের লুকোচুরি বা রাখঢাকের কারবার ছিল। গণস্বাস্থ্য অনেক আগেই এই কীট তৈরী করে রেখেছে। অনেক অনুনয়-বিনয় করার পরও কর্তা বাহাদুররা অনুমোদন দেয়নি। কমিশন-টমিশন খাওয়া বা বাণিজ্যশেষে মাত্র দুই দিন আগে বলেছে চলতে পারে। কিন্তু এখন আর মানুষের এসবে উৎসাহ আগ্রহ নেই। দশ মাসে বোঝা গেছে সাধারণভাবে আমাদের দেশের মানুষের দেহের ইমিউন ব্যবস্থা ভাল। প্রাকৃতিকভাবেই শরীরে এন্টিবডি তৈরী হয়ে আছে। এ অবস্থায় গয়রহভাবে বা বাধ্যতামুলকভাবে সবাইকে টীকা দেয়ার কোন অর্থ হয় না। অর্থাৎ টীকা দিতে হবে শুধু তাদেরকে যাদের দরকার। আর কাদের দরকার তা জানা যাবে এন্টিজেন টেস্টের মাধ্যমে। এই ব্যবস্থাপনার সাথে যারা যুক্ত আছেন অনুরোধ করবো, কাউকে টীকা দেয়ার আগে দয়া করে এন্টিজেন টেস্টটা করে নিশ্চিত হয়ে নিন তার আসলেই এই মুহূর্তে দরকার কিনা। ধরেই টীকা না দিয়ে আগে এন্টিজেন টেস্টটা করান। তাতে অনেক টীকা বাঁচবে, মানুষের টাকা বাঁচবে হয়রানি কমবে।

মার্চেই ঢাকা-টরন্টো রুটে বিমান চলাচল

(শেষের পাতার পর)

সপ্তাহে তিনদিন টরেন্টোতে ফ্লাইট চালানোর সিদ্ধান্ত চূড়ান্ত হয়ে আছে। জানা গেছে, বর্তমানে কাতার, টার্কিশ, এমিরেটসসহ কয়েকটি এয়ারলাইন্সের ট্রানজিটের কারণ অন্তত ৬-৭ ঘণ্টা সময় বেশি লাগে। কর্তৃপক্ষ মনে করছেন, টরন্টো-টু-ঢাকা সরাসরি যাত্রা শুরু হলে বিমানের ফ্লাইট ১৪ ঘণ্টায় গন্তব্যে পৌঁছে যাবে।

সংস্থার ব্যবস্থাপনা পরিচালক মোহাম্মদ মোকাব্বির হোসেন সম্প্রতি গণমাধ্যমকে জানিয়েছেন, ইতিমধ্যে এয়ার কানাডার সঙ্গে আনুষ্ঠানিক চুক্তি করেছে বিমান। সেই প্রেক্ষিতে আগামী মার্চ থেকেই এই রুটে বিমান চালানোর কথা। এখন প্রশ্ন উঠছে, বাস্তবে টরন্টো-ঢাকা ফ্লাইট কি আদৌ লাভজনক হবে? যেখানে বাংলাদেশ বিমানের নিউইয়র্ক, টোকিও ফ্লাইট বন্ধ হয়ে গেছে, সেখানে টরন্টোতে কিভাবে লাভজনক হবে! টরন্টোর চেয়ে নিউইয়র্কে দশ গুণ বেশি বাংলাদেশি অভিবাসী; অথচ তা মখ থবড়ে পড়েছে। বাংলাদেশ বিমান টরন্টো-ঢাকা ফ্লাইট চালুর জন্য তিন বছর আগেও একবার দুই দেশের চুক্তি হয়েছিলো। কিন্তু এয়ার কানাডা বাগড়া দেওয়ায় সেই 'চন্দ্রাভিজান প্রকল্প' মুখ থুবড়ে পড়ে। পরে এয়ার কানাডার প্রস্তাব ছিলো, ঢাকার সঙ্গে দিল্লিকে যুক্ত টরন্টো-দিল্লি-ঢাকায় তাদের ফ্লাইট যাবে। কিন্তু তা বাস্তবায়ন হয়নি।

টরন্টো-ঢাকার পথে বিমান চালু হওয়ার ব্যাপারে অটোয়াস্থ বাংলাদেশ দূতাবাসের নবনিযুক্ত হাইকমিশনার ড. খলিলুর রহমান বলেন, 'এই সিদ্ধান্ত আমি যোগদানের অনেক আগেই চূড়ান্ত হয়েছে। কোভিড শেষ হলেই তা কার্যকরী হবে অর্থাৎ বিমান কানাডার আকাশে পাখা মেলবে।'

ধারাবাহিক ক্ষতিগ্রস্ত বাংলাদেশ বিমান এই পথে কতটা লাভবান হবে, এই প্রশ্নের জবাবে হাইকমিশনার বলেন, 'যারা সিদ্ধান্ত নিয়েছেন, তারা নিশ্চয় হিসাব-নিকাশ করেছেন। তবে চালু হয়ে লাভের অন্যান্য খাতগুলো খতিয়ে দেখতে হবে। যেমন এই রোডের সাথে নিউইয়র্ক-লন্ডন যুক্ত করা যেতে পারে। তবে সবচেয়ে বড় কথা হচ্ছে, মালামাল আমদানি-রফতানির ক্ষেত্রে তা গুরুত্ব পাবে। বাংলাদেশী পণ্য নৌপথে অথবা বিমানের নানা জায়গায় ঘুরে ঘুরে ট্রানজিট হয়ে আসতে দীর্ঘ সময় লেগে যায়। এই পথ চালু হলে বিশ ঘণ্টার মধ্যে তাজা সবজি জাতীয় পণ্য দ্রুত চলে আসবে। যাত্রী বহনের পাশাপাশি পণ্য সামগ্রীর বিষয়টি যুক্ত হলে বাণিজ্য বৃদ্ধি পাবে।

তিনি অন্য এক প্রশ্নের জবাবে জানান, এছাড়াও উর্ধ্বতন কর্তৃপক্ষের গ্রিন সিগনাল তথা নির্দেশ মোতাবেক কোভিড শেষ হলেই সিদ্ধান্ত বাস্তবায়ন হবে।

টরন্টোস্থ ড্যানফোর্থে অবস্থিত এয়ারলাইন্স এজেন্সি কানাডা এক্সপ্রেসের কর্ণধার মজিবুর রহমান দীর্ঘ দিনের অভিজ্ঞতা থেকে মনে করেন, টরন্টো-ঢাকা ফ্লাইট কোনোভাবেই লাভজনক হবে না। যেখানে জনবহুল প্রবাসীর শহর নিউইয়র্ক থেকে ঢাকা সার্ভিসসহ অন্যান্য রোডে বিমান লাভের মুখ দেখেনি। এখন তো আরও ভয়াবহ অবস্থা।

এদিকে করোনা মহামারির কারণে সারাবিশ্বের মতো এয়ার কানাডার যাত্রীর পরিমাণ ৯০ ভাগ হ্রাস পেয়েছে, আর্থিক ক্ষতি পূরণের জন্য আন্তর্জাতিক রোড এবং আভ্যন্তরীণ রোডে সকল এয়ার লাইন্স গত এক বছর ধরে সিংহভাগ ফ্লাইট বাতিল করা হয়েছে। এয়ার কানাডা ইতিমধ্যে এক হাজার ৭০০ কর্মী ছাটাই করছে, বৃটিশ এয়ার লাইন্সসহ সকল এয়ার লাইন্সের একই করুন অবস্থা!

উল্লেখ্য, টরন্টোতে বাংলাদেশ বিমান ছিলো না কিন্তু ছিলো একটি চক্রের বিলাসবহুল অফিস এবং 'রিজাভেশন এন্ড টিকেটিং' পদের নিয়োজিত এক ব্যক্তি। শহরের ডাউন টাউনের ব্যয় বহুল এবং আভিজাত্য এলাকা ২০৮ ব্লোর স্ট্রিটের আট তলায় তিনকক্ষ বিশিষ্ট বিশাল অফিসের পেছনে ১৯৯৯ সালে থেকে টানা তেরো বছর তার বেতন ভাতা, অফিস ভাড়া, আনুষঙ্গিক খরচ মিলিয়ে মাসে মাসে অযথা সরকারকে গচ্চা দিতে হয়েছে হাজার হাজার ডলার। পরে দৈনিক ইত্তেফাকে অনুসন্ধানী রিপোর্টের পর ২০১৭ থেকে সেই অফিস বন্ধ হয়ে যায়।

বর্তমানে ১৮টি রুটে চলাচল করছে বিমানের ফ্লাইট। করোনার কারণে এখন অনেক সার্ভিস স্থগিত। টরন্টো, টোকিও, চেন্নাই, গুয়াংজু এইচারটি ফ্লাইট চালু হওয়ার বিষয় চূড়ান্ত, তাহলে তা দাঁড়াবে ২২টিতে।

আপনার শক্ত টুপি...
বা নিরাপত্তা প্রশিক্ষণ ছাড়া
আপনি কাজ করতে পারবেন না

কাজের জায়গায় থাকার জন্য 1 মার্চ 2021 তারিখের আগে আপনার 40 ঘণ্টার নিরাপত্তা প্রশিক্ষণ সম্পূর্ণ করুন।


2017 সালের স্থানীয় আইন 196 এর শর্ত অনুযায়ী, প্রধান নির্মাণ সাইটগুলিতে কর্মীদের 40-ঘণ্টার নিরাপত্তা প্রশিক্ষণ 1 মার্চ 2021 তারিখের মধ্যে অবশ্যই শেষ করতে হবে।

আপনি বিনামূল্যে প্রশিক্ষণ পাওয়ার যোগ্য হতে পারেন।
আরো তথ্যের জন্য আমাদেরকে ভিজিট করুন
NYC.GOV/NYCSAFETY

NYC Buildings

কোভিড সঙ্কট মোকাবিলার জন্য প্রয়োজন জরুরি আন্তর্জাতিক সহযোগিতা -জাতিসংঘে রাষ্ট্রদূত রাবাব ফাতিমা

নিউইয়র্ক: কোভিড-১৯ অতিমারির ভয়াবহ পরিস্থিতি দক্ষতার সাথে এবং কার্যকর ও সমন্বিতভাবে মোকাবিলার জন্য আন্তর্জাতিক সম্প্রদায়কে একত্রিত হওয়ার আহ্বান জানালেন জাতিসংঘে নিযুক্ত বাংলাদেশের স্থায়ী প্রতিনিধি রাষ্ট্রদূত রাবাব ফাতিমা। শুক্রবার (২৯ জানুয়ারী) জাতিসংঘ সাধারণ পরিষদ হলে 'মহাসচিব আন্তোনিও গুতেরেজ উত্থাপিত জাতিসংঘের বার্ষিক রিপোর্ট এবং ২০২১ সালের অগ্রাধিকারসমূহ' -এর উপর আয়োজিত ব্রিফিংয়ে বক্তব্য প্রদানকালে একথা বলেন বাংলাদেশের স্থায়ী প্রতিনিধি।



জাতিসংঘের সার্বিক কর্মকান্ডের উপর কোভিড অতিমারির তীব্র চ্যালেঞ্জ সত্ত্বেও জাতিসংঘকে সচল রাখার জন্য মহাসচিবকে ধন্যবাদ জানান রাষ্ট্রদূত ফাতিমা।

প্রদত্ত বক্তব্যে কোভিড-এর টিকা নিশ্চিত করা, জরুরি জলবায়ু পরিস্থিতি মোকাবিলা, এলডিসি ক্যাটেগরি থেকে উত্তরণ, এজেন্ডা ২০৩০ এর বাস্তবায়ন, ডিজিটাল প্রযুক্তির ব্যবহার, শান্তিরক্ষা ও রোহিঙ্গা সঙ্কট মোকাবিলার মতো বাংলাদেশের জাতীয় অগ্রাধিকারসমূহের কথা তুলে ধরেন বাংলাদেশের স্থায়ী প্রতিনিধি।

অতিমারির এ সঙ্কট কাটিয়ে পুনরায় ভালো অবস্থায় ফিরে আসার জন্য বিশ্ব সম্প্রদায়ের প্রচেষ্টার অংশ হিসেবে অংশীদারিত্ব ও সংহতি গড়ে তোলার গুরুত্ব ও তাৎপর্যের কথা তুলে ধরেন রাষ্ট্রদূত ফাতিমা। তিনি বলেন, কোভিড-১৯ মোকাবিলায় কার্যকর সাড়াদান ও পুনরুদ্ধারে অবশ্যই অগ্রাধিকারভিত্তিতে সকলের জন্য টিকা নিশ্চিত করতে হবে। বিভিন্ন দেশ ও জাতিসমূহের মধ্যে আসন্ন 'টিকা বৈষম্য' কাটিয়ে তুলতে প্রয়োজন ন্যায়সঙ্গত, নিরাপদ ও সাশ্রয়ী মূল্যের কোভিড-১৯ এর টিকার বিশ্বব্যাপী প্রবেশাধিকার নিশ্চিত করা যার নেতৃত্ব দিতে পারে জাতিসংঘ। বাংলাদেশের স্থায়ী প্রতিনিধি আরও বলেন, টিকার উৎপাদন পর্যায়ে যেভাবে গুরুত্ব দেওয়া হয়েছে বিতরণের ক্ষেত্রেও একইরকম গুরুত্ব দিতে হবে।

স্বল্পোন্নত দেশ থেকে উত্তরণ প্রক্রিয়ায় বাংলাদেশের উদাহরণ টেনে রাষ্ট্রদূত ফাতিমা বলেন, উত্তরণের পথে থাকা এবং উত্তরিত দেশগুলোর জন্য সময়সীমা-ভিত্তিক সহযোগিতার পদক্ষেপসমূহ এবং স্বল্পোন্নত দেশগুলোর জন্য প্রণোদনাভিত্তিক উত্তরণ-পথ নিশ্চিত করা অত্যন্ত জরুরি। তিনি উদ্বেগের সাথে বলেন, যদি তা না করা হয়, তবে, কোভিড-১৯ জনিত নেতিবাচক পরিস্থিতিসহ বিদ্যমান নাজুক পরিস্থিতির কারণে এসকল দেশের কষ্টার্জিত উন্নয়ন-অর্জন মারাত্মকভাবে হুমকির মুখে পড়বে।

কার্বন-নিরপেক্ষতা না আসা পর্যন্ত 'জলবায়ু জরুরি অবস্থা ঘোষণা'র বিষয়ে জাতিসংঘ মহাসচিব বিশ্বনেতাদের প্রতি যে আহ্বান জানিয়েছেন তার প্রশংসা করে বাংলাদেশের স্থায়ী প্রতিনিধি বলেন, বাংলাদেশ জাতীয় সংসদ এক্ষেত্রে 'গ্রহকেন্দ্রিক জরুরি অবস্থা' ঘোষণা করেছে এবং জলবায়ু পরিবর্তন রোধে যুদ্ধ অবস্থার মতো করে কাজ করার জন্য বিশ্বকে আহ্বান জানিয়েছে। তিনি আরও বলেন, ৪৮ সদস্য বিশিষ্ট ক্লাইমেট ভালনারেবল ফোরামের চলতি সভাপতি হিসেবে বাংলাদেশ জলবায়ু বিষয়ক সকল ক্ষেত্রে জলবায়ু-ক্ষতিগ্রস্থ দেশসমূহ বিশেষ করে স্বল্পোন্নত দেশ ও ক্ষুদ্র উন্নয়নশীল দ্বীপরাষ্ট্রসমূহের প্রতি বিশেষ দৃষ্টি দেওয়ার বিষয়টিকে গুরুত্ব দিয়ে থাকে। এবছর নভেম্বর মাসে গ্লাসগোতে অনুষ্ঠিতব্য কপ-২৬ এর সম্মেলনে জাতিসংঘ মহাসচিবের উচ্চভিলাসী নতুন জলবায়ু লক্ষ্য এবং জলবায়ু অর্থায়ন এর প্রতিশ্রুতিসমূহ পূরণ হবে মর্মে আশাবাদ ব্যক্ত করেন বাংলাদেশের স্থায়ী প্রতিনিধি।

জাতিসংঘ শান্তিরক্ষা কার্যক্রম, শান্তি বিনির্মাণ ও টেকসই শান্তি পদক্ষেপ এবং এগুলো অর্জনে নারী ও যুবদের উপর বিশেষভাবে মনোনিবেশ প্রদানের ক্ষেত্রে বাংলাদেশের প্রতিশ্রুতি পুনর্ব্যক্ত করেন রাষ্ট্রদূত ফাতিমা। কোভিড-১৯ সত্ত্বেও বাংলাদেশী শান্তিরক্ষীসহ অন্যান্য ফ্রন্টলাইন কর্মীগণ বিশ্বব্যাপী জাতিসংঘ শান্তিরক্ষা প্রচেষ্টায় অব্যাহত ও নিবেদিতভাবে ভূমিকা রেখে যাচ্ছে মর্মে উল্লেখ করেন তিনি। ভবিষ্য মহামারি বা এ ধরনের যে কোনো জরুরি পরিস্থিতিতে শান্তিরক্ষীদের সুরক্ষা ও নিরাপত্তায় শান্তিরক্ষা ম্যান্ডেট অনুযায়ী অবশ্যই প্রয়োজনীয় পূর্বপ্রস্তুতি নিশ্চিত করা উচিত মর্মে উল্লেখ করেন রাষ্ট্রদূত ফাতিমা। সভাকে রাষ্ট্রদূত ফাতিমা স্মরণ করিয়ে দেন যে বাংলাদেশ ১.১ মিলিয়ন জোরপূর্বক বাস্তুচ্যুত রোহিঙ্গা জনগোষ্ঠীকে আশ্রয় দিয়ে যাচ্ছে। দীর্ঘদিন ধরে চলমান এই সঙ্কটের টেকসই সমাধানে আরও সিদ্ধান্তমূলক পদক্ষেপের প্রয়োজন মর্মে উল্লেখ করেন তিনি। জাতিসংঘ মহাসচিবকে জটিল এই পরিস্থিতির প্রতি আরও বেশি মনোনিবেশের আহ্বান জানিয়ে বাংলাদেশের স্থায়ী প্রতিনিধি বলেন, যদি অতি দ্রুত এই রোহিঙ্গা সমস্যার সমাধান করা না হয়, তাহলে, এই অঞ্চলে আরও অস্থিতিশীলতা দেখা দিতে পারে।

প্রথাগতভাবে প্রতিবছরের শুরুতে জাতিসংঘ মহাসচিব একটি অনানুষ্ঠানিক ব্রিফিং এর মাধ্যমে জাতিসংঘের অগ্রাধিকারসমূহের কথা তুলে ধরেন। এবছর জাতিসংঘের অগ্রাধিকারসমূহ হলো: কোভিড-১৯ এর টিকার সুষ্ঠু ও সমবন্টন এবং বিশ্বস্বাস্থ্য ব্যবস্থা রক্ষা, অন্তর্ভুক্তিমূলক এবং টেকসই অর্থনৈতিক পুনরুদ্ধার, জলবায়ু ও জীববৈচিত্র, দারিদ্র্য ও অসমতা মোকাবিলা, মানবাধিকার, লিঙ্গ সমতা, শান্তি ও নিরাপত্তাহীনতা রোধ, পারমানবিক নিরস্ত্রীকরণ, ডিজিটাল প্রযুক্তির বিপদজনক দিকসমূহ প্রতিরোধ করা এবং সার্বজনীন বিশ্বব্যবস্থা অব্যাহত রাখা। জাতিসংঘের ১৯৩টি সদস্য রাষ্ট্রসমূহের স্থায়ীপ্রতিনিধি/প্রতিনিধিগণ মহাসচিবের এই ব্রিফিং অনুষ্ঠানে অংশগ্রহণ করেন। -প্রেস বিজ্ঞপ্তি।



মিথ্যাবাদীর ইবাদত আল্লাহর দরবারে মূল্যহীন

(শেষের পাতার পর)

খারাপ কাজে লিপ্ত। এর কারণ কি? এর মূল কারণ হচ্ছে আমার অন্তর ও বাহির এক নয়। আমি মুখে বলি একটা আর করি অন্য। আমি অন্যকে যে নসিহত করি তা নিজেই পালন করি না। নিজ ঘরে সেই নসিহতের আমল নেই। আমার সবকিছুতে মিথ্যা ছেয়ে আছে।

হাদিসে হজরত রাসুলুল্লাহ (সা.) বলেন, 'পবিত্রতা ছাড়া নামাজ আর চুরি ও আত্মসাতের সম্পদের সদকা কবুল হয় না।' (সহিহ মুসলিম)

তাই যেব্যক্তি মিথ্যা কথা বলে তার পুণ্যকর্ম আল্লাহর দরবারে মূল্যহীন।

আসলে যারা মিথ্যা বলে আল্লাহতায়ালার তাদের ওপর ভরসা নেই। তারা মনে করে মিথ্যা বলে আমি অনেক কিছু অর্জন করে নিব কিন্তু তারা বুঝে না যে, এই মিথ্যাই তাকে ধ্বংস করে ছাড়বে, তার সন্তানদের ভবিষ্যত সে নষ্ট করছে। মিথ্যাবাদীদের মূলত ঈমান নেই।

যেভাবে আল্লাহতায়ালা ইরশাদ করেন, 'আল্লাহর নিদর্শনাবলীতে যারা ঈমান রাখে না কেবল তারাই মিথ্যা আরোপ করে থাকে।' (সুরা নাহাল, আয়াত: ১০৫)

মহানবী (সা.) বলেছেন, 'তোমরা ক্রয়-বিক্রয়ে মিথ্যা কসম করা থেকে বিরত থেকো। কেননা এর কারণে (সাময়িক) পণ্য বেশি বিক্রি হলেও বরকত কমে যায়।' (মুসলিম)

এখন আমরা কি দেখছি? ব্যবসায়-বাণিজ্য যে কাজই করছি সব কিছুতে মিথ্যাকে প্রাধান্য দিচ্ছি, যার ফলে সংসারের শান্তি যেন বিনষ্ট হয়ে গেছে। একই সঙ্গে আমার ইবাদত-বন্দেগি আল্লাহর দরবারে কোন কাজে আসছে না। সকাল থেকে রাত পর্যন্ত আমার সকল কাজে মিথ্যার ছড়াছড়ি। যদিও আমরা জানি মিথ্যা বলার পরিণতি অত্যন্ত ভয়াবহ, তারপরও মিথ্যাই যেন আমার সঙ্গী। দেহের প্রতিটি অঙ্গের বিষয়ে আল্লাহর দরবারে আমাদেরকে জিজ্ঞাসিত হতে হবে। সামান্য লাভের জন্য মিথ্যা বলে পার পাওয়ার কোন সুযোগ নেই।

আল্লাহতায়ালা ইরশাদ করেন: 'আর যে বিষয় তোমার জানা নেই সে বিষয়ে কোন অবস্থান নিও না। নিশ্চয় কান, চোখ ও হৃদয়-এগুলোর প্রত্যেকটি সম্বন্ধে তোমাকে জিজ্ঞাসাবাদ করা হবে।' (সুরা বনি ইসরাঈল, আয়াত: ৩৬)

আল্লাহতায়ালা আরো ইরশাদ করেন, 'আর তোমাদের জিহবা দ্বারা বানানো মিথ্যার ওপর নির্ভর করে বলো না যে, এটা হালাল এবং এটা হারাম, আল্লাহর ওপর মিথ্যা রটানোর জন্য। নিশ্চয় যারা আল্লাহর নামে মিথ্যা রটায়, তারা সফল হবে না।' (সুরা নাহাল, আয়াত : ১১৬)

সর্বক্ষেত্রে যারা সত্য বলে তাদের পুরস্কারস্বরূপ রয়েছে জান্নাতের প্রতিশ্রুতি আর যার সাময়িক লাভের জন্য মিথ্যাকে জীবনের সঙ্গী বানিয়ে নিয়েছে তাদের জন্য রয়েছে জাহান্নামের আগুন।

হাদিসে এসেছে, হজরত আব্দুল্লাহ ইবনে মাসউদ (রা.) থেকে বর্ণিত, তিনি বলেন, মহানবী সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম বলেছেন: 'সত্যবাদিতা কল্যাণের দিকে পথ দেখায় এবং কল্যাণ মানুষকে জান্নাতের পথে নিয়ে যায়। কোন মানুষ সত্য কথা বলতে থাকলে আল্লাহ তাকে সত্যবাদীদের তালিকায় অন্তর্ভুক্ত করেন। মিথ্যাচার পাপাচারের দিকে নিয়ে যায় এবং পাপাচার মানুষকে জাহান্নামে নিয়ে যায়। কোন লোক মিথ্যা কথা বলতে থাকলে আল্লাহ তাকে মিথ্যাবাদীদের তালিকাভুক্ত করেন।' (বোখারি ও মুসলিম)

মহানবী (সা.) বলেন, 'মানুষ যখন মিথ্যা কথা বলে, তখন মিথ্যার দুর্গন্ধে ফেরেশতারা মিথ্যাবাদী থেকে এক মাইল দূরে চলে যায়।' (তিরমিজি)

এখন বলুন, আমি নামাজ-রোজা যাই করিনা কেন মিথ্যা যদি পরিত্যাগ না করি তাহলে আমার এ আমলে কোন লাভ নেই। তাই যেভাবেই হোক মিথ্যা পরিত্যাগ করতেই হবে। মিথ্যা পরিত্যাগ ছাড়া আমার ইবাদত আল্লাহর কাছে কোনই মূল্য নেই। স্বামী-স্ত্রীর মাঝে প্রতিনিয়ত মিথ্যা বলার কারণে কারণে প্রতিনিয়ত কতই না সুখের সংসার ভেঙ্গে যাচ্ছে। এছাড়া আমাদের মিথ্যা বলার কারণে সন্তানদের ওপরও এর মন্দ প্রভাব বিস্তার করে। যারফলে সন্তানরাও মিথ্যা বলায় অভ্যস্ত হয়ে যায় আর ধীরে ধীরে তারা পরিবারের বদনামের কারণ হয়ে দাঁড়ায়।

তাই আসুন, নিজেদের পুণ্যকর্মগুলোকে আল্লাহর দরবারে গৃহীত করার জন্য মিথ্যা পরিত্যাগ করি আর পাপকর্মের জন্য তার কাছে ক্ষমা চাই।

আল্লাহতায়ালা আমাদেরকে তার ক্ষমার চাদরে আবৃত করে নিন, আমিন।

লেখক: গবেষক ও কলামিস্ট

ওজন কমাতে মেনে চলুন ওয়াটার থেরাপি

(শেষের পাতার পর)

দ্রুত। কিন্তু এই বাড়তি ওজন কমাতে অনেক চেষ্টা করে খুব একটা লাভ হচ্ছে না। বিশেষজ্ঞরা বলেন, ক্যালোরি গেইন ও ক্যালোরি বার্ন-এর মধ্যে সামঞ্জস্য থাকলেই ওজন বাড়বে না। তবে সে বিষয়টি এত সহজ না। এজন্য ওজন কমাতে জাপানি ওয়াটার থেরাপি অনুসরণ করে দেখতে পারেন।

জাপানী ওয়াটার থেরাপি কী?

জাপানের বেশিরভাগ নাগরিক সুস্থ থাকতে চায়ের উপর নির্ভরশীল। বেশিরভাগ জাপানি দুধ চায়ের পরিবর্তে ভেষজ চায়ের দিকে ঝুঁকেন। রোজ সকালে ঘুম থেকে উঠে বাসি পেটে এক গ্লাস হালকা গরম পানি পান করুন। এর ৪৫ মিনিট পর কিছু পান করা যাবে না। তার পর ১৫ মিনিট ধরে খাবার খেতে হবে। সেই খাবার গ্রহণের পরের দু'ঘণ্টা আর কিছু খাওয়া যাবে না। এই থেরাপি মেনে চললে কোন ঠান্ডা পানি পান করা যাবে না।

কীভাবে কমবে বাড়তি ওজন?

পানি একদিকে যেমন ওজন বাড়াতে পারে তেমনি ওজন কমাতেও পারে। শরীরকে হাইড্রেট করে পানি। হজম শক্তি বাড়ায় পানি এর ফলে মেটাবলিজম সক্রিয় থাকে। ফলে ওজন নিয়ন্ত্রণে থাকে। তবে অনেকে অসুস্থতাজনিত কারণে মোটা হয়ে যান তাদের ক্ষেত্রে এই থেরাপি চলবে না।

এপ্রিলে আইপিএল

(শেষের পাতার পর)

ফ্রাঞ্চাইজি এই টি-টোয়েন্টি টুর্নামেন্টটি। ফাইনাল হতে পারে ৫ অথবা ৬ জুন।

টাইমস অব ইন্ডিয়াকে এমনটি জানিয়েছেন ভারতীয় ক্রিকেট কন্ট্রোল বোর্ডের (বিসিসিআই) এক কর্মকর্তা। খবরে বলা হয়- ১১ থেকে ১৪ এপ্রিলের মধ্যে শুরু হতে পারে ২০২১ আইপিএলের মৌসুম। চলবে জুনের প্রথম সপ্তাহ পর্যন্ত। করোনাভাইরাসের কারণে গতবার ভারতে আইপিএলের আয়োজন করা সম্ভব হয়নি। সেবার আইপিএলের ১৩তম আসর বসেছিল সংযুক্ত আরব আমিরাতে। এবার ভারতীয় ক্রিকেট বোর্ড দেশে এই টি-টোয়েন্টি টুর্নামেন্টের আয়োজন করতে চায়। যদি তাই হয়, তাহলে আইপিএলের আগে ক্রিকেটারদের করোনাভাইরাসের টিকা দেওয়ার চেষ্টা করা হবে।

টরন্টোতে স্থায়ী শহীদ মিনার নির্মাণ কাজ শেষ পর্যায়ে

(শেষের পাতার পর)

তার চেয়ে কম সহায়তা জমা পড়েছে। সব মিলিয়ে কিছুটা অর্থনৈতিক শূন্যতা তৈরি হয়েছে। সংকট পূরণে সবার কাছে অনুদানের আহবান জানিয়েছে অর্গানাইজেশন ফর টরন্টো ইন্টারন্যাশনাল মাদার ল্যাঙ্গুয়েজ ডে মনুমেন্ট (আইএমএলডি) ইনকরপোরেশন।

কানাডায় পড়তে গিয়ে লাশ হলেন

(শেষের পাতার পর)

২ সেমিস্টার পড়া বাদ ছিল; কিন্তু এরই মধ্যে তার মৃত্যুর সংবাদ শুনতে হলো পরিবারকে। 'জীবনের একটা অংশ সাকিবের পেছনে ব্যয় করেছি। বাবা-মায়ের আগে সন্তানের চলে যাওয়া খুবই কষ্টের এটা বলে বোঝানো সম্ভব নয়। আমার সব শেষ হয়ে গেছে।' ২৯ জানুয়ারী শুক্রবার বিকালে কথাগুলো বলছিলেন- কানাডায় নিখোঁজের পর মৃতদেহ উদ্ধার হওয়া শিক্ষার্থী সামিউজ্জামান সাকিবের বাবা আসাদুল ইসলাম।

নিহত শিক্ষার্থী সামিউজ্জামান সাকিব ঝিনাইদহের কালীগঞ্জ উপজেলার উল্যা গ্রামের আসাদুল ইসলামের ছেলে। বর্তমানে সাকিবের পরিবারে বাবা-মা ও বড় ভাই ঢাকাতে অবস্থান করছেন।

সাকিবের বাবা মোহাম্মদ আসাদুল ইসলাম বলেন, মেধাবী ছাত্র সামিউজ্জামান সাকিব কানাডার ইউনিভার্সিটি অব ম্যানিটোবার-এ ভর্তি হয়েছিল। ওই কলেজে সে ইঞ্জিনিয়ারিং কোর্সের ৪র্থ বর্ষে লেখাপড়া করত। অদৃশ্য কারণে সে গত ৯ তারিখ থেকে নিখোঁজ ছিল। গত ২৭ জানুয়ারী বুধবার সাকিবের লাশ কলেজের পাশে একটি নদীর পাড় থেকে উদ্ধার করা হয়। বিষয়টি তার বন্ধুরা বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষকে অবহিত করে। তবে সরকারিভাবে এখনও কিছু জানানো হয়নি।

কানাডার ইউনিপেগ পুলিশ মোবাইলে ঐদিন (২৭ জানুয়ারী বুধবার) রাতে বিষয়টি জানায়। সাকিবের মরদেহ বর্তমানে ময়নাতদন্তের প্রক্রিয়ায় রয়েছে। বিশ্ববিদ্যালয়ের ইসলামিক কমিউনিটির মাধ্যমে কানাডায় সাকিবের মরদেহ দাফন করা হবে বলে পারিবারিকভাবে সিদ্ধান্ত নেওয়া হয়েছে। ময়নাতদন্তের রিপোর্ট পেলে বোঝা যাবে তার মৃত্যুর কারণ। তিনি আরও বলেন, '২ ছেলের মধ্যে বড় ছেলে হাসিবুজ্জামানকে বিএসসি ইঞ্জিনিয়ারিং পাস করিয়েছি। ভাইয়ের মতো সাকিবও বড় ইঞ্জিনিয়ার হবে- এমন শখ থেকে তাকে কানাডায় পাঠিয়েছিলাম। এখন আমার সব শেষ।' বলতে বলতে তিনি কান্নায় ভেঙে পড়েন।

উল্লেখ্য, কানাডার ম্যানিটোবা প্রদেশের রাজধানী উইনিপেগের 'রেড রিভার' নদী থেকে সামিউজ্জামান সাকিবের মরদেহ উদ্ধার করা হয়।সাকিব লেখাপড়ার পাশাপাশি ম্যানিটোবায় বাইসন ট্রান্সপোর্ট নামে একটি কোম্পানিতে ডেটা অ্যানালিস্ট হিসেবে খন্ডকালীন চাকরি করতেন। রেড রিভারের কাছেই কয়েকজন বাংলাদেশী বন্ধুর সঙ্গে একটি অ্যাপার্টমেন্টে ভাড়া থাকতেন সামি।

যুক্তরাষ্ট্র প্রবাসী রহিমের সিআইপি মর্যাদা লাভ



নিহাল রহিমের হাতে তার সম্মাননা ও সনদ তুলে দেন মন্ত্রণালয়ের যুগ্ম-সচিব নাসরীন জাহান। ছবি-সংগৃহীত

বাংলা পত্রিকা ডেস্ক: বাংলাদেশের অর্থনীতিতে গুরুত্বপূর্ণ অবদান রাখার জন্য গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের সিআইপি (কমার্শিয়াল ইমপর্টেন্ট পারসন)-এর মযাদা লাভ করেছেন যুক্তরাষ্ট্র প্রবাসী ও আবাসন ব্যবসায়ী নিহাল রহিম। আর্ত-মানবতার সেবা এবং প্রবাসে অর্জিত অর্থের বড় একটি অংশ তিনি দেশে ব্যবসায় বিনিয়োগের করেন। চট্টগ্রামের সন্দ্বীপের সন্তান রহিম স্ত্রী, এক ছেলে আর এক মেয়ে নিয়ে টেক্সাস অঙ্গরাজ্যে বসবাস করেন। উল্লেখ্য, ২০১৭ সালেও তিনি সিআইপি স্বীকৃতি ও সম্মাণনা লাভ করেন। এছাড়াও ২০১৬ সালে পান বাংলাদেশ ব্যাংক'র 'রেমিটেন্স পদক' ও সনদ।

জানা যায়, গত ৬ জানুয়ারী 'আন্তর্জাতিক অভিবাসন দিবস' উপলক্ষে প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয়ের অনুষ্ঠানে সারাবিশ্বে বেশ কয়েকজন প্রবাসীকে ২০২০ সালের সিআইপি (এনআরবি) মর্যাদার সম্মাননা দেওয়া হয়। ঢাকাস্থ বঙ্গবন্ধু আন্তর্জাতিক সম্মেলন কেন্দ্রে আয়োজিত এক ভার্চুয়াল অনুষ্ঠানে অংশ নেন প্রধানমন্ত্রী শেখ হাসিনা। মহামারী করোনার পরিপ্রেক্ষিতে নির্ধারিত ফ্লাইটে ঢাকায় পৌঁছতে না পারায় পরে নিহাল রহিমের হাতে তার সম্মাননা ও সনদ তুলে দেন মন্ত্রণালয়ের যুগ্ম-সচিব নাসরীন জাহান।

নিহাল রহিম বলেন, দেশে বিনিয়োগ বন্ড কেনার পাশাপাশি সন্দ্বীপ, চট্টগ্রামসহ বাংলাদেশের বিভিন্ন অঞ্চলের বিপদগ্রস্ত মানুষের জন্য নগদ-অর্থ সহায়তা করায় সিআইপি অ্যাওয়ার্ড দেওয়ার উদ্যোগটি অন্য প্রবাসীদের প্রেরণা যোগাবে। এজন্য তিনি নিজেও সম্মানিতবোধ করছেন।

তিনি যুক্তরাষ্ট্রের টেক্সাস এবং আরকানসাস অঙ্গরাজ্যে হসপিটালিটি, রিয়েল এস্টেট, হোটেলসহ নানাবিধ ব্যবসার মালিক-প্রতিষ্ঠান 'র‍্যা'জ হসপিটালিটি' এবং 'র‍্যা'জ ম্যানেজমেন্ট'-এর চেয়ারম্যান। তিনি যুক্তরাষ্ট্র যুবলীগের সাবেক নেতা ছাড়াও বিভিন্ন সংগঠনের সাথে জড়িত।



(বা থেকে) মো. সোলায়মান আলী ও মো. শামীম মিয়া

ব্যান্ডস'র নতুন কমিটি

সোলায়মান সভাপতি, শামীম সাধারণ সম্পাদক পুন নির্বাচিত


নিউইয়র্ক: নিউইয়র্কে বাঙালীদের অন্যতম সামাজিক ও মূলধারার সহযোগী সংগঠন বাংলাদেশী-আমেরিকান ন্যাশনাল ডেমোক্রেটিক সোসাইটি (ব্যান্ডস)-এর নতুন কমিটি গঠিত হয়েছে। গত ২৩ জানুয়ারী শনিবার ব্যান্ডস-এর সভাপতি মো. সোলায়মান আলীর সভাপতিত্বে এবং সাধারণ সম্পাদক মো. শামীম মিয়ার পরিচালনায় ভার্চুয়াল সাধারণ সভায় এ কমিটি গঠন করা হয়। সভায় সর্বসম্মতিক্রমে মো. সোলায়মান আলী পুনরায় সভাপতি এবং মো. শামীম মিয়া পুনরায় সাধারণ সম্পাদক নির্বাচিত হন।

আগামী চার বছর মেয়াদী ব্যান্ডস-এর নবনির্বাচিত কমিটির অন্যান্য কর্মকর্তারা হলেন: সহ সভাপতি- রফিকুল ইসলাম, জকি উদ্দিন চৌধুরী, শরীফ কামরুল আলম হিরা, শেখ আল মামুন, কফিল চৌধুরী ও তপন সেন, সহ সাধারণ সম্পাদক- মোহাম্মদ হাসান জিলানী, কোষাধ্যক্ষ- শামীম আহম্মদ, সাংগঠনিক সম্পাদক- মহব্বত আলী আকন্দ, সাংস্কৃতিক সম্পাদক- মোহাম্মদ মোশাহীদ চৌধুরী, ক্রীড়া ও আপ্যায়ন সম্পাদক- কাজী জামান বিটু, ইমিগ্রেশন সম্পাদক- এডভোকেট জীবন কৃষ্ণ মন্ডল, দপ্তর সম্পাদক- সাহান মজুমদার, কার্যকরী সদস্য- সাহেদ আহমেদ, তৌফিকুর রহমান ফারুক, সফিকুর রহমান, হারুনুর রশিদ, জাহিদুল ইসলাম ও শ্যামল কান্তি চন্দ।

সভায় সংগঠনের গঠনতন্ত্র সংশোধন, পরিবর্তন, পরিবর্ধন ও সংযোজনের জন্য একটি উপ কমিটি গঠন করা হয়। গঠনতন্ত্র সংশোধন উপ কমিটির সদস্যরা হলেন: আহবায়ক- শেখ আল মামুন, সদস্য- রফিকুল ইসলাম, জকি উদ্দিন চৌধুরী, জুনেদ আহমদ চৌধুরী ও মহব্বত আলী আকন্দ। -প্রেস বিজ্ঞপ্তি।

১২ ফেব্রুয়ারি ২০২১ থেকে ট্যাক্স ফাইলিং শুরু হচ্ছে

এখন থেকেই ট্যাক্স ফাইলিংএর প্রস্তুতি নিন।




Steven M. Levy CPA

আপনাদের ট্যাক্স ফাইলিং সুষ্ঠু ও নিখুঁতভাবে সম্পন্নের জন্য আমাদের সাথে রয়েছেন সার্টিফাইড পাবলিক একাউন্টেন্ট।

কোনো প্রফেশনালকে দিয়ে ট্যাক্স ফাইল করান তাহলে সর্বাধিক রিফান্ড পাবেন এবং ভবিষ্যৎ জটিলতা থেকেও রকক্ষা পাবেন।

AUTHORIZED IRS e-file PROVIDER



Southeast USA Income Tax Services

জ্যাকসন হাইটস:
74-09 37th Avenue, Suite# 206
Jackson Heights, NY 11372
Phone: 718-639-6207
Cell: 917-566-1612

জ্যামাইকাঃ
168-16 Hillside Avenue
Jamaica, NY 11432
Phone:718-487-4507
Cell:646-464- 5944

ব্রংক্স:
1445 Unionport Road, Bronx, NY.
পার্কচেস্টার ফ্যামিলি ফার্মেসির ভিতরে
Phone: 347-621-0378
718-427-5919

e-mail: usa.bd54@gmail.com

সুশান্তের জন্মদিনে বোন শ্বেতার স্কলারশীপ ঘোষণা

বিনোদন ডেস্ক: সুশান্ত সিং রাজপুতের জন্মদিন ছিলো ২১ জানুয়ারী। বেঁচে থাকলে ৩৫ বছরে পা দিতেন সুশান্ত সিং রাজপুত। তার বোন শ্বেতা সিং থাকেন আমেরিকায়, ভাইয়ের স্মৃতি রক্ষায় তিনি ঘোষণা করেছেন ৩৫,০০০ ইউএস ডলারের স্কলারশিপের কথা। ভারতীয় মুদ্রায় যার মূল্য প্রায় ২৫.৫ লক্ষ টাকা। ইউসি বার্কলেয় অ্যাস্ট্রোফিজিক্স নিয়ে পড়াশোনা করতে উৎসাহী যে কেউ পেতে পারেন এই স্কলারশিপ।

গত বছর ১৪ জুন বরাবরের জন্য চলে গিয়েছেন হাসি ভরা মুখের সেই যুবক, অল্প দিনের ক্যারিয়ারে যিনি দিয়েছিলেন একাধিক হিট-ছবি। তার মনে কী দুঃখ ছিল জানা যায়নি, একই সঙ্গে এখনও স্পষ্ট নয়, তিনি নিজে থেকে নিজেকে শেষ করে দেওয়ার পদক্ষেপ করেছিলেন নাকি কারও চক্রান্তের শিকার হন। ঘটনা যাই হোক, সুশান্তকে নিয়ে তার অনুরাগীদের ভেতরে এখনও প্রবল বেদনা রয়েছে। তার বড় বোন শ্বেতা ইনস্টাগ্রামে



পোস্ট দিয়ে জানিয়েছেন, ইউসি বার্কলেতে ৩৫,০০০ ইউএস ডলারের সুশান্ত সিং রাজপুত মেমোরিয়াল ফান্ড তৈরি করা হয়েছে।

ইউসি বার্কলেতে অ্যাস্ট্রোফিজিক্স নিয়ে পড়াশোনায় ইচ্ছুক যে কেউ এই স্কলারশিপের জন্য আবেদন করতে পারেন। যারা এটি সম্ভব করে তুলেছেন সেই দেবদূতদের কাছে আমি কৃতজ্ঞ। শুভ জন্মদিন ভাই, যেখানে আছ, সেখানে যেন সব সময় আনন্দে থাক তুমি। ভালবাসি। কিছুদিন আগে শ্বেতা তার ভাইয়ের হাতে লেখা একটি নোট ইনস্টাগ্রামে শেয়ার করেন। সেখানে লেখা ছিল, নিজেকে কীভাবে আরও উন্নত করে তুলতে চান তিনি। সুশান্ত লিখেছিলেন, আমি জীবনের প্রথম ৩০টা বছর কাটিয়ে দিয়েছি, কিছু একটা হতে চেয়ে। নানা জিনিস ভালভাবে করতে চেয়েছিলাম, ভাল টেনিস খেলতে চেয়েছিলাম, স্কুলে ভাল করতে চেয়েছিলাম, ভাল নম্বর পেতে চেয়েছিলাম। সব কিছু সে দিক থেকেই দেখেছি। সব মিলিয়ে এখন যেমন তাতে আমি খুশি নই.....। শেষে লেখা, মনে হয়, ভুল করেছি আমি।



'আম্মাজান' ছবির গল্প শুনে কাঁদলেন শাবানা

বিনোদন ডেস্ক: ইচ্ছে থাকা সত্ত্বেও প্রয়াত নায়ক মান্নার মা হতে পারেননি জনপ্রিয় অভিনেত্রী শাবানা। ১৯৯৯ সালে মুক্তি পাওয়া মান্না অভিনীত 'আম্মাজান' ছবিতে অভিনয় করার কথা ছিল এই কীংবদন্তি অভিনেত্রীর। নির্মাতা কাজী হায়াতকে শি-ডিউল দেবেন বলেও ছবিটি থেকে নিজেকে সরিয়ে নেন তিনি। 'আম্মাজান' ছবির পেছনের গল্প বলতে গিয়ে কাজী হায়াত বলেন, এফডিসি'র আট নম্বর ফ্লোরের মেকআপ রুমে শাবানা এই ছবির গল্প শুনেন। গল্পটি শুনে তিনি কাঁদলেনও। আমাকে সঙ্গে সঙ্গে বলে দিলেন পরের দিন এসে তার শিডিউল নেয়ার জন্য। আমি বলেছি, পরের দিন সাইনিং মানি নিয়েও আসবো। পরের দিন আমি যথাসময়ে দুই লাখ টাকা নিয়ে তার কাছে যাই। কিন্তু আমাকে দেখার পর কথা না বলে শাবানা চলে গেলেন আমার কাছ থেকে। তারপর দুপুরের শুটিংয়ের বিরতির সময় এসে তিনি জানান ছবিটি করতে পারবেন না। কারণ হিসেবে তিনি বলেন, সে সময়ে তিনি যে নায়কদের বিপরীতে কাজ করছেন তারা চান না মান্নার মায়ের চরিত্রে শাবানা অভিনয় করুক। পরবর্তীতে এই ছবিতে 'আম্মাজান' ভূমিকায় অভিনয় করেন অভিনেত্রী শবনম।

কেন বাদ পড়েছি নিজেই জানি না-হিমি

বিনোদন ডেস্ক: ছোটপর্দার মডেল-অভিনেত্রী জান্নাতুল সুমাইয়া হিমি। এই সময়ে টিভি ধারাবাহিকের পাশাপাশি একক নাটকে বেশ ব্যস্ত সময় পার করছেন। ওয়েব সিরিজেও সামনে কাজের পরিকল্পনা আছে বলে জানান। তিনি বলেন, কয়েকটি ওয়েব সিরিজের প্রস্তাব পেয়েছি। কিন্তু গল্প পছন্দ না হওয়ায় কাজ করিনি। তবে ওয়েব সিরিজে কাজ করার ইচ্ছে আছে। খুব শিগগিরই এই মাধ্যমে চমকদার কিছু পাবেন দর্শক। এদিকে গত বছরের শুরুতে জানা যায় জাতির জনক বঙ্গবন্ধুর বায়োপিকে প্রধানমন্ত্রী শেখ হাসি-নার বড় বেলার চরিত্রে অভিনয় করবেন হিমি।



কিন্তু সম্প্রতি তাকে ছবিটি থেকে বাদ দেয়া হয়। বিষয়টি এক ফেসবুক পোস্টের মাধ্যমে হিমি নিজেই নিশ্চিত করেন। কিন্তু কেন বাদ পড়লেন এমন একটি কাজ থেকে? উত্তরে হিমি বলেন, কেন বাদ পড়েছি নিজেই জানি না। তারাও আমাকে কিছু জানায়নি। যখন দেখলাম ছবি সংশ্লিষ্ট অন্য শিল্পীরা প্রধানমন্ত্রীর সঙ্গে দেখা করেছেন। অথচ আমার ডাক পড়েনি! তারপর খবর নিয়ে জানতে পারলাম আমাকে বাদ দেওয়া হয়েছে। তবে বিষয়টি অবহিত করা উচিত ছিলো। সে যাই হোক, ছবিটির সকলের প্রতি শুভকামনা রইলো। এর আগে মিস ওয়ার্ল্ড বাংলাদেশ প্রতিযোগিতায় অংশ নেয়ার পরও আমার সঙ্গে অনেক নাটক হয়েছে। এসব নিয়ে কোনো আক্ষেপ নেই। দিন শেষে সবার ভালোবাসায় আমি নিয়মিত কাজ করছি। এভাবেই কাজ করে যেতে চাই। আগামীতে আমার জন্য হয়তো আরো ভালো কিছু অপেক্ষা করছে। আপনার নিজের ক্যারিয়ার নিয়ে পরিকল্পনা কী? প্রশ্নের উত্তরে এ অভিনেত্রী বলেন, আমি সব সময় ভালো কাজের সঙ্গে থাকতে চাই। ছোটপর্দার বাইরে চলচ্চিত্রেও কাজ করার ইচ্ছে আছে। যদিও আমাদের এখন চলচ্চিত্রের অবস্থা বেশি একটা ভালো না। চলতি সময়ের শোবিজ অঙ্গন কেমন দেখছেন হিমি? এ প্রসঙ্গে জানতে চাইলে তিনি বলেন, আমাদের কেউ কেউ অনেক বেশি কাজ করছে। আবার কেউ কাজ ছাড়া ঘরে বসে আছে। আমি মনে করি সবার কাজ করার সুযোগ সৃষ্টি প্রয়োজন। ইউটিউবে আমরা যা দিবো দর্শক কম বেশি সেটি গ্রহণ করবে। আমি মনে করি, বেঁচে থাকার মতো কাজ দর্শকদের উপহার দেওয়া উচিৎ। শুধু ভিউয়ের জন্য কনটেন্ট না, শিল্পীর নিজের জন্যও ভালো কনটেন্ট প্রয়োজন। কারন দিন শেষে ভালো কাজের মধ্য দিয়েই একজন শিল্পী বেঁচে থাকেন ।

বাইডেনের অভিষেক অনুষ্ঠান উপস্থাপনায় হলিউড সুপারস্টার

বিনোদন ডেস্ক: প্রেসিডেন্ট জো বাইডেনের শপথ গ্রহণ নিয়ে আয়োজিত বিশেষ টেলিভিশন অনুষ্ঠান উপস্থাপনা করেন অস্কারবিজয়ী অভিনেতা হলিউড সুপারস্টার টম হ্যাঙ্কস। করোনা মহামারির কারণে এ বছর উৎসবমুখর পরিবেশে জো বাইডেনের শপথ নেওয়ার অনুষ্ঠান বাতিল করে এই বিশেষ টেলিভিশন প্রোগ্রাম এবং অনুষ্ঠানটি 'আমেরিকান বীরদের' প্রতি উৎসর্গ করা হয়। তাদের মধ্যে করোনার বিরুদ্ধে লড়াই করা সামনের সারির কর্মীরাও আছেন।



ফক্স নিউজ জানিয়েছে, ২০ জানুয়ারী 'সিলিব্রেটিং আমেরিকা' শিরোনামে এই বিশেষ টিভি অনুষ্ঠানটি সম্প্রচার করা হয়। অনুষ্ঠানটি ঐদিন স্থানীয় সময় সন্ধ্যা সাড়ে ৮টায় এবিসি, সিবিএস, সিএনন, এনবিসি ও এমএসএন-বিসিতে সরাসরি সম্প্রচার ছাড়াও ইউটিউব, ফেসবুক, টুইটারসহ নয়টি শীর্ষ সামাজিক যোগাযোগমাধ্যমেও সরাসরি সম্প্রচার করা হয়। টম হ্যাঙ্কসের উপস্থাপনার পাশাপাশি ৯০ মিনিটের বিশেষ টিভি অনুষ্ঠানটিতে পারফর্ম করবেন গায়ক-অভিনেতা জাস্টিন টিম্বারলেক, গায়ক জন বন জোভি, গায়িকা-অভিনেত্রী ডেমি লোভাটো ও গায়ক অ্যান্ট ক্লেমন্স। ডেমি লোভাটো তার ইনস্টাগ্রামে লিখেছেন, আমাকে যখন পারফর্ম করার কথা বলা হলো আমি তা শুনে বাকরুদ্ধ হয়ে পড়েছিলাম। 'স্বপ্ন সত্য হওয়ার' উচ্ছাস প্রকাশ করেছেন অ্যান্ট ক্লেমন্স।


উল্লেখ্য, গত সপ্তাহে যুক্তরাষ্ট্রের ক্যাপিটল ভবনে হামলার ঘটনায় এবারের অভিষেক অনুষ্ঠান কিছুটা অন্যরকম হতে যাচ্ছে। সংঘাতের আশঙ্কায় সর্বোচ্চ সতর্কতা ও কড়া নিরাপত্তা ব্যবস্থার মধ্যে ২০ জানুয়ারী শপথ নেন প্রেসিডেন্ট জো বাইডেন ও ভাইস প্রেসিডেন্ট কমলা হ্যারিস।

একেবারে ঐশ্বরিয়া!

বিনোদন ডেস্ক: হঠাৎ করে দেখলে মনে হবে ঐশ্বরিয়া রাই বচ্চন। জুনিয়র বচ্চনের ঘরণীর সঙ্গে অদ্ভুত মিল এই মেয়ের। তবে এর সঙ্গে যে ঐশ্বরিয়ার কোনও যোগ নেই, তা অনেক দিন আগে থেকেই স্পষ্ট। নাম মহলগা জাভেরি, থাকেন যুক্তরাষ্ট্রে। সোশ্যাল মিডিয়ার হাত ধরে গোটা বিশ্বে ঝড় তুলেছেন মহলগা। ইনস্টাগ্রামে এমন ছবি দেন এই সুন্দরী যে, পুরুষ মহলের ঘাম ছুটে যায়! সম্প্রতি মহলগা তার ইনস্টাগ্রাম প্রোফাইলে মেক্সিকো ট্রিপের ছবি আপলোড করেছেন। যেখানে দেখা গিয়েছে, সমুদ্রের ধারে বালিতে শুয়ে আগুন ঝরাচ্ছেন তিনি।

ফের পপির বিয়ের গুঞ্জন

বিনোদন ডেস্ক: প্রেম কিংবা বিয়ে নিয়ে তারকাদের গুঞ্জনের শেষ নেই। প্রায়শই অনলাইন কিংবা অফলাইনে তাদের নিয়ে মুখরোচক আলোচনা শোনা যাচ্ছে। এবার চলচ্চিত্রের জনপ্রিয় নায়িকা সাদিকা পারভীন পপিকে নিয়ে বেশ চর্চা হচ্ছে শোবিজ পাড়ায়। নতুন করে আবার তাকে নিয়ে বিয়ের গুঞ্জন উঠেছে। গত বছর 'ভালোবাসার প্রজাপতি' নামের একটি সিনেমায় অভিনয় করেছিলেন পপি। তারপর অনেক দিন আড়ালে এই অভিনেত্রী। সামাজিক যোগাযোগমাধ্যমেও তিনি অনুপস্থিত। তা থেকেই ঢালিউড ইন্ডাস্ট্রির অনেকে ধারণা করছেন, গোপনে বিয়ের পিঁড়িতে বসেছেন চিত্রনায়িকা পপি। জানা গেছে, রাজধানীর ইস্কাটনের বাসা ছেড়ে দিয়েছেন পপি। থাকছেন অভিজাত একটি এলকায়। নাম প্রকাশ না করার শর্তে শোবিজের একজন জানান, বিয়ে হয়েছে কি-না জানি না। তবে পপি তার প্রবাসী



ব্যবসায়ী প্রেমিকের দেয়া ফ্ল্যাটে থাকছেন। গুঞ্জন প্রসঙ্গে জানতে পপির ব্যক্তিগত নাম্বারে যোগাযোগ করে পাওয়া যায়নি তাকে। নিয়মিত নম্বরটি বন্ধ পাওয়া যাচ্ছে। চিত্রনায়িকা পপি বিয়ের গুঞ্জনে একাধিকবার খবরের শিরোনাম হয়েছেন। ক্যারিয়ারের শুরুর দিকে নায়ক শাকিল খানের সঙ্গে বিয়ের গুঞ্জন চাউর হয়েছিল এ নায়িকার। গত বছরের মাঝামাঝিতে নায়ক জায়েদ খানের সঙ্গে প্রেম এবং বিয়ের গুঞ্জন শোনা গিয়েছিল পপির।

পূর্ণিমার সরব সময়

বিনোদন ডেস্ক: করোনার কারণে দীর্ঘদিন অভিনয়ের বাইরে ছিলেন চিত্রনায়িকা পূর্ণিমা। এর আগেও বেশ বেছে বেছে কম কাজ করে গেছেন তিনি। তবে সাম্প্রতিক সময়ে ছোট ও বড় পর্দায় সরব সময় পার করছেন এ নায়িকা। এরইমধ্যে তিনি অংশ নিয়েছেন 'জ্যাম'- ছবির শুটিংয়ে। কয়েকদিন আগেই সেই ছবির একটি আইটেম গানের ïটিংয়ে অংশ নিয়েছেন তিনি। নঈম ইম-তিয়াজ নেয়ামুল পরিচালিত এ ছবিটি চলতি বছর মুক্তির কথা রয়েছে। এদিকে প্রায় দুই বছর পর একটি খন্ড নাটকে অভিনয় করলেন এ অভিনেত্রী। 'এই পৃথিবী আমাদের'- শিরোনামের এ নাটকে তিনি জুটি বেঁধেছেন তাহসানের সঙ্গে।

নাটকটি পরিচালনা করেছেন সাগর জাহান। অন্যদিকে সাম্প্রতিক সময়ে একটি ওয়েব ফিল্মে চুক্তিবদ্ধ হয়েছেন পূর্ণিমা। নাম 'মুন্সিগিরি'। অমিতাভ রেজার পরিচালনায় এ ছবিতে পূর্ণিমা অভিনয় করবেন চঞ্চল চৌধুরীর বিপরীতে। এ বিষয়ে এ নায়িকা বলেন, আমার প্রথম ওয়েব ফিল্ম এটি। গল্প ও চরিত্র খুব মনে ধরেছে। গতানুগতিক নয় আর কি। আমি একই ধরনের চরিত্র করতে চাই না। সেখানে নতুন কিছু দেয়ার থাকে না। এ কারণেই এমন ভিন্নধর্মী একটি কাজের সঙ্গে যুক্ত হওয়া। কি ধরনের চরিত্রে দেখা যাবে এখানে আপনাকে? পূর্ণিমা বলেন, সবটুকু বলতে চাচ্ছি না। তবে ওয়েব ফিল্মটি একটি গোয়েন্দা গল্পের ওপর নির্মিত হবে। এ ধরনের কাজ আমি আগে করিনি। ছবিতে অত্যন্ত গুরুত্বপূর্ণ ও ইন্টারেস্টিং একটি নারী চরিত্রে আমাকে দেখা যাবে। শুধু তাই নয়, রিহার্সেল করে এ ছবির শুটিং হবে। লুক টেস্ট হবে, স্ক্রিন টেস্ট হবে। সব মিলিয়ে এটা আমার জন্য নতুন অভিজ্ঞতা হতে চলেছে। ওটিটি প্ল্যাটফরম নিয়ে প্রত্যাশা কি আপনার? পূর্ণিমা বলেন, সময়ের সঙ্গে তাল মিলিয়ে এগুতে হবে। তবে অবশ্যই মানের দিকটিকে খেয়াল রাখতে হবে। ভালো ও খারাপ দুই ধরনের কাজই হবে একটি মাধ্যমে। এখন আমি কোন কাজটি করবো সেটা আমার ওপর নির্ভর করে। আমি বিশ্বাস করি ভালো কাজের মাধ্যমে এ প্ল্যাটফরম আমাদের দেশে এগিয়ে যাবে। আর মাধ্যমটা আমার কাছে গুরুত্বপূর্ণ কিছু নয়, কাজটাই গুরুত্বপূর্ণ।



২২ জানুয়ারী ছিলো আহমেদ ইমতিয়াজ বুলবুলের মৃত্যুবার্ষিকী

বিনোদন ডেস্ক: অসংখ্য কালজয়ী গানের স্রষ্টা ও বীর মুক্তিযোদ্ধা আহমেদ ইমতিয়াজ বুলবুলের দ্বিতীয় মৃত্যুবার্ষিকী ছিলো ২২ জানুয়ারী। ২০১৯ সালের ২২ জানুয়ারী এই দিনে না ফেরার দেশে পাড়ি দেন এই কিংবদন্তি । ১৯৭৮ সালে 'মেঘ বিজলি বাদল' সিনেমার মাধ্যমে সুরকার ও সংগীত পরিচালক হিসেবে কাজ শুরু করেন তিনি। এরপর আমৃত্যু নিজেকে নিয়োজিত রেখেছিলেন সংগীতের সাধনায়। ৭০'এর দশকে বাংলাদেশ টেলিভিশনে দেশাত্মবোধক গান দিয়ে সুরকার হিসেবে যাত্রা শুরু করেন। ১৯৮৪ সালে 'নয়নের আলো' সিনেমায় তার লেখা ও সুরে 'আমার সারাদেহ খেয়ো গো মাটি', 'আমার বাবার মুখে', 'আমার বুকের মধ্যেখানে', 'আমি তোমার দুটি চোখের দুটি তারা হয়ে' গানগুলো তুমুল জনপ্রিয়তা পায়। তারপর আর তাকে পেছনে ফিরে তাকাতে হয়নি। প্রায় দুই শতাধিক চলচ্চিত্রের সংগীত পরিচালনা করেছেন তিনি।

তার সুর ও সংগীতে উল্লেখযোগ্য গানের তালিকায় রয়েছে- 'সব কটা জানালা খুলে দাও না', 'মাঝি নাও ছাইড়া দে', 'সেই রেললাইনের ধারে', 'সুন্দর সুবর্ণ তারুণ্য লাবণ্য', 'একতারা লাগে না আমার দোতারাও লাগে না', 'আমার সারা দেহ খেও গো মাটি', 'আমার বুকের মধ্যেখানে', 'আমার বাবার মুখে প্রথম যেদিন', 'আমি তোমার দুটি চোখে দুটি তারা হয়ে থাকব', 'আমার গরুর গাড়িতে বউ সাজিয়ে', 'পৃথিবীর যত সুখ আমি তোমারই ছোঁয়াতে খুঁজে পেয়েছি', 'তোমায় দেখলে মনে হয়', 'বাজারে যাচাই করে দেখিনি তো দাম', 'আম্মাজান আম্মাজান', 'পড়ে না চোখের পলক', 'যে প্রেম স্বর্গ থেকে এসে', 'প্রাণের চেয়ে প্রিয়', 'অনন্ত প্রেম তুমি দাও আমাকে', 'ঘুমিয়ে থাকো গো সজনী', 'তুমি মোর জীবনের ভাবনা', 'তুমি আমার এমনই একজন' 'একাত্তরের মা জননী কোথায় তোমার মুক্তিসেনার দল'। এরমধ্যে অনেকগান তিনি নিজেই লিখেছেন। 'প্রেমের তাজমহল' সিনেমার জন্য তিনি ২০০১ সালে এবং 'হাজার বছর ধরে' সিনেমার জন্য ২০০৫ সালে শ্রেষ্ঠ সংগীত পরিচালক হিসেনে জাতীয় চলচ্চিত্র পুরস্কার পান। দেশের সংগীতে অসামান্য অবদানের জন্য ২০১০ সালে আহমেদ ইমতিয়াজ বুলবুলকে সরকার একুশে পদকে ভূষিত করে। আহমেদ ইমতিয়াজ বুলবুল ১৯৫৭ সালের ১ জানুয়ারী জন্মগ্রহণ করেন।

জাল ভোট দেয়ার সময় আ. লীগ নেতা আটক, মুচলেকায় ছাড়া

ঢাকা ডেস্ক: টাঙ্গাইলের ভূঞাপুর পৌরসভা নির্বাচনে কেন্দ্র দখল করে নৌকা প্রতীকে জাল ভোট দেয়ার অভিযোগে উপজেলা আওয়ামী লীগের ভারপ্রাপ্ত সাধারণ সম্পাদক তাহেরুল ইসলাম তোতাকে আটক করে পুলিশ। কয়েক ঘন্টা পর তাকে মুচলেকা দিয়ে ছেড়ে দেয়া হয়েছে। শনিবার (৩০ জানুয়ারী) দুপুর আড়াইটার দিকে পৌরসভার ২নং ওয়ার্ডের টেপিবাড়ি উচ্চ বিদ্যালয় কেন্দ্রে এ ঘটনা ঘটে। বিষয়টি নিশ্চিত করেন টাঙ্গাইলের অতিরিক্ত পুলিশ সুপার ইসরাত এডিন লুনা।



এদিকে ভূঞাপুর পৌর নির্বাচনে কাউন্সিলর প্রার্থীর সমর্থকদের দফায় সংঘর্ষের ঘটনা ঘটে। সূচী বেগম নামে একজনের হাতের আঙ্গুল কেটে ফেলার খবর পাওয়া গেছে। সংঘর্ষে কমলা বেগম, আব্দুর রহমান, ময়েন উদ্দিন, সহিতন, সূচী বেগম, খায়রুল, আসাদুল, দুলালসহ ১০জন আহত হয়েছে। বেলা সাড়ে ১১টার দিকে পৌরসভার কুতুবপুর সরকারি প্রাথমিক বিদ্যালয় কেন্দ্রে এ ঘটনা ঘটে। আহতদের মধ্যে সাত জনের অবস্থা আশঙ্কাজনক।

স্থানীয়রা জানান, ভোট শুরু হওয়ার কিছুক্ষন পর ভূঞাপুর পৌরসভার ১নং ওয়ার্ডে কাউন্সিলর প্রার্থী আনোয়ার হোসেনের সমর্থিতরা জাল ভোট দেয়া শুরু করে। পরে বিষয়টি নিয়ে আরেক কাউন্সিলর প্রার্থী জাহিদুল ইসলামের সমর্থকরা প্রতিবাদ করে। এক পর্যায়ে জাহিদুলের এজেন্টসহ সমর্থকদের কেন্দ্র থেকে বের করে দেয়া হয়। এসময় আনোয়ারের সমর্থকদের সঙ্গে জাহিদুল ইসলামের সমর্থকদের সংঘর্ষ হয়। এ ঘটনায় জাহিদুলের পক্ষের নারীসহ ১০ জন আহত হয়। পরে আইনশৃঙ্খলা বাহিনীর সদস্যরা পরিস্থিতি নিয়ন্ত্রণে আনেন। প্রায় একঘন্টা ভোট গ্রহণ বন্ধ রাখা হয়। এসময় প্রিজাইডিং অফিসার শাহীনুল ইসলামের বিরুদ্ধে কক্ষ বন্ধ রেখে সীল মারার অভিযোগ উঠে।

অভিযোগ অস্বীকার করে ১নং ওয়ার্ডে দায়িত্বরত প্রিজাইডিং অফিসার শাহীনুল ইসলাম বলেন, দুই কাউন্সিলর প্রার্থীদের সমর্থকদের মধ্যে সংঘর্ষের ঘটনা ঘটে। পরে আইনশৃঙ্খলা বাহিনীর সদস্যরা পরিস্থিতি নিয়ন্ত্রণে আনেন। এ ঘটনায় ৩০-৩৫ মিনিট ভোটগ্রহণ বন্ধ রাখা হয়।

মিরসরাই সমিতি ইউএসএ'র কার্যকরী পরিষদের মেয়াদ দুই বছর বৃদ্ধি

নিউইয়র্ক: মিরসরাই সমিতি ইউএসএ ইনক-এর কার্যকরী পরিষদের মেয়াদ আরো দুইবছর বৃদ্ধি করা হয়েছে। সমিতির উপদেষ্টাদের সমন্বয়ে কার্যকরী পরিষদের মেয়াদ ২০২০-২০২২ পর্যন্ত বর্ধিত করা হয়। সম্প্রতি সংগঠনের প্রধান উপদেষ্টা ইঞ্জিনিয়ার জাহাঙ্গীর আলম সকল উপদেষ্টাদের মতামতের ভিত্তিতে করোনা পরিস্থিতি পর্যালোচনা করে মেয়াদ বৃদ্ধির ঘোষনা দেন। এ সময় সমিতির বর্তমান কার্যকরী পরিষদের সদস্যবৃন্দ এবং সাবেক উপদেষ্টা গোলাম সামদানী, উপদেষ্টা মনির আহমেদ, মিজানুর রহমান জাহাঙ্গীর, সেলিম চৌধুরী, মোর্শেদ রেজবী চৌধুরী, মাহতাব উদ্দিন মিঠু, জসিম উদ্দিন উপস্থিত ছিলেন।





কার্যকরী পরিষদের বিশেষ সভায় বর্তমান সভাপতি আমজাদ হোসেন ভূঁইয়া এবং সাধারণ সম্পাদক রবিউল ইসলাম ভূঁইয়া (মিল্টন) সহ নেতৃবৃন্দের মেয়াদ আরো দুই বছর বাড়ায় উপস্থিত সদস্যরা বর্ধিত কমিটির সদস্যদের অভিনন্দন জানান।

প্রধান উপদেষ্টা ইঞ্জিনিয়ার জাহাঙ্গীর আলম বলেন, করোনায় গোটা পৃথিবীর সব কার্যক্রম স্থবির হয়ে আছে। পরিকল্পনা অনুযায়ী কেউ কিছু করতে পারছেনা। এর ব্যতিক্রম মিরসরাই সমিতিও নয়। তাই বর্তমান কমিটির মেয়াদ আরো দুই বছর বর্ধিত করা হয়েছে। যাতে তারা সমিতির অগ্রগতি বিষয়ে কাজ করতে পারেন।

সমিতির অন্যান্য সদস্যরা হলেন: সহ সভাপতি- আসিফুর রহমান ও ডা. রেজাউল করিম শামীম, সহ সাধারণ সম্পাদক- আরিফুল হাসান ও বেলাল আহমেদ, অর্থ সম্পাদক- সাইফুদ্দিন ভূঁইয়া, সাংগঠনিক সম্পাদক- বলাই শর্মা, সহ সাংগঠনিক সম্পাদক- জিয়াউর রহমান লাকি, প্রচার ও প্রকাশনা সম্পাদক- সোবহান শিবলু আনোয়ার, সহ প্রচার সম্পাদক- আলিম উদ্দিন মামুন, সমাজকল্যান সম্পাদক- মাসুদ হোসাইন, সাংস্কৃতিক ও ক্রীড়া সম্পাদক- জহির হোসেন, মহিলা সম্পাদিকা- নাসরিন আক্তার, সহ মহিলা সম্পাদিকা- ডা. কাজী নাহার সুমি, দপ্তর সম্পাদক- আনোয়ার ভূঁইয়া পারভেজ, নির্বাহী সদস্য যথাক্রমে ইকবাল হায়দার চৌধুরী, মাষ্টার কলিম উল্লাহ, আশ্রাব আলি খান লিটন, কাজী সাইফুল আলম, মেজবাহ উল আলম ভূঁইয়া, মোঃ হোসেন লিখন, মাঈন উদ্দিন, রিংকু চৌধুরী ও দেবাশীষ নাথ। - প্রেস বিজ্ঞপ্তি।

মিরসর

TODAY'S DENTAL
86-30 Broadway, 2nd Fl, Elmhurst, NY 11373.
Corner of Broadway & Justice Ave
Tel: 718-760-5500
আমরা সব ধরনের ইন্সুরেন্স গ্রহন করে থাকি।
দাত ও মাড়ির সর্বাধুনিক সুচিকিৎসার জন্য
আপনাদের সেবায়
ডাঃ কাজী জাফরি সাত্তার
ডাঃ এ. এ. আব্দুল কাদের ডিডিএস (ইউনিক ডেন্টাল)
আমরা বাংলায় কথা বলি
REQUEST A FREE CONSULTATION
HOW TO REACH US
718-760-5500
Top of Grand Ave Station
By Train - M, R Train
By Bus - Q 53, Q 58, Q 60 Queens Blvd.

একসিডেন্ট ও ইনজুরি কেইসেস
অভিজ্ঞ আমেরিকান ট্রায়াল আইনজীবি দ্বারা পরিচালিত
আইনী প্রতিষ্ঠান
LAW OFFICES OF
SURDEZ & PEREZ, P.C.
SURDEZ & PEREZ, P.C.
We Specialize in Personal Injury and Negligence Cases
Call us:
718-482-7766, 917-562-1368
প্রয়োজনে আমরাই পৌঁছে যাব আপনার কাছে
পরামর্শের জন্য ফি লাগে না
Free Consultation
কেবলমাত্র কেইসে সাফল্য লাভের পরই আমরা ফি গ্রহণ করে থাকি
আমাদের কার্যক্রম ও পরামর্শের ক্ষেত্রসমূহ:
• গাড়ী দুর্ঘটনা • বার্ণ ইনজুরি
• বাস,ট্রেন অথবা মোটর সাইকেল • নির্মাণ কাজে দুর্ঘটনা
• ব্রেইন ইনজুরি • পিছলে পড়ে গেলে
• এলিভেটর একসিডেন্ট • লেড পয়জনিং
• স্কুল লায়াবিলিটি • কুকুর কামড়ালে
• খেলার মাঠে দুর্ঘটনা • ডাক্তারের ভুল চিকিৎসা
আমাদের বৈশিষ্ট্যসমূহ:
অভিজ্ঞতা সম্পন্ন ট্রায়াল এটর্ণী দ্বারা পরিচালিত একটি আইনী প্রতিষ্ঠান। সততা ও নিষ্ঠা। ক্লায়েন্টের পক্ষে রায়ের জন্য দক্ষতার সাথে সর্বাত্মক চেষ্টা। দ্রুত কেস সেটেলমেন্টের নিশ্চয়তা
যে কোন পরামর্শের জন্য যোগাযোগ করুন
Mohammed Ali
718-482-7766
917-562-1368
alimd@surdezlaw.com
alimd1040@yahoo.com
32-72 Steinway Street, Suite# 401
Astoria, NY 11103
www.surdezperezlaw.com

জ্যাকসন হাইট্স কাজী অফিস
সম্পূর্ণ নিরিবিলি পরিবেশে নিউইয়র্ক সিটি কর্তৃক রেজিস্টার্ড কাজীর মাধ্যমে শরিয়ত সম্মতভাবে বিবাহ সম্পন্ন সহ নিউইয়র্ক সিটি'র 'ল' মোতাবেক ম্যারেজ সার্টিফিকেট ও মুসলিম কাবিননামা প্রদান করা হয়।
বিস্তারিত তথ্যের জন্য ঃ ৭১৮-৬১৮-৪০৯৩
৪১-২২ ৭৫ স্ট্রিট, ১ম তলা, এলমহার্স্ট, নিউইয়র্ক ১১৩৭৩

গান শিখুন
বাংলাদেশ কমিউনিটির সঙ্গীত অঙ্গনে অতি পরিচিত মুখ
সবিতা দাস
উচ্চাঙ্গ সঙ্গীতসহ সব ধরনের নৃত্য, গান ও তবলা শিক্ষা দেয়া হয়। বাংলা শিক্ষা ফ্রি
বহ্নিশিখা সঙ্গীত নিকেতন
৩৫-১৮, ৩৩ স্ট্রীট, এস্টোরিয়া, নিউইয়র্ক ১১১০৬
যোগাযোগঃ (৭১৮) ৭২১-৩৬৫১, ৭১৮-৮১০-৬৮৫৮

মুসলিম কাজী অফিস
ISLAMIC MARRIAGE SOLEMNIZER (NYC/S. REGISTERED)
ইসলামী শরীয়ত মোতাবেক বিয়ে পড়ানো ও নিউইয়র্ক সিটির 'ল' অনুযায়ী ম্যারেজ সার্টিফিকেট ও কাবিন নামা দেয়া হয়।
মাওলানা ক্বারী মোহাম্মদ রহমতউল্লাহ মজিদী
এম, এম, বিএস-সি (অনার্স) এম,এস-সি (ভূগোল)
খতিব : ম্যানহাটন ডাউনটাউন ক্যানাল স্ট্রীট জুমা মসজিদ
ইমাম : বায়তুল ইসলাম মসজিদ এন্ড কমিউনিটি সেন্টার, ব্রঙ্কস
ম্যারেজ রেজিস্ট্রার : নিউইয়র্ক স্টেট, ইউএসএ।
পরিচালক : এম, সেতারা ট্রেড ইন্টারন্যাশনাল লিঃ (বাংলাদেশ)। বাংলাদেশ থেকে হজ্ব ও ওমরার বুকিং চলছে।
গ্রুপ ভিত্তিক/বাসায় গিয়ে 'বিশুদ্ধ কোরআন শিক্ষা' দেওয়া হয়।
যোগাযোগঃ ৬৮-১৫, ৩৮ এভিনিউ, ২য় তলা, উডসাইড, নিউইয়র্ক ১১৩৭৭ (৭- ট্রেন, ৬৯ সাবওয়ে-এর অর্থরুক উত্তরে)
ফোনঃ 347-612-7397, 718-565-8219

INSURANCE
New/ Renewal
❖ AUTO, HOME, BUSINESS, BLACK CAR, GREEN CAB
❖ FOOD-FRUITS VENDOR, LIABILITY
❖ COMMERCIAL VAN, STORE LIABILITY.
❖ CONSTRUCTION, WORKERS COMP. & DISABILITY.
BEST PRICE AND SATISFACTION GUARANTEED
TDS Insurance Brokerage Corp.
Tel : 718-483-9310, Fax : 718-483-9311
BROOKLYN OFFICE
118 Beverley Rd. Brooklyn, NY 11218

কুয়েতের আদালতে এমপি পাপুলকে ৫৩ কোটি টাকা জরিমানা : ৪ বছরের কারাদন্ড

বাংলা পত্রিকা ডেস্ক: অর্থ ও মানব পাচারের মামলায় কুয়েতে আটক থাকা আলোচিত সংসদ সদস্য কাজী শহিদ ইসলাম পাপুলের ৪ বছরের কারাদন্ড দিয়েছে দেশটির আদালত। একইসঙ্গে তাকে ৫৩ কোটি ২১ লাখ ৫০ হাজার টাকা অর্থদন্ড দেওয়া হয়েছে। বৃহস্পতিবার (২৮ জানুয়ারী) কুয়েতের ফৌজদারি আদালতের বিচারক আবদুল্লাহ আল ওসমান এ রায় ঘোষণা করেন। এছাড়া পাপুলের কাজে সহযোগিতা করায় কুয়েতের স্বরাষ্ট্র মন্ত্রণালয়ের সাবেক কর্মকর্তা মাজেন আল জাররাহসহ দেশটির দুই কর্মকর্তাকে ৪ বছরের কারাদন্ড দেওয়া হয়েছে। পাশাপাশি পাপুলসহ দন্ডিত প্রত্যেককে ১৯ লাখ কুয়েতি দিনার অর্থদন্ড দিয়েছেন আদালত। যা বাংলাদেশী মুদ্রায় ৫৩ কোটি ২১ লাখ ৫০ হাজার টাকা। খবর আল-কাবাস ও আল-রাইয়ের।



লক্ষীপুর-২ আসনের সংসদ সদস্য পাপুলকে গত বছরের ৬ জুন রাতে কুয়েতের মুশরিফ এলাকা থেকে গ্রেফতার করা হয়। মারাফি কুয়েতিয়া কোম্পানির অন্যতম মালিক পাপুলের সেখানে বসবাসের অনুমতি রয়েছে। পাচারের শিকার পাঁচ বাংলাদেশীর অভিযোগের ভিত্তিতে পাপুলের বিরুদ্ধে মানবপাচার, অর্থপাচার ও ব্যবসায়িক প্রতিষ্ঠানের কর্মীদের শোষণের অভিযোগ এনেছে কুয়েতি প্রসিকিউশন। ১৭ দিন রিমান্ডে নিয়ে জিজ্ঞাসাবাদের পর এখন তাকে রাখা হয়েছে কুয়েতের কেন্দ্রীয় কারাগারে।

কুয়েতি কর্মকর্তাদের কীভাবে কত টাকা ঘুষ দিয়েছেন, সে বিষয়ে রিমান্ডে বিস্তারিত তথ্য দিয়েছেন পাপুল। যা প্রসিকিউটরদের বরাতে প্রকাশ করছে স্থানীয় বিভিন্ন সংবাদমাধ্যম। সেখানে নাম আসায় কুয়েতের দুই এমপির বিরুদ্ধেও পাপুলকে বেআইনি কাজে সহযোগিতা এবং অর্থপাচারে জড়িত থাকার আনুষ্ঠানিক অভিযোগ আনা হয়।

মামলার তদন্তের সময় অভিযুক্ত হিসেবে ১৩ জনের নাম উঠে আসে। এর মধ্য থেকে চারজনকে তদন্তকালে বাদ দেয়া হয়। সাধারণ শ্রমিক হিসেবে কুয়েত গিয়ে বিশাল সাম্রাজ্য গড়া পাপুল ২০১৮ সালে স্বতন্ত্র প্রার্থী হয়ে সংসদ সদস্য নির্বাচিত হন। তার মালিকানাধীন মারাফি কুয়েতিয়া কোম্পানি পরিচ্ছন্নতাকর্মী নেয়ার কাজ করলেও কুয়েতে অন্যান্য ব্যবসার কাজও বাগিয়েছিলেন পাপুল। এর আগে গালফ নিউজের খবরে বলা হয়েছিল, 'জেনারেল ট্রেডিং অ্যান্ড কন্ট্রাক্টিং' নামক লাইসেন্স ছিল পাপুলের। যার মাধ্যমে শিশুদের খেলনা থেকে শুর করে অ্যানটিক কার্পেটের ব্যবসাও তিনি করতে পারেন। পাপুল ও তার কোম্পানির ব্যাংক হিসাব ইতোমধ্যে জব্দ করেছে কুয়েত কর্তৃপক্ষ। বাংলাদেশেও তার বিরুদ্ধে তদন্ত শুরু হয়েছে।

রাজনৈতিক অঙ্গনে অনেকটাই অপরিচিত শহিদ ইসলাম পাপুল ২০১৮ সালের ডিসেম্বরের নির্বাচনে তাক লাগিয়েছিলেন স্বতন্ত্র প্রার্থী হিসেবে ভোটে দাঁড়িয়ে আওয়ামী লীগ নেতৃত্বাধীন মহাজোটের সমর্থন আদায় করে।

মহাজোটের প্রার্থী সরে দাঁড়িয়েছিলেন পাপুলকে কেন্দ্রীয়ভাবে তার জোট সমর্থন দেয়ায়। নির্বাচনের পর আরেক চমক ছিল পাপুলের স্ত্রীর সংরক্ষিত নারী আসনে সংসদ সদস্য নির্বাচিত হওয়া। এর পর গত ফেব্রুয়ারীতে কুয়েতের একটি সংবাদপত্রে বাংলাদেশী মানবপাচারকারীদের নিয়ে একটি সংবাদ প্রকাশের পর 'দেশের রাজনীতির চমক' এই সংসদ সদস্য আবারও আলোচনাq আসেন।

বাংলাদেশী মেডিকেল গ্রুপ

ডাঃ আতাউল ওসমানি
এম.ডি
ফ্যামিলি মেডিসিন বিশেষজ্ঞ
৭১৮-৬৩৬-০১০০
ডাঃ ফেরদৌস খন্দকার
এম.ডি, এফএসিপি
মেডিসিন বিশেষজ্ঞ
Brooklyn
20 Arlington Place
(Across the Fulton St.)
(Betw. Bedford & Nostrand Ave)
Brooklyn, NY 11216
Tel: 718-363-0100
Fax: 718-636-0112
Jackson Heights
70-17 37th Avenue
(Betw. 70 & 71st Street)
East Side of BQ Express Way
Jackson Heights, NY 11372
Tel: 718-363-0100
Fax: 718-636-0112
আমরা সব ধরনের ইন্স্যুরেন্স গ্রহণ করে থাকি

উইকেন্ড মাক্তাব ও আফটার স্কুল
আল্লাহ্‌র অশেষ মেহেরবাণীতে নিউইয়র্কের সাউথ জ্যামাইকায় আপনার সন্তানের ধর্মীয় শিক্ষার জন্য আল-মানসুর কালরচারাল সেন্টারে সুব্যবস্থা হয়েছে, তাই পাবলিক স্কুলগামী ৯৮ভাগ মুসলিম শিক্ষার্থীকে আফটার স্কুল ও উইকেন্ড মাক্তাবের মাধ্যমে প্রয়োজনীয় জাগতিক শিক্ষার পাশাপাশি অত্যাবশ্যকীয় ধর্মীয় শিক্ষালাভের সুযোগ করে দেয়াই আমাদের লক্ষ্য ও উদ্দেশ্য।
ফুলটাইম হিফ্‌জুল কোরআন ক্লাস
ইহা একটি পূর্ণাঙ্গ সিলেবাস সম্বলিত ৫ বছরের কোর্স যেখানে কায়দা-কোর্‌আন শিক্ষার পাশাপাশি দোয়া, আক্বীদা, আখ্‌লাক, ফিক্‌হ ও হাদীস এবং ইসলামিক ইতিহাস শিক্ষা দেয়া হয়।
সামার ক্লাস
সামার ভ্যাকেশনের সাথে সামঞ্জস্য রেখে সম্পূর্ণ একটি সিলেবাস।
সপ্তাহে ৪ দিন, জুলাই ০২-আগস্ট ৩০।
সকাল ১০:৩০ - দুপুর ১:৩০
বৈশিষ্ট্য সমূহঃ
বিজ্ঞ আলেমদের তত্ত্বাবধানে পরিচালিত
অভিজ্ঞ শিক্ষক মন্ডলী
সিলেবাস ভিত্তিক শিক্ষা ব্যবস্থা
শিক্ষাদানের ভাষা ইংরেজী
সেমিষ্টার ভিত্তিক শিক্ষা ব্যবস্থা
ছেলে মেয়েদের আলাদা সুব্যবস্থা
ভর্তি চলছে!
সম্মানিত সচেতন অভিভাবক! আপনার সন্তানের ধর্মীয় অনুভূতি জাগরণে আপনাকেই নিতে হবে সঠিক সিদ্ধান্ত, আর তা বাস্তবায়ন ও সার্বিক সহযোগিতায় আমরা দৃঢ় প্রতিজ্ঞাবদ্ধ।
পরিচালক ঃ শায়েখ মুফতি মোহাম্মদ আব্দুল্লাহ্‌
প্রাক্তন ইমাম, নিউইয়র্ক স্টেট ডিপার্টমেন্ট কারেকশনাল সার্ভিস।
Al-Mansoor Cultural Center
Learning • Reflecting • Celebrating
ভর্তি চলছে
Tel: 718-475-0904
646-545-1943
646-545-7924
107-57 154 Streeet, Jamaica, NY 11433

লন্ডন প্রবাসী ডা. কাজী নাজমা করিম এর উদ্যোগে

ঢাকায় ডা. কেএ মনসুর আহছানিয়া মিশন ভোকেশনাল ট্রেনিং ইনস্টিটিউট উদ্বোধন

নজরে আসে। কিন্তু এই প্যাঁচা একদমই আলাদা। সাদা বর্ণের হলেও গায়ে তার কালো ডোরাকাটা দাগ। বুসম্প্রতি এমনই প্যাঁচা একে নিয়েই মেতেছিল মার্কিন মুলুকের নেটিজেনরা। নিউইয়র্ক শহরের সেন্ট্রাল পার্কে হঠাৎই নজরে আসে এই তুষার প্যাঁচা।

গত বুধবার প্রায় ১৩০ বছর পর এই প্যাঁচাকে প্রথমবার সেন্ট্রাল পার্কে দেখতে ভিড় লেগে যায় শহরবাসীদের। সঙ্গে সঙ্গেই তার ছবি এবং ভিডিও শেয়ার করা হয় সামাজিক মাধ্যমে। আমেরিকান মিউজিয়ামের পাখি বিভাগের প্রধান পল সুইট জানিয়েছেন, সেন্ট্রাল পার্কে অত্যন্ত বিরল প্রজাতির এই তুষার প্যাঁচা সর্বশেষ দেখা গিয়েছিল ১৮৯০ সালে।

আর্কটিক টুন্ডার স্থানীয় পাখি হল তুষার প্যাঁচা এবং শীতকালে এরা দক্ষিণে পাড়ি দেয়। বিরল প্রজাতির এই প্যাঁচা সংখ্যায় খুবই কম। এই প্যাঁচা বেশিরভাগ সময় আইল্যান্ড বা সমুদ্র সৈকতে দেখা যায়। হঠাৎ করেই তুষার প্যাঁচার আগমনে খুশি হয়েছিলেন ওই সেন্ট্রাল পার্কের কর্তৃপক্ষরা।

তারা একটি ট্যুইটের মাধ্যমে জানিয়েছেন, প্যাঁচা খুবই শান্তিপ্রিয়। কুকুর ও অন্যান্য প্রাণী এবং ভক্তদের মধ্যে বিশেষত শহরাঞ্চলে অশান্তির ঝুঁকির মধ্যে রয়েছে এই প্যাঁচাটি। দয়া করে আপনারা সাবধানতা অবলম্বন করুন, দূরত্ব বজায় রাখুন এবং তাদের উপস্থিতির গুরুত্ব দিন। বার্ড সেন্ট্রালপার্ক ওই তুষার প্যাঁচার একটি ভিডিও পোস্ট করেছে, যেখানে তার পাশে একটি কাককে বসে থাকতে দেখা গেছে।

সেন্ট্রাল পার্কে এই তুষার প্যাঁচার ছবি ধীরে ধীরে সোশ্যাল মিডিয়ায় ভাইরাল হয়। একজন ব্যক্তি মন্তব্য করেন, নিউইয়র্কের সেন্ট্রাল পার্কে তুষার প্যাঁচার বিরল চেহারা এমনকি এক মুহূর্তের জন্য দেখার সুযোগটি পাওয়া আমার কাছে সত্যিই দুর্দান্ত ছিল।

ছোট বোনের বিয়েতে আবেগাপ্লুত বিলাওয়াল

(প্রথম পাতার পর)

অনুভব করছেন। বখতাওয়ার ও তার স্বামীর জন্য অনিঃশেষ শুভকামনা। মাশাআল্লাহ।'

আদরের ছোট বোনকে বিয়ে দিয়ে পাকিস্তানের সাবেক প্রধানমন্ত্রী বেনজির ভুট্টোর ছেলে বিলাওয়াল ভুট্টোর টুইট এটি। শুক্রবার জমকালো আয়োজনে করাচিতে বিলাওয়ালের বাড়িতে এই বিয়ের অনুষ্ঠান হয়। খবর দ্য ডনের।

বোনের বিয়ের কিছু ছবি টুইটারে পোস্ট করেছেন পাকিস্তান পিপলস পার্টির (পিপিপি) চেয়ারপারসন বিলাওয়াল ভুট্টো। এতে দেখা যাচ্ছে, সোনালি কারুকার্যে খচিত ওড়নার পেছনে হাস্যোজ্জ্বল কনে। পাশেই বসা বড় ভাই। আবার আরেক ছবিতে দেখা যাচ্ছে বোনকে বিদায় দিচ্ছে বড় ভাই বিলাওয়াল। অপর একটি ছবিতে দেখা যাচ্ছে, বাবা আসিফ আলি জারদারি, ভাই বিলাওয়াল বখতাওয়ার ও তার বরকে আশীর্বাদ করছেন। বিলাওয়ালের আবেগঘন টুইটে সন্ত্রাসী হামলায় নিহত তার মা বেনজির ভুট্টোকে এই দিনে মিস করার কথা উঠে এসেছে।

বিলাওয়ালের ছোট বোন আসিফা বি জারদারিও বোনদুলাভাইকে শুভকামনা জানিয়েছেন। লিখেছেন, 'সারা জীবন আনন্দ ও সুখে থাক। প্রিয় বোন, আমি তোমাকে ভালোবাসি। তোমার বিবাহিত জীবন সুখের হোক এটিই প্রত্যাশা।'

বখতাওয়ারের বর মাহমুদ চৌধুরী। তিনি যুক্তরাষ্ট্রভিত্তিক এক ব্যবসায়ীর ছেলে। গত বছরের নভেম্বরে দুজনের আংটি বদল হয়। ২৭ জানুয়ারি ছিল হলুদের অনুষ্ঠান। পিপিপির সূত্র ও মুখপাত্রের তথ্যমতে, শনিবার বরপক্ষকে নিয়ে মূল আয়োজন ছিল। অনুষ্ঠান জমকালো হলেও অতিথি সংখ্যা ছিল কম। করোনাভাইরাস পরিস্থিতির কারণে মাত্র ৩০০ অতিথি নিয়ে অনুষ্ঠান করা হয়।

আল-কায়েদা, আইএস ও লস্কর-ই-তৈয়বার কার্যপ্রণালির ওপর গবেষণা

(প্রথম পাতার পর)

বিচার প্রক্রিয়া শুরুর সময় খুবই সাবধানতা অবলম্বন করার প্রয়োজনীয়তার ওপর গুরুত্বারোপ করেছে আমস্টারডমের (নেদারল্যান্ডস) গবেষণা সংস্থা ইউরোপিয়ান ফাউন্ডেশন ফর সাউথ এশিয়ান স্টাডিজ (ইফসাস)। জঙ্গিবাদী সংগঠন আল-কায়েদা, আইএস ও লস্কর-ই-তৈয়বা দক্ষিণ এশিয়া ও ইউরোপে যে কার্যপ্রণালি মেনে চলছে তার ওপর ২৪ পৃষ্ঠার একটি রিপোর্ট চলতি জানুয়ারিতে প্রকাশ করেছে ইফসাস। রিপোর্টের শিরোনাম : 'আল-কায়েদা, আইএস অ্যান্ড লস্কর-ই তৈয়বা : মোডাস অপারেন্ডি ইন সাউথ এশিয়া অ্যান্ড ইউরোপ'।

রিপোর্টে সন্ত্রাসী সংগঠনের প্রচার ও প্রসার রুখতে বেশকিছু করণীয় তুলে ধরা হয়েছে। এতে বলা হয়, সন্ত্রাস মামলায় আটক ব্যক্তির বিরুদ্ধে যেসব ব্যবস্থা নেওয়া হয় সেগুলো আন্তর্জাতিক নাগরিক ও মানবাধিকার আইনের সঙ্গে সামঞ্জস্যপূর্ণ হতে হবে। মামলায় ধৃত ব্যক্তিকে কৌঁসুলি রাখার সুযোগ দিতে হবে, প্রয়োজন হলে তাকে দিতে হবে দোভাষী এবং নিষ্কলুষ বিচারের জন্য যেসব শর্ত রয়েছে সেগুলো পূরণ করতে হবে। নইলে অভিযোগের রাজনৈতিক বৈধতা হারিয়ে যাবে। ইফসাসের রিপোর্টে লস্কর-ই-তৈয়বা (শুভকর সেনা) জিহাদের মাধ্যমে খেলাফত প্রতিষ্ঠার অঙ্গীকারে আত্মপ্রকাশ করে। এর প্রতিষ্ঠাতা পাকিস্তানি হাফিজ সাইদ একসময় বলতেন, 'লস্করের লক্ষ্য হচ্ছে ওয়াশিংটন, তেলআবিব ও নয়াদিল্লিতে ইসলামের ঝান্ডা ওড়ানো।' আফগান-সোভিয়েত যুদ্ধের সময় এলইটি (লস্কর-ই-তৈয়বা) আফগান মুজাহিদিনের সহায়ক গ্রুপ হিসেবে সক্রিয় ছিল। পরে পাকিস্তানি গোয়েন্দা সংস্থা আইএসআই এবং সে দেশের সামরিক সংস্থাপনার মদদে পুষ্ট হয়ে কাশ্মীরে অনুপ্রবেশ করে। এলইটির জঙ্গিরা ১৯৯৬ সালে কাশ্মীরে ১৬ জন হিন্দু হত্যা করে ভারতীয় গোয়েন্দাদের নজর কাড়ে। ভারতের মুম্বাই, নয়াদিল্লি, নাগপুর, বেনারস শহরে সন্ত্রাসী হামলা চালায়। তারা ২০০৮ সালে মুম্বাই হামলায় একে-৪৭ রাইফেল ব্যবহার করে তাক লাগিয়ে দেয়। আইএসের সঙ্গে সংযোগ থাকায় তারা সহজেই মারাত্মক সব অস্ত্র পেয়ে যায় বলে ইফসাস রিপোর্টে জানা যায়। আইএসের জঙ্গিরা নিষ্ঠুর পন্থায় তাদের আদর্শ প্রতিষ্ঠায় প্রতিজ্ঞাবদ্ধ। ইরাকের তেলক্ষেত্রগুলো দখল এবং অপহরণ ও মুক্তি বাণিজ্য করে তারা নিয়মিত বাহিনীর মতো শক্তিধর হয়েছিল। তখন তাদের কৌশল ছিল 'আঁকড়ে থাকো আর দখলদারি প্রসারিত কর।' মার খেতে খেতে পিছু হটতে এখন তাদের কৌশল 'টিকে থাকো আর কাজ কর।' ধারণা করা হচ্ছে, শক্তির ধার কমে যাওয়ায় আইএস কৌশল পাল্টিয়ে গতানুগতিক সন্ত্রাসবাদের পথ ধরবে। এটা করলে প্রচুর জনবল ও অর্থায়নের দরকার হবে না। আইএসের মতো আল-কায়েদাও হীনবল হয়ে উঠেছে মনে করা হয়। ১৯৮৮ সালে ওসামা বিন লাদেন এ সংগঠন গড়ে তোলেন। আল-কায়েদা সারা বিশ্বকে চমকে দেওয়া ৯/১১-এর ভয়াবহ বিমান হামলা চালায়। ২০১১ সালে লাদেন মারা গেলে তারা সন্ত্রাস দমন অভিযানের 'বিপদ' এড়ানোর জন্য নতুন পদ্ধতি উদ্ভাবন করছে।

ইফসাস রিপোর্ট বলছে, লক্ষণীয় বিষয় হলো, অনগ্রসর ধ্যান-ধারণায় পুষ্ট জঙ্গি গ্রুপ তিনটির সক্রিয় সদস্যরা তাদের কৌশলগত সুবিধা অর্জনের জন্য নতুন নতুন উদ্ভাবিত প্রযুক্তি ব্যবহার করছে। রিপোর্টে বলা হয়, এরা মাঝেমধ্যে নিজেরা আদর্শিক কলহে লিপ্ত হয়। কিন্তু কর্তৃত্ববাদী সরকারগুলো ওদের বিরুদ্ধে আক্রমণ হানলে আবার তারা সংঘবদ্ধ হয়ে যায়। রিপোর্টে বলা হয়, সন্ত্রাসবাদ রুখতে আইন তৈরি ও প্রয়োগের সময় সর্বদা সজাগ থাকতে হবে। অতীতে দেখা গেছে, আইনের অপপ্রয়োগের কারণে সন্ত্রাস নির্মূলের কাজ মন্থর হয়েছে। সন্ত্রাসীকে টার্গেট করবে আইন, শুধু সন্ত্রাসীকেই।

ট্রাম্পকে ত্যাগ করলেন ৫ আইনজীবী

(প্রথম পাতার পর)

অভিশংসন প্রক্রিয়া চলমান।

তবে এ অবস্থায় তাকে আইনজীবীদের ত্যাগ করা এ ঘটনায় নতুন এক নাটকীয়তা যোগ করেছে। এ অবস্থায় নিজের পক্ষে আইনি লড়াই করতে আইনজীবী খুঁজে পেতে ট্রাম্প এখন গলদঘর্ম।

উল্লেখ্য, ৩ নভেম্বরের প্রেসিডেন্ট নির্বাচনে কোনো প্রমাণ ছাড়াই ট্রাম্প একতরফাভাবে দাবি করে যাচ্ছেন নির্বাচনে জালিয়াতি হয়েছে। এ জন্য তিনি আদালতের দ্বারস্থ হয়েছেন। তাকে ফিরিয়ে দিয়েছে আদালত। এমনকি তার বিরুদ্ধে রায় দিয়েছে সুপ্রিম কোর্ট পর্যন্ত। তারপরও তিনি নিজেকে বিজয়ী দাবি করছেন। এমন দাবিতে তার উস্কানিতে গত ৬ই জানুয়ারী তার সমর্থকরা ক্যাপিটল হিলে নৃশংস হামলা চালায়। এ ঘটনায় ট্রাম্পের বিরুদ্ধে দ্বিতীয় দফায় অভিশংসন প্রস্তাব আনা হয়েছে। প্রতিনিধি পরিষদে তিনি অভিশংসিত হয়েছেন। এখন সেই অভিশংসন প্রস্তাব পাঠানো হবে সিনেটে। ফলে অল্প কয়েকদিনের মধ্যে সেখানে ট্রাম্পের বিরুদ্ধে বিচার প্রক্রিয়া শুরু হবে। এমন অবস্থায় আইনজীবীরা তাকে ত্যাগ করায় তিনি দৃশ্যত আইনি প্রক্রিয়ায় প্রতিনিধিত্বহীন হয়ে পড়ছেন। তার মধ্যে এতে দেখা দিচ্ছে হতাশা। তার পক্ষ নিয়ে নেতৃত্ব দেয়ার কথা ছিল কমপক্ষে দু'জন আইনজীবী- বুচ বাওয়ার্স এবং ডেবোরাহ বারবিয়ার। তারাও ট্রাম্পকে ত্যাগ করেছেন। একটি সূত্র সিএনএনকে বলেছেন, সমঝোতার মাধ্যমেই তারা ট্রাম্পের আইনি দল ত্যাগ করেছেন। প্রধান আইনজীবী হিসেবে ট্রাম্পের আইনি দলটি গড়ে তুলেছিলেন ডেবোরাহ বারবিয়ার। এই দলে যোগ দিয়েছিলেন নর্থ ক্যারোলাইনার আইনজীবী যশ হাওয়ার্ড। তিনিও দল ছেড়েছেন বলে জানা যাচ্ছে। এ ছাড়া ট্রাম্পের পক্ষে আর আইনি লড়াই করবেন না সাউথ ক্যারোলাইনার আইনজীবী জনি গ্যাসার এবং গ্রেগ হ্যারিসও। সূত্র বলেছেন, ক্ষমতা থেকে বিদায় নিয়েছেন ট্রাম্প। এমন একজন সাবেক প্রেসিডেন্টকে দোষী সাব্যস্ত করার বৈধতা নিয়ে সিনেটে চুলচেরা বিতর্কে অংশ নেয়ার কথা ছিল এসব আইনজীবীর। ট্রাম্পের প্রত্যাশা ছিল, তারা তার নির্বাচনে ভোট কারচুপির পক্ষে সাফাই গাইবেন। কোনো প্রমাণ না থাকলেও তারা তার পক্ষে আদালতে এমন যুক্তি প্রতিষ্ঠা করুন, যাতে মনে হয় ট্রাম্পের অভিযোগই সত্য। তবে যেসব আইনজীবীর ট্রাম্পের পক্ষে দাঁড়ানোর কথা ছিল তাদের সঙ্গে কোনো চুক্তি হয়নি। দেয়া হয়নি অগ্রিম কোনো ফি।

ট্রাম্পের সাবেক প্রচারণা উপদেষ্টা জেইসন মিলার সিএনএনকে বলেছেন, ইতিমধ্যেই দায়িত্ব থেকে বিদায় নেয়া একজন প্রেসিডেন্টকে অভিশংসিত করার ডেমোক্রেট উদ্যোগ পুরোপুরি অসাংবিধানিক ও দেশের জন্য অত্যন্ত খারাপ। ঘটনা হচ্ছে ইমিধ্যে ৪৫ সিনেটর ভোট দিয়ে জানিয়েছে এটি অসাংবিধানিক।

সোমবার থেকে গণপরিবহনে মাস্ক পড়া বাধ্যতামূলক

(প্রথম পাতার পর)

হয়েছে করোনাভাইরাসের মোকাবিলার জন্য সব গণপরিবহনে মাস্ক পরা বাধ্যতামূলক। এই আদেশ সোমবার স্থানীয় সময় রাত ১১:৫৯ থেকে কার্যকর হবে। আইন ভঙ্গকারীরা অভিযুক্ত হবেন ফেডারেল চার্জে।

মিশিগান ইউনিভার্সিটির ১৪ জন শিক্ষার্থী যুক্তরাজ্য থেকে উদ্ভূত নতুন বৈশিষ্ট্যের করোনাভাইরাসে আক্রান্ত হয়েছে। এদিকে সাউথ ক্যারোলাইনার স্বাস্থ্য কর্মকর্তারা জানিয়েছেন, সেখানে দক্ষিণ আফ্রিকা স্ট্রেইনের ভাইরাসটিতে দুইজন আক্রান্ত হয়েছেন।

ওয়ার্ল্ডোমিটারস-এর তথ্য অনুযায়ী, এখন পর্যন্ত সবচেয়ে বেশি আক্রান্ত ও মৃতের সংখ্যা যুক্তরাষ্ট্রে। সেখানে মোট আক্রান্তের সংখ্যা দুই কোটি ৬৬ লাখ ৫৫ হাজার ৭৪০। মৃত্যু হয়েছে চার লাখ ৫০ হাজার ৩৮১ জনের।

বাসা ভাড়া

ওজনপার্কে এ এবং জে ট্রেন সাবওয়ের সন্নিকটে ৯১ এভিনিউ ও ৭৬ স্ট্রীটের কর্ণারে মনোরম পরিবেশে তিন বেডরুমের একটি বাসা ১ মার্চ থেকে ভাড়া দেয়া হবে। যোগাযোগ: ৭১৮-২২৩-৩২২৩ অথবা ৬৪৬-২৬৬-২৬০৯
জা-২৫/ফে-০১

রুম ভাড়া

ব্রঙ্কসের পার্কচেস্টার কন্ডোমিনিয়ামে একটি এক রুম ভাড়া হবে। ভাড়া ৮০০ ডলার। যোগাযোগ নজরুল। ফোন: ৩৪৭-২৬১-৮১২১
এইচ-জা-১৮

বাসা ভাড়া

সম্পূর্ণ রেনুভেটেড ২ বেডরুম, লিভিং, কিচেন, ডাইনিং এবং এক বাথরুম-এর বাসা ভাড়া হবে। কুইন্স বাউন্ড এ ট্রেন গ্র্যান্ড এভিনিউ এবং ৭ ও ৮ বিকিউ বাস স্টপেজ, পিএস ২১৪ আর গ্রোসারী স্টোর কাছাকাছি। ভাড়া ১৮০০ ডলার (গ্যাসবিল সহ)। যোগাযোগ: মজুমদার। ফোন: ৬৪৬-৪৩১-৬০৭১
জা-২৫/ফে-০১

বাসা ভাড়া

জ্যামাইকার ১৮৩ স্ট্রীটে নতুন রেনোভেটেড ৪ বেডরুমের অ্যাপার্টমেন্ট ভাড়া হবে। সাবওয়ে কাছাকাছি। ফোন: ৭১৮-৬০৭-৯৫৫১ অথবা ৩৪৭-৮৭০-০৭৪০
জা-২৫/ফে-০১

বাসা ভাড়া

জ্যামাইকায় ১০৯ এভিনিউ এবং ভ্যান উইক বুলেভার্ডে নতুন রেনোভেটেড এক বেডরুম, একটি লিভিং রুম, বাথরুম ও পৃথক কিচেন-এর বাসা ফেব্রুয়ারী মাস থেকে ভাড়া হবে। ২ অথবা ৩ সদস্যের ফ্যামিলি আবশ্যক। যোগাযোগ: ৬৪৬-৫৭৮-১৮৮৬
জা-১৮/২৫

বেসমেন্ট ভাড়া

কুইন্সের ৩৯-২৫ ২৪স্ট্রীট এলআইসি-তে বেসমেন্ট ভাড়া হবে। ভাড়া ১৯০০ ডলার। যোগাযোগ: ৬৪৬-৫৩০-৭২৩৯
জা-১৮/২৫

রেষ্টুরেন্ট সেল

জ্যামাইকার ১৬৮-১৮ জ্যামাইকা এভিনিউর খুব ব্যস্ত এলাকায় ফুললি ইকুইপড টার্ন কি ওপারেশন রেষ্টুরেন্ট বিক্রি করা হবে। যোগাযোগ: ৫১৬-৫২৬-৪৩৩৬
জা-১৮/২৫

রুম ভাড়া

এস্টোরিয়ার ৩৫ এভিনিউতে ২ বেডরুমের অ্যাপার্টমেন্টর একটি রুম সিঙ্গেল ফ্যামিলি অথবা ওয়ান ফিমেলের কাছে ভাড়া দেয়া হবে। যোগাযোগ: ৩৪৭-৮৯৮-৮৩৮৩
জা-১৮-২৫

১ বেডরুম কন্ডোমিনিয়াম ভাড়া

ব্রঙ্কসের পার্কচেস্টার ওভাল সংলগ্ন ইউনিয়ন পোর্ট রোডে বাঙালী গ্রোসারী, মসজিদ এবং ৬ ট্রেন সাবওয়ের কাছে ১ বেড রুমের কন্ডোমিনিয়াম ভাড়া হবে। ভালো ইনকাম এবং ক্রেডিট থাকতে হবে। ভাড়া ১৫০০ ডলার। যোগাযোগ: ৯১৭-২৮৮-১৮৩৫ (সকাল-১০ টা-রাত ৯ টা)

২ বেড রুমের কন্ডোমিনিয়াম ভাড়া

পার্কচেস্টার বাঙালী মার্কেট সংলগ্ন ,খলিল বিরিয়ানীর উল্টোদিকে ২ বেড রুমের একটি কন্ডোমিনিয়াম ভাড়া হবে। ভাড়া ১৮৫০ ডলার। যোগাযোগ: হাবিব রহমান। ফোন: ৩৪৭-২৮০-৭২৬৯

বেসমেন্ট ভাড়া

নিউইয়র্কের ১১২ স্ট্রীট ও ৯৫ এভিনিউ, রিচমন্ড হীলে নতুন কাজ করা ২ বেডরুম, ১ বাথরুম-এর বেসমেন্ট ভাড়া হবে। সাবওয়ে এ, জে ট্রেন এবং কিউ৮ কিউ২৪ ও কিউ৩৭ বাস, মসজিদ কাছে। যোগাযোগ: ১ (৭১৮)-২৯৬-০৩০৬
জা-১১/১৮/২৫

রুম ভাড়া

সুন্দর, ভালো পরিবেশে কর্মজীবি স্বামী/স্ত্রী বা একা প্রয়োজনে ফার্নিচারসহ বড় স্টুডিও রুম (রুমের এক পাশে কিচেন, বাথরুম, ফ্রীজ ও ইন্টারনেট সুবিধাসহ) ভাড়া দেয়া হবে। সি ট্রেনে শেফার্ড এভিনিউর পাশে ৪৩০ এসেক্স ষ্ট্রীট, ব্রুকলীন। যোগাযোগ করুন বা মেসেজ রাখুন। ফোন: ৬৩১-২৩০-০২৩০ অথবা ৭১৮-৩৪৮-৮৪২২
জা-১১/১৮

অ্যাপাটমেন্ট ভাড়া

জ্যাকসন হাইটসের ৭৮ ষ্ট্রীট এবং ২৪ এভিনিউতে এক বেডরুমের সেমি বেসমেন্ট ভাড়া হবে। যোগাযোগ: ৯১৭-৪৭৮-৭১৩১
ডি-১৪/২১

বাসা ভাড়া

জ্যাম্যাইকায় অত্যন্ত নিরিবিলি পরিবেশে, এক ব্লকের মধ্যে কিউ-৬, কিউ-১১ বাস। জেএফকে এয়ার পোর্টের নিকট রকওয়ে বুলেভার্ড ১২৯ এভিনিউ, ১৫৪ ষ্ট্রিট দোতলায় নতুন রেনোভেটেড তিন বেডরুম, দুইবাথ রুম, বড় লিংভিং রুম, বড় কিচেন, ফ্রি পার্কিং সহ ভাড়া দেওয়া হবে। ভাড়া আলোচনা সাপেক্ষে।
যোগাযোগ: খন্দকার জাকির হোসেন। ফোন: ৩৪৭-৫৩৬-০১০৯, অথবা ৭১৮-৫৫৮-৪৩৪৭
জা-০৪

বাসা ভাড়া

জ্যামাইকার ১৫৩-১১ ১০৭ এভিনিউতে (ই ট্রেন সাবওয়ের কাছে) বিশাল ফার্স্ট ফ্লোর, ২ বেডরুম, ২ বাথরুম, কিচেন/ডাইনিং, লিভিং রুম-এর বাসা অতিসত্তর ভাড়া হবে। ভাড়া ১৯৫০ ডলার। যোগাযোগ: সুলতান আহমেদ। ফোন: ৭১৮-৬৮৫-৪৮৬১ অথবা নাহিদা বেগম, **ফোন: ৩৪১-৬২৪-৮৮০০**
জা-০৪/১১

বাসা ভাড়া

১৯৬ স্ট্রীট ও ৮৯ এভিনিউর জ্যামাইকা হলিসে হিলসাইড এভিনিউর পাশে বেসমেন্টে এক বেডরুমের সঙ্গে লিভিং, কিচেনসহ একটি বাসা ভাড়া হবে।
যোগাযোগঃ ৯১৭-৪১২-৭৭৩৯

অ্যাপার্টমেন্ট ভাড়া

সানিসাইডের ৫০-৩৯ ৪৫ স্ট্রীট, নিউইয়র্ক-১১৩৭৭ ঠিকানায় এক বেডরুমের নতুন রেনোভেটেড অ্যাপার্টমেন্ট ভাড়া হবে। যোগাযোগ: রফি অহমেদ।
ফোন: ৩৪৭-৯৭২-৩৮৪৯ অথবা ৩৪৭-৩৩৫-৮০৫৪
ডি-২১/২৮

ফারনিশড বেডরুম ভাড়া

জ্যামাইকা এষ্টেট, এফ ট্রেন সংলগ্ন তিন তলা এপার্টমেন্টের সম্পূর্ণ ফারনিশড এক বেডরুম-বাথরুম (শেয়ার কিচেন-লিভিং) স্বামী-স্ত্রী অথবা একজন অধুমপায়ী স্টুডেন্টের কাছে ভাড়া হবে। অবশ্যই রেফারেন্স লাগবে। যোগাযোগ: ৩৪৭-৮২৯-৩৫৪৯.
ডি-২১/২৮

বাসা ভাড়া

পার্কচেস্টার সাউথ কন্ডো, ২ বেডরুম ১ বাথরুম। এষ্টি রিয়েলিটি গ্রুপ, এম. খলিল রহমান (এলআইসি রিয়েলটর)
৯১৭-৪০২-৭০৮৪
khalil4na@gmail.com

কন্ডো বিক্রয়

পার্কচেস্টার সাউথ কন্ডো ২ বেড রুম ১ বাথরুম, এষ্টি রিয়েলিটি গ্রুপ, এম. খলিল রহমান (এলআইসি রিয়েলটর)
৯১৭-৪০২-৭০৮৪
khalil4na@gmail.com

বাসা ভাড়া

কুইন্সের জ্যামাইকায় E, J, LIRR, Air Train এর নিকটে 107 Ave. এবং Inwood St. এ প্রাইভেট হাউজের দোতলায় ৩ বেডরুম, ২ বাথরুম, লিভিং রুম, বেলকনি ও কিচেনসহ ১লা জানুয়ারি থেকে বাসা ভাড়া হবে।
যোগাযোগঃ ৭১৮-৬৫৮-৪২৮৪।

লিভ ইন ন্যানী আবশ্যক

নিউজার্সীতে স্বামী-স্ত্রীর সঙ্গে আড়াই বছরের এক ছেলে ও এক শিশু বাচ্চাকে দেখাশোনার জন্য লিভ ইন ন্যানী আবশ্যক জানুয়ারি মানস থেকে। বাসায় থেকে কাজ করতে হবে। বেতন আলোচনা সাপেক্ষে।
যোগাযোগঃ ৪০৪-৫৩৬-২১৯৪
৪০৪-৫৩৮-৪৮৭৫

বাসা ভাড়া

কুইন্সের মনোরম পরিবেশে নিউ রেনোভেটেড ওয়াইড বেসমেন্টের এক বেডরুম, লিভিং রুম ও কিচেন সহ বাসা জানুয়ারী মাস থেকে ভাড়া হবে। সাইড এন্ট্রেন্স আছে। বাসার কাছেই ব্যাংক আর লং আইল্যান্ড রেলরোড। ভাড়া আলোচনা সাপেক্ষ। যোগাযোগ: ৩৪৭-৫৮৩-৫৬৩৭
জা-১১/১৮

বাসা ভাড়া

উডসাইডের সাবওয়ের পাশে ৫৮ স্ট্রিট ও নর্দান বুলুভারডে ৩ বেডরুম ও ২ বাথরুম সম্বলিত বাইরের সাথে দরজা-জানালাযুক্ত বেসমেন্টের একটি বাসা ভাড়া হবে। যোগাযোগ: (৯১৭) ৪১২-৭৭৩৯.
ন-০৯/১৬/২৩

রুমমেট আবশ্যক

জ্যাকসন হাইটসের ৮৪ ষ্ট্রীট এবং ২৫ এভিনিউতে বেসমেন্টে থাকার জন্য একজন পুরুষ রুমমেট আবশ্যক। যোগাযোগ: ৯১৭-৪৭৮-৭১৩১
ডি-১৪/২১

HELP ANTED

Need Office Assistant/Secretary Real Estate office, Queens, New York. English/Computer must. Contact: 917-523-4451. Email: MKSKARN@gmail.com
N-16/23

রুমমেট আবশ্যক

জ্যামাইকার হাইল্যান্ড এভিনিউ এর উপরে E and F ট্রেন সাবওয়ের খুব কাছে তিন বেডরুমের একটি বাসার দুই বেডরুম আলাদা বাথরুম সহ ভাড়া হবে জানুয়ারী ২০২১ সাল থেকে। ভাড়া আলোচোনা সাপেক্ষ্য।
যোগাযোগঃ ৭১৮-২০০-৮৮০০.
ন-১৬/২৩

হেল্প ওয়ান্টেড

একটি হিন্দু পরিবারের সাহায্যকারী প্রয়োজন। সাহায্যকারীকে পরিবারের সাথে পরিবারের সদস্যের মতো থাকতে হবে। থাকা, খাওয়া ফ্রি এবং অতিরিক্ত মাসিক বেতন ৫০০ ডলার দেয়া হবে। আগ্রহীরা যোগাযোগ করুন।
যোগাযোগ: ৯১৭-৪৩৬-৬১৬৮
ন-০৯

বাড়ি বিক্রয়

Jamaica Hills: 2F family walkup 3 family brick 3 bed rooms 2 bath rooms 3 apartments also full finished basement 1320 Sq.ft প্রতি ফ্লার জ্যামাইকা মুসলিম সেন্টার থেকে ১ ব্লক। Close to Park, Hospital. St. Hhons College, Subway. Price $1.3 millions. Call: 917-749-4143.

গ্যাস ষ্টেশনে আবশ্যক

জর্জিয়ার ছোট শহর সাইলোর একটি গ্যাস ষ্টেশনে কাজ করার জন্য একজন কর্মী প্রয়োজন। প্রয়োজনীয় সুযোগ সুবিধা দেয়া হবে। যোগাযোগ: ফয়জুল কবির।
ফোন: ৭০৬-৯৭৭-৯১০৬
ফে-০১/০৮

পাত্রী চাই

আমেরিকায় বসবাসরত ও প্রতিষ্ঠিত সম্ভ্রান্ত মুসলিম পরিবারের সন্তান, ৫ ফুট ৬ ইঞ্চি, সুদর্শন, এমবিএ ডিগ্রীধারী পাত্রের জন্য পাত্রী চাই।
যোগাযোগ: ৯২৯-৫৩০-৫২৯৩।
ই-মেইল: 3800rahman@gmail.com

মালটি ফ্যামিলি হাউজ বিক্রি



নিউইয়র্কের বাফেলোতে ফুল রেনোভেটেড মালটি ফ্যামিলি হাউজ বিক্রির জন্য তৈরী। সিরিয়াস আগ্রহীরা যোগাযোগ করুন। **ফোন: ৬৪৬-৩২৭-৬৮৮৯**
ন-৩০/ডি-০৭/১৪

بسم الله الرحمن الرحيم

পাত্র চাই

New York- এ পিতা-মাতার সঙ্গে বসবাস করেন। (U.S.A. Citizen) পাত্রী Bachelor in Biomedical Engineer, From City College, CUNY, and Master in Biomedical Engineer, From Penn Univercity, Philadelphia বর্তমানে পেশাগত কাজে কর্মরত। পাত্রীর জন্য ৩২+ বয়সের যোগ্য পাত্র যোগাযোগ করুন।
Mobile Tel. No 646-591-4696
Res: 718-931-2509
e-mail: moondhs@gmail.com

রুম ভাড়া

জ্যামাইকা এষ্টেট, এফ ট্রেন সাবওয়ের লাস্ট স্টপ সংলগ্ন অত্যন্ত মনোরম পরিবেশে তিন তলার ৩ বেডরুম, ২ বাথরুমের বড় এপার্টমেন্টে পরিবারের সাথে থাকার জন্য একজন ব্যাচেলার অথবা স্বামী-স্ত্রী'র কাছে ফার্নিসড রুম ভাড়া হবে। ভাড়া আলোচনা সাপেক্ষে।
যোগাযোগ: ৩৪৭-৮৫৮-৪২৯০ অথবা ৯১৭-৩০০-৫০০৪

পাত্রী চাই

সম্ভ্রান্ত মুসলিম পরিবারের ৩২ বছর বয়সী, জন্মসূত্রে আমেরিকান সিটিজেন পাত্রের জন্য পাত্রী আবশ্যক। পাত্র ফোর্ডহ্যাম ইউনিভার্সিটি থেকে বিজন্যাস এন্ড ফাইন্যান্সে গ্রাজুয়েট। বর্তমানে নিউইয়র্কে একটি নামী ফার্মাসিউটিক্যাল কোম্পানীতে সুপারভাইজার লেভেলে কর্মরত। পাত্রীকে জন্মসূত্রে আমেরিকান নাগরিক, গ্রাজুয়েট বা পড়াশোনার শেষ পর্যায়ে থাকতে হবে। পাত্রীর গড়ন হাল্কা পাতলা এবং সুন্দরী হতে হবে।
যোগাযোগ: ৯১৭ ২৮৮ ১৮৩৫
(সকাল ১১টা থেকে রাত ১০টা)

বিনামূল্যে হেলথ ইন্স্যুরেন্স চান

আপনি কি বিনামূল্যে নিউইয়র্ক ষ্টেট অনুমোদিত হেলথ ইন্স্যুরেন্স পেতে চান? তাহলে আমাদের সাথে যোগাযোগ করুন। আমরা আপনাকে হেলথফাস্ট, ফিডালিস কেয়ার, মেট্রোপ্লাস, ইউনাইটেড হেলথ কেয়ার সহ অন্যান্য ইন্স্যুরেন্স প্লান পেতে সহায়তা করব!
শেখ সিরাজ, বাংলাদেশ সেন্টার
Bangladesh Center Inc
ফোন: ৯১৭-৫৪৭-৬৮৩২

সিকিউরিটি ক্যামেরা

আপনার বাসা, অফিস বা কর্মস্থল সিকিউরিটি ক্যামেরা লাগিয়ে নিরাপদ করুন।
ঘরে-বাইরে, কাছে-দূরে যেখানেই থাকুন আপনার সম্পদ ফোনের পর্দায় দেখুন।
আমরা সবচেয়ে কম খরচে অল্প সময়ে সিকিরিটি ক্যামেরা লাগাই। আজই যোগাযোগ করুন।
ফোন : 917-455-5308
ইমেইল: techlifeusa@gmail.com
Tech Life USA : 179-51 Hillside AV, Jamaica, NY-11432

কাজী অফিস

(সিটি কর্তৃক রেজিষ্ট্রিকৃত)

কাজী মোঃ বেলাল হোসেন
ইউএস এয়ারফোর্সের অধীনে কুয়েতস্থ আমেরিকান এ্যাম্বাসির প্রাক্তন দোভাষী অফিসার
বর্তমান ইমাম : বাইতুন নূর মসজিদ, ওজপনপার্ক।
ইসলামী শরীয়ত অনুযায়ী বিবাহ পড়ানো এবং নিউইয়র্ক সিটির ল' মোতাবেক ম্যারেজ সার্টিফিকেট ও মুসলিম কাবিননামা প্রদান করা হয়। ইংরেজী, আরবী এবং বাংলায় বিবাহ অনুষ্ঠান পরিচালনা করা হয়। সপ্তাহে ৭ দিন খোলা। নিউইয়র্ক সিটির প্রতিটি এলাকায় সেবা প্রদান করা হয়।
যোগাযোগ: 201-839-7579
৮৮-১৯ লিবার্টি এভিনিউ, ওজনপার্ক, নিউইয়র্ক-১১৪১৭

বাসা ভাড়া

বাংলাদেশী অধ্যুষিত এস্টোরিয়ায় (৩৩-০৯, ৩১ এভিনিউ এবং ৩০-৫২, ৩৪ ষ্ট্রীট) এর দুটি এপার্টমেন্ট বিল্ডিংয়ে ১বেড রুম (ভাড়া: ১৭০০ ডলার), দুই বেড রুম (ভাড়া: ২২০০ ডলার) এর বেশ কয়েকটি এপার্টমেন্ট ভাড়া হবে।
যোগাযোগ: হাবিব রহমান
লাইসেন্সড রিয়েল এস্টেট সেলস পার্সন
পার্কচেস্টার ব্রঙ্কস রিয়েলিটি
ফোন: ৩৪৭ ২৮০ ৭২৬৯ (সেল)
৭১৮-৫১৪-৯০৩০ (অফিস)

Madar Bazar Foyzul Uloom Hafizia senior Madrasha Ex- Students forum USA Quarterly meeting News



On Saturday January 30 2021 we had our Madar Bazar Foyzul Uloom Hafizia senior Madrasha Ex- Students forum USA held our directors meeting. presided by our president Malik sheikh meeting hosted by General secretary Shofiqur Rahman khan , other directors Md Bodrul Alom ,Anamul Haque Rahman and Mohammad Abdul khalik were at the meeting all join by zoom .we have discussed various things in the meeting. Our cashier Director Md Bodrul Alom provide the committee financial report.everyone very pleased with how everything is going.committee appreciated all the members for there dedicated support and cooperation.at the end of the meeting we made a special prayer for the people effected buy the COVID-19 and those who lost their loved ones.

হাউজ কিপিং জব করতে চাই

হাউজ কিপিং জব (যেমন- সুইপ ও মপ করা, রান্নায় সাহায্য করা) করতে ইচ্ছুক। ঘন্টায় ৫/১০ ডলার বেতন পেলেই চলবে। যোগাযোগ: গডফ্রে রোজারিও (প্রাক্তন অফিস সহকারী, **বাংলাদেশ সুপ্রীমকোর্ট**)।

ফোন: ৩৪৭-৮৪৯-৭৫৪৯
৩৪৭-৮৪৯-৭৫২৩

দালাল দ্বারা প্রতারিত হবেন কেন?
বাফেলোতে বাড়ি কেনা-বেচায়



নতুন প্রজন্মের বিশ্বস্ত লাইসেন্সড সেলস পার্সন
রাফি সাফওয়ান
ঝামেলামুক্ত সহযোগিতা দিচ্ছে
সিদ্ধান্ত নেয়ার পূর্বে যোগাযোগ করুন :
267-992-3201
Park Realty
of Western New York
155 Summer St
Buffalo, NY 14222

Room for Rent

An empty beautiful furnished room with 59" tv mounted on the wall, dresser with mirror, wooden Almirah - including gas & electricity for rent as of 1st October/20; beginning, middle or end of the coming month; it's on second floor of a private three floor building on the Steinway Street in between 28-25th Avenue, right in front of Fatima Pediatric Medical Care & almost next to the Dominos Pizza. Monthly rent is **$800/00** with one month's advance security money — NO NEGOTIATIONS. If interested — Please call :
516-603-5223 or on land phone: **718-545-0706**
ask for ***Khokan, Anwaruddin.***

ফুলটাইম মহিলা নেনী

কর্মজীবি মা ফুলটাইম মহিলা নেনী/নেনীসিটার খুঁজছেন। নিউইয়র্কের ফ্লাশিং (কুইন্স) এলাকায় মেখিন বাড়িতে মেহমান-সহ থাকার সুন্দর ব্যবস্থা আছে।
বিস্তারিত তথ্য বা সাক্ষাৎকারের জন্য কল্/টেক্সট:
347-766-6412

মুসলিম কাজী অফিস

Imam & Khatib
Bangla Bazar Jame Masjid
1351 Odell St, Bronx, NY 10462
ইসলামী শরীয়ত মোতাবেক বিয়ে পড়ানো হয় এবং নিউইর্ক সিটি ল অনুযায়ী ম্যারিজ সার্টিফিকেট ও কাবিন নামা দেয়া হয়।



Quazi Moulana Abul Kashem Eahea
Ba (Hons), MA (Bangla)- Kamil-Hadith, Tafsir, Fiqh
Marriage Registrar New York State
(Muslim Nikah & Marriage Solemnization NYC)
Tel: 347-208-9055
Email:abuleahea@gmail.com

মুসলিম কাজী অফিস



নিউইয়র্ক সিটি কর্তৃক রেজিস্ট্রিকৃত
কাজী মাওলানা ওবায়দুল হক
ইমাম ও খতিব পার্কচেষ্টার ইসলামিক সেন্টার
ইসলামী শরীয়ত অনুযায়ী বিবাহ পড়ানো এবং নিউইয়র্ক সিটির ল মোতাবেক ম্যারেজ সার্টিফিকেট ও মুসলিম কাবিননামা প্রদান করা হয়। সপ্তাহে ৭ দিন খোলা।
পরামর্শের জন্য যোগাযোগ করুন ৩৪৭-৩২০-৭২১৮
13-75 Virginia Avenue, Bronx, New York 10462

MATRIMONIAL SERVICE
কাজী অফিস (NYC Registered)

GET MARRIED ISLAMIC WAY BY
KAZI MOWLANA MD. ABUL KHAIR
IMAM & KHATUB
MASJID AL-ABRAR CULTURAL CENTER USA INC.
70-50, Broadway (Basement), Jackson Heights, NY 11372.
Phone: 646-732-7125, 929-277-7444

বাড়িতে থেকেই পরিবারের সদস্যদের স্বাস্থ্য সেবা দিন
বছরে আয় করুন সর্বোচ্চ $50,000

Hiring HHA & PCA

আমরা দীর্ঘদিন ধরে বাংলাদেশী কম্যুনিটিকে সেবা দিয়ে আসছি।

প্রশিক্ষণ ক্লাসের জন্য যোগাযোগ করুন

সম্পূর্ণ বিনামূল্যে



HouseCalls HOME CARE
Being home never felt better

718-731-9750

আমাদের অফিসে রয়েছে বাংলাদেশী স্টাফ

আপনাদের সুবিধার্থে চারটি অফিস

Jackson Heights:
72-16 Roosevelt Ave, NY 11372



Bronx:
1878 Cross Bronx Expwy, NY 10472



Jamaica:
90-50 Sutphin Blvd, NY 11435



Brooklyn:
2440 Fulton Street, NY 11233



বাংলাদেশী কম্যুনিটিতে একমাত্র 'লাইসেন্সধারী' হোম কেয়ার এজেন্সি

বাংলা পত্রিকা

প্রান্তিক পৃষ্ঠা

The Weekly Bangla Patrika

নিউইয়র্কে বাংলাদেশী কাউন্সিলর প্রার্থীকে হুমকি



বাংলা পত্রিকা ডেস্ক: নির্বাচন করতে গিয়ে যুক্তরাষ্ট্রের নিউইয়র্কে একজন বাংলাদেশী বর্ণ বিদ্বেষের শিকার হয়েছেন। নিউইয়র্ক নগরীর বিশেষ নির্বাচনের প্রার্থী মৌমিতা আহমদকে নির্বাচন থেকে সরে দাঁড়াতে হুমকি দেয়া হচ্ছে বলে অভিযোগ পাওয়া গেছে। নগরীর কুইন্সের ডিস্ট্রিক্ট ২৪ থেকে কাউন্সিলম্যান পদে ৪ জন বাংলাদেশী নির্বাচন করছেন। এরমধ্যে একজন মৌমিতা। আগামী ২ ফেব্রুয়ারী এই নির্বাচন অনুষ্ঠিত হওয়ার কথা। ঐদিন সকাল ৬টা থেকে রাত ৯টা পর্যন্ত বিরতিহীনভাবে ভোট গ্রহণ চলবে বলে বোর্ড অব ইলেকশন সূত্রে জানা গেছে। ইতিমধ্যেই এই নির্বাচনে আগাম ভোট গ্রহণ (২৩ জানুয়ারী থেকে ৩১ জানুয়ারী) চলছে। মৌমিতা (বাকি অংশ ৪৭ পাতায়)



বাইডেন প্রশাসনে গুরুত্বপূর্ণ পদে ২০ ভারতীয় বংশোদ্ভূত

তারিক চয়ন: যুক্তরাষ্ট্রের নতুন প্রেসিডেন্ট জো বাইডেনের প্রশাসনে ২০ জন ভারতীয় বংশোদ্ভূত ব্যক্তিকে হয় নিয়োগ নয়তো মনোনয়ন দেয়া হয়েছে। ওই ২০ জনের মধ্যে ১৩ জনই নারী। ভাইস প্রেসিডেন্ট হিসেবে ইতিমধ্যেই শপথ নিয়েছেন ভারতীয় বংশোদ্ভূত নারী কমালা হ্যারিস। জেনে নেয়া যাক ওই ২০ জনের পদ-পরিচয়ঃ

১. বনিতা গুপ্তঃ অ্যাসোসিয়েট অ্যাটর্নি জেনারেল। তিনি-ই প্রথম ভিন্ন বর্ণের কোন নারী যিনি এই পদে নিয়োগ পেলেন।

২. আয়শা শাহঃ পার্টনারশিপ ম্যানেজার, হোয়াইট হাউস ডিজিটাল স্ট্র্যাটেজি টিম। আয়শার জন্ম কাশ্মীরে।

৩. গরিমা ভার্মাঃ ডিজিটাল ডিরেক্টর, ফার্স্ট লেডি জিল বাইডেন। তিনি বাইডেন-হ্যারিও নির্বাচনী প্রচারণায় কাজ করেছিলেন।

৪. উজরা জেয়াঃ প্রেসিডেন্টের নাগরিক সুরক্ষা, গণতন্ত্র ও মানবাধিকার বিষয়ক আন্ডার সেক্রেটারি। কাশ্মীরী বংশোদ্ভূত উজরা একজন কূটনীতিক।

৫. মালা আদিগাঃ ফার্স্ট লেডি জিল বাইডেনের পলিসি ডিরেক্টর। তিনি আগেও জিলের জ্যেষ্ঠ উপদেষ্টা ছিলেন।

৬. বেদান্ত প্যাটেলঃ প্রেসিডেন্টের সহকারী প্রেস সচিব। তিনি তৃতীয় কোন ভারতীয় বংশোদ্ভূত ব্যক্তি যিনি হোয়াইয় হাউসের প্রেস টিমে স্থান পেলেন।

৭. নেহা গুপ্তঃ এসোসিয়েট কাউন্সেল, হোয়াইট হাউস কাউন্সেল। আগে তিনি সানফ্রান্সিসকোতে ডেপুটি সিটি এটর্নি ছিলেন।

৮. তরুণ ছাবড়াঃ সিনিয়র ডিরেক্টর, টেকনোলজি এন্ড ন্যাশনাল সিকিউরিটি, ন্যাশনাল সিকিউরিটি কাউন্সিল। তিনি ওবামা-বাইডেন প্রশাসনেও কাজ করেছিলেন।

৯. শান্তি কালাঠিলঃ সমন্বয়ক, গণতন্ত্র ও মানবাধিকার, ন্যাশনাল সিকিউরিটি কাউন্সিল। সংশ্লিষ্ট বিষয়ে তার কাজের অভিজ্ঞতা ব্যাপক।

১০. সামিরা ফাজিলিঃ ডেপুটি ডিরেক্টর, ইউএস ন্যাশনাল ইকোনমিক কাউন্সিল। ওবামা-বাইডেন প্রশাসনেও তিনি গুরুত্বপূর্ণ দায়িত্ব পালন করেছিলেন।

১১. নীরা ট্যান্ডেনঃ ডিরেক্টর, ম্যানেজমেন্ট এন্ড বাজেট। ক্লিনটন পতিবারের অনুগত বলে পরিচিত নীরা ২০০৮ সালে হিলারি ক্লিনটনের প্রথম প্রেসিডেন্ট নির্বাচনী প্রচারণায় শীর্ষ সহযোগী হিসেবে কাজ করেছিলেন।

১২. গৌতম রাঘবানঃ ডেপুটি ডিরেক্টর, প্রেসিডেনশিয়াল পারসোন্যাল। গৌতমের এর আগেও হোয়াইট হাউসে কাজের অভিজ্ঞতা রয়েছে।

১৩. সোনিয়া আগারওয়ালঃ সিনিয়র এডভাইজার, ক্লাইমেট পলিসি এন্ড ইনোভেশন, ডমিস্টিক ক্লাইমেট পলিসি। তিনি সিভিল ইঞ্জিনিয়ারও বটে।

১৪. বিবেক মূর্তিঃ সার্জন জেনারেল। ওবামা প্রশাসনেও তিনি এই পদেই ছিলেন।

১৫. বিনয় রেড্ডিঃ ডিরেক্টর, স্পিচ রাইটিং। বিনয় বাইডেনের দীর্ঘদিনের সহকারী।

১৬. সুমনা গুহঃ সিনিয়র ডিরেক্টর, সাউথ এশিয়া, ন্যাশনাল সিকিউরিটি কাউন্সিল। সাবেক ফরেন সার্ভিস অফিসার সুমনা এর আগেও বাইডেনের সাথে কাজ করেছিলেন।

১৭. ভারত রামামূর্তিঃ ডেপুটি ডিরেক্টর, ফিন্যান্সিয়াল রিফর্ম এন্ড কনজিউমার প্রটেকশন, ন্যাশনাল ইকোনমিক কাউন্সিল। সিনেটর এলিজাবেথ ওয়ারেনের ২০২০ সালের প্রেসিডেন্ট নির্বাচনী প্রচারণার তিনি শীর্ষ অর্থনৈতিক উপদেষ্টা ছিলেন।

১৮. সাবরিনা সিংঃ উপ প্রেস সচিব, ভাইস প্রেসিডেন্ট কমালা হ্যারিস। নির্বাচনী প্রচারণার সময়ও তিনি এই দায়িত্বে ছিলেন।

১৯. ভিদুর শর্মাঃ টেস্টিং এডভাইজার, কোভিড-১৯ রেস্পন্স টিম। তিনিও ওবামা প্রশাসনে কাজ করেছিলেন। তিনি বিখ্যাত হার্ভার্ড এবং ক্যামব্রিক বিশ্ববিদ্যালয়ের শিক্ষার্থী ছিলেন।

২০. রীমা শাহঃ ডেপুটি এসোসিয়েট কাউন্সেল, হোয়াইট হাউস কাউন্সেল।

বাইডেন প্রশাসনে বাংলাদেশীদের অন্তর্ভূক্তিতে আতিকুর রহমান সালুরঅভিনন্দন



নিউইয়র্ক: 'বাংলাদেশীস ফর বাইডেন ন্যাশনাল কাউন্সিল' নিউজার্সী ষ্টেট কমিটির ডেপুটি ডাইরেক্টর আতিকুর রহমান সালু এক বিবৃতিতে বলেছেন- 'যুক্তরাষ্ট্রের নতুন প্রেসিডেন্ট জো বাইডেনের প্রশাসনে বাংলাদেশী-আমেরিকান জাইন সিদ্দিকী, ফারাহ আহমেদ, রুমানা আহমেদ ও কাজী সাবিল রহমানের অন্তর্ভূক্তিতে বাংলাদেশী, বিশেষ করে যুক্তরাষ্ট্রে বসবাসরত সকল বাংলাদেশী-আমেরিকান সকলেই যারপর নেই আনন্দিত ও গর্বিত।' বিবৃতিতে তিনি বলেন, আমি 'বাংলাদেশীস ফর বাইডেন ন্যাশনাল কাউন্সিল' নিউজার্সী ষ্টেট কমিটির পক্ষ থেকে তাঁদের সবাইকে আন্তরিক অভিনন্দন জানাই। আমি আশা করি যে, অদূর ভবিষ্যতে আরও বাংলাদেশী-আমেরিকান বাইডেন প্রশাসনে অন্তর্ভূক্ত হবে। একই সাথে আমি যুক্তরাষ্ট্রে বসবাসরত প্রবাসী সকল বাংলাদেশীকে আরো বেশী করে আমেরিকার মূলধারার রাজনীতিতে অংশ নেয়ার জন্য উদাত্ত আহবান জানাই।

পররাষ্ট্রমন্ত্রীকে সিনেটর জন কেরির ফোন

সম্পর্কোন্নয়ন চাইলে খুনি ফেরত দিন

বাংলা পত্রিকা ডেস্ক: জলবায়ু পরিবর্তন বিষয়ে পররাষ্ট্রমন্ত্রী ড. এ কে আব্দুল মোমেনের সঙ্গে কথা বলেছেন যুক্তরাষ্ট্রের সাবেক পররাষ্ট্রমন্ত্রী ও সিনেটর জন কেরি। মঙ্গলবার (২৭ জানুয়ারী) নিউইয়র্ক সময় সকাল আর বাংলাদেশ সময় সন্ধ্যায় টেলিফোনে কথা বলেছেন দুই নেতা।

পররাষ্ট্র মন্ত্রণালয় সূত্র জানায়, মঙ্গলবার সন্ধ্যায় বাংলাদেশের পররাষ্ট্রমন্ত্রীকে টেলিফোন করেন জন কেরি। জলবায়ু পরিবর্তন ঝুঁকি বিষয়ে বাংলাদেশ ও যুক্তরাষ্ট্র কীভাবে একযোগে কাজ কাজ করতে পারে, সে বিষয়ে বিস্তারিত আলোচনা করেন



দুই নেতা। প্রায় আধ ঘন্টার আলোচনা হয় তাদের মধ্যে। ফোনালোচনায় বাংলাদেশের অবস্থান তুলে ধরেন পররাষ্ট্র মন্ত্রী আবদুল মোমেন।

উল্লেখ্য, যুক্তরাষ্ট্রের নতুন প্রেসিডেন্ট জো বাইডেন দায়িত্ব নেয়ার প্রথম দিনেই জলবায়ু পরিবর্তন বিষয়ে প্যারিস চুক্তিতে ফিরে আসার ঘোষণা দেন। এ সময় সাবেক পররাষ্ট্রমন্ত্রী জন কেরিকে জলবায়ু পরিবর্তন ঝুঁকি বিষয়ে কাজ করার জন্য দায়িত্ব দেন তিনি।

সম্পর্কোন্নয়ন চাইলে খুনি ফেরত দিন

এদিকে যুক্তরাষ্ট্রের সঙ্গে সম্পর্ক বিষয়ক এক ওয়েবিনারে অংশ নিয়ে মঙ্গলবার (২৭ জানুয়ারী) পররাষ্ট্রমন্ত্রী ও সচিব বেশ কড়া বার্তাই দিলেন। ওয়াশিংটনের উদ্দেশ্যে মন্ত্রী ড. একে আবদুল মোমেন বলেন, বাংলাদেশের সঙ্গে সম্পর্ক উন্নতি করতে চাইলে যুক্তরাষ্ট্রকে অবশ্যই বঙ্গবন্ধু খুনি রাশেদ চৌধুরীকে ফেরত দিতে হবে। গত এক দশক ধরে 'জাতির পিতা' বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের পলাতক খুনি রাশেদ চৌধুরীকে ফেরত দেওয়ার বিষয়টি যুক্তরাষ্ট্র ঝুলিয়ে রেখেছে এমন অভিযোগ করে মন্ত্রী বলেন, আমি আশা করি নতুন যুক্তরাষ্ট্র প্রশাসন বিষয়টি গুরুত্বের সঙ্গে দেখবে কারণ আমরা উভয় দেশই বিচার ও আইনের শাসন প্রতিষ্ঠায় বিশ্বাস করি। প্রকৃতপক্ষে রাশেদ চৌধুরীর প্রত্যাবাসন বাংলাদেশ-যুক্তরাষ্ট্র সম্পর্কে একটি গেম চেঞ্জার হতে পারে। বঙ্গবন্ধুর আত্মস্বীকৃত এবং দন্ডাপ্ত ওই খুনিকে ফেরাতে বাংলাদেশ বন্দি প্রত্যর্পণ চুক্তি করতে চায় জানিয়ে তিনি বলেন, এটিও যুক্তরাষ্ট্র ঝুলিয়ে রেখেছে।

অনুষ্ঠানে পররাষ্ট্র মন্ত্রণালয়ের সিনিয়র সচিব (পররাষ্ট্র সচিব) মাসুদ বিন মোমেন বলেন, দক্ষিণ এশিয়ায় যুক্তরাষ্ট্রের কৌশলগত অংশীদার হচ্ছে ভারত এবং এই অঞ্চলের অন্য দেশগুলোর সঙ্গে ওয়াশিংটন কী ধরনের সম্পর্ক রাখবে সেটি অনেকাংশে দিল্লির উপর নির্ভর করে। কিন্তু বাংলাদেশ চায় যুক্তরাষ্ট্র যেন সরাসরি তার সঙ্গে যোগাযোগ রক্ষা করে এবং অন্য যেকোনো দেশ কীভাবে ঢাকা-ওয়াশিংটন সম্পর্ক দেখতে চায় সেটি যেন বিবেচনা না করে। 'বাংলাদেশ-যুক্তরাষ্ট্র সম্ভাবনা ও চ্যালেঞ্জ'- শীর্ষক ওই ওয়েবিনারে সচিব মাসুদ বিন মোমেন আরও বলেন, বাংলাদেশ আশা করে যুক্তরাষ্ট্র সরাসরি যোগাযোগ রক্ষা করে চলবে, অন্য কোনো প্রিজমের মাধ্যমে নয়।

উল্লেখ্য, যুক্তরাষ্ট্রের সঙ্গে বাংলাদেশের সম্পর্কের সম্পর্ক অম্লমধুর।

ঢাকা-ওয়াশিংটন সম্পর্ক একদিকে যেমন পার্টনারশিপ বা অংশীদারিত্বের পর্যায়ে পৌঁছেছে তেমনি বঙ্গবন্ধুর খুনিকে ফেরত না পাঠানোর মতো বিষয়টি নিয়ে বেশ অস্বস্তি রয়েছে। বঙ্গবন্ধুর খুনিদের মধ্যে পাঁচজন এখনও বিদেশে পালিয়ে আছে। এরমধ্যে রাশেদ চৌধুরী যুক্তরাষ্ট্রে এবং নুর চৌধুরী কানাডায়। ১৯৯৬ সালে আওয়ামী লীগ ক্ষমতায় আসার পর যুক্তরাষ্ট্রে পালিয়ে যাওয়া রাশেদ চৌধুরী পরবর্তীতে দেশটিতে রাজনৈতিক আশ্রয় প্রার্থনা করেন। ২০০৪ সালে অভিবাসন বিচারক আবেদন তা মঞ্জুর করেন। পরে ওই সিদ্ধান্তের বিরুদ্ধে আপিল করে হোমল্যান্ড সিকিউরিটি। ২০০৬ সালে ওই আপিল খারিজ হয়ে যায়। ২০০৯ সালে আওয়ামী লীগ সরকার পুনরায় ক্ষমতায় আসার পর রাশেদ চৌধুরীকে ফেরত আনার জন্য যুক্তরাষ্ট্রের সঙ্গে রাজনৈতিক আলোচনা হয়। ২০১৬ পর্যন্ত ডেমোক্রেটিক সরকার ক্ষমতায় থাকা ওই আলোচনা বেশিদূর এগোয়নি। পরবর্তীতে ট্রাম্প প্রশাসন ক্ষমতা গ্রহণের পরে সর্বোচ্চ পর্যায় থেকে রাশেদ চৌধুরীকে ফেরত আনার বিষয়টি একাধিকবার বিবেচনার জন্য অনুরোধ করা হলে গত বছরের জুনে তৎকালীন অ্যাটর্নি জেনারেল বিষয়টি পুনর্বিবেচনার নোটিশ জারি করেন।

যুক্তরাষ্ট্র-চীন সাংঘর্ষিক অবস্থা হলে বাংলাদেশের ওপর বিরূপ প্রভাব পড়বে

ওদিকে ওয়েবিনারে পররাষ্ট্র মাসুদ বিন মোমেন বলেন, যদি যুক্তরাষ্ট্র ও চীন একে-পরের প্রতি বৈরী মনোভাব পোষণ করে, তবে এই দুই শক্তির মধ্যে গুরুত্বপূর্ণ ভারসাম্য রক্ষা করতে বাংলাদেশকে কঠিন অবস্থানে পড়তে হতে পারে। বাইডেন প্রশাসন ইন্দো-প্যাসিফিক স্ট্র্যাটেজির অগ্রাধিকারের ক্ষেত্রে বড় ধরনের পরিবর্তন আনতে পারে জানিয়ে মাসুদ বিন মোমেন বলেন, ইন্দো-প্যাসিফিক স্ট্র্যাটেজি এবং চীনের বিআরআই-এই দুই উদ্যোগের সঙ্গে বাংলাদেশ জড়িত। আমরা বিশ্বাস করি কানেক্টিভিটি ও পরিবহন অবকাঠামো বৃদ্ধির মাধ্যমে উভয় উদ্যোগ আমাদের আর্থ-সামাজিক উন্নতিতে সুযোগ তৈরি করবে। ব্যবসা ও বাণিজ্যের ক্ষেত্রে বাংলাদেশ আরও আমেরিকান সহযোগিতা আশা করে পররাষ্ট্র সচিব বলেন, জিএসপি সুবিধার পুনর্বহাল, বাণিজ্য বহুমুখীকরণ ও আমেরিকান বিনিয়োগ চায় বাংলাদেশ। পররাষ্ট্র সচিব বলেন, যুক্তরাষ্ট্র আবার বহুপাক্ষিক ব্যবস্থায় ফিরে এসেছে যা বাংলাদেশের জন্য অত্যন্ত ভালো সংবাদ বিশেষ করে জলবায়ু পরিবর্তন সংক্রান্ত প্যারিস চুক্তিতে ফিরে আসাটি আমাদের জন্য অত্যন্ত ইতিবাচক।



সাফওয়ান ট্রাভেল
এন্ড মাল্টি সার্ভিসেস কর্পোরেশন
Safwan Travel & Multi Services Corp.



Mohammed Abdul Khaleque
MLT A.D. (CUNY Bronx Community College)

IATA Accredited Approved Travel Agent

AUTHORIZED e-file PROVIDER

২০ বছরের বেশি ইনকাম ট্যাক্স ফাইলের অভিজ্ঞতা সম্পন্ন

Design, Printing, Flyer, Business Card, Banner, Poster & more!

We Provide
- Individual Tax
- Corporation Tax
- Partnership Tax
- Non-profit Tax
- Gift Tax
- Sale & Payroll Tax
- IRS & State Tax audit Representation
- Immigration
- Accounting
- Bookkeeping
- Business License
- Business Incorporation

লিগ্যাল মাধ্যমে সর্বোচ্চ ট্যাক্স রিটার্নের নিশ্চয়তা এবং বিনামূল্যে পরামর্শ দেওয়া হয়

দেশে যাওয়ার পথে ওমরাহ্ পালনের সুযোগ

এয়ার লাইন্স টিকেট সেল সর্বনিম্ন মূল্যে! ৬৪৯+

নাক্টার শাড়ী ঘর



Special Eid-Sale

ঈদ উপলক্ষে ৫০% পর্যন্ত ছাড়

শাড়ী, সালোয়ার,কামিজ, বোরকা, পানজাবী, বেড সিট, হেজাব, লুঙ্গী এবং অন্যান কাপড়ের বিশাল সমাহার

এয়ার লাইন্স টিকেট ও নির্ভূল ট্যাক্স ফাইলিং এর জন্য একটি নির্ভরযোগ্য বিশ্বস্ত প্রতিষ্ঠান।

Phone: 347- 621- 4940,718-300-7429

1217 White Plains Road , Bronx , NY 10472

নিউইয়র্কে বাংলাদেশী কাউন্সিলর প্রার্থীকে হুমকি

(৪৬ পাতার পর)

অভিযোগ করেন, ওয়াল স্ট্রিটের বিলিয়নিয়ার রিয়েল এস্টেট ডেভেলপার কাউন্সিল সদস্য জেনেরোর সাবেক চিফ অব স্টাফের নেতৃত্বে তাঁকে ব্যক্তিগতভাবে আক্রমণ করে ইমেইল প্রেরণ করা হচ্ছে। এই নির্বাচনে ট্রাম্প সমর্থক বিলিয়নিয়ার স্টিফেন রস, জ্যাক কাইয়ার, আই-সাক এশ, জেফ ল্যাব ও জেমস জেনেরো নামের ধনকুবের প্রার্থী হয়েছেন। মৌমিতা প্রাক নির্বাচনী জরিপে এগিয়ে আছেন।

এছাড়া বাংলাদেশীসহ অন্যান্য কমিউনিটিতে তাঁর পক্ষে ব্যাপক সাড়া পড়েছে। মূলত এইসব দেখেই প্রভাবশালী মহল ঈর্ষান্বিত হয়ে উঠেছে এবং বিরোধিতায় নগ্নভাবে মাঠে নেমেছে। মৌমিতা নির্বাচনে স্বল্পমূল্যের আবাসন সুবিধা, শিক্ষা, স্বাস্থ্য সেবা ও অভিবাসী পরিবারের লাড়াইকে সর্বাধিক গুরুত্ব দিয়ে প্রচারণা চালাচ্ছেন। উল্লেখ্য, মাত্র ৮ বছর বয়সে মৌমিতা বাংলাদেশ থেকে যুক্তরাষ্ট্রে পরিবারের সাথে পাড়ি জমান। সম্প্রতি তিনি একই ডিষ্ট্রিক্ট থেকে ডেমোক্র্যাট দলীয় নির্বাচনে 'ডিষ্ট্রিক্ট লীডার' পদে প্রতিদ্বন্দ্বিতা করে অল্প ভোটের ব্যবধানে পরাজিত হন। ডেমোক্র্যাট উঠতি তারকা কংগ্রেসওমেন আলেকজান্দ্রিয়া ওকাসিও কর্টেজের অনুসারী মৌমিতা কমিউনিটিতে একটি অবস্থান তৈরী করে নিয়েছেন।

কুইন্সের ডিস্ট্রিক্ট ২৪ এর বিশেষ নির্বাচনে প্রতিদ্বন্দ্বিতাকারী চার বাংলাদেশী প্রার্থীর মধ্যে অপর তিনজন হচ্ছেন এটর্নী সোমা সাঈদ, ড. দিলীপ নাথ ও মুজিব-উর রহমান। ইতিমধ্যে। নির্বাচনে মোট প্রার্থী হচ্ছেন ৮জন। অন্যান্য প্রার্থীরা হলেন- দিপ্তি শার্মা, নীতা জেইন, মাইকেল আর্ল ব্রাউন ও জেমস এফ জেনারো।

বাড়ী ক্রয়ে ৩০ বছরের মর্টগেজ

(শেষের পাতার পর)

মর্টগেজ গ্রহণ অতীতের মতো এখনো জনপ্রিয় আছে। কিন্তু আপনি যখন বাড়ি ক্রয় করবেন তখন এই মর্টগেজ আপনার জন্য কি সঠিক অপশন?

প্রতিটি মর্টগেজ ঋণের ক্ষেত্রেই হোক সে ১০, ১৫ বা ৩০ বছরের জন্য। সবগুলোতেই যেমন কিছু চ্যালেঞ্জ আছে, সেই সাথে কিছু ভালো দিকও আছে। তবে এগুলোর মধ্যে আপনার জন্য কোনটি সেরা হবে সেটা নির্ভর করে আপনার পরিস্থিতির ওপর। সাধারণত যে মর্টগেজ ঋণগুলো কম সময়ের জন্য যেমন ১০ বা ১৫ বছরের জন্য সেগুলোর ইন্টারেস্ট রেইট তুলনামুলকভাবে ২০ বা ৩০ বছরের মর্টগেজ ঋণের ইন্টারেস্ট রেইট থেকে কিছুটা কম। সেই সাথে আপনি যদি ডলার মূল্যে সবকিছু বিবেচনা করেন তবে ১৫ বছরের মর্টগেজ ঋণে আপনাকে যে ইন্টারেস্ট প্রদান করতে হবে তা হবে ৩০ বছরের মর্টগেজ ঋণে আপনি যে ইন্টারেস্ট প্রদান করতেন তার অর্ধেক মাত্র। এসব বিষয়ে আমরা আপনাকে সাহায্য করতে পারি। প্রয়োজনে ৭১৮-৫০৭-লোন (৫৬২৬) এই নম্বারে যোগাযোগ করুন।

বিশেষ ঘোষণা

নিউইয়র্ক থেকে প্রকাশিত বাংলা পত্রিকা সপ্তাহের প্রথম অর্থাৎ সোমবারের পত্রিকা। বিগত ২৪ বছর বাংলা পত্রিকা নিয়মিত প্রকাশের পর ২৫ বছরে পা রেখেছে। বাংলা পত্রিকা কর্তৃপক্ষ তার পাঠকদের প্রতি সপ্তাহেই নতুন নতুন খবর, প্রবন্ধ, নিবন্ধ, ফিচার প্রভৃতি উপহার দিতে প্রতিশ্রুতিবদ্ধ। তাই প্রকাশের ক্ষেত্রে যেকোন নতুন এবং মৌলিক লেখা সর্বাধিক গুরুত্বের দাবী রাখে। আমরা আমাদের লেখকদের-কে মৌলিক লেখা ইমেইলে (banglapatrikausa@gmail.com) পাঠানোর জন্য বিনীতভাবে অনুরোধ রাখছি। যুক্তরাষ্ট্র ও বাংলাদেশের বিভিন্ন জাতীয় দিবসের লেখা ১৫দিন আগে ইমেইলে পাঠানোর জন্যও অনুরোধ রইলো।

বাংলা পত্রিকা প্রিন্ট ভার্সনের পাশাপাশি এখন ওয়েব সাইডেও পাওয়া যায়। আর পূর্ণ বাংলা পত্রিকা'র পিডিএফ ভার্সন পেতে আগ্রহীদেরকে তাদের ইমেইল নম্বর পাঠাতে বিশেষভাবে অনুরোধ করা হচ্ছে।

- সম্পাদক।

BOMBAY
TRAVELS & GRAPHICS INC.

Grand Opening Special Grand Opening Special Grand Opening Special

সব থেকে সস্তায় টিকেট গ্যারান্টি

টার্কিস এয়ারলাইন্সে সেল সাথে ৩টি লাগেজ ফ্রি

Domestic & International





Bahalul Syed (uzzal)
President

স্পেশাল সেল: সাউদিয়া এয়ারলাইন্স

Emirates | ETIHAD AIRWAYS | SAUDIA | QATAR AIRWAYS | KUWAIT AIRWAYS | TURKISH AIRLINES | SINGAPORE AIRLINES | AA American Airlines

DESIGN & PRINTING
- BANNER
- FLYER
- MAGAZINE
- POSTER
- CALENDAR
- BUSINESS CARD

PASSPORT PHOTO

168-25A Hillside Avenue, Jamaica NY 11432
Phone: 718-725-1332, Cell: 347-586-7124, Email: bombaytg@gmail.com

TiME television
টাইম টেলিভিশন দেখুন, বিজ্ঞাপন দিন
Tel: 718-753-0086

বাংলা পত্রিকা
The Weekly Bangla Patrika

MEADOWBROOK
FINANCIAL MORTGAGE BANKERS
Direct Lender
□ Low Closing Cost □ Good Rate
Call 718-507-LOAN for Approval
70-17, 37th Ave. Suite# 2F, Jackson Heights, NY 11372
Licensed Mortgage Banker of New York
M. Kamal, MLO CPA

সাঈদ তারেক-এর কলাম

আসল কাজে খবর নাই, টীকা নিয়ে ঘুম নাই!



টীকা নিয়ে কয়েকদিন যাবত ভাল একটা 'গাবগ্যাজাগেজি' চলছে দেখছি। সেরামের টীকা কাজ করবে কিনা ভারত এটা
(বাকি অংশ ২৪ পাতায়

নিউইয়র্ক সিটি কাউন্সিল ডিষ্ট্রিক্ট-২৪

মঙ্গলবার ভোট ঃ ৪ বাংলাদেশী সহ প্রার্থী ৮

বিশেষ প্রতিনিধি: নিউইয়র্ক সিটি কাউন্সিল ডিষ্ট্রিক্ট-২৪ এর বিশেষ নির্বাচনে ভোট গ্রহণ ২ ফেব্রুয়ারী মঙ্গলবার। ভোটগ্রহণ চলবে সকাল ৬টা থেকে রাত ৯টা পর্যন্ত। সিটির কাউন্সিলের বিশেষ এই নির্বাচন অর্থাৎ র‍্যাংকড-চয়েজ ইলেকশনে একজন ভোটার তার পছন্দের প্রথম ৫জন প্রার্থীকে ভোট দিতে পারবেন। আর প্রার্থীদের মধ্যে যিনি সর্বোচ্চ ভোট পাবেন তিনিই নির্বাচিত হবেন। এই সুযোগে একাধিক প্রার্থী এই আসনে প্রতিদ্বন্দ্বিতা করছেন। নির্বাচনে ৪ বাংলাদেশীসহ (বাকি অংশ ৩৮ পাতায়)



(বা থেকে) মুজিব-উর রহমান, ড. দিলীপ নাথ, মৌমিতা আহমেদ ও এটর্নী সোমা সাঈদ ।

মিথ্যাবাদীর ইবাদত আল্লাহর দরবারে মূল্যহীন

মাহমুদ আহমদ

পাঁচ ওয়াক্ত নামাজ আদায় করছি, রমজানের রোজা রাখছি এবং অন্যান্য ভালো কাজও করছি কিন্তু সংসারে অশান্ড়িযেন কিছুতেই পিছু ছাড়ছে না। নামাজে যে দোয়া করছি তাও কবুল হচ্ছে না, সন্ড়ানরাও নানান (বাকি অংশ ২৬ পাতায়)

শামসুল হক এনওয়াইপিডিতে প্রথম দক্ষিণ এশীয় লে. কমান্ডার



বাংলা পত্রিকা ডেস্ক: বাংলাদেশী-আমেরিকান লেফটেন্যান্ট শামসুল হক নিউইয়র্ক পুলিশ ডিপার্টমেন্ট (এনওয়াইপিডি)-এর গোয়েন্দা স্কোয়াডে যুক্ত হয়ে ইতিহাস গড়লেন। এনওয়াইপিডিতে তিনিই প্রথম দক্ষিণ এশীয় লেফটেন্যান্ট কমান্ডার। শুক্রবার (২৯ জানুয়ারী) নিউইয়র্কের কুইন্সে এনওয়াইপিডির ---(বাকি অংশ ২৪ পাতায়)

আবার শৈত প্রবাহ শুরু

ভয়াবহ তুষার পাতের আশংকা

বাংলা পত্রিকা রিপোর্ট: যুক্তরাষ্ট্রের উত্তর-পূর্বাঞ্চলে তীব্র শৈত্যপ্রবাহ চলছে। কনকনে ঠান্ডার মধ্যে ধেয়ে আসছে তুষারপাত আর দমকা হাওয়া। ওয়াশিংটন ডিসি থেকে শুরু করে, নিউজার্সি ও নিউইয়র্কে ১০ থেকে ১২ ইঞ্চি পর্যন্ত তুষারপাত হতে পারে বলে আবহাওয়ার পূর্বাভাসে বলা হয়েছে। রোববার রাত থেকে নিউইয়র্কসহ ট্রাইস্টেট এলাকায় মৌসুমের দ্বিতীয়বারের মতো প্রচন্ড শৈত প্রবাহ শুরু হচ্ছে। সেই সাথে ৬ থেকে ১০ ইঞ্চি তুষারপাতের সম্ভাবনা রয়েছে। স্থানীয় আবহাওয়া দপ্তর ইতিমধ্যেই সর্বোচ্চ সতর্কতা অবলম্বনের জন্য ---(বাকি অংশ ১৭ পাতায়)

মার্চেই ঢাকা-টরন্টো রুটে বিমান চলাচল

কানাডা থেকে সাইফুল্লাহ মাহমুদ দুলাল: আগামী মার্চেই ঢাকা-টরন্টো রুটে ডানা মেলতে যাচ্ছে বিমান বাংলাদেশ এয়ারলাইন্স। খবরে প্রকাশ, ইতিমধ্যে ড্রিমলাইনার নাইন দিয়ে (বাকি অংশ ২৪ পাতায়)




কানাডায় পড়তে গিয়ে লাশ হলেন সাকিব

বাংলা পত্রিকা ডেস্ক: বাংলাদেশী সামিউজ্জামান সাকিবের (২৪) স্বপ্ন ছিল বিদেশে কম্পিউটার ইঞ্জি-নয়ারিং পড়া শেষ করে এসে দেশে ভালো কোনো চাকরি করা। আর মাত্র ---(বাকি অংশ ২৬ পাতায়)

টরন্টোতে স্থায়ী শহীদ মিনার নির্মাণ কাজ শেষ পর্যায়ে

বাংলা পত্রিকা ডেস্ক: কানাডার টরন্টোতে স্থায়ী শহীদ মিনার নির্মাণের কাজ এখন শেষ পর্যায়ে। ড্যানফোর্থস্থ ডেনটোনিয়া পার্কে মাথা উঁচু করে দাঁড়িয়ে আছে পাঁচটি স্তম্ভ। আগামী ২১ ফেব্রুয়ারী টরন্টো প্রবাসী বাংলাদেশীরা এতে ভাষা শহীদদের স্মরণে পুষ্পস্তবক অর্পণ ও শ্রদ্ধা নিবেদন করবেন। তবে জানা গেছে, শহীদ মি-



নারটি নির্মাণের ব্যয় পরিকল্পনার চেয়ে একটু বেশি হতে যাচ্ছে। কারণ সিটি অব টরন্টোর নির্দেশ অনু-যায়ী ইউনিওনাইজড লেবার দিয়ে পুরো প্রকল্পের কাজ করতে হয়েছে। তাই কনস্ট্রাকশন কর্মীদের পেছনে খরচ বেড়েছে। দ্বিতীয়ত, কোভিড-১৯ প্রাদুর্ভাবের কারণে অনেকে যত অর্থ সহায়তার প্রতিশ্রুতি দিয়েছিলেন, (বাকি অংশ ২৬ পাতায়)

হেলথ টিপস

ওজন কমাতে মেনে চলুন ওয়াটার থেরাপি

বাংলা পত্রিকা ডেস্ক: বাড়তি ওজন নিয়ে সবার চিন্তার শেষ নেই। খাবার দাবারের অনিয়ম আর জীবনযাপনের ধরণের কারণে ওজন বাড়ছে (বাকি অংশ ২৬ পাতায়)


জ্যামাইকার হিলসাইড এভিনিউ সমাচার

করোনায় গ্রোসারী-রেষ্টুরেন্ট ব্যবসা জমজমাট

বাংলা পত্রিকা রিপোর্ট: করোনা পরিস্থিতিতে অন্যান্য ব্যবসা-বাণিজ্য সংঙ্কচিত হলেও নিউইয়র্ক সিটির কুইন্স বরোর জ্যামাইকার হিলসাইড এভিনিউর বাংলাদেশী-আমেরিকানদের গ্রোসারী ও রেষ্টুরেন্ট ব্যবসা-বাণিজ্য জমজমাট হয়ে উঠছে। বিশেষ করে হিলসাইড এভিনিউ'র সাতফিন বুলেভার্ড থেকে শুরু করে ১৮৩ স্ট্রীট পর্যন্ত বাংলাদেশীদের সকল ব্যবসা প্রতিষ্ঠান গড়ে উঠেছে। এই এলাকায় দেশী-বিদেশী খাবারের ---(বাকি অংশ ৪ পাতায়)

ক্যালিফোর্নিয়ায় মহাত্মা গান্ধীর ভাস্কর্য ভাঙচুর

বাংলা পত্রিকা ডেস্ক: ক্যালিফোর্নিয়ার একটি পার্কে স্থাপিত ভারতের 'জাতির জনক' মহাত্মা গান্ধীর ভাস্কর্য ভাঙচুর করা হয়েছে। উত্তর ক্যালিফোর্নিয়ার সিটি অব (বাকি অংশ ৪ পাতায়)



খেলার খবর

এপ্রিলে আইপিএল

স্পোর্টস ডেস্ক: আগামী এপ্রিল মাসে মাঠে গড়ানোর কথা রয়েছে ইন্ডিয়ান প্রিমিয়ার লিগ (আইপিএল)। তার আগে চেন্নাইয়ে ১৮ ফেব্রুয়ারী আই-পিএলের নিলাম অনুষ্ঠিত হওয়ার কথা রয়েছে। ১১ এপ্রিল শুরু হতে পারে (বাকি অংশ ২৬ পাতায়)

রিয়েল এস্টেট টিপস

বাড়ী ক্রয়ে ৩০ বছরের মর্টগেজ



এম কামাল: বাড়ি ক্রেতা এবং রিফাইন্যান্সকারীদের জন্য ৩০ বছরের মর্টগেজ গ্রহণ অতীতের মতো এখনো জনপ্রিয় আছে। (বাকি অংশ ৪৭ পাতায়)

বাফেলোতে কবির চৌধুরীর ট্যাক্স প্রিপেয়ার অফিস





বাংলা পত্রিকা রিপোর্ট: নিউইয়র্কের ওজনপার্কের আল-আমান মসজিদের প্রেসিডেন্ট সু-পরিচিত টেক্স প্রিপেরার কবির চৌধুরী তার ব্যবসা আরও প্রসারিত করেছেন। বাংলাদেশীদের সু-বিধার্থে নিউইয়র্ক সিটি ছাড়িয়ে বাফোলোতেও (বাকি অংশ ৪ পাতায়)

ইমিগ্র্যান্ট শিশুদের পরিবারের কাছে ফেরত দিতে চান জিল বাইডেন

বাংলা পত্রিকা ডেস্ক: ফার্স্ট লেডি জিল বাইডেন এবার স্বামীর অভিবাসন নীতি বাস্তবায়নে কাজ করবেন। তিনি ট্রাম্পের কঠোর অভিবাসন নীতির কারণে আলাদা হয়ে পড়া
(বাকি অংশ ১৭ পাতায়)

J.K. GAIN MULTISERVICES
A company you can trust ....
• Tax Services
• Life Insurance
• Health Insurance
• Auto Insurance
• Home Insurance
• Business Insurance
• TLC Insurance
• DDC. (6 hrs.)
MassMutual
LOW COST GUARANTEE
Authorized e-file Provider
Notary Public
Jaydeb Gain
ছয় ঘন্টার ডিফেন্সিভ ড্রাইভিং কোর্স
10% Insurance Cost Deduction
Up to 4 points Removal
Tel: 347-536-5107
41-15 75th Street, Suite 2
Elmhurst, NY 11373
Email: gain_jaydeb@yahoo.com
www.JKGainMulti.com

সাফওয়ান ট্রাভেল
এন্ড মাল্টি সার্ভিসেস কর্পোরেশন
IATA Approved Travel Agent
সেল সর্বনিম্ন মূল্যে! নিউইয়র্ক-ঢাকা ৬৪৯+ Tax নিউইয়র্ক
Tel: 347 - 621- 4940, Cell: 718-300 -7429
1217 White Plains Road,Bronx,NY 10472. E-Mail: Safwantravel@gmail.com

এস্টোরিয়ায় ডিজিটাল ট্রাভেলস
ফোন: 718-721-2012
বিস্তারিত ৭ পৃ ষ্ঠায় দেখু ন

জ্যাকসন হাইটসে
মেঘনা ট্রাভেলস
718-478-1920
718-930-1494
বিস্তারিত ৩০ পাতায়

Largest & Most Reliable Travel Agent
CONCORDE
Travel Inc
Jackson Heights: 347-448-6175
Manhattan: 212-563-2800
Call: 917-355-7374
(বিস্তারিত ৫১ পাতায়)

ট্রাভেল ব্যবসায় দীর্ঘদিনের অভিজ্ঞতার আলোকে ওজনপার্কের প্রাণকেন্দ্রের অবস্থিত গ্লোবাল এয়ার সার্ভিস আপনাকে দিচ্ছে নিরাপদ এবং ঝামেলামুক্ত আকাশ ভ্রমণের সুযোগ।
গ্লোবাল এয়ার সার্ভিস
GAS GLOBAL AIR SERVICE
Your Trusted Travel Guide...
Call Now
718-296-8996
718-296-8787
718-296-5875
BRITISH AIRWAYS
WALL STREET FINANCE LLC
76-01, 101 AVE, OZONE PARK, NY 1141
FAX: 718-296-8259, EMAIL: GLBL001@YAHOO.COM

Editor : Abu Taher Published By Bangla Patrika Inc. 36-50, 38 Street (2nd Floor), LIC, NY 11101, USA. Tel: 718-482-9923, 718-482-1169. Fax: 718-482-9935. Email: banglapatrikausa@gmail.com